Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/217

শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহিবজী

সটীক বঙ্গানুবাদ

২য় খণ্ড

শ্রীরাগ প্রথমার্দ্ধ

LIBRARY
No.
Ashram
BANARAS 3/217

অধ্যাপক শ্রীহারানচন্দ্র দেবশর্ম্মা চাকলাদার এম্‌-এ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্ববিখ্যাত মনীষীদিগের অভিমত

Dr. RADHA KUMUD-MOOKERJEE
39, Ekdalia Road, Calcutta-19

২১. ৯. ৬১

সহোদর-প্রতিম বন্ধু হারানচন্দ্র চাকলাদারের নাম চিরস্থায়ী হবার যোগ্য। তাঁহার মৌলিক গবেষণা ভারতের ইতিহাস ও সংস্কৃতির নানা ক্ষেত্রে প্রস্ফুটিত হইয়াছিল এবং সেই গবেষণার ফল কয়েকটি মূল্যবান পুস্তকে সন্নিবেশিত হইয়াছে। শেষ বয়সে শিখ জাতির গৌরবময় ইতিহাস তাঁহার মনকে আকর্ষণ করিয়াছে এবং তাহার ফলে তিনি দুইটি সরস ও পাণ্ডিত্যপূর্ণ পুস্তক প্রকাশ করিয়া ভারতের সংস্কৃতির ইতিহাসে তাঁহার শেষ অবদান বিতরণ করিয়াছেন। তাঁহার স্মৃতি ও কীর্ত্তি তাঁহার রচিত গ্রন্থাবলীতে চিরস্থায়ী হয়ে থাকবে ইহাতে সন্দেহ নাই। তাঁহার এই আলোচ্য বিষয়ের রচনার নাম শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহিবজী, তাঁহার দুই খণ্ড, প্রথম খণ্ডের নাম জপজী, রহিরাস ও সোহিলা এবং দ্বিতীয় খণ্ডের নাম শ্রীরাগ-প্রথমার্দ্ধ।......

শ্রীরাধাকুমুদ মুখোপাধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ८/१७७
Shri Shri ... nayee Ashram
BANARAS 3/2/4

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Library
SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM
3/217 Bhadaini, Varanasi-I
No.....[illegible]
Books should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of -/10/- N. P. daily shall have to be paid.

11.12.76 24.12.76				

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহিবজী

সটীক বঙ্গানুবাদ

3/217
৫/৫৭৭

২য় খণ্ড

শ্রীরাগ প্রথমার্দ্ধ

অধ্যাপক শ্রীহারানচন্দ্র দেবশর্ম্মা চাকলাদার এম্-এ
(কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব্ব লেক্‌চারার)

প্রথম সংস্করণ

প্রকাশক—কবিরাজ শ্রীমণীন্দ্র চন্দ্র চাকলাদার
ভেডিক রিসার্চ ইন্‌ষ্টিটিউট্
বের্‌হাম্‌পুর (উড়িষ্যা)

মূল্য ৪৲ চারি টাকা মাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—ঃ প্রাপ্তিস্থান ঃ—

প্রকাশক—কবিরাজ শ্রীমণীন্দ্র চন্দ্র চাকলাদার

ভেডিক্ রিসার্চ ইন্‌ষ্টিটিউট্

বেরহাম্‌পুর, গঞ্জাম্ (উড়িষ্যা)

—ঃ কলিকাতা প্রাপ্তিস্থান ঃ—

মধ্য কলিকাতা—

১। মহেশ লাইব্রেরী
২।১, শ্যামাচরণ দে ষ্ট্রীট্ (কলেজ স্কোয়ার) কলিকাতা-১২

২। চক্রবর্ত্তী, চাটার্জ্জী এণ্ড কোং
১৫ নং কলেজ স্কোয়ার, কলিকাতা-১২।

৩। শ্রীগুরু লাইব্রেরী
২০৪, কর্ণওয়ালিশ ষ্ট্রীট্, কলিকাতা-৬

উত্তর কলিকাতা—

৪। শ্রীকালীদাস বিশ্বাস
১৪ বি, ভূপেন্দ্র বসু এভিনিউ।

৫। C/o শ্রীপ্রশান্ত কুমার চক্রবর্ত্তী
৫নং রামলাল আগরওয়ালা লেন্
কলিকাতা-৫০

—ঃ*ঃ—

৬। শ্রীমৎ অসীমানন্দ সরস্বতী—
শ্রীশ্রীবিজয়কৃষ্ণ আশ্রম, পো ঃ রামচন্দ্রপুর, ভায়া-আদ্রা (পুরুলিয়া)।

৭। শ্রীশ্রীবিজয়কৃষ্ণ মঠ,
৫এ, আউধ ঘরবি, বারাণসী।

প্রকাশক কর্ত্তৃক

সর্ব্বস্বত্ব সংরক্ষিত

মুদ্রাকর—সমরেন্দ্রভূষণ মল্লিক

বাণী প্রেস

১৬, হেমেন্দ্র সেন ষ্ট্রীট্, কলিকাতা-৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীগুরু নানক দেবজী

নাদ বিংদ কী সুরতি সমাই ॥

সতিগুরু সেবি পরমপদ পাই ॥

LIBRARY 3/217
No. ....
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No...........
Shri Shri ... ...ayee Ashram
BANARAS

উপক্রমণিকা

বৈদিক ভক্তিযোগের তুইটী প্রস্থান—একটী সাকার নিষ্ঠ, অপরটী নিরাকার নিষ্ঠ। স্থূল ভাবে বলিতে গেলে বলা চলে আয্যাবর্ত (ভারতবর্ষ) গ্রহণ করিয়াছিল সাকারনিষ্ঠা আর আর্য্যায়ণ (ইরাণ) গ্রহণ করিয়াছিল নিরাকার নিষ্ঠা। পরন্তু উভয় পন্থাই বেদের অনুমোদিত। ব্রহ্মবাদকে ভিত্তিস্বরূপ গ্রহণ করিয়া ভক্তিকে পঞ্চম পুরুষার্থরূপে স্থাপন করিয়াছেন শ্রীমদ্‌ভাগবত পুরাণ। তাই ভক্ত সমাজে ভাগবত "পুরাণং ব্রহ্মসম্মিতম্" বলিয়া সমাদৃত হইয়া থাকে। ভাগবত ভক্তি শাস্ত্রের শিরোমণি গ্রন্থ। মহাগ্রন্থ ভাগবতের সাকারনিষ্ঠ ভাবধারার অনুরণন লৌকিক ভাবায় আমরা দেখিতে পাই "রাম-চরিত-মানসে" আর "চৈতন্য চরিতামৃতে"। আর নিরাকারনিষ্ঠ ভাব ধারার অনুরণন পাই "আদি গ্রন্থে (গুরু অর্জ্জুনদেব কৃত গ্রন্থসাহেবে)"। আদি গ্রন্থ শিখ-সংঘের গুরু স্থানীয় বলিয়া ইহার বহু পরিচিত নাম গুরুগ্রন্থ; সম্মানার্থ আরবিক "সাহিব" (মাননীয়) শব্দ যোগ করিয়া কেহ কেহ বলেন "গুরুগ্রন্থ সাহিব"। তাহাই আবার সংক্ষেপ করিয়া অনেকে বলেন "গ্রন্থ সাহিব"।

আদি গ্রন্থ বৈদিক ভক্তিযোগের অন্যতর ধারার বিশিষ্ট প্রতিনিধি। কিন্তু ইহার এই বিশিষ্টতা শিখ-সমাজের বাহিরে অবিজ্ঞাত ছিল। সাধারণ ভক্তসমাজে আদি গ্রন্থের মহিমা প্রচার করিয়াছিলেন ভক্তরাজ মহাত্মা বিজয়কৃষ্ণ গোস্বামী। তিনি নিজেও ইহাকে নিত্য-পাঠ্য গ্রন্থরূপে গ্রহণ করিলেন, এবং তাঁহার শিষ্যদিগকেও স্বাধ্যায়রূপে গ্রহণ করিতে আদেশ দিলেন। আদি গ্রন্থের তাৎপর্য্য গ্রহণে বঙ্গমাতার এই শ্রেষ্ঠ সন্তানের যোগ্যতাও ছিল সর্বাধিক। তিনি উপবীত ত্যাগ করিয়া ব্রাহ্ম সমাজে প্রবেশ করিয়া নিরাকার নিষ্ঠার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চূড়ান্ত সিদ্ধিলাভ করিয়াছিলেন। আবার ব্রাহ্ম সমাজ হইতে বাহির হইয়া আসিয়া সাকার নিষ্ঠার চূড়ান্ত সিদ্ধি লাভ করিয়াছিলেন। তিনি নিজ জীবনে দেখাইয়া দিলেন যে সাকার নিষ্ঠা ও নিরাকার নিষ্ঠা উভয়ই তুল্যরূপে আদরনীয়। এই অনন্য সাধারণ বিশিষ্টতা সন্ত সাধুদের মধ্যে কেবল মাত্র বিজয়কৃষ্ণেই দেখা যায়। আর আদি গ্রন্থের প্রতি তাঁহার প্রগাঢ় শ্রদ্ধা তাঁহার এই সমন্বয় দৃষ্টিভঙ্গির ফল। তাঁহারই আদর্শে অনুপ্রাণিত হইয়া তাঁহার শিষ্যগণ, জ্ঞানেন্দ্রমোহন দত্ত ও কিরণচাঁদ দরবেশ প্রভৃতি, আদিগ্রন্থের অংশবিশেষের (জপজী, সুখমনী) সহিত বাঙ্গালী সমাজকে পরিচিত করিয়া দিয়াছেন। কিন্তু সমগ্র আদিগ্রন্থকে বঙ্গভাষায় অনূদিত করার মত দুরূহ কার্য্যে হাত দিয়াছিলেন বিজয়কৃষ্ণের অন্যতম সুযোগ্য শিষ্য মনস্বী অধ্যাপক হারানচন্দ্র চাকলাদার। আদি গ্রন্থের বহু অংশের ইংরেজী অনুবাদ আছে। হিন্দী অনুবাদও আছে। কিন্তু মনস্বী হারানচন্দ্রের অনুবাদ না পড়িলে, আদিগ্রন্থে প্রবেশ করা যায় না—অর্থাৎ ইহা যে নিরাকার-নিষ্ঠ বৈদিক ভক্তিযোগের (লৌকিক ভাষায়) শ্রেষ্ঠ গ্রন্থ তাহা বুঝা যায় না।

অকাল নিবাস — শ্রীযতীন্দ্রমোহন চট্টোপাধ্যায়।

বারাসত, ২৪ পরগণা।

৮-৪-৬৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No...........
Shri Shri . . . . avae Ashram
BANARAS

APPRECIATION

BY

SUNITI KUMAR CHATTERJEE, *M.A. (Cal.), D. Lit. (London), Hon. D. Litt. (Rome), Bhashacharya, Sahitya Vachaspati, Padmabhusan, Chairman, West Bengal Legislative Council, and Professor Emeritus of Comparative Philology in the University of Calcutta.*

"Sree Sree Gurugrantha Sahibjee : with annotation and Bengali Translation, Parts I & II. By Professor Haran Chandra Devsarma Chakladar, Vedic Research Institute, Berhampur, Orissa, PP. 109 and 249.

The Sikh Adi Granth is unquestionably one of the great religious books of India and the world, and it may be described as a sort of Rig-Veda for the Punjab and North India which was compiled in the mediaeval times. The fifth Sikh Guru Arjuna collected all available compositions by his predecessors in the line of Gurus in the Sikh faith, and compiled them into one book which became famous as the Sri Guru Grantha, Adi Grantha, or Granth Sahib.."

"A distinguished and erudite Professor of the University of Calcutta, Sri Haran Chandra Chakladar, who was an authority in Anthropology, Cultural and Religious History and other aspects of Indian studies, including Sanskrit and other Indian religious literature, had, during his retirement, the happy idea of bringing out in Bengali a complete

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

edition of the entire Guru Grantha in the Bengali character and with Bengali Translation and notes. It is a misfortune for the Bengali language and for the Bengali people that he could not live to complete the publication of this translation. Some of his relations have brought it out in two parts some portions of this projected work, at a time when this scholar of eighty-four years of age was incapacitated by loss of sight and other physical ailments. He could live to see the first part out, and the second part has subsequently been brought out.

The late Professor Haran Chandra Chakladar was by education and scholarship as well as by temperament fully competent to take up this great work. He devoted 40 years of his life to the study and preparation of the translation and commentary. The first volume which comes up to 109 pages gives the Japaji, the Rahirasa and the Sohila sections of the Guru Grantha. The Gurumukhi texts have been translated with very great care in the Bengali script, and a literal (and occasionally explanatory) translation follows the text, and finally there are some word-notes. The beautiful language of the translation makes the work very easy to read. The second volume which came out in 1959, gives the Sri-Raga section of the Guru Grantha. This has also been done in the same style. The printing and the general get-up of the books are admirable, and they invite the reader to read this great work. If the entire work, which Prof. Chakladar had completed, can be brought out to this style, it will be a great

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

achievement for Bengal. Bengali literature will be enriched by the translation of this very important repository of Indian religion and religious faith. A work like this should meet with the full approval and support from the Bengali-reading public, and the Government, whether of the State of West Bengal or of the Centre. A work of this kind merits to the fullest a proper subvention from the Government as well as from public institutions. The Sahitya Academy as well as the Ministry of Scientific Research and Cultural Affairs are helping the publications of similar projects in translation, and the rendering of the Sikh Guru Grantha into Bengali certainly deserves Government patronage. Professor Chakladar did not leave the wherewithal for completing the work, and there is no private institution which can do it. As such, I would strongly recommend any representation made to the Government for completion of this work."

Calcutta,
29th August, 1961.

Suniti Kumar Chatterji

Reviewed in Man In India, Vol. 41. July—Sept. 1961, Pp. 237-240.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

APPRECIATION

An Appreciation of the Bengali Translation

by

The Sikh Cultural Centre, Calcutta

Guru Grantha Sahib holds a unique place amongst the Scriptures of the world. It brought into existence a new type of character—the Warrior-Saints of Punjab. At its call, not one, but thousands of Arjunas, sprang up to the Field of Action (Kuru-kshetra), ready to sacrifice their life in the cause of Righteousness. This could happen only because an inexhaustible quantum of moral Force is stored up in the pages of this Holy Book. The out-look of this Scripture is for all, the most comprehensive, and it contains within itself all that is best and profoundest in the religious traditions of India and Iran—the two branches of the Aryan Culture. This great book is eminently suited to be the Gospel of united Indo-Iranian renaissance. Outside the Sikh circle none realised the importance of this great book, so readily and so deeply, as the Prince of the Saints of Bengal Srimat Swami Bijoy Krishna Goswami. He was born in the family of Adwaita (Chaitanya's closest friend), was an intimate associate of Sri Keshav Chandra Sen on the one hand and Sri Ramkrishna Paramhamsa on the other, and had been initiated into the mysteries Life Divine, by a Nanak Panthi (Udasi) saint, Swami Brahmananda. Like the busy Bee, he went on collecting honey from every flower. Consequently he became enamoured of the Adi Grantha (Guru Grantha Sahib)—for it is nothing but a precious bouquet of the most fragrant flowers.

Bijoy Krishna's disciples were the elite of religious Bengal—celebrated patriots like Bepin Chandra Pal, Aswini Kumar Datta, and Manoranjan Guha Thakurata. Goswamiji laid it down as a rule for his order that some portion of the Guru Grantha Sahib should be read by his disciples every day. To

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

make this possible, one of his followers Sri Jnanendra Mohan Datta, a pleader of Muzaffarpur translated in Bengali (for the first time) Japji and Sukha-mani Sahib. Later on Sri Kiran Chand Darvesh of Benaras, another disciple of the Great Saint, rendered these two books into Bengali poetry. It was however left to Sri Haran Chandra Chakladar to attempt the translation of the whole of the Guru Granth Sahib. Haran Babu was a very erudite scholar, well-grounded in Sanskrit, Hindi and Bengali. He was a close friend of Babu Satish Chandra Mukherjee (of the Dawan Society) and an associate of Sri Aurobindo in laying the foundations of the National College at Jadavpur (now converted into Jadavpur University). Professor Haran Chandra Chakladar had deep knowledge of all Indian religious literature and his translation of the Guru Grantha Sahib is elegant and chaste Bengali, is all that can be desired. He had entered into the spirit of the Guru Grantha Sahib, and his anotation (based on the Farid-Kot edition) is calculated to make Punjab and Bengal co-partners of a common life.

BHAG SINGH
Captain
Hon. General Secretary,
The Sikh Cultural Centre, Calcutta

ফুটে আঁডা ভরম কা,
মনহি ভইও পরগাস ;
কাটী বেড়ী পগহভে,
গুরু কীনী বংদ খলাস

(গুরু শ্রীঅমরদাস)

ভ্রমের বীজ ফাঁটিয়া গিয়া আমার মন প্রস্ফুটিত হইল (যখন) গুরু পায়ের বেড়ী কাঁটিয়া দিয়া আমাকে বন্ধন মুক্ত করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.........
Shri Shri ... mayee Ashram
BANARAS

আনন্দ প্রকাশ

নামপ্রাণ মহাত্মা শ্রীশ্রীসীতারাম দাস ওঙ্কারনাথজীর আনন্দ প্রকাশ

শ্রীশ্রীগ্রন্থসাহেব প্রথম খণ্ডে প্রকাশ পাইবার অল্পদিন মধ্যে (১।১।৫৮তাং) আশ্চর্য্যজনক ভাবে নামপ্রেমী ভক্তরাজ শ্রীশ্রীসীতারাম দাস ওঙ্কারনাথ বাবার শ্রীহস্তে একখানা পুস্তক অর্পণ করিবার সৌভাগ্য আমাদের হয়। অনুবাদক মহাশয়ের পরিচয় ও গ্রন্থের নাম উচ্চারণ করিয়া বইখানা তাঁহার হাতে দেওয়া মাত্রই দেখি তিনি সাদরে তাঁহা মস্তকে ধারণ করিয়া আছেন, তাঁহার সর্ব্বাঙ্গ কম্পিত হইতেছে এবং সঙ্গে সঙ্গে তিনি এক অপূর্ব্ব ভাব ধারণ করতঃ সমাধিস্থের ন্যায় অবস্থান করিতেছেন। এভাবে সাধু মহাত্মাগণ গ্রন্থ সাহেবজীকে যে কত উচ্চ সমাদর করেন প্রথম সেদিন তাহা চাক্ষুষ প্রত্যক্ষ করিয়া ধন্য হইয়াছি।

অতঃপর, ১৯৬১, ২৩শে ফেব্রুয়ারী পুনরায় তাঁহার সহিত (গঞ্জাম, গোসাইনুঁআ গ্রামে) সাক্ষাৎ করিয়া দ্বিতীয় খণ্ড শীঘ্র যাহাতে প্রকাশ হয় সেই আশীর্ব্বাদ প্রার্থনা করিলে তিনি অতীব স্নেহের সহিত আমার গায়ে মাথায় হাত বুলাইয়া অজস্র আশীর্ব্বাদ করেন এবং বলেন—"উহা (গ্রন্থসাহেবজী) নিত্য পাঠ্য গ্রন্থ। আপনি আপনার দাদার অনুবাদগ্রন্থ যেখানা পূর্ব্বে আমাকে দিয়াছিলেন অনেক দিন ধরিয়া আমি তাহা নিত্য পাঠ করিয়াছি। দেখিলাম অনুবাদ খুব চমৎকার হইয়াছে। এইরূপ অনুবাদ বড় একটা দেখা যায় না।"

হুগলী, গড়লগাছী হইতে সদ্‌গুরু গ্রন্থসাহেব প্রাণ পরমহংস শ্রীমৎস্বামী পূর্ণানন্দ সরস্বতী মহাশয়ের আনন্দ প্রকাশ। পত্র—৭ই ডিসেম্বর, ১৯৫৭।

শ্রদ্ধেয় বন্ধুবর !

সপ্রেম অভিবাদন নিন। পূজ্যপাদ আপনার অগ্রজের পদে আমার বার বার প্রণতি জানাই। বঙ্গমাতার এই সুসন্তানের নিকট বঙ্গবাসী, শুধু বঙ্গবাসী, কেন ভারতবাসী, পৃথিবীবাসী সকলেই চিরঋণী।

ভাই ! দিন যায় স্মৃতিটুকুই থাকে। আড়ম্বর মুখর, ঈশ্বর বিমুখ বাঙ্গালী জাতির এই ঘোর দুর্দ্দিনে এই "শ্রীশ্রীগ্রন্থ সাহিবজী" আলোক বর্ত্তিকার কাজ করুন ভগবচ্চরণে সাশ্রু নয়নে এই ঐকান্তিক প্রার্থনা। এই অধমের দেহতরী ভগ্ন জর্জ্জরিত। কবে যে শ্রীগুরু তাঁর পাদপদ্মে এই অধমকে টানিয়া লইবেন মাত্র সেই আশায় তাঁর মুখপানে চাহিয়া দিন টানিতেছি।

ভাই, যাঁহার আশীর্ব্বাদ ও প্রেরণায় আপনি এই মহান কার্য্যে আত্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়োগ করিয়াছেন তাঁহার অসীম কৃপাবলে "এই মহান কার্য্য সুসম্পন্ন হউক" চোখের জলে বুক ভাসাইয়া আমার এই অন্তিম দিনে তাঁহার নিকট এই প্রার্থনা। জয় শ্রীশ্রীগুরু নানকজী, জয় ঠাকুর বিজয়কৃষ্ণ, জয় তদীয় ভক্তবৃন্দ, জয় গ্রন্থসাহেব ও তাঁর অনুরাগীবৃন্দ। ওঁ তৎ সৎ। দীন পূর্ণানন্দ।

অভিমত

আনন্দ বাজার পত্রিকা, ২১শে পৌষ, ১৩৬৪ সন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর শিষ্য পরম ভাগবত গ্রন্থকারের অনুদিত আলোচ্য গ্রন্থখানি পাঠ করিয়া আমরা পরম উপকৃত হইলাম। গুরুগ্রন্থ সাহেব শিখদের সর্ব্বজন পূজিত গ্রন্থ। ভারতের বিভিন্ন সম্প্রদায়ের ভক্ত সমাজেও এই গ্রন্থ সর্ব্বত্র সমাদৃত হইয়া থাকে। জপজী ও সুখমনী শিখ সম্প্রদায়ের এই দুইখানি গ্রন্থ বাংলা ভাষায় পদ্য ও গদ্যাকারে প্রকাশিত হইয়াছে কিন্তু সমগ্রভাবে গুরুগ্রন্থ সাহেব অনূদিত হয় নাই। আলোচ্য গ্রন্থখানি প্রথম খণ্ডস্বরূপে প্রকাশিত হইয়াছে; এই খণ্ডে জপজী, রহিরাস এবং সোহিলা অর্থাৎ শয়ন কালীন উপাসনা এই তিনটি অংশ আছে। এই অনুবাদের সহিত বিশদ টীকা প্রদত্ত হইয়াছে। গুরুমুখী ভাষায় সুপণ্ডিত গ্রন্থকারের অনুবাদ এবং টীকা সম্পূর্ণভাবে মূলানুগ এবং প্রাঞ্জল। সমগ্র গ্রন্থখানি অনূদিত এবং ব্যাখ্যাত হইয়া প্রকাশিত হইলে বাংলা সাহিত্যের বিশেষ অভাব পূরণ হইতে পারে। ৭।৮।১।৫৭

যুগান্তর—২৬শে মাঘ, ১৩৬৪

শিখ সম্প্রদায়ের পবিত্র ধর্ম্মগ্রন্থ শ্রীগ্রন্থসাহেব...সুপণ্ডিত অধ্যাপক চাকলাদার এই শ্রমসাধ্য কাজ সম্পন্ন করে বাঙ্গালী মাত্রেরই শ্রদ্ধাভাজন হইলেন। আলোচ্য পুস্তকে তিনি গ্রন্থসাহেবের এই তিন অংশের মূল শ্লোক, তার গদ্যানুবাদ ও বিশদ ব্যাখ্যা সন্নিবিষ্ট করেছেন এবং আনুসঙ্গিক টিকা-টিপ্পনীর সাহায্যে সমস্ত অবশ্য জ্ঞাতব্য-তথ্যই পাঠকের সাম্নে উপস্থিত করেছেন।...একে বাঙ্গালী পাঠকদের হাতে যথাযোগ্য ভাবে তুলে দিয়ে মনস্বী গ্রন্থকার একটি সত্যকার বড় কাজ করিলেন। আমরা এই গ্রন্থের পরবর্ত্তী অংশ শ্রীরাগ খণ্ডের জন্য অপেক্ষা করব। (২৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



প্রভুপাদ শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী

ইনি মৌনী অবস্থায় শ্রীগুরু গ্রন্থসাহেব দেখাইয়া প্রকাশ করিয়াছেন—"এই গ্রন্থের আর তুলনা নাই। যত ধর্ম্মগ্রন্থ পাঠ করিয়াছি, তন্মধ্যে গ্রন্থসাহেবের ন্যায় সুন্দর ও মিষ্ট আর একখানা আছে কিনা সন্দেহ।"

LIBRARY
No.........
...ayee Ashram
Shri Sh.
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রদ্ধার্পণ

১ ওঁ সতিগুর প্রসাদি ॥

জগতের প্রতি কৃপা করিয়া গ্রন্থসাহেবজী নিজেই মহাত্মা শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী জীউর অভিপ্রায় অনুসারে তদীয় সুমহান আদর্শ শিষ্য হারানচন্দ্র কর্ত্তৃক বাংলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশ পাইতেছেন। ইহা হারান বাবুর অনূদিত শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহেবজীর দ্বিতীয় খণ্ড, শ্রীরাগ প্রথমার্দ্ধ। বিগত বর্ষ, তখন গ্রন্থকর্ত্তা দেহে বর্ত্তমান ছিলেন, প্রথম খণ্ডে জপজী, রহিরাস ও সোহিলা একত্রে প্রকাশ পাইয়াছেন। আজ আমরা আমাদের পরমপূজ্য দাদর মহাপ্রয়াণের প্রথম বার্ষিকী-তিথিতে তদীয় পরমপদ পরমারাধ্য সদগুরু শ্রীশ্রীগোস্বামী প্রভুর প্রীত্যর্থে তাঁহার পরিবার-পরিকর, স্বজন গুণমুগ্ধ দেশবাসী ও গ্রন্থসাহেবের অনুরাগীজনের উদ্দেশ্যে গ্রন্থকারের প্রাণপ্রিয় রাগ সমূহের শির,—শীর্ষ—এই 'শ্রীরাগ' অতীব শ্রদ্ধার সহিত অর্পণ করিলাম। আমাদের সকলের অন্তরে কৃপাময় সদ্‌গুরু নানক, জয় যুক্ত হউন। সদ্‌গুরু প্রদত্ত শ্রীনাম, ভক্ত সাধক শাস্ত্র ঋষি সদাচার জয় যুক্ত হউন। গুরুগণ জয় যুক্ত হউন। গ্রন্থসাহেব জয় যুক্ত হউন। গ্রন্থকর্ত্তা জয় যুক্ত হউন। স্বর্গ, অন্তরীক্ষ ও মর্ত্ত্যধামবাসিগণ জয় যুক্ত হউন। যুগধর্ম্ম নানকের অভিন্ন জ্যোতি স্বয়ং সশিষ্য ভগবান পূর্ণসদ্‌গুরু গোস্বামী প্রভুর জয় হউক। হরিঃ ওঁ তৎ সৎ। ২৪ শে মাঘ, সন ১৩৬৫।

LIBRARY
No.............
Shri Shri ... ...ayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের নিবেদন

শ্রীশ্রীগ্রন্থসাহেবজী ভারতের প্রায় সকল ধর্ম্ম সম্প্রদায়ে বিশেষতঃ সাধু বৈষ্ণব সমাজে এক বিশিষ্ট প্রভাব বিস্তার করিয়া আছেন। তাহার কারণ, ইনি অনাবৃত ব্রহ্ম, সকলের জন্য উদার ও উন্মুক্ত। মুমুক্ষার্থীদিগের ধর্ম্ম পিপাসা মিটাইবার জন্য যেমন ইনি শ্রেষ্ঠ তেমন গার্হস্থ্য জীবন পরিপোষণ ও পরিপুষ্টিতা দানে প্রভূত কল্যাণ বিধায়ক। এজন্য সর্ব্বত্রই এই গ্রন্থের সমধিক প্রশংসা।

সর্ব্বপ্রথম বাঙ্গালী সমাজে এই গ্রন্থের প্রতি এক বিশিষ্ট সম্মান প্রদর্শন করিয়াছেন শ্রীমৎ গোস্বামী প্রভু (শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী)। গোস্বামী প্রভু মানস সরোবর নিবাসী নানকপন্থী মহাত্মা শ্রীশ্রীব্রহ্মানন্দ পরমহংসজীউর শিষ্য। প্রকৃত পক্ষে তিনিই বাংলায় ইহার প্রথম প্রচার করেন। এবং তাঁহার পরে তাঁহার শিষ্যগণ এবং অন্যান্য গ্রন্থসাহেব-প্রেমীগণ। এই গ্রন্থ গোস্বামী প্রভুর পরম আদরের। পূজনীয় অনুবাদক গোস্বামী প্রভু হইতে আদিষ্ট হইয়া এই দুঃসাধ্য বিরাট কার্য্যে আত্মনিয়োগ করিয়াছিলেন কিনা তাহা অবশ্য আমরা জানি না তবে ইহার আদর্শে অনুপ্রাণিত এবং গুরুর প্রিয়কার্য্য বোধে গুরুপ্রেমে মগ্ন থাকিয়াই যে তিনি ইহা করিয়াছেন তাহাতে কোনই সন্দেহ নাই। এবং পূর্ব্ব হইতে গ্রন্থকারের প্রতি গোস্বামী প্রভুর এক বিশেষ আশীর্ব্বাদ না থাকিলে ইহা যে সম্ভব হইতে পারিত তাহাও মনে হয় না।

আমি মহাজ্ঞানী গ্রন্থকার কৃত এই মহানুবাদ গ্রন্থের প্রকাশকের স্থানে নিতান্ত অযোগ্য। প্রয়োজন ছিল এই গ্রন্থের প্রকাশের ভার তাঁহার ন্যায় সমর্থ, শান্ত, স্থিতধী. প্রজ্ঞাবান কোন গুরুমুখীর গ্রহণ করা; যিনি এই গ্রন্থের ভাব ও গ্রন্থ সংক্রান্ত যাবতীয় বিষয় প্রকাশ করিয়া বলিতে সমর্থ। এজন্য গ্রন্থকর্ত্তা চেষ্টাও কম করেন নাই। অনেকের নিকটে অনেকভাবে অনুনয় বিনয় করিয়াছেন কিন্তু তাহা যখন হইল না তখন অনন্যোপায় হইয়া মৃত্যুর কিছু পূর্ব্বে সমস্ত জানিয়াও ইঁহার প্রকাশের ভার এই অযোগ্যের হাতেই তুলিয়া দিয়া গিয়াছেন এবং বলিয়া গিয়াছেন "তুমি যাহা পার সেই ভাবেই ইহা প্রকাশ করিও; আমি তোমার উপরে সব ছাড়িয়া দিলাম।" তদবধি আমি ইহা প্রকাশের জন্য আপ্রাণ চেষ্টা করিতেছি কিন্তু একথা আমি কাহাকেও প্রকাশ করিয়া বলিতে পারিতেছি না যে, বাংলার প্রতি তিনি কোন এক বিশেষ আশীর্ব্বাদ রাখিয়া গিয়াছেন এবং সকলে আদরের সহিত এই গ্রন্থ লইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঠ করিলেই যে আমি ইহার পরবর্ত্তী অংশগুলি প্রকাশ করিতে পারি। তথাপি ইহার জন্য আমার যাহা সাধ্য আমি সেভাবেই চেষ্টা করিতেছি। আমি মনে প্রাণে ইহা বিশ্বাস করি যে তিনি আমাকে উপলক্ষ করিয়া তাঁহার কার্য্য তিনিই করিতেছেন। তাহা না হইলে এ পর্য্যন্ত গ্রন্থের যে দুইটী খণ্ড প্রকাশ পাইল তাহা কখনই সম্ভব হইত না। আর গোঁসাই কৃপা করিয়া "ধর্ম্মের দ্বারা রক্ষিত হ'য়ে জয় যুক্ত হউক" এই যে অভয়বাণী শুনাইয়াছেন তাহাই কি আমার লভ্য হইত? কেবল প্রকাশকের প্রতিই নয় যাবতীয় নরনারীর প্রতি সূক্ষ্মদেহে থাকিয়া গোঁসাজীর আশীর্ব্বাদ—"ভক্তি পূর্ব্বক পাঠে নরনারী আবরণ মুক্ত হ'য়ে সত্য ধর্ম্মের সন্ধান পাবে।" ইহা এবং এইরূপ নানাভাবে গ্রন্থের নানা কৃপা যাহা আমি প্রত্যক্ষ করিয়া আসিতেছি তাহা সাধারণে প্রকাশ করার অভিপ্রায় আমার ছিল না, যেহেতু সকলের অন্তঃকরণ সমান নয়। কিন্তু যাহা সর্ব্ব সাধারণের হিতার্থে উচ্চারিত হইয়া অপ্রত্যাশিতভাবে আমার নিকটে আসিয়াছে তাহা আমার পক্ষে গোপন রাখা সম্ভব হইল না। মর্ত্ত্য ও অন্তরীক্ষবাসী মহাত্মাগণকে উর্দ্ধবাহু ভূমিষ্ঠ প্রণাম জানাইয়া আমি গ্রন্থের কৃপায় প্রাপ্ত বস্তু দ্বিধাশূন্য হইয়া গ্রন্থেই যুক্ত করিয়া দিলাম।

পূর্ব্বেই বলিয়াছি, আমি এই গ্রন্থের তাৎপর্য্য কাহাকেও প্রকাশ করিয়া বলিতে পারি সেই সাধ্য আমার নাই; তবে আমি এযাবৎ তাঁহা যে ভাবে বুঝিতে চেষ্টা করিয়াছি বা গ্রন্থ আমাকে যেভাবে বুঝাইয়াছেন তাহা গ্রন্থ শেষে "প্রকাশকের দৃষ্টিতে গ্রন্থসাহেব"এ নিবদ্ধ করিয়া দিলাম। কিন্তু তাহা পাঠ করিয়া কেহ যে গ্রন্থের সত্য উপলব্ধি করিতে পারিবেন এই ভরসা লইয়া আমি তাহা করি নাই। গ্রন্থের সত্য গ্রন্থ পাঠ করিয়াই জানিতে হইবে, তবে নব্য পাঠকপাঠিকা এবং গ্রন্থসাহেব সম্বন্ধে যাহারা সাধারণভাবে কিছু জানিতে কৌতুহলী হইবেন তাহারাই তাহা পাঠ করিয়া দেখিতে পারেন। আর গ্রন্থসাহেবে অভিজ্ঞ জন আমার ভুলত্রুটি বিমোচন ও আমাকে যোগ্যতায় টানিয়া লইতে দয়াপূর্ব্বক যদি কেহ তাহা পাঠ করিয়া উপদেশ করেন তবে অবনত মস্তকে আমি তাঁহাদের নিকটে চির কৃতজ্ঞ থাকিব। ইতি—

বিনীত—
প্রকাশক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর চরণাশ্রিত, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক, পরমভাগবত শ্রীশ্রীহারানচন্দ্র চাকলাদার মহাশয় কর্ত্তৃক শ্রীগুরুগ্রন্থ সাহেবের বঙ্গানুবাদ প্রকাশ দর্শনে পরমপ্রীত সাধু ভক্ত মহাত্মা মহাপুরুষগণের আনন্দধ্বনির মধ্যে প্রাপ্ত—

অপ্রকট শ্রীশ্রীগোস্বামী প্রভুর আশীর্ব্বাণী—

"গ্রন্থসাহেবজী বাংলাতে অনুবাদ ক'রে প্রকাশ হওয়াতে একটি মহৎ কার্য্য সম্পন্ন হল। হারানকে আশীর্ব্বাদ জানাচ্ছি। আমি অতীব আনন্দ লাভ করিলাম।......একখানি গ্রন্থসাহেবজী কিনে আসনে রাখবে...... ।"

গ্রন্থ পাইয়া পরে—"শ্রীগুরুগ্রন্থ সাহেবজী বই খানি ইষ্টনামে প্রতিষ্ঠা ক'রে আসনে রাখ। শ্রীমান............(প্রকাশক) কে লিখে দিতে ব'লো বইখানি সাদরে গ্রহণ করিলাম। ভক্তিপূর্ব্বক পাঠে নরনারী আবরণ মুক্ত হ'য়ে সত্য ধর্ম্মের সন্ধান পাবে।...... বইখানি প্রকাশ হওয়াতে আমরা অতীব প্রীতিলাভ করিলাম। ধর্ম্মের দ্বারা রক্ষিত হ'য়ে জয়যুক্ত হোক।"*

উপরোক্ত বাণীটি শ্রীগোস্বামীপ্রভু প্রদত্ত। আজও যাঁহাদের লইয়া তিনি যুক্তভাবে সাধন করেন এবং যাঁহারা তাঁহার দর্শন পাইয়া থাকেন তাহারই একটি স্থান হইতে প্রথম খণ্ড প্রকাশ পাইবার অল্প কিছুদিন পরে গোঁসাইজীর আদেশ অনুসারে এই বাণী ক্রমান্বয় দুইখানা পত্রে অকিঞ্চন প্রকাশের নিকট প্রেরিত হয়। তখন পূজনীয় গ্রন্থকার দেহে ছিলেন। যথাসময়ে তাঁহাকে এই সংবাদটি জানান হইয়াছিল কিন্তু তখন তিনি খুবই অসুস্থ। তাহারই অল্প কিছু দিন পরে, ৫ই মাঘ ১৩৬৪ সন, (ইং ১৯শে জানুয়ারী, ১৯৫৮) রবিবার রাত্র ১০টায় তিনি সিদ্ধদেহ লাভ করেন।

---

* যিনি গোস্বামী প্রভু হইতে উক্ত বাণী পাইয়া তাঁহার আদেশ মত প্রকাশককে জানাইয়াছেন তিনি দেহে বর্ত্তমান থাকায় তাঁহার নাম অপ্রকাশ রহিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থের অনুবাদক
শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী প্রভুর শিষ্য
অধ্যাপক শ্রীহারানচন্দ্র চাকলাদার।
জন্ম সন ১২৮১, তিরোধান ১৩৬৪, ৫ই মাঘ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানতপস্বী হারানচন্দ্র

ধংন ধংন ধংন জন্মু আইআ ॥
জিন্থ প্রসাদি সভু জগত তরাইআ ॥
জন আৱন কা ইহৈ সু আউ ॥
জন কৈ সংগি চিতি আৱৈ নাউ ॥
আপি মুকতু মুকতু করৈ সংসারু ॥
নানক তিস্থ জন কউ সদা নমসকারু ॥

তাঁহার (সন্তের) জগতে আগমন ধন্য, ধন্য, ধন্য, যাঁহার কৃপায় সমস্ত জগত উদ্ধার হইয়া যায়। তাঁহার জগতে আসার ইহাই প্রয়োজন, তাঁহার সঙ্গ পাইয়া অথবা তাঁহাকে দর্শন করিয়া জীবের চিত্তে নাম প্রকাশিত হয়। তিনি আপনি মুক্ত তাই সংসারকেও তিনি মুক্ত করেন। "হরি কী ভগতি মুকতি বহু করে॥ নানক জন সংগি কেতে তরে॥" নানক কহিতে, সেই পুরুষকে সর্ব্বদা নমস্কার।

গ্রন্থের অনুবাদকর্ত্তা জ্ঞানতাপস হারানচন্দ্র বাংলার বিদ্বৎ সমাজে এক অতি সুমহান আদর্শ পুরুষ। বিগতযুগে ভারতের সর্ব্বাত্মক উন্নতির জন্য যাঁহারা নিজেরা মুক্ত হইয়া সংসারকে মুক্ত করিতে আসিয়াছিলেন অদ্বিতীয় বিরাট বিশ্বব্যাপী গুরুশক্তির প্রকাশ-স্বরূপ, সদ্‌গুরুর জীবন্মুক্ত প্রামাণিক সন্তজনের অন্যতম ঋষি হারানচন্দ্র সেই যুগস্রষ্টা যুগবতার মনীষী সাধকগণের সহিত একত্রে আবির্ভূত। সোনার মানুষ হারানচন্দ্র উজ্জ্বল চরিত্রবান সাধু। পূর্ব্ব হইতেই উচ্চ মেধাবী, কঠোর পরিশ্রমী, সত্যাশ্রয়ী, নির্ভীক, নীতিমান, নিরহঙ্কারী, স্বল্পভাষী, জিতেন্দ্রিয়, ধীর, শান্ত, বিনয়ী, নম্র ও সুশীল স্বভাব বিশিষ্ট। কেবল প্রাচীন যুগের ঋষি মুনিগণের কথাই শুনিয়াছি কিন্তু সংসারে এমন অভিমান শূন্য সহজ ধ্যান পরায়ণ উজ্জ্বল আদর্শ চরিত্রের মানুষ আর দেখি নাই। স্বজন বলিয়া এতটুকুও অতিশয় উক্তি করিতেছিনা; তাঁহার সম্বন্ধে আমার সেই শক্তিই বা কোথায়? মনীষিগণ তখন যাঁহারা আসিয়া-

LIBRARY
No............
Shri Shri Anandamayee Ashram

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছিলেন এখনও যাঁহারা জীবিত আছেন, তাঁহারা বলেন গোঁসাইর অব্যক্ত তত্ত্ব হারানবাবু গুপ্তযোগী। তাঁহার অন্তর বাহির প্রকাশ করিয়া বলিতে পারে এমন সাধ্য কাহারও নাই। আত্ম শোধনের জন্য এখানে কেবল তাহাদেরই প্রতিধ্বনি করিলাম। আত্মত্যাগী স্বদেশ হিতৈষণার নিষ্ঠাবান সাধকরূপে, নবীন ভারতের জাতীয় চেতনার বিচিত্র প্রতিভাশালী ঋত্বিকগণের অন্যতম, ভারতের অতি মহান বিরাট পুরুষ স্বর্গীয় সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের সহিত তদীয় সুযোগ্য অন্যতম সহকর্ম্মীরূপে, একই গুরু সেবার সফলীকরণের কারণস্বরূপ আজীবন শিক্ষাব্রতী, সর্ব্বত্যাগী গৃহস্থ সন্ন্যাসী হারানচন্দ্র এই মহাগ্রন্থের মহামূল্য অনুবাদ রচনা করিয়া জগতের জন্য যে কোন মহান সত্য প্রকাশিত করিয়া দিয়া গিয়াছেন প্রজ্ঞানের সাধক সুধীজন কর্তৃক ভবিষ্যৎ তাহা প্রকাশের আশা রাখে।

সকলকে আপন আপন ধর্ম্মে উদ্‌বুদ্ধ করিতে কেবলমাত্র এই গ্রন্থের আলোচনাই নহে, দেশকে চিন্তা করিতে, নির্ভুল ও সুষ্ঠুরূপে দেশের সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য প্রধানতঃরূপে জাতীয় শিক্ষার ভিত্তিতে দেশের ছাত্র সমাজকে গড়িয়া তুলিতে যখন যে প্রয়োজন হইয়াছে, "আপনি ছাত্রগণের শিক্ষার সংস্কার করুন, আপনার তাহাই কাজ। যোগ সাধন আপনার প্রকৃতি নহে। আমিই আপনার হইয়া নাম জপ করিব" প্রত্যক্ষ ভাবে জ্যেষ্ঠ গুরুভ্রাতা সতীশচন্দ্রের (স্বর্গীয় সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের) মধ্যদিয়া আপন সদ্‌গুরু বিজয়কৃষ্ণের ইঙ্গিত জানিয়া তাহাই জীবন সাধনায় একমাত্র শ্রেষ্ঠ কর্ম্ম বলিয়া গ্রহণ করিলেন বর্ত্তমান গ্রন্থের অনুবাদ কর্ত্তা জ্ঞানী হারানচন্দ্র চব্বিশ বৎসর বয়সে, সতীশচন্দ্রের আরব্ধ সকল কার্য্যের সহকারীরূপে। তদবধি দীর্ঘ ৬০ বৎসর ব্যাপী একভাবে সিদ্ধ যোগাসনে নিত্য স্থিত থাকিয়া তৈলধারাবৎ অবিশ্রান্ত ভাবে সদ্‌গুরু প্রদত্ত নামের বিচিত্র সাধন করিয়াছেন নিঃশব্দ হারান বাবু এভাবে, যাহার কর্ম্ম ও অধ্যাত্ম জীবনের পরিচয় দিবেন গ্রন্থসাহেব।*

* অধ্যাপক হারাণচন্দ্রের কর্ম্ম জীবনের সংক্ষিপ্ত পরিচয় গ্রন্থশেষে "প্রকাশকের দৃষ্টিতে গ্রন্থসাহেব" দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুগ চারে নাম উতমু সবদু বীচার ॥
কলি মহি গুরুমুখি উতরসি পার ॥

(গুরু শ্রীঅমরদাস)

নাম এবং সবদ্, গুরুমন্ত্রের বিচার চারি যুগেই উত্তম। কিন্তু বর্ত্তমান এই কলিযুগে সদ্‌গুরুর মুখ বিনিঃসৃত নামই সংসার সমুদ্র পার হইবার একমাত্র উপায়।

LIBRARY
No............
Shri Shri ... mayee Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁগুরুঃ

১ওঁ সতিগুর প্রসাদি ॥

দণ্ড কমণ্ডলু জটধারৈ
শ্রীধর মোহন বদন উপায়ন নিরংকার প্রেমদাতা ॥
ঠাকুর তূঁ মেরা পিতা
তূঁ হৈ মেরী মাতা, তূঁ মেরে জিউ প্রাণ সুখু দাতা ॥
তূঁ মেরা ঠাকুর
মৈ হউ দাসু তেরা, তুঝু বিণু অৱরু নহি কো মেরা ॥
করি কিরপা করহ প্রভু দাতি—
তূঁ মেরি উসততি তরউ দিন রাতি ॥
হম তেরে যন্ত্র তূঁ বজায়নহারা
হম তেরে ভিখারী দানু দেহি দাতারা ॥

তউ পরসাদি রঙ্গ রসমানে—
ঘট ঘট অংতরি তুম হি সমানে ॥
তুমরি দইআতে হোই দরদ বিনাসু ;
তুমরি মইআতে কমল বিগাসু ॥
হউ বালিহারী জাউ গুরদেৱ
সফল দরসন নিরমল সেৱ ॥
দইআ করহ ঠাকুর প্রভু মেরে
গুণ গাৱৈ নানক নিত তেরে ॥*

গুরুমুখী ভাষায় লিখিত কবিতা আবৃত্তির সাধারণ বিধি—

শব্দের অন্তস্থিত হ্রস্বস্বর আবৃত্তিকালে উচ্চারণ করিতে হয় না। যথা:— সতি=সত্, করি=কর্, প্রসাদি=প্রসাদ, প্রভু=প্রভ, দাসু=দাস্, এইরূপ উচ্চারণ করিতে হয়। অর্থাৎ পাঠের সময়ে সাধারণতঃ হ্রস্ব ইকার ও হ্রস্ব উকার উচ্চারণ করা হয় না। কিন্তু লিখিত ভাষায় তাহা উল্লেখ করিতে হয়।

গুরুমুখীতে অন্তস্থ 'ৱ' এর উচ্চারণ বিশেষভাবে আবৃত্ত হয়,—'অৱরু' উচ্চারণের সময় "অওয়র", গাৱৈ=গাওয়ৈ এইরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



সদ্‌গুরু শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী

(মানস সরোবর নিবাসী নানকপন্থী মহাত্মা
শ্রীশ্রীব্রহ্মানন্দ পরমহংস জীউর মন্ত্র শিষ্য)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগুরুগ্রন্থ সাহিবজী

বঙ্গানুবাদ

দ্বিতীয় খণ্ড

শ্রীরাগ—চৌপদী

১ওঁ সতিগুরু প্রসাদি ॥

রাগ-শ্রীরাগ মহলা ১, ঘর ১ ॥

নং ১

মোতী ত মংদর ঊসরহি রতনী ত হোহি জড়াউ ॥
কসতূরি কুংগূ অগরি চংদনি লীপি আবৈ চাউ ॥
মতু দেখি ভূলা বীসরৈ তেরা চিতি ন আবৈ নাউ ॥১॥

১। যদি আমার মন্দির, বাসভবন মোতি-মুক্তাদাম দ্বারা রচিত হয় ও নানাপ্রকার নীলমণি প্রভৃতি রত্নে তাহা খচিত থাকে, এবং ঐ প্রাসাদ যদি কস্তুরী কেসর, অগুরু ও চন্দন প্রভৃতি সুগন্ধি দ্রব্যে লিপ্ত হইয়া মন প্রফুল্ল রাখে, তাহা হইলে আমি যেন ঐ বাসভবন দেখিয়া ভুলিয়া না থাকি ; কারণ আমি যদি তাহাতে ভুলিয়া, ঐশ্বর্য্যে মজিয়া থাকি, তাহা হইলে হে প্রভু, আমার বিস্মৃত চিত্তে তোমার নাম আসিবে না।

টীকা—মোতী=মুক্তা। মংদর=মন্দির, বাসভবন। উসরহি=নির্ম্মিত হয়। জড়াউ=জড়িত, খচিত। কুংগূ=কেসর, জাফরাণ। অগরি=অগুরু। লীপি=

LIBRARY
No.............
Shri Shri ... Ashram

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লেপন করিয়া। চাউ=উৎসাহ, প্রফুল্লতা। মতু=মৎ, না। ৰীসরৈ=ভুলিয়া থাকি। চিতি=চিত্তে, মনে। নাউ=নাম।

হরি বিনু জীউ জলি বলি জাউ ॥
মৈ আপণা গুরু পূছি দেখিআ অৱরু নাহী থাউ ॥১॥ রহাউ ॥

রহাউ। হরি বিহনে আমার প্রাণ জ্বলিয়া পুড়িয়া যাইতেছে। আমি আমার গুরুদেবকে জিজ্ঞাসা করিয়া জানিয়াছি যে হরি ব্যতীত অপর কোনও আশ্রয়স্থান নাই।

টীকা—জলি বলি=জ্বলিয়া, পুড়িয়া।

ধরতী ত হীরে লাল জড়তী পলঘি লাল জড়াউ ॥
মোহণী মুখি মণী সোহৈ করে রংগি পসাউ ॥
মতু দেখি ভূলা ৰীসরৈ তেরা চিতি ন আৱৈ নাউ ॥২॥

২। পৃথিবী যদি হীরক এবং লাল পদ্মরাগ মণিদ্বারা মণ্ডিত হয় এবং আমার শয়নের পালঙ্ক যদি লাল পদ্মরাগ মণিদ্বারা খচিত হয় এবং মণিগণে ভূষিতাননা মোহিনী রমণীগণ যদি ঐ পালঙ্কের শোভা বৰ্দ্ধন করে এবং নানাপ্রকার রঙ্গ, হাবভাব প্রকাশ করে, তাহা হইলে ঐসব দেখিয়া আমি যেন ভুলিয়া না যাই; কারণ আমি যদি ঐসব দেখিয়া ভুলিয়া থাকি তাহা হইলে, হে প্রভু, আমার বিস্মৃত চিত্তে তোমার নাম আসিবে না।

টীকা—ধরতী=ধরিত্রী, পৃথিবী। লাল=পদ্মরাগ মণি। পলঘি=পালঙ্ক। রংগি=আনন্দদায়ক হাবভাব। পসাউ=প্রসার, বিস্তার।

সিধু হোৱা সিধি লাঈ রিধি আখা আউ ॥
গুপতু পরগটু হোই বৈসা লোকু রাখৈ ভাউ ॥
মতু দেখি ভূলা ৰীসরৈ তেরা চিতি ন আৱৈ নাউ ॥৩॥

৩। যদি আমি সিদ্ধপুরুষ হইয়া যাই, অণিমা মহিমা প্রভৃতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিদ্ধি শক্তির বলে কার্য্য করিতে পারি এবং ঋদ্ধি আমার কথাতেই আসে অর্থাৎ কহিবা মাত্রেই যথেচ্ছ-ধন প্রভৃতি আমার হস্তগত হইয়া যায়, যদি আমি ইচ্ছামত অদৃশ্য এবং প্রকট বা প্রকাশ হইতে পারি এবং সমুদয় লোক যদি এই শক্তিসমূহ দেখিয়া আমাকে প্রীতি ও সম্মান করে, তাহা হইলেও এই সব দেখিয়া আমি যেন ভুলিয়া না যাই ; কারণ আমি যদি এইসব দেখিয়া ভুলিয়া থাকি, তাহা হইলে হে প্রভু ! আমার বিস্মৃত চিত্তে তোমার নাম আসিবে না ॥৩॥

টীকা—সিধি=অষ্টাদশ সিদ্ধি, সোদর ৪।৫ টীকা ১ম খণ্ড, ৮৯ পৃষ্ঠা দেখ। রিধি=ঋদ্ধি, ধন, সম্পদ, ঐশ্বর্য্য। আখা=বলা। গুপতু পরগটু=গুপ্ত, অদৃশ্য হওয়া এবং প্রকাশ হওয়া। ভাউ=ভাব, সম্মান।

সুলতানু হোৱা মেলি লসকর তখতি রাখা পাউ ॥
হুকমু হাসলু করী বৈঠা নানকা সভ ৱাউ ॥
মতু দেখি ভূলা ৱীসরৈ তেরা চিতি ন আৱৈ নাউ ॥৪॥১॥

৪। যদি আমি (সুলতান) অতি প্রতাপশালী সম্রাট হই এবং বহু সৈন্য সংগ্রহ করি এবং রাজতক্তের উপর পদ রাখি অর্থাৎ রাজসিংহাসনে বসি এবং রাজসিংহাসনে বসিয়া আমি আমার আদেশ শিরোধার্য্য করাই, সকলেই আমার হুকুম মত কার্য্য করে, তাহা হইলেও শ্রীগুরু নানক দেবজী বলিতেছেন, এ সমস্তই পবনবৎ চঞ্চল, ক্ষণস্থায়ী। হে প্রভু, এই সব দেখিয়া আমি যেন না ভুলি, কারণ তাহা হইলে আমার বিস্মৃত চিত্তে তোমার নাম উদিত হইবে না ॥৪॥১॥

টীকা—লসকর=সৈন্যসামন্ত। তখতি=রাজসিংহাসনে। হাসলু=হাসিল, তামিল করা, হুকুম কার্য্যে পরিণত করা। ৱাউ=বায়ু, পবন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ২

কোটি কোটী মেরী আরজা পৱণু পীঅণু অপিআউ ॥
চংদু সূরজু ছুই গুফৈ ন দেখা সুপনৈ সউণ ন থাউ ॥
ভী তেরী কীমতি না পৱৈ হউ কেৱডু আখা নাউ ॥১॥

১। কোটি কোটি বৎসর যদি আমার আয়ু হয় এবং কেবল মাত্র বায়ু আমার পান ও ভোজন হয়, যে গুহাতে চন্দ্র সূর্য্য দৃষ্টিপথে পতিত হয় না এমন গুহাতে বসিয়া যদি সাধন ভজনে রত থাকি এবং যেখানে স্বপ্নেও শয়ন করিবার অর্থাৎ বিশ্রাম করিবার স্থান না পাই অর্থাৎ শয়ন না করিয়া সর্ব্বদা জাগ্রত থাকিয়া সাধনে রত থাকি তথাপি হে প্রভু! এরূপ কঠোর তপস্যা করিয়াও আমি তোমার মূল্য বা মহিমা প্রকাশ করিতে পারিব না, আমি তোমার নাম কত বড় কি করিয়া বলিব? যত বড় করিয়াই তোমার নামের মহিমা প্রচার করি না কেন, তাহা অতি অল্পই হইবে। কারণ নাম ও নামী অনন্ত।

টীকা—আরজা=আয়ু। পৱণূ=বায়ু। পীঅণু=পান। অপিআউ=ভোজন। গুফৈ=গুহাতে। সুপনৈ=স্বপ্নেও। সউণ=শয়ন। থাউ=স্থান। ভী=তথাপি। কীমতি=মূল্য, মহিমা। হউ=আমি। কেৱডু=কতবড়। আখা নাউ—নাম বলিতে পারি; ভাব এই যে, নামী যেরূপ অন্তহীন, নামও সেইরূপ অনন্ত।

সাচা নিরংকারু নিজ থাই ॥
সুণি সুণি আখণু আখণা জে ভাৱৈ করে তমাই ॥১॥ রহাউ॥

রহাউ। হে সত্য নিরংকার প্রভু, তুমি আপন স্থানে, আপন মহিমাতে, আপনি বিদ্যমান রহিয়াছ। জীব শাস্ত্রের আখ্যান শ্রবণ করিয়া করিয়া তোমার কথা বলে। তুমি যদি ইচ্ছা কর তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইলেই জীব তোমার মহিমা কীর্ত্তন করিতে ইচ্ছা করে; অর্থাৎ তুমি যাহাকে তোমার মহিমা কীর্ত্তন করিবার শক্তি প্রদান কর সেই তোমার মহিমা কীর্ত্তন করিতে পারে।

টীকা—নিজ থাই=আপন স্থানে। আখণু=শাস্ত্রের আখ্যান। আখণা=বলে। ভাবৈ=তুমি ইচ্ছা কর। তমাই=ইচ্ছা।

কুসা কটীআ বার বার পীসণি পীসা পাই ॥
অগী সেতী জালীআ ভসম সেতী রলি জাউ ॥
ভী তেরী কীমতি না পরৈ হউ কেৱডু আখা নাউ ॥২॥

২। হে প্রভু! যদি আমি কুশদ্বারা আমার শরীর বার বার কাটি (অগ্নিতে হোম করিবার জন্য), যদি পেষণ যন্ত্রে আমার শরীর পিষিয়া ফেলি, অথবা পঞ্চাগ্নি বেষ্টিত হইয়া তপ করি, এবং ভস্মের সহিত একেবারে মিশিয়া যাই (অর্থাৎ প্রচুর পরিমাণে দেহে ভস্ম লেপন করি), তথাপি তোমার মহিমা বুঝিতে পারিব না, আমি কত বড় করিয়া তোমার নাম প্রকাশ করিতে পারিব?

টীকা—পীসণি=পেষণ যন্ত্র, জাঁতা। রলি জাউ=মিশিয়া যাই। সেতী=সহিত।

পংখী হোই কৈ জে ভৱা সৈ অসমানী জাউ ॥
নদরী কিসৈ ন আৱঊ না কিছু পীআ ন খাউ ॥
ভী তেরী কীমতি না পরৈ হউ কেৱডু আখা নাউ ॥৩॥

৩। যদি সিদ্ধির প্রভাবে পক্ষীর ন্যায় শত শত আকাশে অর্থাৎ লোকে ভ্রমণ করি অথবা এমন অনুপ্রমাণ হইতে পারি যে কেহ আমাকে দেখিতে না পায়, অথবা কিছু পান আহার না করিয়া থাকিতে পারি (অর্থাৎ অণিমা লঘিমা ইত্যাদি সিদ্ধি লাভ করিয়া যথেচ্ছ ভ্রমণ করিতে পারি) তথাপি আমি তোমার মূল্য, অন্ত জানিতে পারিব না এবং তোমার নামেরও অন্ত পাইব না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নানক কাগদ লখ মণা পড়ি পড়ি কীচৈ ভাউ ॥
মসূ তোটি ন আৱঈ লেখণি পঊণু চলাউ ॥
ভী তেরী কীমতি না পবৈ হউ কেৱডু আখা নাউ ॥৪॥২॥

৪। কাগজ যদি লক্ষ মণ হয় এবং কালি যদি কখনও কম না পড়ে, এবং কলম পবন দ্বারা (অতি দ্রুত) চালিত হয় এবং এত লেখা পড়িয়া যদি তোমার প্রেম হয়, তথাপি নানক বলিতেছে—হে প্রভু! আমি তোমার মূল্য, মহিমা, বলিয়া শেষ করিতে পারিব না এবং তোমার নামের মহিমাও যে কত বড় তাহা বলিতে পারিব না ॥৪॥২॥

শ্রীরাগ মহলা ১ ॥

নং ৩

শ্রীনানক দেবজীর পিতা কালুজী এক সময়ে বলিলেন—"হে পুত্র! আমরা পাটোয়ারী, আমাদের লেখা জানা দরকার।" তখন নানক দেবজী এই বাণী উচ্চারণ করেন।

লেখৈ বোলনু বোলণা লেখৈ খাণা খাউ ॥
লেখৈ ৱাট চলাঈআ লেখৈ সুণি ৱেখাউ ॥
লেখৈ সাহি লৱাঈ অহি পড়ে কি পুছণ জাউ ॥১॥

১। হে পিতঃ! আমরা যে বাক্য বলি তাহা লেখা হিসাব, অর্থাৎ ভগবৎ নিয়ম দ্বারা নিয়ন্ত্রিত। যে খাদ্য খাই তাহাও হিসাবের অধীন রহিয়াছে, ভগবৎ নিয়মে নির্দিষ্ট আছে। আমরা যে পথে চলি তাহাও লেখা অনুসারে, আমরা যে শ্রবণ করি, দর্শন করি তাহাও লেখা অনুসারে। যে শ্বাস গ্রহণ করি তাহাও লেখার মধ্যে অতএব পণ্ডিতের নিকট কি জিজ্ঞাসা করিব?

কা—বাট=পথ। ৱেখাউ=দেখা। সাহি=শ্বাস। পড়ে=পণ্ডিতের নিকট।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাবা মাইআ রচনা ধোহু ॥
অংধৈ নামু ৱিসারিআ না তিস্‌ু এহ ন ওহু ॥রহাউ ॥১॥

রহাউ। হে পিতঃ! মায়ার রচনা সকলই ছলনা। অন্ধ অজ্ঞানী জীব 'নাম' ভুলিয়া গিয়াছে; তাহার না আছে ইহকাল না আছে পরকাল।

জীবণ মরণা জাই কৈ এথৈ খাজৈ কালি ॥
জিথৈ বহি সমঝাঈঐ তিথৈ কোই ন চলিও নালি ॥
রোৱণৱালে জেতড়ে সভি বংনহি পংডি পরালি ॥২॥

২। যাহা কিছু জন্মগ্রহণ করে তাহারই জীবন ও মরণ আছে, কাল এই স্থানেই তাহাদিগকে গ্রাস করে। এই কালরূপী ধর্ম্মরাজ যেখানে বসিয়া জীবের কর্ম্মের লেখার হিসাব লয়েন তথায় কেহই সঙ্গে যায় না। মৃত্যুর পর ক্রন্দনরত যত আত্মীয় স্বজন প্রাণহীন অসার দেহ পিণ্ডকে বাঁধিয়া লইয়া যায়।

টীকা—জাই কৈ=জন্মগ্রহণ করিয়া। এথৈ=এই স্থানে। খাজৈ=খাইয়া ফেলে, গ্রাস করে। বহি=বসিয়া। সমঝাঈঐ=বুঝাপড়া করে। নালি=সঙ্গে। রোৱণৱালে=ক্রন্দনকারী। জেতরে=যত। বংনহি=বাঁধে।

সভু কো আখৈ বহুতু বহুতু ঘটি ন আখৈ কোই ॥
কীমতি কিনৈ ন পাঈআ কহিণি ন বড়া হোই ॥
সাচা সাহিবু একু তূ হোর জীআ কেতে লোঅ ॥৩॥

৩। সকলেই পরমেশ্বরকে খুব বড় খুব বড় বলে; কম কেউ বলে না। তথাপি কেহই তাঁহার মূল্য জানে না, কারণ তাঁহাকে বড় বলিলেও তিনি বড় হন না। হে সত্য প্রভু! তুমি এক কিন্তু অন্যজীব কত লোকে কত অসংখ্য রহিয়াছে।

টীকা—ঘটি=অল্পতা, ন্যূনতা। কিনৈ=কেহই, কহিণি=কহিলেই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নীচা অংদরি নীচ জাতি নীচী হূ অতি নীচু ॥
নানকু তিন কৈ সংগি সাথি বড়িআ সিউ কিআ রীস ॥
জিথৈ নীচ সমালীঅনি তিথৈ নদরি তেরী বখসীস ॥৪॥

৪। নানক কহিতেছেন, হে প্রভু! নীচ জাতির মধ্যে অতি নীচ, এবং অতি নীচের মধ্যেও যাহারা আরও নীচ তাহাদের সঙ্গে আমাকে মিলিত কর; শ্রেষ্ঠ জাতির বা শ্রেষ্ঠ লোকের সহিত আমার কোনও ঈর্ষা বা প্রতিদ্বন্দ্বিতা নাই। কারণ, যে স্থানে তুমি তোমার (নীচ) দাসগণকে রক্ষণাবেক্ষণ কর, সে স্থানে তোমার কৃপাদৃষ্টিই তাহাদিগের বখসীস, পুরস্কার ॥৪॥

টীকা—বড়িয়া=শ্রেষ্ঠ জাতির। রীস=ঈর্ষা, বখসীস=পুরস্কার।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ৪

লবু কুতা কূড়ু চূহড়া ঠগি খাধা মুরদারু ॥
পরনিংদা পরমলু মুখসুধী অগণি ক্রোধ চংডালু ॥
রস কস আপু সলাহণা এ করম মেরে করতার ॥১॥

১। লোভ কুকুর—মিথ্যা কথন; ঝাড়ুদার—হীনজাতি; ঠকাইয়া খাওয়া—মুদ্দাফরাসের বৃত্তি। পরনিন্দা, অপরের বিষ্ঠাদ্বারা মুখশুদ্ধি করার ন্যায়; এবং ক্রোধ চণ্ডাল; অগ্নিস্বরূপ আত্মপ্রশংসা আমার রস কস, আনন্দ দায়ক; হে প্রভু! ইহাই আমার কর্ম্ম।

টীকা—লবু=লোভ। কূড়ু=মিথ্যা বল। চূহড়া=ঝাড়ুদার। ঠগি খাধা=যে ঠকাইয়া খায়। মুরদার=মুদ্দাফরাস, মৃত পশুর পচা মাংস লইয়া যাহারা কারবার করে। মুখসুধী=মুখশুদ্ধি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাবা বোলীঐ পতি হোই ॥
ঊতম সে দরি ঊতম কহীঅহি নীচ করম
বহি রোই ॥১॥রহাউ ॥

১। রহাউ। হে ভাই, এমন কথা বল যাহাতে পরমেশ্বরের দ্বারে সম্মান লাভ হয়। যে এই পৃথিবীতে উত্তম ভগবানের দ্বারেও সে উত্তম বলিয়া সম্মান লাভ করে। যে নীচ কর্ম্ম করে সে দ্বারের বাহিরে নরকে বসিয়া রোদন করে।

টীকা—বহিরোই=বসিয়া রোদন করে।

রসু সুইনা রসু রুপা কামণি রসু পরমল কী ৰাসু ॥
রসু ঘোড়ে রসু সেজা মংদর রসু মীঠা রসু মাসু ॥
এতে রস সরীর কে কৈ ঘটি নাম নিৰাসু ॥২॥

২। (জীবের পক্ষে) স্বর্ণরস, রৌপ্যরস, কামিনীরস, চন্দন, গন্ধরস, ঘোড়া, খাট পালঙ্ক, উৎকৃষ্ট বাসভবন—সমস্তই রসস্বরূপ অর্থাৎ আনন্দ দায়ক। মিষ্টদ্রব্য ও মাংসাহার জীবের নিকট রসস্বরূপ অর্থাৎ প্রীতি জনক। এ সমস্ত রসে জীবের শরীর ভরপুর, নামরসের স্থান জীবের শরীরে কোথায়? ॥২॥

টীকা—সুইনা=সোনা, সুবর্ণ। পরমল : পরিমল, চন্দনগন্ধ। ৰাসু=গন্ধ। সেজা=শয্যা। মংদর=বাসভবন।

জিতু বোলিঐ পতি পাঈঐ সো বোলিআ পরৰাণু ॥
ফিকা বোলি ৰিগুচণা সুণি মূরখ মন অজাণ ॥
জো তিসু ভাৰৈ সে ভলে হোর কি কহণু ৰখাণ ॥৩॥

৩। যাহা বলিলে পরমেশ্বরের দরবারে মান পাওয়া যায় সেই প্রকার বাক্যই প্রমাণ অর্থাৎ সত্য। কর্কশ বাক্যে মন ক্ষুন্ন হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শোন হে আমার মূর্খ অজ্ঞান মন। যাহা তাঁহার ইচ্ছা, যাহাতে তিনি প্রসন্ন হন তাহাই ভাল, অন্য কি আর বলিবার কহিবার আছে।

টীকা—ফিকা=রুক্ষ, কর্কশ। ৰিগুচণা=ক্ষুন্ন মন হয়।

তিন মতি তিন পতি তিন ধনু পলৈ জিন হিরদৈ
রহিআ সমাই ॥
তিন কা কিআ সালাহণা অৱর সুআলিও কাই ॥
নানক নদরী বাহরে রাচহি দানি ন নাই ॥৪॥

৪। তাঁহারাই বুদ্ধিমান, তাঁহারাই প্রতিষ্ঠাবান, তাঁহারাই ধনবান যাঁহাদের হৃদয়ে তিনি সমাহিত রহিয়াছেন। তাঁহাদিগের প্রশংসার আর প্রয়োজন কি? অপর শোভা তাঁহাদিগের আর কি হইতে পারে? নানক কহিতেছে—যাহারা ভগবানের কৃপাদৃষ্টির বাহিরে তাহারাই ভগবানের দানে অর্থাৎ ভোগ্য বস্তুতে আসক্ত হয়—নামে তাহাদের রুচি হয় না।

টীকা—সুআলিও=সৌন্দর্য্য শোভা।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ৫

অমলু গলোলা কূড় কা দিতা দেৱণহারি ॥
মতী মরণু ৱিসারিআ খুসী কীতি দিন চারি ॥
সচু মিলিআ তিন সোফীআ রাখণ কউ দরৱারু ॥১॥

১। দানের কর্ত্তা পরমেশ্বর জীবকে একটী মিথ্য মায়াময় মাদকগুলি দিয়াছেন অর্থাৎ জীবের চিত্তে দেহাভিমানরূপ মাদক দিয়াছেন। এই অভিমানে মত্ত হইয়া জীবের বুদ্ধি মরণকে ভুলিয়া গিয়া চারিদিনের ক্ষণস্থায়ী আনন্দে মত্ত হইয়া আছে। পরমেশ্বর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহাদিগকে আপন দরবারে রাখিবেন সেই সুফিদিগকে অর্থাৎ জ্ঞানী পুরুষ দিগকে সত্যজ্ঞান দিয়াছেন।

টীকা—অমল=মাদক। গলোলা=গুলি। মতি=বুদ্ধি। সোফিআ=সোফিগণ, জ্ঞানীগণ।

নানক সাচে কউ সচু জাণু॥
জিতু সেৱিঐ সুখু পাঈঐ তৈরী দরগহ চলৈ মাণু॥১॥রহাউ

রহাউ। হে নানক! সত্যস্বরূপ পরমেশ্বরকেই সত্য বলিয়া জান। তাঁহার সেবাতেই সুখ পাওয়া যায় এবং তাঁহার দরবারেই তোমার মান লাভ হইবে॥১॥

সচু সরা গুড় বাহরা জিসু ৱিচি সচা নাউ॥
সুণহি বখাণহি জেতড়ে হউ তিন বলিহারৈ জাউ॥
তা মনু খীৱা জাণীঐ জা মহলী পাএ থাউ॥২॥

২। যাহার মধ্যে সত্য-নাম আছে তাহাই সত্য সুরা (মাদক) এবং তাহা প্রকৃত সুরার ন্যায় গুড় অর্থাৎ মায়া হইতে প্রস্তুত নহে। এই সত্য-নামরূপী সুরা যাহারা শ্রবণ করে আমি তাহাদিগের বলিহারি যাই। এই ভক্তিরূপী মদিরা সেই মনই খাইয়া মত্ত হইয়াছে যে মন ভগবানে স্থিত হইয়াছে।

টীকা—সরা=সুরা, খীৱা=খাইয়াছে।

নাউ নীরু চংগিআঈআঁ সতু পরমলু তনি ৱাসু॥
তা মুখু হোৱৈ উজলা লখি দাতী ইক দাতি॥
দুখ তিসৈ পহি আখীঐ সূখ জিসৈ হী পাসি॥৩॥

৩। নাম-নীরে স্নান করিয়া তনু নির্ম্মল কর; এবং সত্যবাক্য কথন রূপ চন্দন লেপন করিয়া তনু সুবাসিত কর। তাহা হইলে লক্ষ দানের কর্ত্তা ভগবান তোমাকে এক (নাম) দান করিবেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহাতে তোমার মুখ উজ্জ্বল হইবে। তুমি তাঁহারই নিকটে তোমার দুঃখ নিবেদন কর যাঁহার নিকটে সমুদয় সুখ বর্ত্তমান অর্থাৎ যে পরমেশ্বর সমুদয় সুখের আধার এবং দাতা।

টীকা—চংগিআঈআ=উত্তম, নির্ম্মল কর। পরমলু=পরিমল। ৱাস্থ=সুগন্ধ। দাতী=দানের কর্ত্তা। দাতি=দান। তিসে পহি=তাহার নিকটে।

সো কিউ মনহু ৱিসারীঐ জাকে জীঅ পরাণ ॥
তিসু ৱিণু সভু অপৱিতু হৈ জেতা পহিনণু খাণু ॥
হোরি গলাঁ সভি কূড়ীআ তুধু ভাৱৈ পরৱাণু ॥৪॥৫॥

৪। তাঁহাকে কেন মন হইতে বিস্মৃত হও যিনি এই জীবন ও প্রাণ দান করিয়াছেন। তিনি বিনা, তাঁহার স্মরণ বিনা, তোমার যত কিছু অশন বসন সবই অপবিত্র। হে ভগবান্! অপর বাক্য সবই মিথ্যা, যে বাক্যে তুমি প্রীত হও তাহাই একমাত্র প্রমাণ সত্য।

টীকা—পহিনণ=পরিধান। খাণু=খাওয়া। গলাং=বাক্যসমূহ। পরৱাণু=প্রমাণ সত্য।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ৬

জালি মোহু ঘসি মসু করি মতি কাগতু করি সারু ॥
ভাউ কলম করি চিতু লেখারী গুর পুছি লিখু বীচারু ॥
লিখু নামু সালাহ লিখু লিখু অংত ন পারাৱারু ॥১॥

গুরু শ্রীনানকজীর পিতা শ্রীকালুজী তাহাকে পাঠশালায় গুরুমহাশয়ের নিকট বিদ্যালাভের জন্য পাঠাইয়া ছিলেন। কিন্তু নানক গুরুমহাশয়কে বলিলেন, "আমাকে এমন বিদ্যা দান করুন যাহা আমার পরকালে কাজে আসিবে।" তখন গুরুমহাশয় নানককে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিলেন "আমি সে বিদ্যা জানি না, তুমি যদি জান আমাকে বল।" তখন নানকজী এই বাণী উচ্চারণ করিয়াছিলেন ঃ—

১। সংসার মোহ জ্বালাইয়া তাহা ঘসিয়া কালি প্রস্তুত কর এবং শ্রেষ্ঠ বা শুদ্ধবুদ্ধির কাগজ প্রস্তুত কর; ভগবৎ প্রেমের কলম প্রস্তুত কর, চিত্তকে কর লেখক এবং গুরুকে জিজ্ঞাসা করিয়া নিত্যানিত্যের বিচার লেখ। লেখ তাঁহার নাম, লেখ তাঁহার স্তুতি, লেখ, লেখ, তাঁহার অন্ত নাই সীমা নাই।

টীকা—মস্থ=মসী, কালি। সারু=উত্তম, শ্রেষ্ঠ। লেখারী=লেখক।

বাবা এহু লেখা লিখি জাণু ॥
জিথৈ লেখা মংগীঐ তিথৈ হোই সচা নীসাণু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে গুরুমহাশয়, এই প্রকার লেখা লিখিতে শিখুন। কারণ, যেখানে লেখা চাহিবে (পরলোকে হিসাব চাহিবে) সেখানে পরমেশ্বরের নামই সত্য নিসান বা পরিচায়ক চিহ্ন স্বরূপ হইবে, অন্যবিদ্যা কাজে আসিবে না।

টীকা—জিথৈ=যেখানে। মংগীঐ=চাহিবে। নীসাণু=নিসান, জ্ঞাপক চিহ্ন।

জিথহি মিলহি ৱডিআঈআ সদ সুখীআঁ সদ চাউ ॥
তিন মুখি টিকে নিকলহি জিন মনি সচা নাউ ॥
করমি মিলৈ তাঁ পাঈঐ নাহী গলী ৱাউ দুআউ ॥২॥

২। যাঁহাদিগের মনে সত্য-স্বরূপ পরমেশ্বরের সত্যনাম বর্ত্তমান তাঁহাদিগের তথায় (পরলোকে) মহত্ত্বের গৌরব, নিরবচ্ছিন্ন প্রসন্নতা এবং মঙ্গল মিলিবে, এবং তাহাদিগের মুখে যশোরূপী তিলক চিহ্ন প্রকাশিত হইবে। কিন্তু এই নাম পাওয়া যায়না সদ্‌গুরু ব্যতীত, অপর লোকের আশীর্ব্বাদও বায়ুমাত্র অসার।

টীকা—ৱডিআঈআ=মহত্ব, গৌরব। চাউ=মঙ্গল, উৎসাহ। টিক=টীকা, তিলক। করমি=কৃপাতে। দুআউ=দোয়া, আশীর্ব্বাদ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইকি আৱহি ইকি জাহি উঠি রখীঅহি নাৱ সলার ॥
ইকি উপাএ মংগতে ইকনা ৱডে দরৱার ॥
অগৈ গইআ জাণীঐ ৱিনু নাৱৈ ৱেকার ॥৩॥

৩। এই জগতে কেহ জন্ম গ্রহণ করে এবং কেহবা উঠিয়া চলিয়া যায় অর্থাৎ মৃত্যুমুখে পতিত হয়। তাহাদের মধ্যে কাহারও কাহারও সর্দ্দার বলিয়া নাম রাখা হয় (উচ্চ পদ ও খ্যাতি লাভ হয়), কেহবা সৃষ্ট হয় মাগিয়া খাইবার জন্য কাহারও বা হয় বড় দরবার অর্থাৎ রাজা প্রভৃতি বিশেষ শক্তিশালী হইয়া কেহ জন্মায়। কিন্তু পরলোকে যাইয়া জানা যাইবে কে বড় কে ছোট। অতএব নাম বিনা এজগতের উপাধি সব ব্যর্থ।

টীকা—ইকি=কেহ কেহ। সলার=সর্দ্দার। উপাএ=সৃষ্ট হয়। অগৈ= পরলোক।

ভৈ তেরৈ ডরু অগলা খপি খপি ছিজৈ দেহ ॥
নাৱ জিনা সুলতান খান হোদে ডিঠে খেহ ॥
নানক উঠি চলিআ সভি কূড়ে তুটে নেহ ॥৪॥৬॥

৪। হে প্রভু! তোমার আগের অর্থাৎ পরলোকের ভয়ে আমার দেহ জ্বলিয়া জ্বলিয়া নাশ হইতেছে। কারণ যাহাদিগের উপাধি সুলতান বা খাঁ অর্থাৎ যাহারা রাজা বা আমীর ওমরাহ, দেখ, তাহাদিগেরও দেহ ভস্ম হইতেছে। নানক কহিতেছে, জীব যখন উঠিয়া চলিয়া যায় (মৃত্যু মুখে পতিত হয়) তখন যত মিথ্যা স্নেহ, মোহ সব ভাঙ্গিয়া যায়, অর্থাৎ সংসারে মিথ্যা মোহ তাহাকে ধরিয়া রাখিতে পারে না।

টীকা—অগলা=আগেকার অর্থাৎ পরলোকের। খপি=জ্বলিয়া। ছিজৈ= নাশ হইতেছে। ডিঠে=দেখা যায়। খেহ=ৎ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১।

নং ৭

শ্রীশ্রীনানক দেব গৃহে উদাসীনের ন্যায় থাকিতেন। ভাল খাইতেন না ভাল বস্ত্র পরিধান করিতেন না, ভাল শয্যায় শয়ন করিতেন না, ঘোড়ায় চড়িতেন না বা কোন অস্ত্রাদি ধারণ করিতেন না। পিতামাতা তাহাকে এইসমস্ত ভোগ করিতে বলিলে শ্রীনানকজী এই বাণী উচ্চারণ করিয়াছিলেন।

সভি রস মিঠে মংনিঐ সুণিঐ সালোণে ॥
খট তুরসী মুখি বোলণা মারণ নাদ কীএ ॥
ছতীহ অম্রিত ভাউ একু জা কউ নদরি করেই ॥

১। হে পিতঃ! ভগবানের নাম মননই সর্ব্বপ্রকার মিষ্ট রস; তাঁহার নাম শ্রবণই লবণ রস; তাহার নাম মুখে উচ্চারণ করাই অম্লরস এবং তাঁহার নাম কীর্ত্তনই ভোজনের পর মুখবাস এবং তাঁহার প্রতি প্রেমই ৩৬ প্রকার অমৃত ব্যঞ্জন। কিন্তু অদ্বিতীয় পরমেশ্বর যাহার প্রতি কৃপাদৃষ্টি করেন তাহারই এইসব প্রাপ্তি হয় ॥১॥

বাবা হোরু খাণা খুসী খুআরু ॥

জিতু খাধৈ তনু পীড়ীঐ মন মহি চলহি বিকার ॥১॥রহাউ॥

রহাউ। হে পিতঃ! আপনার তৃপ্তির জন্য কিছু খাওয়া অর্থাৎ ভগবানের স্মরণ, মনন, কীর্ত্তন ব্যতীত জিহ্বা পরিতৃপ্তির জন্য যে ভোজন তাহা বৃথা। কারণ ঐসব ভোজনে তনু পীড়াগ্রস্ত হয় এবং মনে বিকার উপস্থিত হয়।

রতা পৈনণু মনু রতা সুপেদী সতু দানু ॥
নীলী সিআহী কদা করণী পহিরণ পৈর ধিআনু ॥
কমর-বংদু সংতোখ কা ধনু জোবনু তেরা নামু ॥২॥

২। পরমেশ্বরের রংয়ে মনকে রঞ্জিত করাই রক্তবস্ত্র পরিধান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করা ; সত্যদানই শুভ্র-বস্ত্র পরিধান করা ; কালিমা মর্জ্জন করাই নীলবস্ত্র ত্যাগ এবং শ্রীভগবানের চরণ ধ্যানই কোর্ত্তা পরিধান করা ; সন্তোষই কোমর-বন্ধ স্বরূপ এবং ভগবানের নামই ধন ও যৌবন ॥২॥

টীকা—রতা=রক্তবস্ত্র। রতা=বাঞ্ছিত, অনুরক্ত। সিআহী=কালি কালিমা। কদা করণী=বর্জ্জন করা। পহিরণ=কোর্ত্তা। পৈর=চরণ।

বাবা হোরু পৈনণু খুসী খুআরু ॥

জিতু পৈধৈ তনু পীড়ীঐ মন মহি চলৈ ৰিকার ॥১॥রহাউ॥

রহাউ। হে পিতঃ! আপনার তৃপ্তির জন্য অন্য যাহা কিছু পরিধান করা তাহা অতি মন্দ। কারণ উহা পরিধান করিলে শরীর পীড়িত হইবে এবং মনে বিকার উপস্থিত হইবে ॥১॥

ঘোড়ে পাখর সুইনে সাখতি বুঝণু তেরী ৰাট ॥

তরকস তীর কমাণ সাংগ তেগবংদ গুণ ধাতু ॥

ৰাজা নেজা পতি সিউ পরগটু করমু তেরা মেরী জাতি ॥৩॥

৩। হে প্রভু! তোমার পথ জানিতে পারাই সোণার জিন প্রভৃতি সাজ দেওয়া ঘোড়া, সৎকর্ম্ম করাই হইতেছে তূণীর, বাণ ধনুক, বর্শা ও তলোয়ার বন্ধনী। তোমার কৃপাতে প্রতিষ্ঠার সহিত প্রকট হওয়াই বাজনা ও পতাকা এবং তোমার কৃপাই আমার জাতি।

টীকা—পাখর=ঘোড়ার জিন। সাখতি=ঘোড়ার সাজ। তরকস=তীর। কমাণ=ধনুক। সাংগ=বর্শা। তেগবংদ=তলোয়ার বন্ধনী।

বাবা হোরু চড়ণা খুসী খুআরু ॥

জিতু চড়িঐ তনু পীড়ীঐ মন মহি চলহি ৰিকারু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে পিতঃ! স্বীয় তৃপ্তির জন্য যে ঘোড়ায় চড়া তাহা ক্ষার (ক্ষয় ও ক্ষতিকারক) মাত্র। যত চড়িবে ততই তনুর পীড়াদায়ক হইবে এবং মনের বিকার উপস্থিত হইবে ॥১॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘর মংদর খুসী নাম কী নদরি তেরী পরৰারু ॥
হুকমু সোঙ্গ তুধু ভাৰসী হোরু আখণু বহুতু অপারু ॥
নানক সচা পাতিসাহু পুছি ন করে বীচারু ॥৪॥

৪। নামের আনন্দই আমার ঘর ও মন্দির; তোমার কৃপাদৃষ্টিই আমার পরিবার। হে প্রভু! তোমার ইচ্ছাই আমার হুকুম। অন্য কথা তা অনেক আছে কিন্তু তাহা সব ব্যর্থ। নানক, সত্য স্বরূপ পরমেশ্বর কাহাকেও জিজ্ঞাসা করিয়া বিচার করেন না।

বাবা হুরু সউণা খুসী খুআরু।
জিতু সুতৈ তনু পীড়ীঐ মন মহি চলহি ৰিকারু ॥১॥ রহাউ॥৭

রহাউ॥ হে পিতঃ! আপনার আনন্দের জন্য যে শয়ন তাহা পীড়া দায়ক। কারণ ঐরূপ শয়নে তনু পীড়িত করে এবং মনে বিকার আনিয়া দেয়।

শ্রীরাগ মহলা ১॥

নং ৮

বিখ্যাত মুসলমান ভক্ত সেখ বৈরামের প্রশ্নের উত্তরে গুরু নানক সন্ত লক্ষণ বর্ণনা করিতেছেন ঃ—

কুংগূ কী কাঁইআ রতনা কী ললিতা অগরি ৰাসু তনি সাসু ॥
অঠসঠি তীরথ কা মুখি টিকা তিতু ঘটি মতি ৰিগাসু ॥
ওতু মতী সালাহণা সচু নামু গুণ-তাসু ॥১॥

১। সন্তগণের দেহ কেসরের, কুঙ্কুমের ন্যায় পবিত্র; তাঁহাদের রসনা রত্নস্বরূপ, কারণ নাম উচ্চারণে তাঁহাদের নিশ্বাস অগুরুর ন্যায় গন্ধযুক্ত। আটষটি তীর্থের তিলক তাঁহাদের মুখে বর্ত্তমান অর্থাৎ ৬৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তীর্থের স্নানে যে ফল হয় সন্তগণের দর্শনেই সেই ফল লাভ হয়; সন্তগণের হৃদয়ে মতি বিকশিত অর্থাৎ বিশুদ্ধ বুদ্ধি প্রস্ফুটিত। সেই মতিদ্বারা সন্তগণ ভগবানের সত্য নামের এবং গুণ সমূহের প্রশংসা বা স্তুতি করেন।

টীকা—কংগু=কেসর, জাফরান। কাইআ=কায়া, দেহ। ললিতা= জিহ্বা। রাসু=গন্ধ। সাসু=শ্বাস। টিকা=তিলক। তিতু=তাহাতে। ওতু= উহাতে। সালাহণা=স্তুতি, প্রশংসা।

বাবা হোর মতি হোর হোর ॥
জে সউ বের কমাঈঐ কূড়ৈ কূড়া জোরু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে বন্ধু! অন্য বুদ্ধি (ভগবৎ বিমুখ বুদ্ধি) সবই বৃথা, যদি ভগবৎ বিমুখ বুদ্ধিদ্বারা শত শত পদার্থও উপার্জ্জন করা যায়, তাহা মিথ্যা এবং ঐ মিথ্যা পদার্থের শক্তিও মিথ্যা।

টীকা—হোর=অপর বৃথা। কমাঈঐ=উপার্জ্জন করা হয়।

পূজ লগৈ পীরু আখীঐ সভু মিলৈ সংসারু ॥
নাউ সদাএ আপণা হোৱৈ সিধু সুমারু ॥
জা পতি লেখৈ না পৱৈ সভা পূজ খুআরু ॥২॥

২। ঐ ভগবৎ বিমুখ বুদ্ধির জন্য লোকে যদি তাহাকে পূজা করে, পীর বলে এবং সমস্ত সংসারের লোক তাহার সহিত দেখা করিতে আসে, যদি তাহার নাম প্রচারিত হয় এবং সে যদি সিদ্ধ পুরুষ বলিয়া গণ্য হয়—কিন্তু ভগবানের দরবারে যদি ঐ সমস্ত মান বলিয়া না লেখা হয় অর্থাৎ ভক্তজন মধ্যে তাহার গণনা না হয় তাহা হইলে তাহার পূজা, মান, সম্মান সমস্তই বৃথা।

টীকা—নাউ সদাএ=নাম বড় বলিয়া প্রকাশ করে। সুমারু=হিসাব, গণনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিন কউ সতিগুরি থাপিআ তিন মেটি ন সকৈ কোই ॥
ওনা অংদরি নামু নিধানু হৈ নামো পরগটু হোই ॥
নাউ পূজীঐ নাউ মংনীঐ অখংডু সদা সচু সোই ॥৩॥

৩। যাঁহাকে সৎগুরু প্রতিষ্ঠিত করিয়াছেন (মান বা মহত্ত্ব দিয়াছেন) তাঁহাকে কেহই হটাইতে পারে না কারণ তাঁহার অন্তরে পরম ধন 'নাম' রহিয়াছে এবং নামের প্রভাবেই তিনি প্রকট হন অর্থাৎ খ্যাতি লাভ করেন। অতএব সর্ব্বদা নামেরই পূজা কর, নামের মনন কর; নাম সর্ব্বদা সত্য ও অখণ্ড।

টীকা—ওণা=তাহার।

খেহূ খেহ রলাঈঐ তা জীউ কেহা হোই ॥
জলীআ সভি সিআণপা উঠী চলীআ রোই ॥
নানক নামি বিসারিঐ দরি গইআ কিআ হোই ॥৪॥৮॥

৪। মাটির শরীর মাটিতে মিশিয়া যায়—তখন কি দশা হইবে? জীবের সমুদয় চাতুরী তখন জ্বলিয়া নষ্ট হইবে এবং 'নাম-বিহীন' জীবকে কাঁদিতে কাঁদিতে পরলোকে যাইতে হইবে। নানক কহিতেছে—ভগবৎ নাম ভুলিয়া যমের দ্বারে যাইয়া কি লাভ?

টীকা—খেহ=মাটি। রলাঈঐ=মিশিয়া যায়।

শ্রীরাগ মহলা ১।

নং ৯

গুণবংতী গুণ বীথরৈ অউ-গুণবংতী ঝুরি ॥
জে লোড়হি বরু কামণী নহ মিলিঐ পির কূরি ॥
না বেড়ী না তুলহড়া না পাঈঐ পিরু দূরি ॥

১। গুণবতী নারী অর্থাৎ গুরুমুখজন স্বামীর অর্থাৎ ভগবানের নাম বিস্তার করে। গুণহীনা নারী অর্থাৎ মনমুখ ব্যক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রোদন করিয়া মরে। হে কামিনী! যদি বাঞ্ছিত বরকে লাভ করিতে চাও তাহা হইলে মিথ্যাদ্বারা প্রিয়তমকে লাভকরা যায় না (ইহা জানিয়া রাখ)। কারণ গুণহীনার নিকট প্রিয়তম অতি দূর এবং গুণহীনার না আছে সাধনরূপী নৌকা, না আছে তাহা বাহিবার দাঁড় সুতরাং পতির নিকট যাইতে পারে না।

টীকা—বীথরৈ=বিস্তার করে। অউগুণবংতী=অপগুণা অর্থাৎ গুণহীনা নারী। ঝুরি=রোদন করে। লোড়হি=অনুসন্ধান করে। ব্রূ=বর, পতি। পির =প্রিয়কান্ত। কূরি=মিথ্যাদ্বারা। বেড়ী=নৌকা। তুলহড়া=দাঁড়, বৈঠা।

মেরে ঠাকুর পূরৈ তখতি অডোলু ॥
গুরুমুখি পূরা জে করে পাঈঐ সাচু অতোলু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার পূর্ণঠাকুর! তোমার আসন কখনও দোলে না, সদা অটল। মুখ্য গুরু অর্থাৎ সদ্‌গুরু যদি পুরা করেন অর্থাৎ কৃপা করিয়া হৃদয়ের আকাঙ্ক্ষা পূর্ণ করেন তবেই সেই সত্যস্বরূপ অতুলনীয় প্রভুকে লাভ করা যায়।

টীকা—তখ্‌তি=আসনে। অডোলু=অটল। গুরমুখি=মুখ্যগুরু অর্থাৎ সদ্‌গুরু।

প্রভ হরি মংদরু সোহণা তিসু মহি মাণক লাল ॥
মোতী হীরা নিরমলা কংচন কোট রীসাল ॥
বিনু পউড়ী গড়ি কিউ চড়উ গুর হরি ধিআনি নিহাল ॥২॥

২। এই মনুষ্য দেহ প্রভু হরির মন্দির, তাহা অতি শোভন—সুন্দর, তাহাতে মননরূপী লাল মাণিক আছে, বৈরাগ্যরূপী মতী আছে, জ্ঞানরূপী নির্ম্মল হীরক আছে। এই মনুষ্য দেহ আনন্দদায়ক, কাঞ্চনের দুর্গস্বরূপ। এই দুর্গে সোপান বিনা কি প্রকারে চড়িবে অর্থাৎ কি প্রকারে দুর্গ মধ্যস্থিত হরিকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাপ্ত হইবে? উত্তর—গুরু উপদেশে শ্রীহরির ধ্যানে (নিহাল) কৃতকৃত্য হওয়া যায়।

টীকা—সোহ্ণা=স্থন্দর। রীসাল=মনোহর, আনন্দদায়ক। গড়ি=দুর্গে। নিহাল=কৃতকৃত্য।

গুরু পউড়ী বেড়ী গুরু গুরু তুলহা হরি নাউ ॥
গুরু সরু সাগরু বোহিথো গুরু তীরথু দরী আউ ॥
যে তিসু ভাৱৈ ঊজলী সতিসরি নাৱণু জাউ ॥৩॥

৩। গুরুই ভগবৎ লাভের সোপান, গুরুই নৌকা, হরি নামই নৌকার দাঁড়। গুরুই সরোবর, সাগর এবং সংসার সাগরে পোত-স্বরূপ এবং নদীতে তীর্থরূপী। যদি তিনি (পরমেশ্বর) ইচ্ছা করেন অর্থাৎ তাঁহার কৃপা হইলে, আমি সদ্‌গুরু-রূপী উজ্জ্বল সরোবরে স্নান করিতে পারি (অর্থাৎ ভগবৎ কৃপাতেই সদ্‌গুরু লাভ হয়)।

টীকা—পউড়ী=সিঁড়ি। বেড়ী=নৌকা। তুলহা=দাঁড়। বোহিথো=সমুদ্রের জাহাজ বা অর্ণবপোত। সতসরি=সদ্‌গুরুরূপ সরোবর।

পূরো পূরো আখীঐ পূরৈ তখতি নিৱাস ॥
পূরৈ থানি স্থহাৱণৈ পূরৈ আস নিরাস ॥
নানক পূরা জে মিলৈ কিউ ঘাটৈ গুণতাস ॥৪॥৯

৪। পূর্ণস্বরূপ সদ্‌গুরুকে পূর্ণভাবে বল অর্থাৎ উপাসনা কর, তাহা হইলে পূর্ণস্থানে নিবাস হইবে অর্থাৎ ভগবৎ সহবাস লাভ হইবে। পূর্ণ-স্বরূপ ভগবানের স্থান অতি শোভনীয় তথায় নিরাশেরও আশা পূর্ণ হয়। নানক কহিতেছে—যে পূর্ণকে লাভ করিয়াছে তাহার গুণ সমূহ কেন হ্রাস হইবে?

টীকা—পূরো=পূর্ণ সদ্‌গুরু। তখতি=স্থানে। স্থহাৱণৈ=শোভনীয়। ঘাটৈ=কম পড়িবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১০

সেখ ফরিদের পৌত্র সেখ বৈরাম অতি ভক্ত ব্যক্তি ছিলেন। তাঁহার সহিত মিলিত হইয়া গুরু নানক এই বাণী উচ্চারণ করিয়াছিলেন। শ্রীনানক দেব সখি ভাবে ভাবিত হইয়া এই শবদ কহিয়াছিলেন :—

আবহু.ভৈণে গলি মিলহ অংক সহেলড়ীআহ ॥
মিল কৈ করহ কহাণীআ সংম্রথ কংত কীআহ ॥
সাচে সাহিব সভি গুণ অউগণ সভি অসাহ ॥১॥

১। হে ভগ্নি! এস আমার গললগ্ন হও কারণ তুমি আমার পতির অঙ্কভাগিনী সহচরী। এস, তোমাতে আমাতে মিলিত হইয়া আমাদের সমর্থ, অর্থাৎ সর্ব্বশক্তিমান কান্তের কথা বলি। আমাদের পতি সত্যস্বরূপ এবং তিনি সমস্ত গুণের আধার। আমরা সমস্ত দোষের আকর।

টীকা—ভৈণে=ভগিনী। গলি মিলহ=গলা জড়াইয়া আলিঙ্গন কর। সহেলড়ী আহ=সহচরী। কহাণী=কথা। সংম্রথ=সমর্থ, সর্ব্বশক্তিমান। সাহিব=পতি, কান্ত। অসাহ=আমাদিগের মধ্যে।

করতা সভু কো তেরৈ জোরি ॥
একু সবদু বীচারীঐ জা তূ তা কিআ হোরি ॥১॥ রহাউ ॥

রহাউ। হে সৃষ্টিকর্ত্তা প্রভু! সকলেই তোমার শক্তিতে শক্তিমান্। যদি একাক্ষর ওঁকারএর বিচার করি তাহা হইলে দেখি একমাত্র তুমিই আছ, তুমি ছাড়া অপর কি আছে?

টীকা—একু সবদু=এক শব্দব্রহ্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জাই পুছহু সোহাগণী তুসী রাৰিআ কিনী গুণী ॥
সহজি সংতোখি সীগারীআ মিঠা বোলণী ॥
পিরু রীসালু তা মিলৈ জা গুর কা সবদু সুণী ॥২॥

২। হে ভগ্নি! তুমি সোহাগিনীর, পতির প্রণয় ভাগিনীর নিকটে যাইয়া জিজ্ঞাসা কর—কোন্ গুণে পতি তাহাকে সম্ভোগ করিয়াছেন। সোহাগিনী নারী উত্তর দিতেছেন—সন্তোষ এবং মিষ্ট বচন এই দুইটী দ্বারা স্বাভাবিক ভাবে শৃঙ্গার অর্থাৎ বেশভূষা আমি করিয়াছি; নারী যখন গুরুর উপদেশ গ্রহণ করে তখনই রস-স্বরূপ সুন্দর প্রিয়তমকে, ভগবানকে পতিরূপে লাভ করে।

টীকা—সোহাগিনী=সৌভাগ্যবতী, পতির প্রণয় ভাগিনী নারী। সীগারীআ= বেশভূষা করিয়াছি। সবদু=উপদেশ রীসালু=সুন্দর।

কেতীআ তেরীআ কুদরতী কেৰড তেরী দাতি ॥
কেতে তেরে জীঅ জংত সিফতি করহি দিনু রাতি ॥
কেতে তেরে রূপ রংগ কেতে জাতি অজাতি ॥৩॥

৩। হে প্রভু! কত তোমার শক্তি এবং কত বড় তোমার দান। তোমার সৃষ্ট কত জীবজন্তু দিবারাত্রি তোমার স্তুতিগান করিতেছে। কত তোমার রূপ, কত তোমার রং, কত ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি উচ্চ জাতি এবং কত হীন জাতি স্তুতি করিতেছে।

টীকা—কুদরতী=শক্তি। সিফতি=স্তুতি।

সচু মিলৈ সচু উপজৈ সচ মহি সাচি সমাই ॥
সুরতি হোৰৈ পতি ঊগৰৈ গুর-বচনী ভউ খাই ॥
নানক সচা পাতিসাহু আপে লএ মিলাই ॥৪॥১০

৪। হে সখি! জীবের যখন সদ্‌গুরু লাভ হয়, তখনই সদ্‌গুণ সমূহ অন্তঃকরণে আবির্ভূত হয় এবং তখন সত্যনামে প্রতিষ্ঠিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া সত্য-স্বরূপ পরমেশ্বরে সমাহিত হয়। তখন গুরু-উপদেশে জ্ঞান উৎপন্ন হয় এবং প্রতিষ্ঠা লাভ হয় এবং গুরুর উপদেশ মানিয়া লইয়া জীব তখন নির্ভর হয়। নানক কহিতেছে—সত্যস্বরূপ বাদসাহ অর্থাৎ পরমেশ্বর নিজেই গুরুমুখী জীবকে আপনার সহিত মিলিত করিয়া লয়েন।

টীকা—সুরতি=জ্ঞান। পতি=প্রতিষ্ঠা। উগবৈ=উৎপন্ন হয়। ভউখাহি= ভয় খাইয়া ফেলে অর্থাৎ ভয় চলিয়া যায়। তুলনীয় "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন।" উপনিষদ ॥

তুলনীয় :—"ভৈ কাহু কো দেত নহি নহি ভৈ মানত আন।
কহু নানক সুণরে মনা গিআণী তাহি বখান ॥" গুরু তেগবাহাদুর।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১১

ভলী সরী জি উবরী হউমৈ মুঈ ঘরাহু ॥
দূত লগৈ ফিরি চাকরী সতিগুর কা ৱেসাহু ॥
কপল তিআগী বাদি হৈ সচা ৱেপরৱাহু ॥১॥

১। ভাল হইয়াছে যে, আমার বুদ্ধি দোষ-সংস্পর্শ হইতে বাঁচিয়াছে এবং আমার হৃদয়ে "আমি আমার" এই অভিমান সম্পূর্ণরূপে নষ্ট হইয়াছে। তাহাতে সদ্গুরুর প্রতি বিশ্বাস জন্মিয়াছে এবং দূতগণ—কাম, ক্রোধ, রাগ দ্বেষাদি রিপুগণ এখন ফিরিয়া আমার অধীন চাকর হইয়া গিয়াছে (যে রিপুগণ ও ইন্দ্রিয় সকল এতদিন আমার ধর্ম্মজীবনে বাধা দিয়াছিল, তাহারা এখন আমার বশবর্তী হইয়া প্রভুর সেবায় সাহায্য করিতেছে)। সমুদয় সংকল্প বিকল্প ব্যর্থ জানিয়া তাহা আমার মন ত্যাগ করিয়াছে, কারণ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য-স্বরূপ পরমেশ্বর স্বাধীন অর্থাৎ মনের সংকল্প বিকল্পের বাহিরে, কল্পনার দ্বারা তাঁহাকে জানা যায় না।

টীকা—সরী=হইয়াছে। উবরী=বাঁচিয়া গিয়াছে, দোষ সংস্পর্শ হইতে বুদ্ধি মুক্ত হইয়াছে। মুঙ্গ=মরিয়া গিয়াছে, সম্পূর্ণ নষ্ট হইয়াছে। ঘরাহু=ঘর অর্থাৎ হৃদয় হইতে। চাকরী=রিপুগণ, ইন্দ্রিয়গণ, যাহারা এতদিন আমার ধর্ম্মজীবনে বাধা দিতেছিল তাহারা এখন আমার বশবর্ত্তী হইয়া প্রভুর সেবায় সাহায্য করিতেছে। বাদি=ব্যর্থ অথবা বিরোধকারী। ৰেপরৱাহু=অধীন নহে।

মন রে সচু মিলৈ ভউ জাই ॥
ভৈ বিনু নিরভউ কিউ থীঐ গুরমুখি সবদু সমাই ॥১॥ রহাউ॥

রহাউ। রে মন, সত্য-স্বরূপ পরমেশ্বরকে লাভ করিলে অথবা সত্যনাম মিলিলে, ভয় চলিয়া যায়। পরমেশ্বরের ভয় বিনা কিরূপে নির্ভয় হওয়া যায়? গুরুমুখী জন গুরুর উপদেশে (হৃদয়ে সর্ব্বদা পরমেশ্বরের ভয় ধারণ করিয়া) গুরু দ্বারে তাঁহাতে সমাহিত হইয়া যায়।

টীকা—থীঐ=হইতে পারে। সবদু=গুরুর উপদেশে।

কেতা আখণু আখীঐ আখণি তোটি ন হোই ॥
মংগণ ৱালে কেতড়ে দাতা একো সোই ॥
জিসকৈ জীঅ পরাণ হৈ মনি ৱসিঐ সুখু হোই ॥২॥

২। কত কথা বলিবে? কথা কহিয়া কহিয়া তাঁহার গুণের অন্ত পাওয়া যায় না। যাচ্ঞাকারী কতই আছে অর্থাৎ অসংখ্য কিন্তু দাতা একমাত্র সেই প্রভুই। জীবন ও প্রাণ যাঁহার নিকট হইতে লাভ করিয়াছি, তিনি যদি মনে বসেন (প্রতিষ্ঠিত হয়েন) তবেই সুখ হয়।

টীকা—আখণু=কথা। আখীঐ=বলিবে। তোটি=অন্ত। মংগণ-ৱালে যাহারা মাগে অর্থাৎ প্রার্থনা করে। কেতড়ে-কত, অর্থাৎ অসংখ্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগু সুপনা বাজী বনী খিন মহি খেলু খেলাই ॥
সংজোগী মিলি এক সে ৱিজোগী উঠি জাই ॥
জো তিসু ভাণা সো থীঐ অৱরু ন করণা জাই ॥৩॥

এই জগৎ স্বপ্নবৎ, বাজীকরের বাজীর মত, ক্ষণমাত্র প্রভু খেলা খেলাইয়া থাকেন। একের সহিত অপরের সংযোগ এবং বিয়োগ জীবের কর্ম্মানুসারে হয়; পরস্পরের কর্ম্মের যোগাযোগ অনুসারে ভিন্ন ভিন্ন জীব আসিয়া একত্রে মিলিত হয়, কর্ম্মফল ভোগান্তে কর্ম্মবন্ধন শেষ হইয়া গেলে পরস্পরের সহিত তাহারা বিচ্ছিন্ন হয় এবং যে যাহার দিকে চলিয়া যায়। যাহা তিনি—সেই প্রভু, ইচ্ছা করেন তাহাই হইয়া থাকে, অন্য কিছু করা যায় না (অর্থাৎ ভগবানের ইচ্ছাতেই সব হয়, জীবের কোন শক্তি নাই)।

টীকা—সুপনা=স্বপ্ন। এই শ্লোকের অপর অর্থ যে জন 'সংজোগী' অর্থাৎ যে গুরু উপদেশের সহিত যুক্ত হইয়া চলে; সে এক পরমেশ্বরের সহিত মিলিত হয় এবং যে 'বিজোগী' অর্থাৎ গুরু উপদেশ হইতে বিচ্ছিন্ন হইয়া থাকে সে উঠে অর্থাৎ মৃত্যুর বশ হয় এবং 'জাই' জন্মে অর্থাৎ জন্ম মৃত্যুর অধীন হইয়া থাকে।

গুরমুখি ৱসতু ৱেসাহীঐ সচু ৱখরু সচু রাসি।
জিনী সচু ৱণংজিআ গুর পূরে সাবাসি ॥
নানক ৱসতু পছানসী সচু সউদা জিসু পাসি ॥৪॥১১॥

৪। গুরুমুখ অর্থাৎ গুরুর অনুগত হইয়া সত্য বস্তুর ব্যাপার কর অর্থাৎ সত্য নাম অর্জ্জন কর। সত্যবস্তু নামই পণ্যদ্রব্য এবং সত্য বস্তুই মূলধন। যাহারা পূর্ণগুরুর উপদেশে সত্য বস্তুর বাণিজ্য করে তাহাদিগকে সাবাস, ধন্য-ধন্য। নানক কহিতেছে, যাহার নিকট সত্য নামের সওদা আছে অর্থাৎ যে গুরুর নিকট হইতে সত্যনাম লাভ করিয়াছে, সেই সত্যবস্তু পরমেশ্বরকে জানিতে পারে।

টীকা—বেসাহীঐ=খরিদ বিক্রীর ব্যাপার কর। বখরু=সওদা। রাসি =রাশি, মূলধন। বণংজিআ=বাণিজ্য করে। পছানসী=চিনিতে পারে, জানিতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১২

ধাতু মিলৈ ফুনি ধাতু কউ সিফতী সিফতি সমাই ॥
লালু গুলালু গহ্বরা সচা রংগু চড়াউ ॥
সচু মিলৈ সংতোখীআ হরি জপি একৈ ভাই ॥১॥

১। যেমন স্বর্ণরৌপ্যাদি ধাতু পুনরায় ধাতুর সহিত মিলিত হইয়া যায়, সেইরূপ পরমেশ্বরের গুণগানকারীজন, স্তুতির পাত্র, গুণের আধার, পরমেশ্বরের সহিত মিলিত হইয়া যায়, এবং তখন সে সত্য প্রভুর রংয়ে রঞ্জিত হইয়া যায়। সেই রংয়ের অর্থাৎ ব্রহ্মানন্দের প্রগাঢ়তা লাল, গোলাপী এবং গভীর লাল অর্থাৎ গভীর, গভীরতর, এবং গভীরতম রূপে, ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। যে 'সংতোখী', অর্থাৎ যথালাভে সন্তুষ্ট, এবং যে একরস হইয়া নিরবচ্ছিন্ন হরিনাম জপ করে, তাহারই সেই সত্যনাম লাভ হয়।

টীকা—ফুনি=পুনরায়। সিফতী=যাহার স্তুতি করা যায়, স্তুতির পাত্র পরমেশ্বর। সিফতি=পরমেশ্বরের গুণগানকারী, স্তুতি কারক। লালগুলাল ইত্যাদি —শ্রীনানকজী 'লাল' অর্থাৎ ঈষৎ লাল, গুলাল=গোলাপী, গহবরা=গভীর লাল এই তিন ভাব অনুসারে ব্রহ্মানন্দের গভীরতা জ্ঞাপন করিয়াছেন। কোনও টীকাকার "আত্মা বা অরে শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য" এই বৃহদারণ্যক উপনিষদের বাক্য অবলম্বন করিয়া ব্যাখ্যা করেন যে, শ্রবণের দ্বারা যে আনন্দ তাহাই 'লাল' শব্দ দ্বারা উপমা দেওয়া হইয়াছে, মনন দ্বারা লঘু আনন্দের উপমা 'গুলাল' শব্দদ্বারা, এবং নিদিধ্যাসণ অর্থাৎ আনন্দঘন মূর্ত্তি, ব্রহ্মের একনিষ্ঠ গভীর ধ্যানদ্বারা যে সঘনানন্দ লাভ হয় তাহাই 'গভীর লাল' দ্বারা উপমা দেওয়া হইয়াছে। চড়াউ= ক্রমে বৃদ্ধি প্রাপ্ত হয়। এৈকৈ ভাঈ=একরস অর্থাৎ সম্পূর্ণরূপে তদ্গতমনা হইয়া যায়।

ভাই রে সংত জনা কী রেণু ॥
সংত সভা গুরু পাঈঐ মুকতি পদারথু ধেণু ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, সন্তজনের চরণধূলি হইয়া যাও। কারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্তসভাতেই, সাধুজনগণের সংগতেই মুক্তিরূপ পরম পদার্থের কামধেনু স্বরূপ গুরুকে লাভ করা যায়।

টীকা—মুকতি পদারথু ধেণু=ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চারিটি পুরুষার্থের মধ্যে মোক্ষরূপ শ্রেষ্ঠ পদার্থের কামধেনু স্বরূপ দাতা।

ঊচউ থানু সুহাৱণা ঊপরি মহলু মুরারি ॥
সচু করণী দে পাঈঐ দরু ঘরু মহলু পিআরি ॥
গুরমুখি মনু সমঝাঈঐ আতম-রামু বীচারি ॥২॥

২। এই মানব জন্ম জীবের চৌরাশী লক্ষ যোনি মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ স্থান এবং অতি শোভন, সুন্দর। এই মানব দেহরূপ শ্রেষ্ঠ স্থানেই মুরারির মহল, বাসস্থান, অর্থাৎ মানব দেহেই তাঁহাকে লাভ করা যায়। সত্য কর্ম্ম, অর্থাৎ হরিনাম জপ ইত্যাদি সত্য সাধন দ্বারা প্রিয়তম পরমেশ্বরের দ্বার, ঘর এবং মহল সবই পাওয়া যায়, অর্থাৎ মানব দেহেই পরমেশ্বরকে সম্পূর্ণরূপে লাভ করা যায়। গুরুর অনুগত হইয়া, গুরু উপদেশে আত্মারামের বিচার করিয়া, আত্মা সর্ব্বব্যাপী, সাক্ষিস্বরূপ ইত্যাদি পরম তত্ত্ব মনকে বুঝাইয়া দাও।

টীকা—সুহাৱণা=শোভনীয়। উপরি=সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। করণী=কর্ম্ম। দরু=দ্বার। পিআরি=প্রিয়তম। আতম রামু বীচারি=ইহার অন্য অর্থ হইতে পারে আত্মা,—জীবাত্মা, এবং রাম পরমাত্মা, এই জীবাত্মা ও পরমাত্মার তত্ত্ব বিচার কর।

ত্রিবিধি করম কমাঈঅহি আস অংদেসা হোই ॥
কিউ গুর বিনু ত্রিকুটী ছুটসী সহজি মিলৈ সুখু হোই ॥
নিজ-ঘরি মহলু পছণীঐ নদরি করে মলু ধোই ॥৩॥

৩। আত্মবিচার বিরহিত হইয়া সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিগুণের বশীভূত কর্ম্ম করিলে তাহাতে আশা ও সংশয় উপস্থিত হয়, অর্থাৎ সকাম কর্ম্মে ফলাকাঙ্ক্ষা, স্বর্গাদির আশা এবং স্বর্গাদি হইতে ভ্রষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবার সংশয়, আশঙ্কা হইয়া থাকে। এই ত্রিগুণের বন্ধন গুরু বিনা কি প্রকারে ছুটিবে? গুরুর কৃপায় ত্রিগুণাতীত হইলে স্বাভাবিক আত্মজ্ঞান লাভ হয়, তাহাতে সুখ লাভ হয়। যখন গুরু কৃপাদৃষ্টি করেন, তখন রাগাদি মল ধৌত হইয়া এবং নিজের ঘরেই অর্থাৎ আপনার হৃদয়েই আত্মস্বরূপ জানিতে পারা যায়, আত্মজ্ঞান লাভ হয়।

টীকা—কমাঈঅহি=কামায়, অর্জ্জন করে। পছাণীঐ=চিনিতে, জানিতে পারে। ত্রিকুটী=সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনগুণ, অথবা মন, বচঃ, ক্রম, অথবা কর্ত্তা, ক্রিয়া, কর্ম্ম এইরূপ নানাভাকে টীকাকারগণ ব্যাখ্যা করিয়াছেন।

বিনু গুরু মৈলু ন উতরৈ বিনু হরি কিউ ঘরু ৰাসু ॥
একো সবদু বীচারীঐ অৱরু তিআগৈ আসু ॥
নানক দেখি দিখাঈঐ হউ সদ বলিহারৈ জাসু ॥৪॥১২ ॥

৪। গুরু কৃপা বিনা রাগ দ্বেষ প্রভৃতি হৃদয়ের মল দূর হয় না এবং হরির কৃপা বিনা ঘরে বাস অর্থাৎ আত্মস্বরূপে স্থিতি কিরূপে হইতে পারে—(কিছুতেই হয় না) অতএব একমাত্র গুরুর উপদেশ (অথবা পরমেশ্বরের নাম) বিচার কর। অন্য সমুদয় আশা আকাজ্ক্ষা ত্যাগ কর। নানক কহিতেছে, যিনি স্বয়ং দেখিয়া, আত্মসাক্ষাৎকার লাভ করিয়া অপরকে দেখাইয়া দেন, আমি সর্ব্বদা তাঁহার বলিহারী যাই।

টীকা—সবদ=গুরূপদেশ, অথবা পরমেশ্বরের নাম।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৩

ধ্রিগু জীবণু দোহাগণী মুঠী দূজৈ ভাই ॥
কলর কেরী কংধ জিউ অহিনিসি কিরি ঢহি পাই ॥
বিন সবদৈ সুখু না থীঐ পির বিনু দুখু ন জাই ॥ ১

১। ধিক্ জীবন সেই দুর্ভাগিনী পতি হইতে বিচ্ছিন্না নারীর, যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বৈতভাবে আচ্ছন্ন হইয়া (জীবনের পথে) ঠকিয়া গিয়াছে। বালিতে প্রস্তুত প্রাচীরের মত সে দিবারাত্রি ঝর ঝর করিয়া ধ্বসিয়া পড়িতেছে। সবদ অর্থাৎ গুরু উপদেশ বিনা তাহার সুখ স্থিতিলাভ করে না এবং পতি বিনা দুঃখও যায় না। ইহার ভাবার্থ এই যে, সে মনসুখ অর্থাৎ গুরু-উপদেশে না চলিয়া নিজের ইচ্ছামত চলে, সে দুর্ভাগা স্ত্রীর মত বৃথা জীবন ধারণ করে। নিজ বুদ্ধিতে চলিয়া মনমুখ বালির দেওয়ালের মত অচিরে বিনাশ প্রাপ্ত হয়। বার বার জন্ম মৃত্যু জনিত ক্লেশ ভোগ করে। গুরূপদেশ বিনা পরমেশ্বরকে পতিরূপে প্রাপ্তির আনন্দ তাহার লাভ হয় না এবং সেই প্রিয় পতির অভাবে দুঃখের নিবৃত্তি হয় না।

টীকা—দোহাগণী=দুর্ভাগিনী নারী। পতি বিমুখ নারীর উপমার দ্বারা মনমুখজনের দুরবস্থা বর্ণিত হইয়াছে। মুঠী=ঠকিয়া গিয়াছে। কলর=বালি। কংধ =দেওয়াল, প্রাচীর। কিরি ঢহি পাই=ঝুর ঝুর করিয়া ধ্বসিয়া পড়ে। না-থীঐ =হয় না। পির=পতি।

মুংধে পির বিনু কিআ সীগারু ॥
দর ঘরি ঢোঈ না লহৈ দরগহ ঝূঠু খুআরু ॥১॥ রহাউ ॥

রহাউ ১। হে মূঢ়ে, পতি বিনা তোমার বেশভূষা সাজ সজ্জার মূল্য কি? (সমুদয়ই ব্যর্থ) পতির প্রতি বিমুখ নারী, তুমি পতির ঘর দ্বারের অনুসন্ধান করিয়া তাহাকে লাভ করিতে যত্ন কর না। (সেইরূপ ভগবদ্বিমুখ জন) ভগবানের দরবারে মিথ্যা অবলম্বনের জন্য ক্লেশ ভোগ করে।

টীকা—মুংধে=মুগ্ধে,মূঢ়ে। সীগারু=শৃঙ্গার, বেশভূষা। খুআরু=ক্লেশ।

আপি সুজাণু ন ভুলঈ সচা বড কিরসাণু ॥
পহিলা ধরতী সাধি কৈ সচু নামু দে দাণু ॥
নউ নিধি উপজৈ নামু একু করমি পবৈ নীসাণু ॥২॥

২। হরি আপনি কৃষিকার্য্য উত্তমরূপে জানেন, তিনি জীবের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে কর্ম্ম বন্ধন আছে তাহা ভুলিয়া যান না; তিনি সত্য সত্য বড় কিষাণ। জীবের অন্তঃকরণরূপ ক্ষেত্রকে উত্তমরূপে কর্ষণ পূর্ব্বক শুদ্ধ করিয়া তাহাকে গুরুদ্বারে সত্যনামরূপ বীজ বপন করেন। তখন এক নাম বীজ হইতে নবনিধি, পরম মূল্যবান রত্নসমূহ অথবা নবধা ভক্তি অঙ্কুরিত হয়, এবং গুরু কৃপায় তাহাতে পূর্ণজ্ঞান এবং ভক্তের লক্ষণ প্রকাশিত হয়।

টীকা—কৃষকের দৃষ্টান্ত দিতেছেন। সুজাণু=সুচতুর, যিনি কৃষিকর্ম ভালরূপ জানেন। কিরসাণু=কৃষাণ, কৃষক। ধরতী=ধরিত্রী, ক্ষেত্র। সাধিকৈ=চাষের দ্বারা শুদ্ধ করিয়া। দানু=দান, বীজ। নউ নিধি=নবনিধি অথবা নবধা ভক্তি। উপজৈ=উৎপন্ন হয়। করমি=এটি ফার্শী, "করম"=কৃপা। নীসাণু=নিসান, চিহ্ন।

গুরু কউ জাণি ন জাণঈ কিআ তিসু চজু অচারু ॥
অংধুলৈ নাম ৰিসারিআ মনমুখি অংধ গুবারু ॥
আৰণু জাণু ন চুকঈ মরি জনমৈ হোই খুআরু ॥৩॥

৩। মনমুখ ব্যক্তি (দুর্ভাগিণী স্ত্রীর মত) গুরুকে জানিয়াও জানে না, অর্থাৎ শাস্ত্রাদি হইতে গুরুর মহিমা শ্রবণ করিয়াও গুরূপদেশ গ্রহণ করে না। মনমুখ ব্যক্তির আচার ব্যবহার কি উত্তম অর্থাৎ কি অদ্ভুত। মনমুখ অজ্ঞানে অন্ধ, মূর্খ, সুতরাং সে নাম বিস্মৃত হইয়া যায়। এইজন্য তাহার সংসারে আসা যাওয়া ঘুচে না—জন্ম মরণ নিবৃত্ত হয় না। সে বার বার জন্ম গ্রহণ করে এবং মরে, এবং এই প্রকারে সে কষ্ট পায়।

টীকা—চজু অচার—উত্তম ব্যবহার, এখানে শ্লেষ করিয়া বুঝাইতেছেন 'অতি অদ্ভুত'। অংধুলৈ=অন্ধ, অজ্ঞান। গুবারু=গোঁয়ার, মূর্খ। আৰণু, জাণু=আসা যাওয়া, জন্ম মৃত্যু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চংদনু মৌলি অণাইআ কুংগূ মাংগ সংধূরু ॥
চোআ চংদনু বহু ঘণা পানা নালি কপূরু ॥
জে ধন কংতি ন ভাৱঈ ত সভি অডংবর কূড়ু ॥৪॥

৪। কোনও স্ত্রী তনু সুগন্ধি করিবার জন্য চন্দন ও কেশর এবং সীঁথিতে দেওয়ার জন্য সিন্দূর ক্রয় করিয়া আনাইয়া লয়, চুয়া চন্দনাদিদ্বারা বহু সাজসজ্জা করে, কর্পূর সুবাসিত পান খাইয়া মুখ সুগন্ধ করে, তথাপি সেই স্ত্রী কান্তকে প্রীত করিতে পারে না, তাহার সবই মিথ্যা আড়ম্বর।

টীকা—মৌলি—কিনিয়া। কুংগূ=কেশর। মাংগ=সীঁথি। সংধূর=সিন্দুর। চোআ=চুয়া। ঘণা=ঘন। নালি=সহিত। ধন=ধনী, স্ত্রী। কংতি=কান্ত, পতি। ন ভাবঈ=প্রীতি করে না। কূড়ু=মিথ্যা।

সভি রস ভোগণ বাদি হহি সভি সীগার ৱিকার ॥
জবলগু সবদি ন ভেদীঐ কিউ সোহৈ গুর-দুআরি ॥
নানক ধংনু সুহাগণী জিন সহি নালি পিআরু ॥৫॥১৩॥

৫। মনমুখ জনের সমুদয় রসভোগ ব্যর্থ হয়। সমুদয় শৃঙ্গার, বেশভূষা, বিকার আনয়ন করে। যতক্ষণ গুরু উপদেশ জানিতে না পারে ততক্ষণ কি প্রকারে সে গুরুর দ্বারে শোভা পাইবে? নানক কহিতেছে—ধন্য সেই সোহাগিনী, সৌভাগ্যবতী নারী যাহার পতির সহিত প্রেম আছে অর্থাৎ যে গুরুমুখ জনের হৃদয়ে পরমেশ্বরে প্রীতি আছে সেই ধন্য।

টীকা—বাদি হহি=ব্যর্থ হয়। ন ভেদীঐ=জানিতে পারে না। সোহৈ=শোভা পায়। সুহাগণী=সোহাগিনী অথবা সৌভাগ্যবতী স্ত্রী। ইহার দ্বারা গুরুজনকে বুঝাইতেছে। সহি=স্বামী অর্থাৎ পরমেশ্বর। পিআরু=প্রেম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ॥

নং ১৪

স্থংঞী দেহি ডরাৱণী জা জীউ ৱিচহু জাই ॥
ভাহি বলংদী ৱিঝৱী ধূউ ন নিকসিও কাই ॥
পংচে রুংনে দুখি ভরে বিনসে দূজৈ ভাই ॥১॥

একটি মৃতদেহ পড়িয়া রহিয়াছে দেখিয়া গুরু শ্রীনানকজী এই বাণীটি উচ্চারণ করিয়াছিলেন।

১। যখন দেহের অভ্যন্তর হইতে জীবন, চৈতন্যসত্তা, বাহির হইয়া যায়, সেই শূন্য দেহ ভীতিজনক হয়। যে চৈতন্যসত্তারূপী অগ্নি প্রজ্জ্বলিত ছিল, তাহা যখন নিভিয়া যায়, অর্থাৎ দেহ হইতে তাহার বিয়োগ হয়, তখন দেহের অভ্যন্তর হইতে প্রাণরূপী ধুম অর্থাৎ বায়ু বা বাক্য বাহির হয় না। তখন তাহার পঞ্চ আত্মীয়—মাতা, পিতা, ভ্রাতা, স্ত্রী, পুত্র সকলে শোকে অধীর হইয়া রোদন করিতে থাকে, যেহেতু সে দ্বৈতভাব-পরায়ণ হইয়া বিনাশ প্রাপ্ত হইয়াছে। পরমেশ্বর পরায়ণ হয় নাই।

টীকা—স্থংঞী=শূন্য। ডরাৱণী=ডর, অর্থাৎ জয়জনক। ৱিচহু=ভিতর হইতে। ভাহি=অগ্নি। বলংদী=প্রজ্জ্বলিত থাকে। ৱিঝৱী=নিবিয়া যায়। ধূউ =ধোঁয়া, ধূম্র। কাই=কায়া। রুংনে=রোদন করে।

মূড়ে রামু জপহু গুণ সারি ॥
হউমৈ মমতা মোহণী সভ মুঠী অহংকারী ॥১॥ রহাউ ॥

রহাউ। হে মূঢ় জীব, রাম নাম জপ কর এবং পরমেশ্বরের গুণসমূহ স্মরণ কর (অথবা রাম নাম জপই সর্ব্ব গুণের সার, শ্রেষ্ঠ) আর "আমি আমার" এই অভিমান এবং (মমতা) স্ত্রী পুত্রাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার বলিয়া যে মোহ জনক মমত্ব বোধ এই সকল অহংকারে সমুদয় জীব ঠকিয়া যাইতেছে।

টীকা—সারি=স্মরণ কর, অথবা সার শ্রেষ্ঠ।

জিনী নামু ৰিসারিআ দূজী কারৈ লগি ॥
দুবিধা লাগে পচি মুএ অংতরি তিসনা অগি ॥
গুরি রাখে সে উবরে হোরি মুঠী ধংধৈ ঠগি ॥২॥

২। দ্বৈতভাবে আসক্ত হইয়া যাহারা পরমেশ্বরের নাম ভুলিয়া যায় তাহাদিগের অন্তরে (তৃষ্ণা) বাসনারূপ অগ্নি বর্ত্তমান, তাহাতেই দ্বৈত ভাবে বদ্ধ হইয়া তাহারা জ্বলিয়া মরে। যাহাদিগকে গুরু রক্ষা করেন তাহারা বাঁচিয়া যায়, অপর জীবগণের বুদ্ধি বিষয়ের বাঁধারূপী প্রতারকেরা ঠকাইয়া দেয়।

টীকা—পচি=পাক হইয়া অর্থাৎ জ্বলিয়া পুড়িয়া। মুএ=মরে। অগি=অগ্নি।

মুঈ পরীতি পিআরু গইআ মুআ ৰৈরু ৰিরোধু ॥
ধংধা থকা হউ মুঈ মমতা মাইআ ক্রোধু ॥
করমি মিলৈ সচু পাঈঐ গুরমুখি সদা নিরোধু ॥৩॥

৩। মৃত-ব্যক্তির স্ত্রী প্রভৃতিতে প্রীতি নষ্ট হইয়া গিয়াছে, আত্মীয় স্বজনের প্রতি সৌহার্দ্দ্য চলিয়া গিয়াছে, বৈর অর্থাৎ শত্রুতা এবং বিরোধ, ঝগড়া বিবাদ সবই শেষে হইয়া গিয়াছে, কাজেই বাঁধা মিটিয়া গিয়াছে, আমি আমি বুদ্ধি অর্থাৎ দেহে আত্মবুদ্ধি, ধন-পুত্রাদিতে মায়া, মমতা এবং ক্রোধ সমুদয় নষ্ট হইয়া গিয়াছে; ভাব এই যে, দেহ হইতে প্রাণ বিয়োগ হইলে জীব যাহা কিছু লইয়া জীবিতাকালে ব্যস্ত থাকিত তাহার কিছুই আর থাকে না; সবই শেষ হইয়া যায়। যখন প্রভু পরমেশ্বরের কৃপাতে গুরু মিলে এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু অনুগত হইয়া সর্ব্বদা ইন্দ্রিয় নিরোধ করে তখন জীব সত্য নাম লাভ করে।

টীকা—পরীতি=প্রীতি। মুঙ্গ, মুআ=মরিয়া গিয়াছে অর্থাৎ বিনাশ প্রাপ্ত হইয়াছে। পিয়ার=ভালবাসা। ধংধা=কাজের ধাঁধা। গইআ=মিটিয়া গিয়াছে। হউ=আমি, অহংকার। নিরোধ=ইন্দ্রিয় দমন।

সচী কারৈ সচু মিলৈ গুরমতি পলৈ পাই ॥
সো নরু জংমৈ না মরৈ না আৰৈ না জাই ॥
নানক দরি পরধানু সো দরগহি পৈধা জাই ॥৪॥১৪॥

৪। যে জন গুরুমতি অর্থাৎ গুরুর প্রতি শ্রদ্ধাযুক্ত হইয়া এবং তাঁহার অনুগত হইয়া হৃদয়াভ্যন্তরে নাম জপরূপ সত্যকার্য্য করে তাহার সত্যস্বরূপ পরমেশ্বরের প্রাপ্তি হয়, সেই পুরুষ না জন্মে না মরে, না আসে না যায়। নানক কহিতেছে, প্রভু পরমেশ্বরের দ্বারে সে প্রধান বলিয়া গণ্য হয় এবং পরলোকে তাঁহার দরবারে মানের সহিত যাইয়া থাকে।

টীকা—পলৈ=হৃদয়ে। দরি=দ্বারে। পৈধা জাই=মানের সহিত যায়।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৫

তনু জলি বলি.মাটী ভইআ মনু মাইআ মোহি মনূরু ॥
অউগণ ফিরি লাগূ ভএ কূরি ৰজাৰৈ তূরু ॥
বিনু সবদৈ ভরমাঈঐ দুবিধা ডোবে পূর ॥১॥

এই বাণীটিও শ্রীনানকজী মৃত শরীর দর্শনে কহিতেছেন।

১। যখন শরীর জ্বলিয়া পুড়িয়া মাটি হইয়া যায়, তখন মন মায়ামোহের বশীভূত হইয়া লৌহমলের মত হইয়া যায়, অর্থাৎ জড়বৎ মূর্চ্ছিত হইয়া পড়ে। দোষ অর্থাৎ তৎকৃত পাপ সমূহ যাইয়া সেই জীবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লগ্ন হয় এবং তাহাতে যাহা কিছু মিথ্যা ছিল তাহা বাজানা বাজাইতে থাকে অর্থাৎ প্রকট হইয়া যায়। গুরূপদেশ রহিত জীবগণকে নানা যোনি ভ্রমন করায় এবং অবিদ্যাজনিত দ্বৈতভাবে অনেক নগরকে নগর ডুবিয়া যায়।

টীকা—জলি বলি=আগুনে জলিয়া পুড়িয়া। মনূরু=লৌহমল। অউগণ=অবগুণ, দোষ। কূর=মিথ্যা। তূরি=তূর্য্য, বাজনা। দুবিধা=দ্বৈত ভাব।

মন রে সবদি তরহু চিতু লাই ॥
জিন গুরমুখি নাম ন বুঝিআ মরি জনমৈ
আৱৈ জাই ॥ রহাউ ॥১॥

রহাউ। হে মন, তুমি গুরূপদেশে চিত্ত নিবিষ্ট করিয়া সংসার সমুদ্র পার হইয়া যাও। যাহারা গুরুমুখনিঃসৃত নাম জানিতে পারে নাই অর্থাৎ গুরুর নিকট হইতে পরমেশ্বরের নাম লাভ করে নাই তাহারা বারংবার মরিয়া আবার জন্মে, পুনঃ পুনঃ আসে যায়।

তনু সূচা সো আখীঐ জিসু মহি সাচা নাউ ॥
ভৈ সচি রাতী দেহুরী জিহ্বা সচু সুআউ ॥
সচী নদরি নিহালীঐ বহুড়ি ন পাৱৈ তাউ ॥২॥

২। যে তনুতে—শরীরে সত্য নাম প্রতিষ্ঠিত আছে সেই তনুকেই শুচি, পবিত্র, কহিয়া থাকে। সত্য পরমেশ্বরের ভয়ে যাহার দেহ রঞ্জিত হইয়া আছে এবং যাহার (জিহ্বা) রসনা সত্য নামের স্বাদ লাভ করিয়াছে, সেই পুরুষ যখন গুরুর সত্য কৃপাদৃষ্টিতে ধন্য হইয়া যায় তখন তাহাকে পুনরায় নরকাগ্নির তাপ পাইতে হয় না (অথবা চৌরাশী লক্ষ যোনিতে জন্মিয়া ক্লেশ ভোগ করিতে হয় না)।

টীকা—সূচা=শুচি, পবিত্র। রাতী=রঞ্জিত। দেহুরী=দেহ। সুআউ=স্বাদ। তাউ=তাপ, নরকাগ্নির জ্বালা অথবা মৃত্যুর ক্লেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাচে তে পৱনা ভইআ পৱনৈ তে জলু হোই ॥
জলতে ত্রিভৱণু সাজিআ ঘটি ঘটি জোতি সমোই ॥
নিরমলু মৈলা না থীঐ সবদি রতে পতি হোই ॥৩॥

৩। সত্য পরমেশ্বর হইতে পবন উৎপন্ন হইয়াছে; এবং পবন হইতে জল হইয়াছে, জল হইতে পরমেশ্বর ত্রিভুবন সৃষ্টি করিয়াছেন, এই সৃষ্টি রচনা করিয়া ঘটে ঘটে আপনার জ্যোতি, চৈতন্য সত্তা সমাহিত করিয়াছেন। এই সৃষ্টিতত্ত্ব যাহার হৃদয়ে প্রকাশিত হইয়াছে সে নির্ম্মল হইয়া গিয়াছে, তাহাতে কর্ম্মরূপী ময়লা পুনরায় হইতে পারে না; গুরু উপদেশে অনুরক্ত হওয়াতে তাহার (পরমেশ্বরের দরবারে) মান লাভ হয়।

টীকা—সাজিআ=সৃষ্টি হইয়াছে। সবদ=গুরূপদেশ। রত=অনুরক্ত। পতি =মান।

ইহু মনু সাচি সংতোখিআ নদরি করে তিসু মাহি ॥
পংচি ভূত সচি ভৈ রতে জোতি সচী মন মাহি ॥
নানক অউগুণ ৱীসরে গুরি রাখে পতি তাহি ॥৪॥১৫॥

৪। এই ('ত্রিতাপ তপ্ত) মন যখন সত্য নামে (অথবা সত্য পরমেশ্বর) সন্তোষ অর্থাৎ প্রসন্নতা প্রাপ্ত হয়, তখন তাহার প্রতি পরমেশ্বর কৃপাদৃষ্টি করেন। তখন পবন জল ইত্যাদি যে পঞ্চ মহাভূতের সমষ্টি, যাহাতে সে রচিত সেই পঞ্চতত্ত্ব সত্য পরমেশ্বরের ভয়ে রঞ্জিত—পূর্ণ হইয়া যায় এবং সত্য পরমেশ্বরের জ্যোতি তাহার মনমধ্যে প্রকাশিত হয়। হে নানক, তখন সে সমুদয় দোষ (পাপ) ভুলিয়া যায়, এবং গুরু তাহার মান রক্ষা করেন।

টীকা—পঞ্চভূত—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম (মাটি, জল, অগ্নি, বায়ু, আকাশ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৬

নানক বেড়ী সচ কী তরীঐ গুর ৰীচারি ॥
ইকি আৰহি ইকি জাৰহী পূরি ভরে অহংকারি ॥
মনহঠি মতী বুডীঐ গুরমুখি সচু সুতারি ॥১॥

১। হে নানক, সত্য নামের নৌকাতে আরোহণ করিয়া গুরুদ্বারে সত্যাসত্যের বিচার কর; তাহা হইলে সংসাররূপ নদী উত্তীর্ণ হইয়া যাইবে, (অর্থাৎ সত্য নামের নৌকাতে গুরু কর্ণধার হইলে সংসার নদী সহজে পার হইয়া যাইবে)। আর যদি অহংকার যাহার মাল্লা এইরূপ মিথ্যার নৌকাতে আরোহি পূর্ণ করিয়া ভরিয়া লওয়া হয় তাহা হইলে নৌকার আরোহিগণ কেহ আসে এবং কেহ যায় এইরূপ হইবে অর্থাৎ তাহারা সকলেই জন্ম মৃত্যুর অধীন হইয়া থাকিবে। অহংকার হইলে মনে হঠ হয়—অর্থাৎ আমি ইহা করিব না এইরূপ অভিমান হয়, তাহাতে সদসৎ বুদ্ধি, বিচার শক্তি ডুবিয়া যায়, পরন্তু গুরুমুখিজন সত্যকে ধারণ করিয়া সুখে পার হইয়া যায়।

টীকা—বেঢ়ী=নৌকা। মতি=সদসৎ বিচার বুদ্ধি। বুডীঐ=ডুবিয়া যায়। সুতারি=সুখে তরাইরা লইয়া যায়।

গুর বিনু কিউ তরীঐ সুখু হোই ॥
জিউ ভাৰৈ তিউ রাখু তূ মৈ অৰরু ন
দূজা কোই ॥১॥ রহাউ ॥

রহাউ ১। গুরু বিনা কিরূপে সংসার সাগর উত্তীর্ণ হইয়া যাইবে? কিরূপেই বা সুখ লাভ করিবে? হে প্রভু পরমেশ্বর, যেরূপ তোমার ইচ্ছা হয় সেইরূপেই তুমি আমাকে রাখ; তুমি বিনা আমার অপর কোন আশ্রয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আগৈ দেখউ ডউ জলৈ পাছে হরিও অংগূরু ॥
জিস-তে উপজৈ তিস তে বিনসৈ ঘটি ঘটি সচু ভরপূরি ॥
আপে মেলি মিলাৱহী সাচৈ মহলি হদূরি ॥২॥

২। যদি সম্মুখে—শ্মশান ভূমির দিকে, দৃষ্টিক্ষেপ করি দেখি যে লোক চিতার অগ্নিতে জ্বলিতেছে, আর পশ্চাতে সংসারের দিকে চাহিলে দেখিতে পাই হরিদ্বর্ণ অঙ্কুর উদ্গত হইতেছে অর্থাৎ জীব জন্ম গ্রহণ করিতেছে। যাহা হইতে, যে পরমেশ্বরের আদেশে, জীব জন্ম গ্রহণ করে পুনরায় তাহারই আদেশে সে বিনাশ প্রাপ্ত হয়। সত্যস্বরূপ পরমেশ্বর ঘটে ঘটে, প্রতি জীবে, (ভরপুর) পূর্ণরূপে বিরাজ করিতেছেন। যাহাকে তিনি আপনি মিলিয়া, সৎসঙ্গতি মিলাইয়া দেন সেই জনই সত্যস্বরূপকে তাঁহার মহলে প্রত্যক্ষ দর্শন করে।

টীকা—আগৈ=সম্মুখে, শ্মশান ভূমির দিকে। ডউ জলৈ=চিতার অগ্নি জ্বলিতেছে। হরিও অংগূরু=হরিদ্বর্ণ অঙ্কুর। হদূরি=প্রত্যক্ষভাবে।

সাহি সাহি তুঝু সংমলা কদে ন ৱিসারেউ ॥
জিউ জিউ সাহিবু মনি বসৈ গুরমুখি অংম্রিতু পেউ ॥
মনু তনু তেরা তু ধণী গরবু নিৱারি সমেউ ॥৩॥

৩। হে প্রভু তোমাকে শ্বাসে শ্বাসে যেন স্মরণ করি, কদাপিও যেন বিস্মৃত না হই। যেমন যেমন প্রভু আমার মনে অধিষ্ঠান কর, তেমন তেমন আমি গুরুদ্বারে অমৃত (আত্মানন্দ) পান করি। হে প্রভু এই দেহ মন তোমার, তুমিই স্বামী, আমার গর্ব অভিমান নিবৃত্ত করিয়া তোমার সহিত মিলাইয়া লও।

টীকা—সাহি সাহি=শ্বাসে শ্বাসে। সংমলা=স্মরণ করে। পেউ=পান করে। ধনী=স্বামী। সমেউ=সমাহিত কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিনি এহু জগতু উপাইআ ত্রিভৱণু করি আকারু ॥
গুরুমুখি চনাণু জাণীঐ মনমুখি মুগধু গুবারু ॥
ঘটি ঘটি জোতি নিরংতরী বুঝৈ গুরুমতি সারু ॥৪॥

৪। যে পরমেশ্বর এই ত্রিভুবনরূপ জগত সৃষ্টি করিয়া তাহার মধ্যে শরীর সৃষ্টি করিয়াছেন, অর্থাৎ স্বর্গে দেবতা, মর্ত্তো মনুষ্য এবং পাতালে নাগ ইত্যাদি সৃষ্টি করিয়াছেন, তাঁহাকে গুরুমুখী—জ্ঞানীগণ উজ্জ্বল প্রকাশ স্বরূপ আত্মারূপে জানিতে পারে, কিন্তু মনমুখী মুর্খ অজ্ঞানী অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন হইয়া থাকে। জ্যোতিরূপী আত্মসত্তা ঘটে ঘটে নিরন্তর অবিচ্ছিন্নভাবে রহিয়াছে। গুরুর নিকটে সার শিক্ষা প্রাপ্ত জনই এই তত্ত্ব বুঝিতে পারে।

টীকা—আকার=শরীর। চনাণু=উজ্জ্বল। নিরংতরী=অন্তর রহিত, অবিচ্ছিন্ন। সার=উৎকৃষ্ট।

গুরমুখি জিনী জাণিআ তিন কীচৈ সাবাসি ॥
সচে সেতী রলি মিলে সচে গুণ পরগাসি ॥
নানক নামি সংতোখীআ জীউ পিংডু প্রভু পাসি ॥৫॥১৬॥

৫। গুরুমুখ হইতে যে পরমেশ্বরকে জানিয়াছে তাহাকে ধন্য ধন্য কর। যাহার হৃদয়ে বিবেকাদি সত্যগুণের প্রকাশ হইয়া, (সে) সত্য-স্বরূপ পরমেশ্বরের সহিত মিলিয়া অভেদ হইয়া যায়। নানক কহিতেছে—নামে যে সন্তোষ, প্রসন্নতা লাভ করিয়াছে, সে প্রভুর সমীপে দেহ-প্রাণ সমুদয় সমর্পণ করে।

টীকা—সাবাসি=সাবাস, প্রশংসা, ধন্য ধন্য কর। সেতী=সহিত। রলি মিলে=মিলিয়া মিশিয়া অভেদ হইয়া যায়, জীউ পিংড=প্রাণ ও দেহ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৭

সুণি মনি মিত্র পিআরিআ মিলু ৱেলা হৈ এহ।
জবলগু জোবনি সাস্থ হৈ তবলগু এহু তনু দেহ ॥
বিনু গুণ কামি ন আৱঈ ঢহি ঢেরি তনু খেহ ॥১॥

১। শোন, হে আমার মিত্র মন, প্রিয়তম পরমেশ্বরের সহিত মিলনের এই (মানব জন্ম) প্রকৃত বেলা, সময়। যতক্ষণ যৌবন এবং শ্বাস আছে ততক্ষণই এই তনু, এই দেহ আছে, গুণ (নামজপ প্রভৃতি গুরূপদিষ্ট কার্য্য) বিনা এই দেহ কোনও কাজেই আসিবে না, ধ্বংস হইয়া এই তনু ভস্মের স্তূপ হইয়া যাইবে।

টীকা—পিআরিআ=প্রিয়, প্রেম পাত্র; এই পদটীকে "মনি" পদের সহিত যোজনা করিলে অর্থ হইবে—'হে আমার প্রিয় মিত্র মন!' ৱেলা=সময়। এই মনুষ্য জন্মই পরমেশ্বরের সহিত মিলনের জন্য ভজন সাধনের প্রকৃষ্ট সময়। তবলগু ইত্যাদি=ততক্ষণই এই শরীর পরমেশ্বরে সমর্পণ পূর্ব্বক তাঁহার স্মরণ মননাদি কার্য্য করা যায়, বৃদ্ধ এবং দুর্ব্বল অবস্থায় এই দেহদ্বারা কোনও কাজই হয় না। ঢহি=পড়িয়া যাইয়া, ধ্বংস হইয়া। ঢেরী=স্তূপ। খেহ=ভস্ম।

মেরে মন লৈ লাহা ঘরি জাহি।
গুরমুখি নামু সলাহীঐ হউমৈ নিৱরি ভাহি ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন! পরমেশ্বরের নামরূপ লাভ লইয়া ঘরে অর্থাৎ পরলোকে যাও।

গুরুমুখলব্ধ নাম দ্বারা পরমেশ্বরের গুণগান কর, তোমার "আমি আমার" এই অহঙ্কার-অগ্নি নির্ব্বাপিত হইয়া যাইবে।

টীকা—লাহা=লাভ, সমগ্র জীবনের কেনা বেচার কর্ম্মাকর্ম্মের নির্ব্যূঢ় (নিট) লাভ। সালাহীঐ=প্রশংসা, স্তুতি, গুণগান করা। ভাহি=তাপ, অগ্নি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থণি স্থণি গংঢণু গংঢীঐ লিখি পড়ি বুঝহি ভারু ॥
ত্রিসনা অহিনিসি অগলী হউমৈ রোগু ৰিকারু ॥
ওহু বেপরৰাহু অতোলৰা গুরমতি কীমতি সারু ॥২॥

২। (নাম বিনা অন্য বহুপ্রকার কথা লোক মুখে) শুনিয়া শুনিয়া মানুষ কল্পনায় নানাবিধ রচনা করে, এবং লিখিয়া পড়িয়া (পরমেশ্বর সম্বন্ধে) বুঝিবার চেষ্টা করে, (কিন্তু অহংভাব উদ্বোধিত সেই সকল কার্য্য তাহার পক্ষে) কেবল ভার অর্থাৎ বোঝা হইয়া পড়ে।

তৃষ্ণা, উৎকৃষ্ট বাসনা, অহর্নিশি বাড়িয়া যাইতে থাকে; "আমি আমার" এই অহংকারই জীবের রোগ এবং বিকার।

সেই পরমেশ্বর ইচ্ছা-রহিত এবং তাঁহাকে তৌল করা যায় না; একমাত্র গুরুশিক্ষাতেই তাঁহার মূল্য, মহিমা এবং সার, শ্রেষ্ঠত্ব জানিতে পারা যায়।

টীকা—গংঢণু গংঢীঐ=কল্পনা পূর্ব্বক রচনা করে। বুঝহি=পদের পূর্ব্বে "বিনা" এই পদটী উহ্য ধরিয়া লইয়া কোনও কোনও টীকাকার অর্থ করিয়াছেন—"অনেক লেখাপড়া করিয়া পরমেশ্বরের স্বরূপ বুঝিতে না পারায় তাহা ভার স্বরূপ হইয়া যায়, বৃথা পরিশ্রম হয়।" অগলী=বৃদ্ধিপ্রাপ্ত হয়। রোগ, বিকার=রোগ, মনের অসুস্থ অবস্থা; বিকার=প্রকৃতির অন্যথা ভাব; অহংকার জীবের প্রকৃত স্বরূপের অন্যথা ভাব করিয়া দেয়। বেপররাহু=ইচ্ছারহিত (ফরিদকোট); স্বতন্ত্র, কাহারও অধীন নহে এরূপ অর্থও হইতে পারে। অতোলরা=তুলাদণ্ড দ্বারা যাহার পরিমাণ করা যায় না। গুরমতি=গুরুপ্রদত্ত শিক্ষা। কীমতি=মূল্য। সার=শ্রেষ্ঠতা।

লখ সিআণপি জে করী লখ সিউ প্রীতি মিলাপু ॥
বিনু সংগতি সাধ ন ধ্রাপীআ বিনু নাৰৈ দূখ সন্তাপু ॥
হরি জপি জীঅরে ছুটীঐ গুরমুখি চীনৈ আপু ॥৩॥

৩। লক্ষ চতুরতাই কর, অথবা লক্ষলোকের সহিত প্রীতিমিলন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৌহার্দ্দ্যে বন্ধনই কর, সাধু সঙ্গ ব্যতীত তৃপ্তি নাই, নাম বিহনে কেবল দুঃখ ও সন্তাপ।

অতএব হে জীব, হরিনাম জপ কর, সংসার বন্ধন হইতে মুক্ত হইবে। গুরুমুখী জনই আপনাকে চিনিতে পারে।

টীকা—সিআণপি=চতুরতা। নধ্রাপীআ=তৃপ্তি (আত্মানন্দের তৃপ্তি) হয় না। চীনৈ আপু=আপনাকে চিনিতে পারে অর্থাৎ আপনার প্রকৃত স্বরূপ জানিতে পারে, দুখ সন্তাপ=দুঃখ শরীরিক, সন্তাপ মানসিক। অথবা দুঃখ জন্ম মরণাদি, সন্তাপ তীব্র আধ্যাত্মিক যাতনা। ছুটাই=সংসার বন্ধন ছুটিয়া যাইবে।

তনু মনু গুরপহি ৰেচিআ মনু দীআ সিরু নালি ॥
ত্রিভৱণু খোজি ঢং ঢোলিআ গুরুমুখি খোজি নিহালি ॥
সতগুরি মেলি মিলাইআ নানক সো প্রভ নালি ॥৪॥১৭॥

৪। আমার দেহ ও মন গুরুর নিকট বিক্রয় করিয়াছি, আমার মস্তক সহিত মনকে গুরুকে সমর্পণ করিয়াছি।

(পূর্ব্বে) আমি ত্রিভুবন খুঁজিয়া খুঁজিয়া ঘুরিয়া বেড়াইয়াছি, কিন্তু গুরুমুখ অর্থাৎ গুরুর অনুগত হইয়া খুঁজিতেই তাঁহাকে লাভ করিয়া কৃতকৃত্য হইয়াছি।

যখনই সদ্‌গুরুর সহিত মিলন হইল, তখনই তিনি প্রভু পরমেশ্বরের সহিত মিলিত করিলেন, নানক কহিতেছে—সেই প্রভু আমার সহিতই রহিয়াছে।

টীকা—তনুমন···নালি=শ্রীগুরুদেবকে আমার দেহ ও মন বেচিয়া দিয়াছি, অর্থাৎ দেহমনে আমিত্ব বুদ্ধি নিঃশেষে পরিত্যাগ করিয়া গুরুদেবকে তাহা অর্পণ করিয়াছি, বিশেষ মনকে আমার মস্তকের সহিত, অর্থাৎ মান, অভিমান যাহা কিছু ছিল তাহার সহিত, শ্রীগুরুদেবকে সমর্পণ করিয়াছি, সুতরাং 'এই দেহ ও মন আমি', 'ইহারা আমার' এই যে দেহাত্মবুদ্ধি ছিল, তাহা ছুটিয়া গিয়া গুরুদেবের প্রতি সম্পূর্ণ নির্ভরতা আসিয়াছে। ঢং ঢোলিআ=ঘুরিয়া বেড়াইয়াছি। নিহাল=কৃতকৃত্য, কৃতার্থ, ধন্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতিগুরি মেলি……নালি=অজ্ঞান বশতঃ প্রভুকে ত্রিভুবন খুঁজিয়া বেড়াইয়াছি, সদ্‌গুরু দয়া করিয়া যখন তাঁহাকে মিলাইয়া দিলেন, তখন দেখিলাম যে প্রভুতো সঙ্গেই রহিয়াছেন।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৮

মরণৈ কী চিংতা নহী জীৱন কী নহী আস ॥
তু সরব জীআ প্রতিপাল হী লেখৈ সাসি গিরাস ॥
অংতরি গুরমুখি তূ ৱসহি জিউ ভাৱৈ তিউ নিরজাসি ॥১॥

১। (যাঁহারা পরমেশ্বরের তত্ত্ব জানিয়াছেন) তাঁহাদিগের মরণের জন্য কোনও দুশ্চিন্তা নাই এবং জীবনেরও কোনও আশা আকাঙ্ক্ষা নাই।

(তাঁহারা মনে করেন) হে প্রভু, তুমি সর্ব্বজীবের প্রতিপালক; প্রতি জীবের শ্বাস এবং গ্রাসের সংখ্যা তোমার লেখাতে, (হিসাবে) আছে।

গুরুমুখীজন জানে যে, দেহের অভ্যন্তরে তুমি বাস কর, যে প্রকার তোমার ইচ্ছা সেইরূপই তুমি উক্ত সংখ্যা স্থির নির্ণয় করিয়া দাও।

টীকা—আস=আশা, আকাঙ্ক্ষা। লেখৈ—লেখাতে, অর্থাৎ হিসাবে শ্বাস এবং গ্রাসের যে সংখ্যা নির্দ্দিষ্ট আছে, তাহার তিলমাত্রও ন্যূনাধিক হইবার কোনও সম্ভাবনা নাই, সুতরাং কেন চিন্তা ভাবনা হইবে। নিরজাসি=নির্ণয় করা; শ্বাস গ্রাসের সংখ্যা তোমার ইচ্ছামত তুমি স্থির নিশ্চয় করিয়া দাও।

তুলনীয় :—

নাভিনন্দেদ্ ধ্রুবং মৃত্যুমধ্রুবং বাস্তুজীবিতম্।
কালং পরং প্রতীক্ষেত ভূতানাং প্রভবাপ্যয়ম্॥ (শ্রীমদ্‌ভাগবতঃ ৭. ১৩. ৬)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীঅরে রাম জপত মনু মানু ॥
অংতরি লাগী জলি বুঝী পাইআ গুরমুখি গিআনু ॥১॥ রহাউ॥

রহাউ। রাম নাম জপ করিলে মন মানিয়া লইবে। গুরুমুখ নিঃসৃত উপদেশ অনুসারে জ্ঞান লাভ হইলে অন্তরে যে জ্বালা লাগিয়া রহিয়াছে তাহা নির্ব্বাপিত হইয়া যাইবে।

টীকা—মনু মানু=মন মানিয়া লয়, অর্থাৎ অন্তরে এই নিশ্চয় হয় যে চিত্তের বিক্ষেপাদি দোষ দূর করিবার জন্য নামই সাধারণ প্রায়শ্চিত্ত। জলি=জ্বালা, তৃষ্ণাদি অগ্নি। বুঝী=নিবিয়া যায়।

অংতরি কী গতি জাণীঐ গুর মিলীঐ সংক উতারি ॥
মুইআ জিতু ঘরি জাঈঐ তিতু জীৱদিআ মরু মারি ॥
অনহদ সবদ সুহাৱণে পাঈঐ গুর ৱীচারু ॥২॥

২। অন্তরের গতি (অবস্থা) তখনই বুঝিতে পারিবে যখন নিংশঙ্ক, নিঃসংশয় হইয়া গুরুর সাক্ষাৎ লাভ করিবে।

মৃত্যুর পরে যে বিদেহমুক্ত অবস্থা লাভ করিতে চাও তাহা মৃত্যুকে জয় করিয়া জীবিত অবস্থাতেই অর্থাৎ জীবন্মুক্ত হইয়া লাভ করিয়া লও।

গুরুর অনুগত হইয়া আত্ম তত্ত্ব বিচার করিলে মনোরম চিত্তানন্দ দায়ক অনাহতধ্বনি (তোমার অভ্যন্তরে বাজিবে)।

টীকা—সংক উতারি=শঙ্কা (সংশয়) দূর করিয়া অর্থাৎ গুরুর বাক্যে এবং তাঁহার কৃতকার্যাদিতে সংশয় রহিত হইয়া!

মুইআ......মরু মারি :—(মুইআ) মরিয়া (জিতু ঘরি) যে ঘরে যে বিদেহ কৈবল্য অবস্থা লাভ করিতে ইচ্ছা কর, তাহা (জীৱদিআ) জীবিত থাকিতেই (মরু মারি) মৃত্যুকে মারিয়া (অর্থাৎ জয় করিয়া) জীবন্মুক্ত হইয়াই সেই অবস্থা লাভ কর। সুহাৱণে=শোভন, সুন্দর, আনন্দদায়ক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনহদ বাণী পাঈঐ তহি হউমৈ হোই বিনাসু ॥
সতিগুরু সেৱে আপণা হউ সদ কুরবাণৈ তাসু ॥
খড়ি দরগহ পৈনাঈঐ মুখি হরি নাম নিৱাসু ॥৩॥

৩। অনাহত বাণী যখন সাধকের আপনার মধ্যে বাজিবে, তখন "আমি, আমার" এই অভিমান বিনাশ প্রাপ্ত হইবে।

যে আপনার সদ্‌গুরুকে সেবা করে আমি সর্ব্বদা তাহার বলিহারী যাই।

যাহার মুখে হরিনাম বাস করে তাহাকে প্রভু পরমেশ্বর তাঁহার দরবারে লইয়া গিয়া সম্মানের পোষাক পড়াইয়া দেন।

টীকা—খড়ি=লইয়া গিয়া। পৈনাঈঐ=পরাইয়া দেয়।

জহ দেখা তহ রৱি রহে সিৱ সকতী কা মেলু ॥
ত্রিহু গুণ বংধী দেহুরী জো আইআ জগি সো খেলু ॥
ৱিজোগী দুখি ৱিছুড়ে মনমুখি লহহি ন মেলু ॥৪॥

৪। যেখানেই দৃষ্টি করা যায় সেখানেই দেখা যায় যে শিব এবং শক্তির অর্থাৎ পুরুষ এবং প্রকৃতির মিলনে যে প্রপঞ্চ উৎপন্ন হইয়াছে তন্মধ্যে পরমাত্মা অনুস্যূত, ব্যাপ্ত রহিয়াছেন।

ত্রিগুণের বন্ধনে রচিত জীবের দেহ যাহা জগতে আসিয়াছে তাহা খেলা মাত্র, স্থায়ী বস্তু নহে।

পরমেশ্বর হইতে বিযুক্ত মনমুখীজন তাঁহা হইতে বিচ্ছিন্ন হইয়া দুঃখ ভোগ করে, যেহেতু পরমেশ্বরের সহিত তাহার মিলন হয় না।

টীকা—খেলু=খেলা; জীবদেহ পরমেশ্বরের খেলা মাত্র; অথবা জীবদেহ কিছুকাল খেলা অর্থাৎ চেষ্টা (কার্য্য) করিয়া চলিয়া যায়, চিরস্থায়ী হয় না। ৱিজোগী=পরমেশ্বর হইতে বিযুক্ত। ৱিছুড়ে=বিচ্ছিন্ন হইয়া থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্নু বৈরাগী ঘরি ৱসৈ সচি ভৈ রাতা হোই ॥
গিআন মহারস ভোগৱৈ বাহুড়ি ভূখি ন হোই ॥
নানক ইহু মন্নু মারি মিলু ভী ফিরি দুখু ন হোই ॥৫॥১৮॥

৫। মন যখন বৈরাগ্যযুক্ত হইয়া ঘরে বসে, অর্থাৎ স্থিরভাবে হৃদয়ে অধিষ্ঠিত হয়, তখন সে সত্যস্বরূপ প্রভুর ভয়ে মগ্ন হয়। সে জ্ঞানানন্দ, আত্মানন্দরূপ মহারস আস্বাদন করে, পুনরায় তাহার ক্ষুধা, বিষয়ভোগাকাঙ্ক্ষা হয় না।

নানক কহিতেছে—এই মনকে বিনষ্ট করিয়া অর্থাৎ লয় করিয়া দিয়া প্রভু পরমেশ্বরের সহিত মিলন হইলে ফিরিয়া জন্মমরণ দুঃখ হয় না।

টীকা—রাতা হোই=অন্তর্ব্যাপ্ত হয়, ভয়ে মন পূর্ণ হয়। বাহুড়ি=পুনরায়। ভূখি=ক্ষুধা।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ১৯

ইহু মনো মূরখু লোভীআ লোভে লগা লোভান্নু ॥
সবদি ন ভীজৈ সাকতা দুরমতি আৱন্নু জান্নু ॥
সাধু সতগুরু জে মিলৈ তা পাঈঐ গুণী নিধান্নু ॥১॥

১। এই মন মূর্খ এবং লোভী, লোভনীয় পদার্থের অর্থাৎ বিষয় ভোগের লালসায় লাগিয়া রহিয়াছে।

পরমেশ্বর বিমুখ দুর্মতি ব্যক্তিগণ গুরুপ্রদত্ত নাম এবং উপদেশে ভিজেনা, প্রেমরসে স্নিগ্ধ হয় না, তাহারা বার বার আসা যাওয়া করে।

সাধুর অর্থাৎ সাধন সম্পন্ন ব্যক্তির যখন সদ্‌গুরু লাভ হয় তখন সে সর্ব্বগুণ নিধান পরমেশ্বরকে প্রাপ্ত হয়।

টীকা—লোভান্নু=লোভের বস্তু। সবদি ন ভীজৈ=যতদিন পর্য্যন্ত গুরুপ্রদত্ত উপদেশে নিশ্চয় ঐকান্তিক নিষ্ঠা না হয়, ততদিন পর্য্যন্ত জন্ম মরণ মিটে না। সাকতা=পাষণ্ডী, পরমেশ্বর বিমুখ ব্যক্তি। সাধু=সাধন সম্পন্ন ব্যক্তি; অথবা "সাধু" পদকে সদ্‌গুরুর বিশেষণরূপে ধরা যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন রে হউমৈ ছোড়ি গুমানু ॥
হরিগুরু সরৱরু সেৱি তূ পাৱহি দরগহি মানু ॥ রহাউ ॥১॥

রহাউ। হে মন, তুমি 'আমি আমার' এই অহংকার এবং ইন্দ্রিয়গণের অভিমান, গর্ব্ব পরিত্যাগ কর। হরির স্বরূপ গুরু যিনি সর্ব্ব সুখের সরোবর তাহাকে সেবা কর, তাহা হইলে পরলোকে পরমেশ্বরের দরবারে আদর পাইবে।

টীকা—গুমানু=ইন্দ্রিয়গণের মান, অহংকার। সরৱরু=সরোবর, অথবা সমুদ্র।

রাম নামু জপি দিনসু রাতি গুরমুখি হরি ধনু জানু ॥
সভি সুখ হরি রস ভোগণে সংত সভা মিলি গিআনু ॥
নিতি অহিনিসি হরি প্রভু সেৱিআ সতিগুরি দীআ নামু ॥২

২। গুরুমুখী হইয়া গুরুদ্বারে প্রাপ্ত রামনাম দিবারাত্রি জপ করিতে থাক এবং হরিই পরলোকে একমাত্র ধন ইহা জান।

সমস্ত সুখ একমাত্র হরিরসে পাওয়া যায়, এবং এই জ্ঞান সন্তগণের সভায় মিলিত হইলে অর্থাৎ সাধুসঙ্গে লাভ হয়।

সদ্‌গুরু যাহাকে নাম দিয়াছেন সেই নিত্য, অহর্নিশি হরি প্রভুর সেবা করিতে পারে।

টীকা—নিতি=নিত্য, সর্ব্বদা ; অথবা নিত্য অর্থাৎ ত্রিকাল সত্য।

নিতি……নামু=(দ্বিতীয় অর্থ) সদ্‌গুরু যাহাকে নাম দিয়াছেন সেই নিত্য অর্থাৎ ত্রিকাল সত্য হরি প্রভুকে সেবা করে।

কূকর কূড়ু কমাঈঐ গুরু নিংদা পচে পচানু ॥
ভরমে ভূলা দুখু ঘণো জমু মারি খুলহানু ॥
মনমুখি সুখু ন পাঈঐ গুরমুখি সুখু সুভানু ॥৩॥

৩। মনমুখরূপী কুক্কুর মিথ্যা কর্ম্ম করে এবং গুরুনিন্দা করিয়া নিজে জ্বলিয়া মরে এবং অপরকেও (নরকাগ্নিতে) জ্বালায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনমুখ ব্যক্তি ভ্রমে ভুলিয়া বহু তীব্র দুঃখ পায় এবং যম তাহাকে প্রাণ খুলিয়া অর্থাৎ নিঃশঙ্ক হইয়া মারে।

মনমুখ ব্যক্তি কখনও সুখ পায় না, পক্ষান্তরে গুরুমুখ জন শোভন সুখ প্রাপ্ত হয়, অর্থাৎ আত্মানন্দ লাভ করে।

টীকা—কূকুর=কুকুর। কূড়ু=মিথ্যা। পচে=পচিয়া অথবা জলিয়া পুড়িয়া মরে। পচানু—অপরকে পচায়; যে তাহার মুখে গুরুনিন্দা শুনে, সেও নরকাগ্নিতে জলিয়া ভোগে। খুলহানু=খুল্ অর্থাৎ মন খুলিয়া, নিঃশঙ্ক হইয়া হানে অর্থাৎ মারে। সুভানু=সুন্দর, আশ্চর্য্য; অথবা সু—ভানু=সূর্য্যরূপ প্রকাশবৎ জ্ঞান।

ঐথৈ ধংধু পিটাঈঐ সচু লিখতু পরৱানু ॥
হরি সজনু গুর সেৱদা গুর করণী পরধানু ॥
নানক নামু ন ৱীসরৈ করমি সচৈ নীসাণু ॥৪॥১৯॥

৪। মনমুখ ব্যক্তি ইহলোকে জাগতিক বিষয়ের ধাঁধায় ব্যস্ত হইয়া ঘুরিয়া মরে কারণ সত্যস্বরূপ পরমেশ্বর যেরূপ লিখিয়া দিয়েছেন তাহাই প্রমাণ, অবশ্যম্ভাবী।

পরন্তু গুরুমুখ ব্যক্তি, হরির আপন জন যে গুরু তাঁহার সেবা করে, কারণ সে জানে যে গুরু সেবাই শ্রেষ্ঠ কার্য্য এবং প্রধান কর্ত্তব্য।

নানক কহিতেছে, গুরুমুখ জন নাম বিস্মৃত হয় না, কারণ নামই সত্যস্বরূপ পরমেশ্বরের কৃপার নিশান অর্থাৎ চিহ্ন।

টীকা—ঐথৈ=এখানে, ইহলোকে। ধংধু পিটাঈঐ=ব্যবহারিক জগতের ধান্ধা পিটায়। সচু লিখতু পরধানু=সত্যস্বরূপ পরমেশ্বর ললাটে যাহা লিখিয়া দিয়াছেন তাহাই প্রমাণ, শ্রেষ্ঠ অর্থাৎ তাহা নিশ্চয়ই হইবে; ভাব এই যে, তাহার বিধিলিখিত অদৃষ্ট লিপিতে ইহাই আছে যে, সে এই জন্মে বিষয়ের ধান্ধা পিটাইয়াই যাইবে। গুর করণী=গুরুর কার্য্য, গুরু সেবা, অথবা গুরু (প্রধান) কার্য্য। নামু·····নীসাণু: (দ্বিতীয়ার্থ) তাঁহার নাম কখনও বিস্মৃত হয় না, যাহাতে সত্য পরমেশ্বরের কৃপার নিশান অর্থাৎ প্রেমময় চিহ্ন আছে। করম—পারসী শব্দ=কৃপা।

৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ২০

ইকু তিলু পিআরা ৱীসরৈ রোগু ৱডা মন মাহি ॥
কিউ দরগহি পতি পাঈঐ জা হরি ন ৱসৈ মন মাহি ॥
গুর মিলিঐ সুখু পাঈঐ অগনি মরৈ গুণ মাহি ॥১॥

১। তিলমাত্র কাল অর্থাৎ একটি শ্বাসের কালও যদি প্রিয়তম প্রভুকে বিস্মৃত হইয়া থাকি, তাহা হইলে মনের মধ্যে বড় রোগ অর্থাৎ শোক, ক্লেশ উপস্থিত হয় যে, আমার একটি শ্বাস বৃথা গেল।

যদি শ্রীহরি মনে না অধিষ্ঠিত হন, তবে কেমন করিয়া পরলোকে প্রভুর দরবারে আদর পাইব ?

গুরু লাভ হইলে যে গুণ (দৈবী সম্পদ) লাভ হয় তাহার মধ্যে তৃষ্ণারূপী অগ্নি নিবৃত্ত হইয়া যায় এবং আনন্দপ্রাপ্তি হয়।

টীকা—পিআরা=প্রিয়তম পরমেশ্বর। রোগু=দুঃখ, ক্লেশ। মন মাহি=মনের মধ্যে। পতি (উচ্চারণ পৎ)=মান, আদর। অগনি=অগ্নি, তৃষ্ণা। মরৈ=মরে, নির্ব্বাপিত হয়। গুণ=যাহাকে গীতা বলিয়াছেন দৈবী সম্পদ (গীতা, ১৬শ অধ্যায়)।

মন রে অহিনিসি হরি গুণ সারি
জিন খিনু পলু নামু ন ৱীসরৈ তে জন
ৱিরলে সংসারি ॥১॥ রহাউ ॥

রহাউ। হে মন, অহর্নিশি হরিগুণ স্মরণ কর।

যে পুরুষ ক্ষণমাত্র বা পলমাত্র কালও হরিনাম বিস্মৃত হয় না এরূপ পুরুষ সংসারে বিরল।

টীকা—সারি=স্মরণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জোতী জোতি মিলাঈঐ সুরতী সুরতি সংজোগু ॥
হিংসা হউমৈ গতু গএ নাহী সহসা সোগু ॥
গুরুমুখি জিস হরি মনি ৰসৈ তিস মেলে গুরু সংযোগু ॥২॥

[জীবাত্মা—পরমাত্মায় মিলন যে কিরূপ শ্রেষ্ঠ সংযোগ তাহাই বলিতেছেন]

২। যখন পরমাত্মার সহিত জীবাত্মার সংযোগ অর্থাৎ মিলন হয়, তখন জ্যোতি জ্যোতির সহিত মিলিয়া যায়।

তখন হিংসা এবং অহংকার বিনষ্ট হইয়া যায় এবং সংশয় ও শোক থাকে না।

গুরুকৃপায় যাহার মনে শ্রীহরি বসেন, তাহার গুরু অর্থাৎ মহান্, শ্রেষ্ঠ, সংযোগ মিলে, অর্থাৎ ব্রহ্মসংযোগ হয়।

টীকা—সুরতী=জ্ঞেয়, বিভূ-চৈতন্য বা পরমাত্মা। সুরতি=জীবচৈতন্য বা জীবাত্মা। সংযোগু=সংযোগ, মিলন। "সংযোগো যোগ ইত্যাহুর্জীবাত্মাপরমাত্মনোঃ"। (পাতঞ্জল দর্শন)। জ্যোতি……মিলাঈঐ :—গুরুকৃপায় যখন জীবের চিত্তবৃত্তি পরমেশ্বরে একান্তভাবে সমাহিত হয়, তখন জীব পরমেশ্বরের সহিত মিলিত হইয়া যায়, যেমন অগ্নি শিখা অগ্নি শিখার সহিত মিলিত হইয়া এক হইয়া যায়।

তুলনীয় :—"এবং সমাহিত মতির্মামেবাত্মানমাত্মনি।
বিচষ্টে ময়ি সর্বাত্মন্ জ্যোতির্জ্যোতিষি সংযুতম্ ॥"
(শ্রীমদ্ভাগবত, ১১।১৪।৪৫)

গতু গএ=নষ্ট হইয়া যায়। সহসা সোগু=সংশয় এবং শোক।
"তত্র কো মোহঃ কঃ শোকঃ একত্বমনুপশ্যতঃ (ঈশাবাস্যোপনিষদ্—৭)।

গুরু সংযোগো=গুরু অর্থাৎ শ্রেষ্ঠ সংযোগ বা মিলন। গুরুমুখি ইত্যাদি :—ভাবার্থ এই যে, গুরুকৃপায় যখন সাধকের হৃদয়ে হরি প্রতিষ্টিত হয়েন, তখন সেই সাধক হরি অথবা ব্রহ্মের সহিত এক হইয়া যায়, এই শ্রেষ্ঠ অবস্থা তাহার লাভ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাইআ কামণি জে করী ভোগে ভোগণহারু ॥
তিস্থ সিউ নেহু ন কীজঈ জো দীসৈ চলণ হারু ॥
গুরমুখি রৱহি স্থহাগণী সো প্রভু সেজ ভতারু ॥৩

[কিরূপে গুরুমুখজন পরম সৌভাগ্য লাভ করে তাহা বুঝাইতেছেন]

৩। এই কায়াকে যদি কামিনী অর্থাৎ বুদ্ধিকে নিষ্কাম করা যায় তবে সম্ভোগকর্ত্তা পরমেশ্বর তাহাকে ভোগ করেন।

যাহা দেখা যাইতেছে চলনশীল, অচিরস্থায়ী ; তাহার সহিত প্রেম করিওনা স্থতরাং অচিরস্থায়ী বস্তুর সহিত প্রেম করিও না।

সৌভাগ্যবতী গুরুমুখী নারী সেই প্রভুকে আপনার শয্যায় অর্থাৎ অন্তঃকরণে কান্তরূপে ভোগ করে।

টীকা—কাইয়া=কায়া, দেহ। কামণি=কামিনী, নারী। ভোগণহারু=ভোগের কর্ত্তা, পরমেশ্বর। নেহু=স্নেহ, প্রেম। জো দীসৈ=যাহা দেখা যাইতেছে। চলণহার=চলনশীল, নশ্বর। রৱহি=রমণ করে, ভোগ করে। স্থহাগণী=সৌভাগ্যবতী নারী। সেজ=শয্যা। ভতারু=ভর্ত্তা।

এই ত্রিপদীতে পূর্ব্ব ত্রিপদীতে উক্ত জীবাত্মা পরমাত্মার মিলন কিরূপ গুরু অর্থাৎ শ্রেষ্ঠ সংযোগ তাহাই বিবৃত করিতেছেন। আনন্দঘনমূর্ত্তি পরমাত্মা জীবাত্মার সহিত মিলিত হইলে জীবকে যে নিবিড় শান্ত্রানন্দ প্রদান করে তাহা ভাষায় বর্ণনা করা যায় না। গুরু শ্রীনানকজী পতিপত্নীর মিলনানন্দের উপমাদ্বারা তাহার আভাষ দিতেছেন। কামিনীরূপ জীব সদ্গুরু কৃপায় গুরুমুখ হইবার সৌভাগ্যলাভ করিলে, প্রভু পরমেশ্বরকে অতি নিবিড়ভাবে আপনার একান্তরূপে ভোগ করিতে পারে এবং তখন সে অপার আনন্দ সমুদ্রে মগ্ন হইয়া যায়।

চারে অগনি নিৱারি মরু গুরমুখি হরি জলু পাই ॥
অংতর কমলু প্রগাসিআ অংম্রিতু ভরিআ অঘাই ॥
নানক সতিগুরু মীতু করি সচু পাৱহি দরগহ জাই ॥৪॥২০॥

গুরুমুখ ব্যক্তি গুরুর নিকট হইতে হরি-নামরূপ জল প্রাপ্ত হইয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিংসা, ক্রোধ, লোভ, মোহ এই চারি প্রকার অগ্নি নির্ব্বাপিত করিয়া দেয়, এবং তাহার জীবভাব মরিয়া বিনষ্ট হইয়া যায়।

সেই গুরুমুখ ব্যক্তির অন্তরে হৃদয়কমল আত্মপ্রকাশ পূর্ব্বক প্রস্ফুটিত হয়, এবং সে আত্মানন্দ অমৃতে ভরপুর হইয়া পরম তৃপ্তি লাভ করে।

নানক কহিতেছে—হে জীব! সদ্‌গুরুর সহিত মিত্রতা কর, তাহা হইলে সেই পরমশ্বরের দরবারে যাইয়া সত্য আনন্দ লাভ করিবে।

টীকা—মরু=জীবভাব মরিয়া অর্থাৎ বিনষ্ট হইয়া যায়। অঘাই=তৃপ্তিলাভ করে। মীতু=মিত্রতা।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ২১

হরি হরি জপহু পিআরিআ গুরমতি লে হরি বোলি ॥
মন সচ কসৱটী লাঈঐ তুলীঐ পূরৈ তোলি ॥
কীমতি কিনৈ ন পাঈঐ রিদ মাণক মোলি অমোলি ॥১॥

১। হে প্রিয় বন্ধু! গুরুর নিকটে উপদেশ লইয়া হরি হরি নাম জপ কর, হরি হরি বল।

মনকে জপ-তপাদি সাধনের সত্য কষ্টি পাথর দ্বারা পরীক্ষা করিয়া লও (যে মন পবিত্র হইয়াছে কি না), তাহার পরে জ্ঞান হয়, হৃদয়ের অভ্যন্তরে যে জীবাত্মারূপ রত্ন রহিয়াছে, তাহা অমূল্য, মূল্য দিয়া তাহা কিনিতে পাওয়া যায় না; অর্থাৎ জীবাত্মাও ব্রহ্মের সমতূল্য।

টীকা—পিআরিআ=হে প্রিয় বন্ধু। গুরমতি=গুরুর উপদেশ। কসৱটী লাঈঐ=কষ্টিপাথর দিয়া যাচাই কর। তুলীঐ=ওজন কর। কীমতি=মূল্য। অমোলি=অমূল্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভীঈ রে.হরি.হীরা গুর মাঁহি ॥
সতসংগতি সতিগুরু.পাঈঐ অহিনিসি
সবদি সলাহি ॥১॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, হরিরূপ হীরক, অমূল্য রত্ন গুরু হৃদয়ের মধ্যে দেখাইয়া দেন।

সদগুরুর সৎসঙ্গতি কর, এবং গুরুর উপদেশে অহর্নিশি হরির স্তুতি কর।

সচু ৰখরু ধনু রাসি লৈ পাঈঐ গুর পরগাসি ॥
জিউ অগনি মরৈ জলি পাইঐ তিউ ত্রিসনা দাসনি দাস ॥
জম জংদারু ন লগঈ হউ ভউজল তরৈ তরাসি ॥২॥

২। সত্য সওদা (পণ্যদ্রব্য), এবং ধনের পুঁজি লইয়া ব্যবসায় করিলে তাহাতে গুরু অর্থাৎ শ্রেষ্ঠ প্রকাশ লাভ করিবে অর্থাৎ আত্মজ্ঞান প্রকাশিত হইবে।

জলদ্বারা যেরূপ অগ্নি নির্ব্বাপিত হইয়া যায়, আত্মজ্ঞান প্রকাশিত হইলে সেইরূপ বিষয় তৃষ্ণা দূর হইয়া যায়, এবং সেই আত্মবিৎ জন হরির দাসের দাস হইয়া যায়।

দণ্ডমুণ্ডের কর্ত্তা যমের কর্ত্তৃত্ব তাহার উপরে চলেনা, সে এই ভবজলধি উত্তীর্ণ হইয়া যায় এবং অপরকেও তরাইয়া লয়।

টীকা—ৰখরু=সওদা, পণ্যদ্রব্য। ধনু রাশি=ধনেরপুঁজি, মূলধন। গুর=গুরু, শ্রেষ্ঠ। জংদারু=ফৌজের সর্দ্দার, সেনাপতি, দণ্ডমুণ্ডের কর্ত্তা। তরাসি= অপরকে তরায়।

গুরমুখি কূড়ু ন ভাৰঈ সচি রতে সচ ভাই ॥
সাকত সচু ন ভাৰঈ কূড়ৈ কূড়ী পাঁই ॥
সচি রতে গুরি মেলিঐ সচে সচি সমাই ॥৩॥

৩। আত্মজ্ঞানী গুরুমুখ পুরুষের মিথ্যা কার্য্যে প্রীতি হয় না, সে সত্য পরমেশ্বরে অনুরক্ত থাকে, এবং তাহার ভাল লাগে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমেশ্বর বিমুখ জনের সত্যে প্রীতি হয় না, সে মিথ্যাতেই প্রীতি করে এবং তাহার মান ইজ্জৎ সকলই মিথ্যা।

যে গুরুর সহিত মিলিত হইয়া অর্থাৎ গুরুলাভ করিয়া, সত্য পরমেশ্বরে অনুরক্ত থাকে, সেই সত্যপুরুষ সত্য পরমেশ্বরে সমাহিত হয়।

টীকা—কূড়া=মিথ্যা, সকাম কর্ম্ম ; সকাম কর্ম্মের ফল স্বর্গাদি চিরস্থায়ী নহে, নাশবন্ত, সুতরাং মিথ্যা। ন ভাৱঈ=ভাল লাগে না। কূড়ু ন ভাৱঈ=ভাব এই যে, আত্মজ্ঞানীজনের সকাম স্বর্গাদিজনক কর্ম্মে প্রীতি হয় না, যেহেতু তাহার ফল মিথ্যা, সত্য অর্থাৎ চিরস্থায়ী নহে।

পাংই=পতি, মান, ইজ্জৎ। সাকত......পাংই=মনমুখ জন স্বর্গে যাইয়া মান অর্থাৎ স্বর্গসুখ ভোগের অবস্থা লাভ করে বটে, কিন্তু পুণ্য ক্ষয় হইলেই তাহাকে পতিত হইতে হয়, সুতরাং সে মান মিথ্যা।

মন মহি মাণকু লালু নামু রতনু পদারথু হীরু ॥
সচু ৱখরু ধনু নাম হৈ ঘটি ঘটি গহির গংভীরু ॥
নানক গুরমুখি পাঈঐ দইআ করে হরি হীরু ॥৪॥২১॥

৪। গুরুমুখ জনের মধ্যেই নাম রহিয়াছে, তাহাই মাণিক, তাহাই লাল (পদ্মরাগ মণি) এবং তাহাই হীরকাদি রতনরূপ অমূল্য পদার্থ।

নামই সত্য সওদা এবং অমূল্য ধন। (সেই নাম কাহার ?) যিনি ঘটে ঘটে বিরাজমান গভীর এবং গম্ভীর পরমেশ্বর।

নানক কহিতেছে—নাম গুরুমুখ হইতে প্রাপ্ত হওয়া যায়, যখন হরি কৃপারূপ হীরা দান করেন (অর্থাৎ হরি কৃপাদৃষ্টি করিলে গুরুলাভ হয়) তখন গুরুমুখ হইতে নাম প্রাপ্তি হয়।

টীকা—মন মহি......হীরু : কেহ কেহ এইরূপ অর্থ করেন—মনের মধ্যে মননরূপ মাণিক, প্রেমরূপী লাল (পদ্মরাগ মণি), বৈরাগ্যরূপী রতন, এবং জ্ঞানরূপী হীরক রহিয়াছে।

সচু ৱখর ইত্যাদি ভাব এই, জীব যেন কেবল নাম সাধনরূপ ব্যবসাই করে, অন্য কোন ব্যবসা না করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥

নং ২২

ভরমে ভাহি ন ৱিঝৈ জে ভৱৈ দিসংতর দেসু ॥
অংতরি মৈলু ন উতরৈ ধ্রিগু জীবনু ধ্রিগু ৱেসু ॥
হোরু কিতৈ ভগতি ন হোৱঈ বিনু সতিগুর
কে উপদেসু ॥১॥

১। ভ্রমে পড়িয়া যদি কেহ দেশ দেশান্তরে ভ্রমণ করে, তথাপি তাহার তৃষ্ণারূপ অগ্নি নির্ব্বাপিত হয় না।

অন্তরের ময়লা ইহাতে দূর হয় না, অতএব জীবনেও ধিক্; এবং বেশ ধারণেও ধিক্।

সদ্‌গুরুর উপদেশ বিনা অন্য কোন উপয়ায়েই ভক্তি লাভ হয় না।

টীকা—ভরমে=ভ্রমে। ভাহি=অগ্নি। ৱিঝবৈ=নির্ব্বাপিত হয়। ভৱৈ=ভ্রমণ করে।* উক্ত সবদের (শ্লোকের) ভাবার্থ :—মালা তিলক গেরুয়া বসন ইত্যাদি সাধুর বেশ ধারণ সমুদয়ই বৃথা। ন উতরৈ—দূর হয় না।

মন রে গুরমুখি অগনি নিৱারি ॥
গুরি কা কহিআ মনি ৱসৈ হউমৈ ত্রিসনা মারি ॥১॥ রহাউ ॥

রহাউ। মন রে, গুরুমুখ হইয়া অর্থাৎ গুরুর নিকট উপদেশ লইয়া অন্তরের তৃষ্ণারূপ অগ্নি নিবৃত্ত কর।

গুরু যাহা কহিয়াছেন, অর্থাৎ গুরু প্রদত্ত উপদেশ যখন মনে বসে, তাহাতে দৃঢ় বিশ্বাস হয়, তখনই "আমি, আমার" এই অভিমান এবং তৃষ্ণা মরিয়া যায়।

মনু মাণকু নিরমলু হৈ রাম নামি পতি পাই ॥
মিলি সত সংগতি হরি পাঈঐ গুরমুখি হরি লিৱ লাই ॥
আপু গইআ সুখু পাইআ মিলি সললৈ সলল সমাই ॥২॥

২। মন মধ্যেই অমূল্য মাণিক শ্রীরাম বাস করেন, রাম নামেই মান লাভ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৎসঙ্গ লাভ হইলে গুরু উপদেশে যখন চিত্তবৃত্তি শ্রীহরির প্রতি একান্তভাবে নিবিষ্ট হয়, তখনই তাঁহাকে পাওয়া যায়।

জীবের তখন অহংভাব চলিয়া যায় এবং সলিলে সলিল মিলিলে যেরূপ অভিন্ন হইয়া যায়, সেইরূপ জীবও পরমেশ্বরের সহিত অভিন্ন হইয়া যায় (সচ্চিদানন্দ সাগরে ডুবিয়া যায়) এবং সুখ অনুভব করে।

টীকা—২ (ক) দ্বিতীয়ার্থ=মন মধ্যে অমূল্য রতন রামনাম বাস করে, তাহাতেই মান লাভ হয়। আপু=আপনি অর্থাৎ অহং ভাব।

জিনি হরি হরি নামু ন চেতিও সু অউগুণি আৱৈ জাই ॥
জিস সতিগুরু পুরখু ন ভেটিও সু ভউজলি পচৈ পচাই ॥
ইহু মাণকু জীউ নিরমোলু হৈ ইউ কউডী বদলৈ জাই ॥৩॥

৩। যাহারা হরি হরি নাম স্মরণ করে না, সেই গুণহীন জনগণ বার বার আসে যায়, জন্মে ও মরে।

যে সদ্‌গুরুরূপ পরম পুরুষের সাক্ষাৎকার লাভ করে নাই, সে সংসার সমুদ্রে পড়িয়া—আপনিও জ্বলে, বহু কষ্ট পায় এবং অপরকেও জ্বালায়, তাহার সঙ্গীদিগকেও মিথ্যা উপদেশ দিয়া কষ্ট ভোগ করায়।

এই মানব জন্ম যাহা অমূল্য মাণিক, তাহা কড়ি অর্থাৎ তুচ্ছ বিষয় সুখের বদলে বিক্রয় হইয়া যায়, বৃথা নষ্ট হয়।

টীকা—ন চেতিও=স্মরণ করে না। অউগুণি=অপগুণ অর্থাৎ দোষ, পাপ যাহাদের আছে। ন ভেটিও=সাক্ষাৎকার করে নাই।

জিংনা সতিগুরু রসি মিলৈ সে পূরৈ পুরখ সুজাণ ॥
গুরু মিলি ভউজলু লংঘীঐ দরগহি পতি পরৱাণু ॥
নানক তে মুখ উজলে ধুনি উপজৈ সবহু নীসাণু ॥৪॥২২

৪। সেই পুরুষই জ্ঞানবান যে সদ্‌গুরু দ্বারে আত্মানন্দ রস (অথবা নাম রস) লাভ করিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু লাভ করিয়া সে ভবসমুদ্র পার হইয়া যায়; এবং পরমেশ্বরের দরবারে তাহার প্রতিষ্ঠা এবং প্রাধান্য লাভ হয়।

নানক কহিতেছে, যাহার অনাহত ধ্বনি বাজে এবং নামই যাহার নিশান বা চিহ্ন অর্থাৎ যাহার অনবরত নাম চলিতে থাকে, সেই পুরুষেরই মুখ উজ্জ্বল।

টীকা—সুজাণ=উত্তম জ্ঞানবান। পরবাণু=প্রমাণ, প্রবীণ, প্রধান।

শ্রীরাগ মহলা ১ ॥

নং ২৩

ৰণজু করহু ৰণজারিহো ৰথরু লেহু সমালি ॥
তৈসী ৰসতু ৱিসাহীঐ জৈসী নিবহৈ নালি ॥
অগৈ সাহু সুজাণু হৈ লৈসী ৰসতু সমালি ॥১॥

১। হে জীবরূপী বণিক, বাণিজ্য কর, এবং বাণিজ্য দ্রব্য সাবধান হইয়া বুঝিয়া লও, (অর্থাৎ ভাল মন্দ বিচার করিয়া যাহা শ্রেষ্ঠ সওদা তাহাই গ্রহণ কর)।

সেই প্রকার বস্তু ক্রয় কর যাহা তোমার সহিত পরলোকে যাইবে।

আগে, পরলোকে মহাজন অতীব চতুর, তিনি তোমার বস্তু বুঝিয়া লইবেন (অর্থাৎ পরলোকে অন্তর্যামী পরমেশ্বর, তোমার কতটা খাঁটি ও মেকি, বিশুদ্ধ ও কৃত্রিম, তাহা ঠিক ঠিক বিচার করিয়া গ্রহণ করিবেন এবং তাহার ফল প্রদান করিবেন)।

টীকা—বণজু=বাণিজ্য। বণজারি হো=হে বণিক্। বখরু=বাণিজ্য দ্রব্য, সওদা। সমালি=সাবধান হইয়া, বুঝিয়া। ৱিসাহীঐ=খরিদ কর। অগৈ= আগে অর্থাৎ পরলোকে। সাহু=সাহা, মহাজন। সুজাণু=জিনি ভালরূপে জানেন, চতুর। লৈসী=লইবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাঈ রে রাম কহহু চিতু লাই ॥
হরি জস্থ ৰখরু লৈ চলহু সহু দেখৈ পতীআই ॥১॥ রহাউ ॥

রহাউ ১। ভাইরে, চিত্ত লাগাইয়া, নিবিষ্ট চিত্ত হইয়া রাম নাম জপ কর। হরিযশ অর্থাৎ হরিগুণ গানরূপ সওদা সঙ্গে লইয়া চল, যাহাতে পতি পরমেশ্বর তোমার বাণিজ্য দ্রব্য দেখিয়া তোমাকে প্রত্যয় করিবেন, (অর্থাৎ তোমাকে সদ্ব্যাপারী বলিয়া বিশ্বাস করিবেন)।

টীকা—সহু=পতি, কান্ত। পতীআই=প্রত্যয় করিবেন।

জিনা রাসি ন সচু হৈ কিউ তিনা স্থখ হোই ॥
খোটৈ ৰণজ ৰণংজিঐ মনু তনু খোটা হোই ॥
ফাহী ফাথে মিরগ জিউ দূখু ঘণো নিত রোই ॥২॥

২। যাহাদিগের নিকটে সত্য নামরূপ মূলধন নাই, কিরূপে তাহাদিগের সুখ হইবে? মিথ্যা কৃত্রিম বস্তু লইয়া বাণিজ্য করিতে গেলে দেহ মনও মিথ্যা, কৃত্রিম হইয়া যায়। কৃত্রিম, মলিন কর্ম্ম করিলে জীব মৃগের মত মায়া জালে বদ্ধ হইয়া পড়ে এবং অত্যন্ত তীব্র দুঃখ পাইয়া নিত্য রোদন করে।

টীকা—রাসি=মূলধন। খোটৈ=মিথ্যা, মেকি, কৃত্রিম। ফাহী ফাথে= ফাঁদে, জালে আবদ্ধ হয়।

খোটে পোতৈ না পৱহি তিন হরি গুর দরস্থ ন হোই ॥
খোটে জাতি ন পতি হৈ খোটি ন সীঝসি কোই ॥
খোটে খোটু কমাৱণা আই গইয়া পতি খোই ॥৩॥

৩। যেরূপ কৃত্রিম টাকা রাজার রাজস্বরূপে গৃহীত হয় না, সেইরূপ মিথ্যাচরণশীল জীবেরও হরি এবং গুরুর দর্শন লাভ হয় না। মিথ্যাচরণকারী পুরুষের না আছে জাতির উত্তমতা, না আছে মান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতিষ্ঠা; মিথ্যাচরী কখনও সিদ্ধ অর্থাৎ মুক্ত হয় না। মিথ্যাচারী পুরুষ মিথ্যা কর্ম্মফলই অর্জ্জন করিতে থাকে এবং আপনার মান মর্য্যাদা খোয়াইয়া বারংবার আসে ও যায়, জন্মে ও মরে।

টীকা—পোতৈ=রাজার খাজানা খানা। ন সীঝসি=সিদ্ধ অর্থাৎ মুক্ত হয় না। কমাৱণা=কামায়, অর্জ্জন করে।

নানক মনু সমঝাঈঐ গুর কৈ সবদি সালাহ ॥
রাম নাম রংগি রতিআ ভারু ন ভরমু তিনাহ ॥
হরি জপি লাহা অগলা নিরভউ হরি মন মাহ ॥৪॥২৩॥

৪। নানক কহিতেছে, গুরুর উপদেশ অনুসারে মনকে বুঝাইয়া দাও, অর্থাৎ সংযত কর, এবং গুরুপ্রদত্ত নামদ্বারা পরমেশ্বরের স্তুতি কর। যাহারা রাম নামের রঙ্গে রঞ্জিত হইয়া যায়, তাহাদিগের না আছে দুঃখ না আছে ভ্রম (অর্থাৎ অবিদ্যাজনিত ভ্রম ও সংসার জনিত দুঃখ উভয়ই নিবৃত্ত হইয়া যায়)। অতএব হরিনাম জপ কর, তাহাতে অধিক লাভ হইবে; নির্ভয় স্বরূপ হরিকে মনের মধ্যে জানিতে পারিবে। (ভাব এই যে, জীবও নির্ভয় হরির নাম জপ করিলে নির্ভয় হইয়া যায়)।

টীকা—ভারু=ভার, দুঃখ। লাহা=লাভ। অগলা=অধিক।

শ্রীরাগ মহলা ১। ঘর ২

নং ২৪

ধনু জোবনু অরু ফুলড়া নাঠীঅড়ে দিন চারি ॥
পবণি কেরে পতি জিউ ঢলি ঢুলি জুংমণহার ॥১॥

১। ধন ও যৌবন ফুলের মত, তাহা দুই চারি দিন থাকিয়া নষ্ট হইয়া যায়, অর্থাৎ ফুল যেমন প্রস্ফুটিত হইয়া অল্পকাল মধ্যেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ম্লান হইয়া ঝড়িয়া পড়ে, সেই প্রকার ধন এবং যৌবন ক্ষণস্থায়ী। পবনের মুখে শুষ্ক পত্রের মত উড়িয়া উড়িয়া ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া নাশ প্রাপ্ত হয়; অর্থাৎ পবনের মুখে পত্র যেমন নাশ প্রাপ্ত হয়, সেই প্রকার কালের মুখেও ধন এবং যৌবন অচিরে নষ্ট হইয়া যায়।

টীকা—ফুলড়া=ফুলের মত, অর্থাৎ অল্পকালমাত্র স্থায়ী। নাটীঅড়ে=নষ্ট হইয়া যায়। পতি=পত্র। ঢলিঢুলি=উড়িয়া উড়িয়া, ওলট্ পালট্ হইয়া। জংমণহার=বিনশ্বর, যাহা নাশপ্রাপ্ত হয়।

রংগু মাণি লৈ পিআরিআ জা জোবনু নউহুলা ॥
দিন থোড়ড়ে থকে ভইআ পুরাণা চোলা ॥ রহাউ ॥১॥

রহাউ। হে প্রিয়বন্ধু, যতক্ষণ যৌবনের নবীনত্বের উল্লাস রহিয়াছে, ততক্ষণ আনন্দ কর, অর্থাৎ পরমেশ্বরের নাম জপ ইত্যাদি সাধন করিয়া লও। কারণ অল্পদিনেই তুমি ক্লান্ত হইয়া পড়িবে। তোমার এই বস্ত্রাবরণস্বরূপ যে দেহ তাহা পুরাতন, সুতরাং জীর্ণ হইয়া যাইবে—অর্থাৎ অল্পদিনেই তোমার যৌবন চলিয়া যাইবে এবং জরা আসিয়া তোমাকে আক্রমণ করিবে।

টীকা—রংগু=আনন্দ। মাণি লৈ=মানিয়া লও, ভোগ কর। পিয়ারিআ =জ্ঞানরূপী প্রিয়বন্ধু। জা=যতক্ষণ। নউহুলা=নবীনতর উল্লাস। দিন থোড়রে =অতি অল্পদিনেই। থকে ভৈইয়া=ক্লান্ত হইয়া পড়িবে। চোলা=কাপড়।

সজণ মেরে রংগুলে জাই সুতে জীরাণি ॥
হংভী ৰংঞা ডুমণী রোৰা ঝীণি বাণি ॥২॥

২। আমার আনন্দদায়ক মিত্র যে যৌবন, তাহা শ্মশান ভূমিতে যাইয়া শয়ন করিয়া আছে। আমি দোমনা, দুঃখিনী, ক্ষীণ করুণ স্বরে বিলাপ করিতে করিতে তথায় যাইব। অর্থাৎ আমার যৌবন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চলিয়া যাইবে এবং আমিও এই জরাগ্রস্ত দেহটাকে পাইয়া কাঁদিতে কাঁদিতে মরণের দ্বারে উপস্থিত হইব।

টীকা—সজণ=স্বজন, বন্ধু অর্থাৎ দেহ ও যৌবন। রংগুলে=আনন্দদায়ক। জীরাণি=শ্মশানে। হংভী=আমিও। ব্রংঞা=যাইব। ভুমনী=দোমনা, দুঃখিনী। ঝাঁণি বাণি=ক্ষীণ স্বরে রোদন করিতে করিতে।

কী ন সুণেহী গোরীএ আপণ কংনী সোই ॥
লগী আৱহি সাহুরৈ নিত ন পেঈআ হোই ॥৩॥

৩। আয়ি গৌরী (অর্থাৎ জীবরূপী নারী)! তুমি আপনার কর্ণে সেই রোদনের ধ্বনি শ্রবণ করিতেছ না। তোমার পতিগৃহে যাইবার দিন সমীপবর্ত্তী হইয়া আসিতেছে। নিত্য কেহ পতিগৃহে থাকিতে পায় না। অর্থাৎ জীব ইহলোকে চিরকাল বাস করিতে পায় না। তাহাকে পরলোকে যাইতেই হয়।

টীকা—গোরীএ=অয়ি গৌরী অর্থাৎ জীবরূপী নারী। কংনী=কর্ণে। সাহুরৈ=শ্বশুর বাড়ী, পতির গৃহ। পেঈআ=পিতামাতার গৃহ অর্থাৎ ইহলোক।

নানক সুতী পেঈঐ জাণু ৱিরতী সংনি ॥
গুণা গৱাঈ গংঠরী অৱগণ চলী বংনি ॥

৪। নানক কহিতেছে, যে জীবরূপী নারী পিতৃগৃহে অর্থাৎ ইহলোকে শয়ন করিয়া কাটায়, অর্থাৎ গুরুদত্ত হরিনাম সাধন করে না, তাহার চিত্তবৃত্তিতে সিঁধ কাটা হইয়া থাকে, অর্থাৎ চোর যেমন রাত্রে সিঁধ কাটিয়া গৃহে প্রবেশ করে, সেই প্রকার অবিদ্যারূপী নিদ্রাতে আচ্ছন্ন সাধন-ভজনহীন জীবের চিত্তে কামাদি চোর প্রচ্ছন্নরূপে প্রবেশ করে। সে শুভগুণ সমূহের গাঁঠরী খোয়াইয়া অবগুণের অর্থাৎ দোষের গাঁঠরী বাঁধিয়া পরপারে লইয়া যায়। অর্থাৎ দৈবীসম্পদ খোয়াইয়া জীব আসুরী সম্পদ সঞ্চয় করিয়া মৃত্যুমুখে পতিত হয়।

টীকা—ৱিরতী=বৃত্তি, চিত্তবৃত্তি। সংনি=সিঁধ। বংনি=বাঁধিয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ, মহলা ১, ঘর ২

নং ২৫

আপে রসীআ আপি রসু আপে রাৱণহারু ॥
আপে হোৱৈ চোলড়া আপে সেজ ভতারু ॥১॥

১। হে প্রভু, তুমি আপনিই রসিক—রসের আধার, আপনিই রসস্বরূপ এবং আপনিই ভোগকর্ত্তা—আস্বাদন কর্ত্তা। আপনিই স্ত্রী অঙ্গের বেশ পরিধান করিয়াছ অর্থাৎ স্ত্রীদেহ ধারণ করিয়াছ এবং আপনিই শয্যায়-পর্য্যঙ্কে ভর্ত্তারূপ ধারণ করিয়া রহিয়াছ।

টীকা—রাৱণহার=রমণকারী, রসের ভোক্তা। চোলড়া=স্ত্রীঅঙ্গের বেশ পরিহিত, স্ত্রীরূপধারী। সেজ=শয্যা, ভতারু=ভাতার, ভর্ত্তা, পতি।

রংগি রতা মেরা সাহিবু রৱি রহিআ ভরপূরি ॥ রহাউ ॥

রহাউ। আমার প্রভু—স্বামী, এক রস আনন্দে ভরপুর হইয়া সর্ব্বত্র ব্যাপ্ত রহিয়াছেন, অর্থাৎ সমস্ত সৃষ্ট পদার্থেই তিনি সম্পূর্ণরূপে ওতপ্রোত ভাবে বর্ত্তমান এবং সমস্তই তিনি ভোগ করিতেছেন।

টীকা—রংগ=লীলা, প্রেম। সাহিবু=প্রভু, পতি। রৱি রহিআ=সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া আছেন।

আপে মাছী মছুলী আপে পাণী জালু ॥
আপে জালু মণকড়া আপে অংদরি লালু ॥২

২। প্রভু আপনিই মৎস্যজীবী জালিক, আপনিই মাছ এবং আপনিই জল ও জাল, আপনিই জালের পাষাণ এবং আপনিই জালের মধ্যে লাল টোপ।

টীকা—মাছী=মৎস্যজীবী, জালিয়া। মছুলী=মাছ। মণকড়া=জালের পাষাণ। লালু—মাংস প্রভৃতি টোপ।

আপে বহুবিধি রংগুলা সখীএ মেরা লালু ॥
নিত রৱৈ সুহাগণী দেখু হমারা হালু ॥৩॥

৩। হে সখি, আমার লাল, প্রিয়তম কান্ত, বহু প্রকার রংগ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লীলাবিলাস ভোগ করেন, তিনি নিত্য সৌভাগ্যবতী সোহাগিনীর সহিত রমণ করেন, আর তাহা হইতে বিচ্ছিন্না দুর্ভাগিনী আমার দুরবস্থা দেখ।

টীকা—লালু=প্রিয়তম কান্ত। রবৈ=রমণ করেন। হালু=দুরবস্থা।

প্রণবৈ নানক বেনতী তূ সরবর তূ হংসু ॥
কউলু তূ হৈ কবীআ তূ হৈ আপে বেখি বিগসু ॥৪॥১৫

৪। নানক বিনীত পূর্ব্বক নিবেদন করিতেছে—হে প্রভু, তুমিই সরোবর, তুমিই সেই সরোবর বিহারী হংস। তুমিই কমল, এবং কমল বিকাশকারী সূর্য্য তুমিই; তুমি আপনিই আপনার বিকাশ দেখাইয়া আনন্দ উপভোগ করিতেছ।

টীকা—প্রণবৈ=প্রণতি করিয়া নিবেদন করিতেছে। কউলু=কমল। কবীআ=সূর্য্য।

শ্রীরাগ মহলা ১, ঘর ৩।

নং ২৬

গুরু শ্রীনানকজী বিষয় কর্ম্মে মন না দিয়া উদাসীনের ন্যায় থাকিতেন। তাঁহার পিতা এবং অন্যান্য আত্মীয়বর্গ তাঁহাকে কৃষি কর্ম্মে মন দিতে বলিলে তিনি এই বাণী উচ্চারণ করিয়াছিলেন।

ইহু তনু ধরতী বীজু করমা করো
সলিল আ-পাউ সারিংগপাণী ॥
মনু কিরসাণু হরি রিদৈ জঁমাই লৈ
ইউ পাবসি পদু নিরবাণী ॥১॥

১। এই শরীরকে ক্ষেত্র এবং শুভাশুভ কর্ম্মকে বীজ কর; শার্ঙ্গধর শ্রীহরির নামজপরূপ সলিল ইহাতে বিশেষরূপে সিঞ্চন কর। মনকে কৃষাণ করিয়া হৃদয়ে হরিরূপ অঙ্কুর জন্মাইয়া লও অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামজপদ্বারা হৃদয়ে পরমেশ্বরের সাক্ষাৎ লাভ কর। এই প্রকারে নির্ব্বাণ পদ লাভ করিবে।

টীকা—ধরতী=ধরিত্রী, পৃথিবী, ক্ষেত্র। আ পাউ=সকল দিক হইতে প্রদান কর, অর্থাৎ জল দাও। সারিঙ্গপাণি=শার্ঙ্গপাণি, শার্ঙ্গধনু যাহার করে, শ্রীহরি।

কাহে গরবসি মূঢ়ে মাইআ ॥
পিত সুতো সগল কলিত্র মাতা তেরে হোহি ন
অংতি সখাইআ ॥ রহাউ ॥১॥

রহাউ। হে মূঢ়, তুমি মায়ার বশীভুত হইয়া কেন গর্ব্ব করিতেছ? তোমার পিতা, সুত, সকল কলত্র এবং মাতা কেহই অন্তকালে তোমার সখার কার্য্য অর্থাৎ কোনও প্রকার সাহায্য করিতে পারিবে না।

টীকা—গরবসি=গর্ব্ব করিতেছ। কলিত্র=কলত্র, স্ত্রী।

বিখৈ বিকার দুসট কিরখা
করে ইন তজি আতমৈ হোই ধিআঈ ॥
জপু তপু সংজমু হোহি
জব রাখে কমলু বিগসৈ মধু আস্রমাঈ ॥২॥

২। দুষ্ট বিষয় বিকার তোমার জমিতে শস্য নষ্ট করে অর্থাৎ পঞ্চ কামাদি বিকার শুভকর্ম্মের সুফল নষ্ট করিয়া দেয়, অতএব ইহা ত্যাগ করিয়া পরমাত্মার ধ্যানে নিমগ্ন হও। জপ, তপ, সংযম, যখন তোমার ক্ষেত্রকে রক্ষা করে, তখনই হৃদয় কমল বিকসিত হয় এবং মধু ক্ষরণ হইতে থাকে; অর্থাৎ জপ, তপ, সংযমাদি-দ্বারা বিষয় বিকারকে দূরে রাখিতে পারিলে মানব-হৃদয়রূপ ক্ষেত্রে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানপদ্ম প্রস্ফুটিত হইবে এবং তাহা হইতে আত্মানন্দরূপ অমৃত ক্ষরণ হইতে থাকিবে।

টীকা—কিরথা=ইঁদুর প্রভৃতি যাহারা শস্য কাটিয়া দেয় অথবা কণ্টকাদি আগাছা যাহা বাড়িয়া শস্য নষ্ট করিয়া ফেলে। আস্রমাঈ=আ=সর্ব্বদিকে, স্রমাই =স্রব অর্থাৎ অর্থাৎ ক্ষরণ করে।

বীস সপতাহরো বাসরো সংগ্রহৈ তীনি
খোড়া নিত কালু সারৈ ॥
দস অঠার মৈ অপরংপরো চীনৈ কহৈ—
নানক ইৱি একু তারৈ ॥৩॥২৬

৩। সপ্তবিংশতি তত্ত্বে রচিত এই মানবদেহ ত্রিগুণাত্মক, তাহাতে প্রতিদিন প্রকৃষ্টরূপে জপতপ সংযমাদি সঞ্চয় কর, কারণ এই মানবদেহরূপ চারা গাছটীকে কাল নিত্য নষ্ট করিতেছে। যে অষ্টাবিংশতি শাস্ত্রে প্রতিপাদ্য এক অপরংপর পরমেশ্বরকে চিনিতে পারে, নানক কহিতেছে, সেই একমাত্র আত্মদর্শী জনই আপনাকে উদ্ধার করে।

টীকা—সপ্তবিংশতি তত্ত্ব=কোনও কোনও টীকাকারের মতে পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, পঞ্চ সূক্ষ্ম ভূত, মন, অহংকার, মহত্তত্ত্ব, সত্ত্ব, রজঃ, তমঃ এই ২৭টি তত্ত্ব। সাংখ্য মতে চতুর্বিংশতি তত্ত্ব, তাহার উপরে ত্রিগুণ লইয়া সপ্তবিংশতি। বাসর=দিন। সংগ্রহৈ=সঞ্চয় করে। তীনি খোড়া=ত্রিগুণাত্মক চারাগাছ। অথবা বাল্য, যৌবন, বার্দ্ধক্য কিম্বা জাগ্রত, স্বপ্ন, সুষুপ্তি এই তিনটি অবস্থাধারী জীব। সারৈ=নাশ করে। দস অঠার=দশ শাস্ত্র, যথা চতুর্ব্বেদ এবং ছয়দর্শন এবং অষ্টাদশ পুরাণ। অথবা অষ্টবিংশতি ধর্ম্মশাস্ত্র, যথা:—মন্বত্রিবিষ্ণুহারীত যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ। যমাপস্তম্বসংবর্ত্তা কাত্যায়ন বৃহস্পতি। পরাশর ব্যাস-শঙ্খলিখিতা দক্ষগোতমৌ। শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রযোজকাঃ॥ এই বিশজন ব্যতীত নারদ, দেবল, সৈবীনসি এবং চতুর্বেদ ও মহাভারত এই অষ্টাবিংশতি ধর্ম্মশাস্ত্র। ইৱ=এই প্রকারে। একু=একমাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ঘর ৩ ॥

নং ২৭

অমলু করি ধরতী বীজু সবদো
করি সচ কী আব নিত দেহি পাণী ॥
হোই কিরসাণু ঈমানু জংমাই লৈ
ভিসতু দোজকু মূঢ়ে এব্ব জাণী ॥১॥

কাজীর প্রতি উপদেশ :—

১। নির্ম্মল করিয়া লও ধরিত্রী অর্থাৎ হৃদয়রূপী ক্ষেত্রকে নিষ্কাম কর্ম্ম প্রভৃতি দ্বারা, তাহাতে গুরু উপদেশরূপ বীজ বপন কর, সত্যরূপ জল তাহাতে নিত্য সিঞ্চন কর। এই প্রকারে কিষাণ হও এবং ধর্ম্মকে অঙ্কুরিত করিয়া লও, এবং এই প্রকারে, হে মূঢ়, স্বর্গের পথ এবং নরকের পথ জানিয়া লও।

টীকা—অমলু=নির্ম্মল। আব=জল। ঈমানু=ধর্ম্ম। জংমাই=জন্মাইয়া। ভিসতু=স্বর্গ। দোজকু=নরক। মূঢ়ে=হে মূঢ়।

মতু জান সহি গলী পাইআ।
মাল কৈ মাণৈ রূপ কী সোভা-
ইতু বিধী জনমু গৱাইআ ॥ রহাউ ১॥

রহাউ ১। জানিয়া লও যে গলাবাজী অর্থাৎ বাক্যবিন্যাস দ্বারা পতি পরমেশ্বরকে লাভ করা যায় না। বিত্তবিভবের অভিমান এবং দেহের শোভা এই সকল তুচ্ছ বস্তু লইয়া জন্ম ব্যর্থ করিতেছ।

টীকা—সহ=পতি, স্বামী। গলী=গলা, অর্থাৎ বাক্যের দ্বারা। মাল=সম্পত্তি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐবু তনি চিকড়ো ইহু মন মীডকো—
কমলি কী সার নহী মূলি পাঈ ॥
ভউরু উসতাদু নিত ভাখিআ বোলে—
কিউ বুঝৈ জা নহ বুঝাঈ ॥২॥

২। এই শরীর অপকর্ম্মরূপ কর্দ্দমে লিপ্ত। তাহাতে ভেকরূপী মন বাস করে। এই মন কমলের সারমর্ম্ম ও মূল্য বুঝিতে পারে না। অর্থাৎ হৃদয়াকাশে যে রসস্বরূপ পরমাত্মা আছেন এই মন অপকর্ম্মে লিপ্ত থাকিয়া তাহার স্বরূপ জানে না, সুতরাং অপকর্ম্মেই আনন্দ পায়, যেরূপ ভেক কর্দ্দমেই আনন্দ পায়। কিন্তু ওস্তাদ, গুরুরূপী ভ্রমর, সর্ব্বদাই কমলের গুণ প্রকট করেন, অর্থাৎ সদ্বস্তুর উপদেশ প্রদান করিয়া গুরু তাহার প্রকৃত স্বরূপ বুঝাইয়া দেন। ভেকরূপ মন তাহা কি করিয়া বুঝিবে, যদি না গুরুরূপী ভ্রমর তাহা বুঝাইয়া দেন ?

টীকা—ঐবু=অপকর্ম্ম। চিকড়ো=কর্দ্দম। মীডকো=মণ্ডূক, ভেক। মূলি =মূল্য। ভউরু=ভ্রমর। উসতাদু=গুরু।

আখণু সুনণা পঊণ কী বাণী ইহু মনু রতা মাইআ ॥
খসম কী নদরি দিলহি পসংদে জিনী কর একু ধিআইআ ॥৩॥

৩। শাস্ত্র ব্যাখ্যা শ্রবণ করা সমস্তই পবনের বাণী মাত্র, অর্থাৎ কথা তো বায়ুর খেলা মাত্র, তাহা বায়ুতেই ভাসিয়া যায়, তাহা হৃদয়ে প্রবেশ করে না, সুতরাং নিরর্থক। মন মায়িক পদার্থে আসক্ত হইয়া রহিয়াছে। কিন্তু যিনি একমাত্র, অদ্বিতীয় পরমেশ্বরকে ধ্যান করেন, তিনিই পতি পরমেশ্বরের কৃপাদৃষ্টি হৃদয়ের সহিত পছন্দ করেন, আকাঙ্ক্ষা করেন, অর্থাৎ একমাত্র পরমেশ্বরকে ধ্যান করিয়া কান্তরূপী শ্রীভগবানের কৃপা হৃদয়ে অনুভব করিয়া আনন্দ উপভোগ করেন।

টীকা—আখণু=শাস্ত্রব্যাখ্যা। পঊণ=পবন। খসম=পতি, স্বামী। দিল =হৃদয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তীহ করি রখে পংজ করি সাথী নাউ সৈতানু
মতু কটি জাঈ ॥
নানক আখৈ রাহি পৈ চলণা মালু ধনু কিতকূ
সংজিআহী ॥৪॥২৭॥

৪। হে কাজী, তুমি ত্রিশ দিন রোজা পালন কর, এবং পাঁচবার নমাজ তোমার সাথী অর্থাৎ তুমি দিনে পাঁচবার নমাজ পড়, কিন্তু তথাপি সাবধান, যাহার নাম সয়তান তাহা কাটিবে না। অর্থাৎ আন্তরিকতাবিহীন রোজা নমাজ দ্বারা তোমার অন্তরস্থ ঈশ্বর বৈমুখ্য ঘুচিবে না। নানক কহিতেছে, হে কাজী, মৃত্যুর পথেতো চলিতেই হইবে, তবে কেন আর বিত্তবিভব, ধনসম্পত্তি সঞ্চয় করিতেছে!

টীকা—রখে=রোজা পালন কর। পংজ=পাঁচবার দিনে নমাজ। নাউ=নাম। রাহি=পথে, মৃত্যুর পথে। কিত কূ=কেন। সংজিআহী=সঞ্চয় করিতেছ।

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৪ ॥

নং ২৮

সোঈ মউলা জিনি জগু মউলিআ হরিআ কীআ সংসারো ॥
আবু খাকু জিনি বংধি রহাঈ ধংনু সিরজণহারো ॥১॥

পূর্ব্ব কথিত বাণী শ্রবণ পূর্ব্বক কাজী শ্রীনানকজীকে দেখাইয়া বলিলেন, "এই বালক মউলা" আরবী 'মউ' অর্থ ভগবান কিন্তু এখন ধর্ম্মগুরুকে মাউলা বা মোল্লা বলা হয়। গুরু শ্রীনানকজীকে মউলা বলাতে তিনি নিম্নলিখিত বাণী উচ্চারণ করিলেন :—

১। হে কাজী, সেই মউলা যিনি জগৎকে মুকুলিত এবং সংসারকে হরিদ্বর্ণ—অর্থাৎ আনন্দরূপ করিয়াছেন। ধন্য সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৃষ্টিকর্ত্তা যিনি জল এবং মৃত্তিকা, ইহারা পরস্পর বিরোধি হইলেও ইহাদিগকে বাঁধিয়া রাখিয়াছেন।

টীকা—আবু খাকু=ক্ষিতি এবং অপ্ (মাটি ও জল) এই দুইটী পরস্পর বিরোধী, যেহেতু মাটি জলে গলিয়া যায়। এই দুইটি ভূতের উল্লেখ করিয়া গুরু শ্রীনানকজী উপলক্ষণাদ্বারা ক্ষিতি, অপ, তেজ,মরুৎ এবং ব্যোম এই পঞ্চভূতের কথাই এই স্থলে বুঝাইতেছেন। ইহারা পরস্পর বিরোধী হইলেও ইহাদিগকে একত্র বন্ধন করিয়া সৃষ্টি রচনা করিয়াছেন। সিরজণহারো=সৃষ্টিকর্ত্তা।

মরণা মুলা মরণা ॥

ভী ক্রতারহু ডরণা ॥১॥ রহাউ ॥

রহাউ। মরিতেই হইবে, হে মোল্লা (কাজী) মরিতেতো হইবেই। তথাই সৃষ্টিকর্ত্তা শ্রীভগবানকে ভয় কর।

টীকা—ভাবার্থ এই যে তুমি বলিতে পার যে, যদি নিশ্চয়ই মরিতে হইবে তবে আর ভগবানকে ভয় করিবার প্রয়োজন কি?

শ্রীনানকজী বলিতেছেন, জীবের পরমেশ্বরের ভয় রাখিলেই মঙ্গল।

তা তূ মুলা তা তূ কাজী জাণহি নামু খুদাঈ ॥

জে বহুতেরা পড়িআ হোৱহি কো রহৈ ন ভরীঐ পাঈ ॥২॥

২। তখনই তুমি মোল্লা অর্থাৎ ধর্ম্মোপদেষ্টা, তখনই তুমি কাজী ন্যায়ান্যায় বিচারকর্ত্তা যখন তুমি খোদার—এই সৃষ্টির মালিকের নাম জান, অর্থাৎ সত্যরূপে অনুভব কর। তুমি যদি অনেক পড়িয়া থাক, অর্থাৎ খুব পণ্ডিতও হও তথাপি জীবন পূর্ণ হইলে কেহই থাকে না, পণ্ডিতকেও আয়ুষ্কাল পূর্ণ হইলেই মরিতে হইবে।

টীকা—তা তু মুলা=তাহা হইলেই তুমি মোল্লা। ভাব এই—খোদার নাম সর্ব্বদা স্মরণ রাখিয়া, তিনি তোমার সমুদয় কার্য্য দেখিতেছেন এই ভয় মনে রাখিয়া, তোমার কর্ম্ম করিলে তোমার কার্য্য ঠিক হইবে, নতুবা আত্মাভিমান পূর্ণ হইয়া মোল্লা এবং কাজীর কর্ম্ম করিতে গেলে তুমি ভ্রমে পড়িবে। ভরীঐ পাঈ=পাই চাউল ইত্যাদি মাপিবার পাত্র ভরিয়া গেলে যেমন তাহা উল্টাইয়া ফেলে সেইরূপ ভগবন্নির্দ্দিষ্ট আয়ুষ্কাল পূর্ণ হইলে দেহ ছাড়িয়া যাইতেই হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সোঈ কাজী জিনি আপু তজিআ ইকু নামু কীআ আধারো॥
হৈ ভী হোসী জাই ন জাসী সচা সিরজণহারো ॥৩॥

৩। সেই কাজী যে আত্মাভিমান ত্যাগ করিয়াছে, এক পরমেশ্বরের নামের আশ্রয় লইয়াছে। তিনি এখনও বর্ত্তমান, ভবিষ্যতেও বর্ত্তমান থাকিবেন এবং অতীতেও বর্ত্তমান ছিলেন। তিনি জন্ম গ্রহণ করেন না, মরেনও না। তিনি ত্রিকালে সত্য, সৃষ্টিকর্ত্তা।

টীকা—হৈ=বর্ত্তমানকালে আছেন। হোসী=ভবিষ্যতে থাকিবেন। জাই ন জাসী=তিনি জন্মেন না, মরিয়াও যাইবেন না।

পংজ ৱখত নিৱাজ গুজারহি পড়হি কতেব কুরাণা ॥
নানক আখৈ গোর সদেঈ রহিও পীণা খানা ॥৪॥২৮॥

৪। হে কাজী, তুমি দিনে পাঁচবার নমাজ পড় এবং ধর্ম্মগ্রন্থ পাঠ কর। কিন্তু নানক বলিতেছে—হে কাজী, তোমার কবর তোমাকে ডাকিতেছে অর্থাৎ তোমাকে মরিতে হইবে, এবং তোমার খানা পীণা অর্থাৎ বিষয় ভোগ এখানেই পড়িয়া রহিবে, কিন্তু তোমাকে ছাড়িয়া যাইতে হইবে। তোমার বিদ্যাবিভমান তোমাকে মৃত্যুর কবল হইতে রক্ষা করিতে পারিবে না।

টীকা—পংজ ৱখত=দিনে পাঁচবার। নিৱাজ গুজারহি=নমাজ পড়। সূর্য্যোদয়ের এক ঘড়ি (দণ্ড) পূর্ব্বে 'সুবা'র, প্রাতঃকালের নমাজ, দেড় প্রহর দিন থাকিতে দ্বিতীয় 'জুহরের' নমাজ, দুই দণ্ড বেলা থাকিতে 'অসরের' নমাজ, সূর্য্যাস্তকালে 'মগরবের' এবং তৎপরে অর্দ্ধরাত্র পর্য্যন্ত পঞ্চমবার 'ইশা'র নমাজ পড়িবার সময়। গোর=কবর। সদেঈ=ডাকিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৪ ॥

নং ২৯

একু সুআনু দুই সুআনী নালি ॥
ভলকে ভউকহি সদা বইআলি ॥
কূড়ু ছুরা মুঠা মুরদারু ॥
ধাণক রূপি রহা করতার ॥১॥

১। হে ভগবান, লোভরূপী এক কুক্কুর এবং আশা ও তৃষ্ণারূপী দুই কুক্কুরী সর্ব্বদাই জীবের সঙ্গে রহিয়াছে। প্রতিদিন সূর্য্যোদয় হইতে সায়ংকাল পর্য্যন্ত সর্ব্বদা উহারা ঘেউ ঘেউ করে ; অর্থাৎ আশা এবং তৃষ্ণার বশবর্ত্তী হইয়া জীব সর্ব্বদাই ছুটাছুটি করে এবং বক্ বক্ করিতে থাকে। তাহার হাতে মিথ্যারূপ ছোরা রহিয়াছে এবং ঠকাইয়া খাওয়া তাহার চিরসঙ্গী, যেরূপ ব্যাধের সঙ্গী মৃতদেহ। হে সৃষ্টিকর্ত্তা প্রভু, এইরূপে আমি এই নীচ ঘৃণিত ব্যাধরূপী হইয়া আছি।

টীকা—সুআনু=শ্বন্ কুক্কুর, সুআনী=কুক্কুরী ভলকে বই আলি=সূর্য্যোদয় হইতে সায়ংকাল পর্য্যন্ত সমস্ত দিন ভরিয়া। ভউকহি=ঘেউ ঘেউ করে। কূড়ু= মিথ্যা ছুরা=ছোরা। মুঠা=ঠকাইয়া খাওয়া। মুরদার=মৃত দেহ। ধাণক=মাড়বার দেশের একপ্রকার ব্যাধ জাতির নাম ধাণক। ব্যাধবৃত্তি, জীবহত্যা করিয়া তাহারা জীবন ধারণ করে। তাহাদের সঙ্গে কুক্কুর এবং হাতে ছোরা থাকে, এবং যে জীব হত্যা করে তাহার মৃতদেহ থাকে। এই নীচবৃত্তি ব্যাধের সহিত তুলনা করিয়া গুরু শ্রীনানকজী জীবের দুর্দ্দশা বর্ণনা করিতেছেন। কোনও কোনও টীকাকার বলেন যে, শ্রীনানকজী এই বেশ ধারণ করিয়া এই বাণী কহিয়াছিলেন, নিকটে একটি মৃতদেহও পড়িয়াছিল। করতার=কর্ত্তা, সৃষ্টিকর্ত্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মৈ পতি কী পংদি ন করণী কী কার ॥
হউ বিগড়ৈ রূপি রহা বিকরাল ॥
তেরা একু নামু তারে সংসারু ॥
মৈ এহা আস এহো আধারু ॥১॥ রহাউ ॥

রহাউ ১। আমি আমার পতি পরমেশ্বরের শিক্ষার ধারণা করি না এবং শুভকর্ম্মের কার্য্যও করি না। আমি বিকৃতরূপ এবং ভীষণ হইয়া রহিয়াছি। ভাবার্থ এই যে, জীব তাহার স্বরূপ (সৎ-চিৎ-আনন্দরূপ) ভুলিয়া গিয়া জীবভাব ধারণ করিয়া ভীষণ হইয়া আছে। কিন্তু হে প্রভু, আমি ইহা স্থির জানি যে, একমাত্র তোমার নামই সংসার হইতে উদ্ধার করে, সুতরাং তোমার নামেই আমার আশা এবং তোমার নামই আমার একমাত্র আশ্রয় স্থল।

টীকা—পংদ=উপদেশ, শিক্ষা। করণী=শুভকর্ম্ম। কার=কার্য্য। বিগড়ৈ রূপ=বিকৃতরূপ। বিকরাল=ভীষণ। আধার=আশ্রয়।

মুখি নিংদা আখা দিনু রাতি ॥
পর ঘরু জোহী নীচ সনাতি ॥
কামু ক্রোধু তনি বসহি চংডাল ॥
ধাণক রূপি রহা করতার ॥২॥

২। হে ভগবান্, মুখে আমি দিবারাত্রি পরনিন্দা করিতে থাকি। পরের ঘরের দিকে কেবল দৃষ্টিপাত করি, অর্থাৎ পরস্ত্রী এবং পরদ্রব্যে লোভদৃষ্টি করি। হীন সনাত জাতির জনগণের ন্যায় আমার আচরণ অতি নীচ। আমার দেহে কাম ক্রোধরূপ চণ্ডাল বাস করিতেছে। হে সৃষ্টিকর্ত্তা, আমি ধাণক ব্যাধরূপী হইয়া আছি।

টীকা—আখা=বলা। জোহী=দৃষ্টিপাত করি। সনাতি=এক প্রকার নীচ জাতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফাহী সুরতি মলূকী ৱেসু ॥
হউ ঠগৰাড়া ঠগী দেসু ॥
খরা সিআণা বহুতা ভারু ॥
ধাণক রূপি রহা করতার ॥৩॥

৩। আমার অন্তরে ফাঁস অর্থাৎ লোককে ফাঁদে ফেলিবার বা ঠকাইবার চেষ্টা কিন্তু বাহিরে আমার উত্তম বেশ। ঠক এবং ঠকদিগের দেশে আমার নিবাস (অথবা, সমস্ত দেশকে আমি ঠকাইতেছি। আমি অত্যন্ত সেয়ানা অর্থাৎ লোক ঠকাইতে অত্যন্ত চতুর, সুতরাং আমার ভারও অনেক। হে সৃষ্টিকর্ত্তা, আমি ধাণক-রূপী ব্যাধ হইয়া আছি।

টীকা—ফাহী=ফাঁদ। সুরতি=অন্তরে। মলূকী=অর্থাৎ রাজার মত, অতি উত্তম। ঠগৱাড়া=যে ঠকাইয়া খায়। খরা=অত্যন্ত। সিআণা=চতুর।

মৈ কীতা ন জাতা হরামখোরু ॥
হউ কিআ মুহু দেসা দুসটু চোরু ॥
নানকু নীচু কহৈ বীচারু ॥
ধাণক রূপি রহা করতারু ॥

৪। আমি কৃত উপকার সমূহ জানি না. (যথা—মাতৃগর্ভে তুমি কেমন করিয়া রক্ষা করিয়াছিলে?)। আমি হারাম খোর, ঘোর অকৃতজ্ঞ। আমি অতিদুষ্ট এবং চোর, আমি কিরূপে তোমাকে মুখ দেখাইব? নীচ হইয়া নানক বিচার করিয়া কহিতেছে, হে সৃষ্টিকর্ত্তা আমি ধাণক ব্যাধরূপী হইয়া আছি।

টীকা—হারাম খোর=যে উপকারীর উপকার মনে রাখে না, অকৃতজ্ঞ। মুহু দেসা=মুখ দেখাইব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৪ ॥

নং ৩০

একা সুরতি জেতে হৈ জীঅ ॥
সুরতি ৱিহূণা কোই ন কীঅ ॥
জেহী সুরতি তেহা তিনি রাহু ॥
লেখা ইকো আৱহু জাহু ॥

১। হে প্রভো। এই সংসারে যত জীব আছে তাঁহাদের খবর একমাত্র তোমারই জান আছে। তুমি এইরূপ কাহাকেও সৃষ্টি কর নাই; যাহার সম্বন্ধে খবর তোমার জানা নাই। যাহার যে প্রকার বুদ্ধি সে সেই প্রকার চলে। এক তোমার লেখা অনুসারে জীব আসে এবং যায়।

টীকা—এক সময়ে বৃষ্টি অভাবে দুর্ভিক্ষ হইয়া লোকের অত্যন্ত দুঃখ কষ্ট হইতেছে ইহা দেখিয়া শ্রীগুরু নানকজী পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়াছিলেন, তাহাতে এত বৃষ্টি হইল যে, অনেক প্রাণী বিনষ্ট হইল। তাহাতে নানকজী অনুতাপ পূর্ব্বক এই বাণী উচ্চারণ করেন। সুরতি=খবর, বুদ্ধি, জ্ঞান। দ্বিতীয়ার্থ—হে প্রভু তুমি যত জীব সৃষ্টি করিয়াছ সকলকেই (সুরতি) জ্ঞান বা বুদ্ধি দিয়াছ; এমন কোন জীব সৃষ্টি কর নাই যাহার জ্ঞান বা বুদ্ধি নাই। রাহু=রাস্তা, চলন। ভাব এই—তুমি যাহার অদৃষ্টে যেরূপ লিখিয়াছ, সে তদনুসারে সংসারচক্র পরিভ্রমণ করে।

কাহে জীঅ করহি চতুরাঈ ॥
লেৱৈ দেৱৈ ঢিল ন পাঈ ॥১॥ রহাউ ॥

রহাউ। হে প্রভু! জীব কেন চতুরতা করে? (অর্থাৎ কেন ভাল মন্দের বিচার করে?) ভগবানের লেন দেন ব্যাপারে কোনও শিথিলতা নাই।

টীকা—ঢিল=শিথিলতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেরে জীঅ জীআ কা তোহি ॥
কিত কউ সাহিব আৱহি রোহি ॥
জে তূ সাহিব আৱহি রোহি ॥
তূ ওনা কা তেরে ওহি ॥২॥

২। হে প্রভু! সমুদয় জীবই তোমার, এবং তুমিই জীবের আশ্রয়। হে প্রভু, কেন তুমি রোষ করিয়া আসিতেছ? হে স্বামিন্ প্রভো, যদিও তুমি রোষান্বিত হইয়া আসিতেছ, তুমি উহাদের, ঐ জীবগণের, এবং উহারাও তোমারই।

টীকা—রোহি=রোষান্বিত হইয়া।

অসী বোল ৱিগাড় ৱিগাড়হি বোল ॥
তূ নদরী অংদরি তোলহি তোল ॥
জহ করণী তহ পূরী মতি ॥
করণী বাঝহু ঘটে ঘটি ॥৩॥

৩। এই জীবগণ বাক্য ব্যবহারে মূর্খ অর্থাৎ কিরূপ কথা বলিতে হয় তাহা জানে না; ইহারা বিপরীত বাক্য বলিয়া কার্য্য পণ্ড করিয়া দেয়। (অর্থাৎ তোমার কার্য্যের বিচার করে ইহা ভাল, উহা মন্দ ইত্যাদি)। হে প্রভু! কৃপাদৃষ্টি দ্বারা তুমি সমস্ত ঠিক ঠিক ওজন করিয়া লও, সমুদয় সত্য বিচার করিয়া লও। যাহার শুভ কর্ম্ম থাকে, তাহার শুভ বুদ্ধিও পূর্ণ থাকে; অর্থাৎ কৃপা করিয়া তুমি তাহাকে পূর্ণ শুভবুদ্ধি প্রদান কর। আর শুভকর্ম্ম বিহীন জীবের বুদ্ধি অল্প হইতেও অত্যল্প।

টীকা—তোলহি তোল=ঠিক ঠিক ওজন করিয়া লও। করণী=শুভকর্ম্ম। বাঝহু=ব্যতীত। ঘটে ঘটি=অল্প হইতেও অল্প।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রণৱতি নানক গিআনী কৈসা হোই ॥
আপু পছাণৈ বুঝৈ সোই ॥
গুর প্রসাদি করে বীচারু ॥
সো গিআনী দরগহ পরৱাণু ॥৪॥

৪। নানক নিবেদন করিতেছে, জ্ঞানী কিরূপ অর্থাৎ জ্ঞানী কাহাকে বলে? যে আপনাকে সাক্ষীরূপ মাত্র বলিয়া জানে সেই তোমাকে যথাবৎ বুঝে। গুরুর কৃপাতে সে তোমার স্বরূপ বিচার করে, অর্থাৎ তুমিই একমাত্র কর্ত্তা ইহা বুঝিতে পারে। সেই জ্ঞানী এবং সেই তোমর দরবারে প্রামাণিক বলিয়া গণ্য হয়।

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৪ ॥

নং ৩১

তূ দরীআউ দানা বীনা মৈ মছুলী কৈসে অংতু লহা ॥
জহ জহ দেখা তহ তহ তূ হৈ তুঝ তে নিকসী ফুটি মরা ॥১॥

১। হে প্রভু, তুমি অগাধ সমুদ্র, তুমি জ্ঞাতা অর্থাৎ জীবের মনের প্রত্যেক মনকে—সমুদয় সংকল্প বিকল্পকে, তুমি জান, এবং তুমি দ্রষ্টা অর্থাৎ জীব মনের বাহিরে যাহা কিছু করে তাহাও দেখ, তোমার কিছুই অজানা নাই; আমি সামান্য মৎস্য মাত্র, কিরূপে তোমার অন্ত পাইতে পারিব? যেদিকে আমি দৃষ্টিপাত করি, তথায় তথায়ই তুমি বর্ত্তমান রহিয়াছ, তোমা হইতে বাহির হইয়া আসিলে আমি টুকরা টুকরা হইয়া মরিয়া যাই।

টীকা—দরীআউ=সমুদ্র। দানা=জ্ঞাতা। বীনা=দ্রষ্টা। নিকসী=বাহির হইয়া। ভাব এই চৈতন্য সত্তাকে ছাড়িয়া যখন আমি জগতের ব্যাপারে দৃষ্টি করি তখন আমি তোমা হইতে বাহির হই, আমি তোমা হইতে বিচ্ছিন্ন হইয়া যাই; তখন অনুতাপে দগ্ধ হইয়া দুঃখ ভোগ করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না জাণা মেউ না জাণা জালী ॥
জা দুখু লাগৈ তা তুঝৈ সমালী ॥১॥ রহাউ ॥

রহাউ। আমি জমরূপী জালিককেও জানিনা এবং তাঁহার ফাঁসরূপী জালকেও জানি না। যখন কোনও দুঃখ পাই তখন তোমাকেই স্মরণ করি।

টীকা—মেউ=জালিক, মৎস্যজীবী, ধীবর। সমালী=স্মরণ করি।

তূ ভরপূরি জানিআ মৈ দূরি ॥
জো কছু করী সু তেরৈ হদূরি ॥
তূ দেখহি হউ মুকরি পাউ ॥
তেরৈ কংমি ন তেরৈ নাই ॥২॥

২। হে প্রভু, তুমি সর্ব্বঘটে ভরপুর হইয়া রহিয়াছ অথচ আমি তোমাকে দূরে মনে করিতেছি। আমি যাহা কিছু করি তোমার সাক্ষাতেই করি (কারণ এমন কোনও স্থান নাই যথায় তুমি বর্ত্তমান নহ)। তুমি আমার সমুদয় কর্ম্ম দেখিতেছ কিন্তু আমি তাহা অস্বীকার করি (অর্থাৎ তুমি যে সর্ব্বদ্রষ্টা এবং অন্তর্য্যামী ইহা স্মরণ রাখিয়া আমি কর্ম্ম করি না)। আমি না করি তোমার কর্ম্ম (তোমার সেবাপূজা বা জীবসেবা), না লই তোমার নাম।

টীকা—হদূরি=সাক্ষাতে। মুকর পাউ=অস্বীকার করি।

জেতা দেহি তেতা হউ খাউ ॥
বিআ দরু নাহী কৈ দরি জাউ ॥
নানক এক কহৈ অরদাসি ॥
জীউ পিংডু সভু তেরৈ পাসি ॥৩॥

৩। তুমি যত দেও আমি তত খাই। তুমি ছাড়া দ্বিতীয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi.

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দরজা'তো আর নাই, আমি কাহার দরজায় যাইব? নানক এই এক নিবেদন জানাইতেছে, হে স্বামিন্! আমার প্রাণ ও দেহ সবই তোমার নিকটে অর্থাৎ তোমার অধীন।

টীকা—বিআ=দ্বিতীয়। অরদাসি=নিবেদন।

আপে নেড়ৈ দূরি আপে হী আপে মংঝি মিআনো ॥
আপে ৱেখৈ সুণৈ আপে হী কুদরতি করে জহানো ॥
জো তিসু ভাৱৈ নানকা হুকমু সোঈ পরৱানো ॥৪॥

৪। হে প্রভো, তুমিই নিকটে, তুমিই দূরে, তুমিই মধ্যমান অর্থাৎ এই দুইয়ের মধ্যবর্ত্তী স্থানেও তুমিই রহিয়াছ (তুমিই সর্ব্বত্র বর্ত্তমান)। তুমি আপনিই দেখ, আপনিই শোন এবং তুমি তোমার নিজ মায়াশক্তি দ্বারা এই জগৎ সৃষ্টি কর। হে প্রভো, তোমার যাহা ইচ্ছা, তাহাই নানকের নিকটে হুকুম, এবং তোমার হুকুমই প্রমাণ অর্থাৎ শিরোধার্য্য।

টীকা—মংঝি মিআনো=মধ্যমান, মধ্যস্থলে। কুদরতি=শক্তি। জহানো=জগৎ।

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৪ ॥

নং ৩২

কীতা কহা করে মনি মানু ॥
দেৱণহারে কৈ হথি দানু ॥
ভাৱৈ দেই ন দেঈ সোই ॥
কিতৈ কৈ কহিঐ কিআ হোই ॥১॥

১। হে প্রভো, তোমার সৃষ্ট-জীব মনে কি অভিমান করিতে পারে, কারণ যিনি দানের কর্ত্তা, দাতা, তাঁহার হাতেই তো দান।

তোমার ইচ্ছা হয়ত দান কর, না ইচ্ছা হয়ত দান কর না। তোমার সৃষ্ট জীবের কথাতে কি আসে যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা—কীতা=কৃত অর্থাৎ সৃষ্ট জীব। মানু=অভিমান, অহঙ্কার। দেৱণহার=দানের কর্ত্তা। হথি=হাতে।

আপে সচু ভাৱৈ তিসু সচু ॥
অংধা কচা কচু নিকচু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে প্রভো, তুমি সত্যস্বরূপ এবং তোমার ইচ্ছাও সত্য (অর্থাৎ যাহা তুমি করিতে ইচ্ছা কর তাহাই হয়)। কিন্তু অন্ধ অজ্ঞানী জীব কাঁচা; কাঁচা হইতেও অধিকতর কাঁচা, যেহেতু তাহার নিশ্চয়াত্মিকা বুদ্ধি নাই।

টীকা—কচু নিকচু=কাঁচা হইতেও অধিক কাঁচা।

জা কে রুখ বিরখ আরাউ ॥
জেহী ধাতু তেহা তিন নাউ ॥
ফুল ভাউ ফলু লিখিআ পাই ॥
আপি বীজি আপে হী খাই ॥২॥

২। যাহার, এক প্রভুর, আশ্রয়ে সমস্ত আগাছা এবং ফলবান বৃক্ষ, ইহাদের মধ্যে যাহার যেরূপ প্রকৃতি সেইরূপ তাহার নাম হয়। অর্থাৎ ছোট বড় সকলেই পরমেশ্বরের অধীন, কিন্তু যেরূপ যাহার কর্ম্মপ্রকৃতি সেইরূপ তাহার নাম হয়; মানুষ তাহাদের ফল অনুসারে নামকরণ করে। জীবের ভাবনা, ইচ্ছা, হইতেছে ফুল এবং কর্ম্ম হইতেছে ঐ ফুলের ফল ইহা লিখন অনুসারে মিলে অর্থাৎ কর্ম্মানুসারে অদৃষ্টে যাহা লিপিবদ্ধ হয় তদনুসারে তাহার ভোগ হয়। মানুষ আপনি যেরূপ বীজ বপন করে সেইরূপ ফল আপনিই ভোগ করে।

টীকা—রুখ=জঙ্গলী গাছ, যাহাদিগকে কেহ জল-সেচনাদি যত্ন করে না। বিরখ=বৃক্ষ, মূল্যবান গাছ যাহা উদ্যানে হয় এবং উদ্যানস্বামী যাহার জল সেচনাদি সেবা করে। আরাউ=আশ্রয়। রুখ বিরুখ ইত্যাদি=ভাব এই যে, ছোট বড় গাছের মত ছোট বড় সকল মানুষই পরমেশ্বরের আশ্রয়ে রহিয়াছে। ধাতু=প্রবৃত্তি বা কর্ম্ম। বীজি=বীজ বপন করে। জপজী পৌড়ী ২০ দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কচী কংধ কচা ৰিচি রাজু ॥
মতী অলুণী ফিকা সাদু ॥
নানক আণে আৰৈ রাসি ॥
ৰিণু নাৰৈ নাহী সাবাসি ॥৩॥

৩। দেহ কাঁচা অর্থাৎ নশ্বর; তাহার অভ্যন্তরে মনরূপী রাজ-মিস্ত্রী, যে তাহার ভিত্তি প্রস্তুত করে, সেও কাঁচা। লবণ বিনা ব্যঞ্জন যেরূপ স্বাদহীন, ভগবৎ প্রেমহীন বুদ্ধিও সেইরূপ ফিকা, আনন্দ বর্জিত। নানক কহিতেছে, হে প্রভো, যাহাকে তুমি আপনি কৃপা করিয়া সত্যে লইয়া আইস, সেই আসিতে পারে। বিনা নামে জীবের পরলোকে কোনও যশপ্রাপ্তি হয় না।

টীকা—কংধ=দেহ। রাজু=রাজমিস্ত্রী। রাসি=সত্য। সাবাসি=সাবাস, প্রশংসা, যশ।

শ্রীরাগ মহলা ১ ॥ ঘর ৫ ॥

নং ৩৩

প্রসিদ্ধ মুসলমান ফকির সেখ বইরাম গুরু শ্রীনানকজীকে প্রশ্ন করিয়াছিলেন, "হে ভগবন্, মায়ার স্বরূপ কি?" তাহার উত্তরে শ্রীনানকজী এই বাণী উচ্চারণ করিয়াছিলেন ঃ—

অছল ছলাঈ নহ ছলৈ ॥
নহি ঘাউ কটারা করি সকৈ ॥
জিউ সাহিবু রাখৈ তিউ রহৈ ॥
ইসু লোভী কা জীউ টলপলৈ ॥১॥

১। মায়া ছলনার যোগ্য নহে, কেহ তাহাকে ছলনা করিতে পারে না। কাটারী প্রভৃতি শস্ত্রদ্বারা তাহাকে কেহ আঘাত করিতে সক্ষম হয় না। যেরূপে তাহার প্রভু, মায়াপতি শ্রীপরমেশ্বর, তাহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাখেন, সে সেইরূপই থাকে, অর্থাৎ মায়া স্বতন্ত্র নহে। মায়া লোভী জীবের মনকে টলটলায়মান করে, অর্থাৎ বিচলিত করিয়া দেয়।

টীকা—অছল=যাহাকে ছলনা করা যায় না।

বিনু তেলু দীৱা কিউ জলৈ ॥১॥ রহাউ ॥

রহাউ। তেল বিনা দীপ কিরূপে জ্বলিবে অর্থাৎ এই মায়িক অন্ধকার কিরূপ দীপ হইলে দূর হইতে পারে ?

পোথী পুরাণ কমাঈঐ ॥
ভউ ৱটী ইতু তনি পাঈঐ ॥
সচু বূঝণু আণি জলাঈঐ ॥২॥

২। ধর্ম্মগ্রন্থ ও পুরাণের সিদ্ধান্তগুলিকে ধারণা কর, অর্থাৎ শাস্ত্রোপদিষ্ট নিষ্কাম কর্ম্ম এবং উপাসনা কর, ইহাই তেল, ভগবানের প্রতি যে ভয় তাহাই বাতি অর্থাৎ সলিতা, আর এই তনু, শরীর হইতেছে দীপ ; ভাব এই, শরীররূপ দীপে পরমেশ্বরের ভয়রূপ সলিতা ধারণ কর। এবং সত্যস্বরূপ পরমেশ্বরের উপলব্ধিরূপ যে জ্ঞান তাহা সদ্‌গুরুর নিকট হইতে আনিয়া সেই জ্ঞানাগ্নি-দ্বারা এই বাতি প্রজ্জ্বলিত কর।

টীকা—পোথী=কোরাণ প্রভৃতি ধর্ম্মগ্রন্থ। ৱটী=বাতি, পলিকা। বূঝণু =বোধ, জ্ঞান।

ইহু তেলু দীৱা ইউ জলৈ ॥
করি চানণু সাহিব তউ মিলৈ ॥১॥ রহাউ ॥

রহাউ। এইরূপ তৈল দ্বারা প্রদীপ এই প্রকারে জ্বলে (তাৎপর্য্য এই যে নিষ্কাম কর্ম্মের তৈল, ভগবানের ভয়রূপ বাতি, এই দেহরূপ প্রদীপে রাখিয়া জ্ঞানাগ্নি দ্বারা ইহাকে প্রজ্জ্বলিত করিতে হয়)। এই বাতির আলোকে হৃদয় আলোকিত করিলে তবে প্রভু মিলিবে।

টীকা—চানণু=উজ্জ্বল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইতু তনি লাগৈ বাণীআ ॥
সুখু হোবৈ সেৱ কমাণীআ ॥
সভু দুনীআ অৱণি জাণীআ ॥৩॥

৩। এই শরীরে যমরূপী (অথবা চিত্রগুপ্তরূপী) বাণিয়া বসিয়া আছে। (ভাব এই যে বাণিয়া খাতা লেখায় পটু, চিত্রগুপ্তরূপ বাণিয়া জীবের শরীরে বসিয়া তাহার কর্ম্মের হিসাব ঠিক ঠিক লিখিতেছে)।

সাধুসেবারূপ ধর্ম্ম যদি অর্জ্জন কর, তাহা হইলে সুখ হইবে; এবং তখন জানিতে পারিবে যে দুনিয়া অর্থাৎ সমস্ত সংসারই আসে অর্থাৎ সৃষ্ট হয়, সুতরাং নাশ প্রাপ্তও হয় অর্থাৎ নশ্বর।

ৰিচি দুনীআ সেৱ কমাঈঐ ॥
তা দরগহ বৈসণু পাঈঐ ॥
কহু নানক বাহ লুডাঈঐ ॥৪॥

৪। সংসারের ভিতরে থাকিয়াই সেবাধর্ম্ম অর্জ্জন কর। তাহা হইলেই প্রভুর দরবারে বসিতে স্থান পাইবে। নানক কহিতেছে, তাহা হইলে বাহু দোলাইয়া অর্থাৎ নির্ভয় হইয়া চলিতে পারিবে।

টীকা—কমাঈঐ = অর্জন কর। লুডাঈঐ = দোলাইয়া চলিবে।

শ্রীরাগ মহলা ৩ ॥ ঘর ১ ॥

(গুরু শ্রীঅমরদাসজী রচিত)

নং ১।৩৪

হউ সতিগুরু সেৱী আপণা ইক মনি ইক চিতি ভাই ॥
সতিগুরু মন কামনা তীরথু হৈ জিসনো দেই বুঝাই ॥
মনু চিংদিআ ৱরু পাৱণা জো ইছৈ সো ফলু পাই ॥
নাউ ধিআঈঐ নাউ মংগীঐ নামে সহজি সমাই ॥১॥

১। আমি আমার সদ্‌গুরুকে প্রেম পূর্ব্বক একমন ও একচিত্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া সেবা করিতেছি। সদ্‌গুরু মনস্কামনা পূরণকারী তীর্থ, তাহা সেই জানে যাহাকে তিনি বুঝাইয়া দেন। সদ্‌গুরুতীর্থে মন যেরূপ চিন্তা করে অর্থাৎ মনের অভিপ্রেত বর পাওয়া যায়, যে ফল ইচ্ছা করে সেই ফলই পায়। নাম ধ্যান কর, সদগুরুর নিকটে নাম মাগিয়া লও, নামেই পরব্রহ্মে সমাহিত হইবে।

টীকা—ভাই=ভাব অর্থাৎ প্রেমের সহিত। মন কামনা তীরথু হৈ=দ্বিতীয়ার্থ, "সদ্‌গুরু মনের কামনা মত তীর্থ অর্থাৎ সদ্‌গুরুরূপ তীর্থই আমি কামনা করি, অন্য তীর্থ চাই না।" সহজি=সহজ, এস্থলে পরব্রহ্ম।

মন মেরে হরিরসু চাখু তিখ জাই ॥
জিনী গুরমুখি চাখিআ সহজে রহে সমাই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, হরি রস আস্বাদন কর, তোমার বিষয় তৃষ্ণা চলিয়া যাইবে। যাহারা গুরু অনুগত হইয়া নামরস আস্বাদন করে তাহারা সহজে অর্থাৎ পরমপদ পরব্রহ্মে সমাহিত বা মগ্ন হইয়া যায়।

টীকা—চাখু=চাখ, আস্বাদন কর। তিখ=তৃষ্ণা।

জিনী সতিগুরু সেৱিআ তিনী পাইআ নামু নিধানু ॥
অংতরি হরিরসু রৱি রহিআ চুকা মনি অভিমানু ॥
হিরদৈ কমলু প্রগাসিআ লাগা সহজি ধিআনু ॥
মনু নিরমলু হরি রৱি রহিআ পাইআ দরগহি মানু ॥২॥

২। যাহারা সদ্‌গুরুর সেবা করে, তাহারা নাম পরমনিধি প্রাপ্ত হয়। তাহাদিগের অন্তরে হরিরস, প্রেম, পূর্ণ হইয়া থাকে; তাহাদিগের মনের অভিমান চুকিয়া যায়। হৃদয় কমল বিকসিত হয় এবং (সহজে) পরব্রহ্মে অথবা (সহজে) স্বাভাবিক ভাবে, স্বভাবতঃ ভগবানে ধ্যান লাগিয়া যায়। তাহাদের নির্ম্মল মনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানিতে পারে যে হরি সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছেন, এবং তাহারা পরলোকে হরির দরবারে মান পায়।

সতিগুরু সেৱনি আপণা তে বিরলে সংসারি ॥
হউমৈ মমতা মারি কৈ হরি রাখিআ উরধারি ॥
হউ তিন কৈ বলিহারণৈ জিনা নামে লগা পিআরু ॥
সেঈ সুখীএ চহু জুগী জিনাঁ নামু অখুটু অপারু ॥৩॥

৩। যে আপন সদ্‌গুরুকে সেবা করে এমন পুরুষ সংসারে বিরল। সে অহংতা, মমতা, অর্থাৎ "আমি, আমার" এই অভিমান নাশ করিয়া, হরিকে হৃদয়ে ধারণ করিয়া রাখে। যাহার নামে রুচি হইয়াছে আমি তাহার বলিহারী যাই। চতুর্যুগের মধ্যে সেই সুখী যাহার নিকটে নাম অপার এবং অফুরন্ত, অর্থাৎ যিনি অনুক্ষণ নাম করেন।

গুর মিলিঐ নামু পাঈঐ চূকৈ মোহি পিআস ॥
হরি সেতী মনু রবি রহিআ ঘর হী মাহি উদাসু ॥
জিনা হরি কা সাদু আইআ হউ তিন বলিহারৈ জাসু ॥
নানক নদরী পাঈঐ সচু নামু গুণ তাসু ॥৪॥

৪। গুরুর সহিত মিলন হইলে নাম তাঁহার নিকটে পাওয়া যায়। নাম লাভ হইলে মোহ এবং পিপাসা, বিষয় তৃষ্ণা মিটিয়া যায়; তাঁহার মন হরির সহিত মিলিত হইয়া থাকে এবং তিনি গৃহে থাকিয়াও উদাসীনবৎ থাকেন। যিনি হরির নামের স্বাদ পাইয়াছেন, আমি তাঁহার বলিহারী যাই। নানক কহিতেছে, সত্য নাম এবং নামের গুণ অর্থাৎ রস শ্রীভগবানের কৃপাদৃষ্টিতেই পাওয়া যায়।

টীকা—সেতী=সহিত। মাহি=মধ্যে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ২।৩৫

বহু ভেক কর ভরমাঈঐ মনি হিরদৈ কপটু কমাই ॥
হরি কা মহলু ন পাৱঈ মরি ৱিসটা মাহি সমাই ॥১॥

১। হে মন জীব যদি বহু প্রকার (সাধু ভক্তগণের) বেশ ধারণ করিয়া ভ্রমণ করে, কিন্তু মনে এবং হৃদয়ে কপটতা অর্জন করে, তাহা হইলে সে শ্রীহরির মহল, তাঁহার স্থান, প্রাপ্ত হইবে না এবং মৃত্যুর পরে বিষ্ঠাতে নিমগ্ন হইবে—অর্থাৎ নরকে ডুবিবে।

মন রে গৃহ হী মাহি উদাসু ॥
সচু সংজমু করণী সো করৈ গুরমুখি হোই প্রগাসু ॥১॥ রহাউ॥

রহাউ। হে মন, তুমি গৃহে থাকিয়াই সংসারে উদাসীন হইয়া বাস কর। সত্য এবং সংযমরূপ আচরণ সেই করিতে পারে, যে গুরুমুখ জনের জ্ঞান উদ্ভাসিত হইয়াছে অথবা সত্যাসত্য বিচার জ্ঞান হইয়াছে।

টীকা—প্রগাসু=প্রকাশ, জ্ঞানের অথবা সত্যাসত্য বিচার শক্তির প্রকাশ।

গুর কৈ সবদি মনু জীতিআ গতি মুকতি ঘরৈ মহি পাই ॥
হরি কা নামু ধিআঈঐ সত সংগতি মেলি মিলাই ॥২॥

২। যিনি গুরুর উপদেশে মনকে জয় করেন, তিনি ঘরে থাকিয়াই সদ্‌গতি এবং মুক্তি লাভ করিয়া থাকেন। অতএব হে মন, সাধুগণের সংগতে মিলিত হইয়া হরির নাম ধ্যান কর।

টীকা—সবদি=গুরুপ্রদত্ত নাম বা উপদেশ।

জে লখ ইসত্রীআ ভোগ করহি নৱখণ্ড রাজু কমাহি ॥
বিনু সতিগুর সুখু ন পাৱঈ ফিরি ফিরি জোনী পাহি ॥৩॥

৩। যদি কেহ লক্ষ স্ত্রী-উপভোগ করে, এবং নবখণ্ডে বিভক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমগ্র পৃথিবীর রাজত্ব ভোগ করে, তথাপি সদ্‌গুরু বিনা কখনও সুখ পাইবে না, সে ফিরিয়া ফিরিয়া পুনঃ পুনঃ নানা যোনি ভ্রমন করে (বার বার তাহার জন্ম মৃত্যু হইতে থাকে)।

হরি হারু কংঠ জিনী পহিরিআ গুর চরণী চিতু লাই ॥
তিনা পিছৈ রিধি সিধি ফিরৈ ওনা তিলু ন তমাই ॥৪॥

৪। হরিনামের হার যাঁহারা কণ্ঠে পরিধান করেন, অর্থাৎ কণ্ঠে সর্ব্বদা হরিনাম উচ্চারণ করেন এবং যাঁহাদিগের চিত্ত শ্রীগুরুর চরণে নিবিষ্ট থাকে তাঁহাদিগের পশ্চাতে ঋদ্ধি সিদ্ধ ঘুরিয়া বেড়ায়, কিন্তু তাঁহাদিগের সেই সকল ঐশ্বর্য্যে তিলমাত্র লোভ হয় না।

টীকা—ঋদ্ধি=সর্ব্বতোমুখী শ্রীবৃদ্ধি। ন তমাই=চাহে না।

জো প্রভু ভাৱৈ সো থীঐ অৱরু ন করণা জাই ॥
জনু নানকু জীৱৈ নামু লৈ হরি দেৱহু সহজি সুভাই ॥৫॥

৫। প্রভু যাহা ইচ্ছা করেন তাহাই হয়, অন্য কিছু করা যায় না। হে হরি! দাস নানক তোমার নাম লইয়া বাঁচিয়া আছে, তাহাকে তুমি শান্ত স্বভাব দান কর।

টীকা—সহজি সুভাই=শান্ত স্বভাব, অথবা সহজ ও সরল স্বভাব, অথবা জ্ঞান ও প্রেম।

শ্রীরাগ মহলা ৩ ॥ ঘর ১ ॥

নং ৩ ॥ ৩৬ ॥

জিস হী কী সিরকার হৈ তিস হী কা সভু কোই ॥
গুরমুখি কার কমাৱণী সচু ঘটি পরগটু হোই ॥
অংতরি জিস কে সচু ৱসৈ সচে সচি সোই ॥
সচি মিলে সে ন ৱিছুড়হি তিন নিজ ঘরি ৱাসা হোই ॥১॥

১। যাঁহারই সরকার—রাজত্ব, সমস্তই তাঁহার অধীন। গুরুমুখী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া কার্য্যকর তাহা হইলে সত্যস্বরূপ পরমেশ্বর সত্যঘটে—স্বহৃদয়ে প্রকাশিত হইবেন। যাহার অন্তরে সত্যনাম (অথবা সত্যস্বরূপ পরমেশ্বর) বাস করেন সেই সত্যপুরুষের সত্য শোভা হয়। সত্য লাভ হইলে আর তাহার বিচ্ছেদ হয় না, তখন তাহার ঘরে—স্বরূপে স্থিতি হয়।

টীকা—সিরকার=সরকার, রাজত্ব।

মেরে রাম মৈ হরি বিনু অৱরু ন কোই ॥
সতগুরু সচু প্রভু নিরমলা সবদি মিলাৱা হোই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার রাম, হরি বিনা অন্য কিছু আমি জানি না। সত্য ও নির্ম্মল প্রভুকে সদ্‌গুরুর উপদেশেই পাওয়া যায়।

সবদি মিলৈ সো মিলি রহৈ জিস নউ আপে লএ মিলাই ॥
দূজৈ ভাই কো না মিলে ফিরি ফিরি আৱৈ জাই ॥
সভ মহি ইকু ৱরতদা একো রহিআ সমাই ॥
জিসনো আপি দইআলু হোই সো গুরমুখি নামু সমাই ॥২॥

২। যে শব্‌দ অর্থাৎ সদ্‌গুরুর উপদেশ লাভ করে, সে পরমেশ্বরের সহিত মিলিত হইয়া থাকে, যাহাকে প্রভু আপনি কৃপা করিয়া সদ্‌গুরুর সহিত মিলিত করেন। দ্বৈতভাবযুক্ত পুরুষের পরমেশ্বর মিলে না, সে ফিরিয়া ফিরিয়া আসে যায়, বারবার জন্ম মৃত্যু হয়। সকলের মধ্যে এক অদ্বিতীয় প্রভু বর্ত্তমান এবং একের মধ্যেই সমস্ত সমাহিত রহিয়াছে। যাহার প্রতি প্রভু আপনি দয়া করেন, সেই জনই গুরুমুখী হইয়া নামে সমাহিত হয়।

টীকা—বরতদা=বর্ত্তমান রহিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পড়ি পড়ি পংডিত জোতকী ৱাদ করহি বীচারু ॥
মতি বুধি ভৱী ন বুঝঈ অংতরি লোভু ৱিকারু ॥
লখ চউরাসীহ ভ্রমদে ভ্রমি ভ্রমি হোই খুআরু ॥
পূরবি লিখিআ কমাৱণা কোই ন মেটণু হারু ॥৩॥

৩। পণ্ডিত এবং জ্যোতিষীগণ (শাস্ত্র) পড়িয়া পড়িয়া বাদানুবাদ এবং বৃথা বিচার করে। তাহাদিগের মতি এবং বুদ্ধি ভগবদ্‌বিমুখ। তাহারা তত্ত্ব বুঝে না; তাহাদিগের অন্তরে লোভরূপী বিকার—রোগ, বর্ত্তমান। তাহারা চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিয়া দুঃখ ভোগ করে। তাহারা পূর্ব্বের অদৃষ্টের লেখা অনুসারে কর্ম্মফল ভোগ করে, কেহই তাহা মিটাইতে পারে না।

সতিগুরু কী সেৱা গাখড়ী সিরু দীজৈ আপু গৱাই ॥
সবদি মিলহি তাঁ হরি মিলে সেৱা পৱৈ সভ থাই ॥
পারসি পরসিঐ পারসু হোই জোতী জোতি সমাই ॥
জিন কউ পূরবি লিখিআ তিন সতিগুরু মিলিআ আই ॥৪॥

৪। সদ্‌গুরুর সেবা অত্যন্ত কঠিন, কারণ সেবা করিতে হইলে আত্মাভিমান নষ্ট করিয়া ফেলিয়া আপনার মস্তক অর্পণ করিতে হইবে তাঁহার নিকটে। এইরূপ গুরুসেবা করিলে গুরু উপদেশ যখন লাভ হয়, তখন হরি মিলে এবং সেবা তখন সফল হয়। পরশমণি স্পর্শ করিয়া পরশমণিই হইয়া যায়। পরমাত্মার জ্যোতিতে জীবাত্মার জ্যোতি সমাহিত হইয়া অভেদ হইয়া যায়। যাহার অদৃষ্ট লিপিতে পূর্ব্ব হইতে এই সৌভাগ্যের কথা লিখিত আছে সেই ইহসংসারে আসিয়া সদ্‌গুরুর সহিত মিলিত হয়।

টীকা—গাখড়ী=কঠিন। সিরু দীজৈ=অর্থাৎ মাথা কাটিয়া ফেলিলেও কিছু বলা চলিবে না। আপু গৱাই=আপনাকে সম্পূর্ণ নষ্ট করিয়া, "শির দিতেছি"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই অভিমানও থাকিবে না। পৱৈ সভ থাই=সফলতা পাইবে। পারসিঐ= লৌহে পরশমণির স্পর্শ হইলে তাহা স্বর্ণ হইয়া যায়, পরশমণি হয় না, কিন্তু এস্থলে পরমাত্মার স্পর্শে জীবাত্মা তাহার সহিত অভেদ হইয়া যায়।

মন ভুখা ভুখা মতি করহি মত তূ করহি পুকার ॥
লখ চউরাসীহ জিনি সিরী সভসৈ দেই অধারু ॥
নিরভউ সদা দইআলু হৈ সভনা করদা সার ॥
নানক গুরমুখি বুঝীঐ পাঈঐ মোখ দুআরু ॥৫॥

৫। হে মন, তুমি 'ভুখা ভুখা', "আমি ক্ষুধার্ত্ত, আমি ক্ষুধার্ত্ত" এইরূপ আর্ত্তরব করিও না, এইরূপ বলিয়া করিও না তুমি চীৎকার, কারণ যিনি চৌরাশী লক্ষপ্রকার জীব সৃষ্টি করিয়াছেন, তিনি সকলকেই আহার দান করেন। সেই নির্ভয় প্রভু পরমেশ্বর সর্ব্বদাই দয়াল। তিনি সকলেরই সমাধান করিয়া থাকেন। নানক কহিতেছে, গুরুমুখী হইয়া—গুরুর অনুগত হইয়া, তাঁহার উপদেশে এই তত্ত্ব বুঝিয়া লও; তাহা হইলে মোক্ষের দ্বার—মুক্তির পথ লাভ করিবে।

শ্রীরাগ, মহলা ৩ ॥

নং ৪ ॥ ৩৭ ॥

জিনী সুণি কৈ মংনিআ তিনা নিজ ঘরি ৱাসু ॥
গুরমতী সালাহি সচু হরি পাইআ গুণ তাসু ॥
সবদি রতে তে নিরমলে হউ সদ বলিহারৈ জাসু ॥
হিরদৈ জিন কৈ হরি ৱসৈ তিতু ঘটি হৈ পরগাসু ॥ ১ ॥

১। যাঁহারা গুরুর নিকটে পরমেশ্বরের নাম শ্রবণ করিয়া মনন করেন তাঁহারা নিজের ঘরে বাসা পায়েন অর্থাৎ স্বরূপে অধিষ্ঠিত হয়েন। তাঁহারা গুরুমতি—গুরুর প্রতি শ্রদ্ধাবান হইয়া তাঁহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপদেশে হরিগুণ গান করেন এবং সর্ব্বগুণের আধার সত্যস্বরূপ শ্রীহরিকে লাভ করেন। যে গুরুর উপদেশে অনুরক্ত থাকে, সে নির্ম্মল হইয়া যায়, আমি সর্ব্বদা তাহার বলিহারি যাই। যাঁহাদের হৃদয়ে হরি বাস করেন, তাঁহাদিগের অন্তরে জ্ঞান প্রকাশিত হয়।

টীকা—মংনিআ=মনন করে অর্থাৎ একচিত্ত হইয়া অনবরত অনুচিন্তা করে। সালাহি=প্রশংসা করা, স্তব, স্তুতি গুণগান।

মন মেরে হরি হরি নিরমলু ধিআই।
ধুরি মসতকি নিজ কউ লিখিআ সে গুরমুখি রহে লিৱলাই॥১॥রহাউ

রহাউ। হে আমার মন, তুমি নির্ম্মল হরি হরি ধ্যান কর। যে গুরুমুখী জনের মস্তকে এই সৌভাগ্যের কথা আদিতেই লিখিত আছে, সেই গুরুমুখী ব্যক্তিই শ্রীহরির ধ্যানে চিত্তবৃত্তি একান্তভাবে লাগাইতে পারে।

হরি সংতহু দেখহু নদরি করি নিকটি ৱসৈ ভরপূরি॥
গুরমতি জিনী পছাণিআ সে দেখহি সদা হদূরি॥
জিন গুণ তিন সদ মনি ৱসৈ অউগণ-ৱংতিআ দূরি॥
মনমুখ গুণ তৈ বাহরে বিনু নাৱৈ মরদে ঝুরি॥২॥

২। হে সন্তগণ, দেখ, শ্রীহরি জীবের প্রতি কৃপা করিয়া পূর্ণ-স্বরূপে তাহাদিগের নিকটে রহিয়াছেন। গুরু উপদেশে যাহারা তাঁহাকে চিনিতে পারিয়াছে তাহারা দেখে যে শ্রীহরি সর্ব্বদা সম্মুখে বর্ত্তমান। যাহাদিগের মনে (সত্ব) গুণ আছে, তাহাদিগের হৃদয়ে শ্রীহরি সর্ব্বদা বাস করেন; আর যাহারা অবগুণ অর্থাৎ দোষবহুল গুণহীন তাহাদিগের নিকট হইতে তিনি দূরে। মনমুখ জনগণ গুণরহিত এবং নাম বিহনে ঝুরিয়া মরে—বহু দুঃখ ভোগ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিনি সবদু গুরূ সুণি মংনিআ তিনি মনি ধিআইআ হরি সোই ॥
অনদিনু ভগতী রতিআ মনু তনু নিরমলু হোই ॥
কূড়া রংগু কুসুংভ কা বিনসি জাই দুখু রোই ॥
জিসু অংদরি নামু প্রগাসু হৈ ওহু সদা সদা থিরু হোই ॥৩॥

৩। যাহারা গুরুমুখ নিঃসৃত শব্দ অর্থাৎ উপদেশ শ্রবণ করিয়া মনন করে তাহারা হরিকে মনে ধ্যান করে। অনুদিন—দিবারাত্রি ভক্তিতে অনুরক্ত থাকিয়া তাহাদিগের দেহমন নির্ম্মল হইয়া যায়। (বিষয়ানন্দ) কুসুম, ফুলের রংয়ের মত কাঁচা, অল্পকাল স্থায়ী, সুতরাং মিথ্যা ও তাহা নষ্ট হইয়া যায়, তখন দুঃখে কাঁদিতে হয়। কিন্তু যাহার ভিতরে, হৃদয়ে, নাম প্রকাশিত অর্থাৎ উজ্জ্বল হয়, সে সর্ব্বদা স্থির থাকে।

ইহু জনমু পদারথু পাই কৈ হরি নামু ন চেতৈ লিব লাই ॥
পগি খিসিঐ রহণা নহী আগৈ ঠউরু ন পাই ॥
ওহ বেলা হথি ন আবঈ অংতি গইআ পছুতাই ॥
জিসু নদরি করে সো উবরৈ হরি সেতী লিব লাই ॥৪॥

৪। এই মনুষ্য জন্মরূপ অমূল্য পদার্থ লাভ করিয়া যে চিত্তবৃত্তি লাগাইয়া একাগ্রতা সহকারে হরিনাম চিন্তা না করে, তাহার পা কাঁপে, এই দেহরূপ গৃহে আর থাকিতে পারে না, এবং পরকালে উত্তম স্থান পায় না। সেই যাইবার বেলা, এই মনুষ্য জন্মরূপ সুযোগ আর আমার হাতে আসিবে না অন্তকালে এই অনুতাপ করিতে করিতে যায়। যাহার প্রতি শ্রীহরি কৃপাদৃষ্টি করেন সেই তাঁহাতে চিত্তবৃত্তি একাগ্রভাবে লাগাইয়া উদ্ধার পাইয়া যায়।

টীকা—পগি=পা। খিসিঐ=কম্পিত হয়। ঠউরু=উত্তম স্থান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখা দেখী সভ করে মনমুখি বূঝ ন পাই ।।
জিন গুরমুখি হিরদা সুধু হৈ সেৱ পঈ তিন থাই ।।
হরিগুণ গাৱহি হরি নিত পড়হি হরিগুণ গাই সমাই ।।
নানক তিন কী বাণী সদা সচু হৈ জি নামি রহে লিৱ লাই
।।৫।।৪।।৩৭।।

৫। মনমুখ ব্যক্তি দেখাদেখি অর্থাৎ অপরের দেখিয়া দেখিয়া সমুদয় কর্ম্ম করে, কিন্তু ভিতরের (সাধন রহস্য) কিছুই বুঝিতে পারে না। যে গুরুমুখী জনগণের হৃদয় শুদ্ধ তাহাদিগের সেবাই স্থায়ী অর্থাৎ সফল হয়। তাহারা নিত্য হরিগুণ গান করে, হরি কথা সংবলিত শাস্ত্র গ্রন্থ পাঠ করে, এবং হরিগুণ গাহিয়া তাহাতেই সমাহিত হয়। নানক কহিতেছে, যে গুরুমুখী জন নামে একাগ্রভাবে চিত্তবৃত্তি নিবদ্ধ রাখে তাহার বাণী সর্ব্বদা সত্য হয়।

শ্রীরাগ, মহলা ৩।।

নং ৫।৩৮

জিনী ইকমনি নামু ধিআইআ গুরমতী ৱীচারি ।।
তিন কে মুখ সদ উজলে তিতু সচৈ দরবারি ।।
ওই অম্রিতু পীৱহি সদা সদা সচৈ নামি পিআরি ।।১।।

১। যাহারা গুরুর উপদেশ অনুসারে সত্যাসত্য বিচার পূর্ব্বক এক মনে, একাগ্রতার সহিত, নাম ধ্যান করে, তাহাদিগের মুখ সত্যস্বরূপ পরমেশ্বরের দরবারে সর্ব্বদা উজ্জ্বল থাকে। তাহারা সর্ব্বদা সত্যনামের সত্য প্রেমে মগ্ন থাকিয়া নামামৃত পান করে।

টীকা—ৱীচারি=সত্যাসত্য বিচার করিয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাই রে গুরমুখি সদা পতি হোই ॥
হরি হরি সদা ধিআঈঐ মলু হউমৈ কঢ়ে ধোই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, গুরুমুখী জনের সর্ব্বদাই সম্মান লাভ হয়। সে সর্ব্বদাই হরি হরি নাম ধ্যান করে এবং "আমি আমার" এই অভিমান মল ধৌত করিয়া বাহির করিয়া দেয়।

টীকা—পতি=সম্মান। কঢ়ে=বাহির করিয়া দেয়।

মনমুখি নামু ন জাণনী ৱিণু নাৱৈ পতি জাই ॥
সবদৈ সাদু ন আইও লাগে দূজৈ ভাই ॥
ৱিসটা কে কীড়ে পৱহি ৱিচি ৱিসটা সে ৱিসটা মাহি সমাই ॥২ ॥

২। মনমুখীজন পরমেশ্বরের নাম জপ করিতে জানে না, এবং নাম বিহনে তাহার সম্মান চলিয়া যায়। শব্দ অর্থাৎ গুরুপ্রদত্ত নামের স্বাদ সে পায় না, সুতরাং দ্বৈতভাবে বদ্ধ থাকে। ফলে সে বিষ্ঠার কীট হইয়া জন্ম গ্রহণ করে, সেই মনমুখ ব্যক্তি বিষ্ঠা হইতে পুনরায় বিষ্ঠাতেই পতিত হইয়া তাহাতেই মগ্ন হইয়া থাকে, অর্থাৎ এখনও বিষয় বিষ্ঠায় রহিয়াছে, পরের জন্মেও তাহাতেই ডুবিয়া থাকে।

তিন কা জনমু সফলু হৈ জো চলহি সতিগুর ভাই ॥
কুলু উধারহি আপণা ধংনু জণেদী মাই ॥
হরি হরি নামু ধিআঈঐ জিস নউ কিরপা করে রজাই ॥৩॥

৩। যে সদ্‌গুরুর ইচ্ছা অনুসারে চলে তাহার জন্ম সফল। সে আপনার কুল উদ্ধার করে, ধন্য তাহার জননী। প্রভু পরমেশ্বর যাহাকে আপনি কৃপা করেন সেই হরি হরি নাম ধ্যান করিতে পারে।

টীকা—ভাই=ইচ্ছা অনুসারে। জণেদী=জনয়িত্রী, জননী। রজাই= পরমেশ্বর স্বয়ং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিনী গুরমুখি নামু ধিআইআ ৰিচহু আপু গৱাই ॥
ওই অংদরহু বাহরহু নিরমলে সচে সচি সমাই ॥
নানক আএ সে পরৱাণু হহি জিন গুরমতী হরি ধিআই
৪॥৫॥৩৮॥

৪। যে গুরুমুখীজনগণ অন্তঃকরণ হইতে অহংভাব ত্যাগ করিয়া হরিনাম ধ্যান করেন তাঁহাদের ভিতরে এবং বাহিরে উভয়ই নির্ম্মল—পবিত্র; সেই সত্যপুরুষগণ সত্য পরমেশ্বরে সমাহিত হইয়া যায়েন। নানক কহিতেছে, যাহারা গুরুর শিক্ষা অনুসারে হরিকে ধ্যান করে তাহারা সংসারে আসিয়াও প্রমাণিক হইয়া যায়।

শ্রীরাগ, মহলা ৩

নং ৬।৩৯

হরি ভগতা হরি-ধনু-রাসি হৈ গুর পূছি করহি ৱাপারু ॥
হরি নামু সলাহনি সদা সদা ৱখরু হরি নামু অধারু ॥
গুরি পূরৈ হরি নামু দ্রিড়াইআ হরি ভগতা অতুটু ভংডারু ॥১॥

১। হরি নামরূপ ধন হরিভক্তগণের মূলধন, এবং গুরুর অনুমতি লইয়া তাঁহারা উহারই ব্যাপার—লেন দেন, অর্থাৎ শ্রবণ কীর্ত্তনাদি কার্য্য করিয়া থাকেন। হরিনাম কীর্ত্তনই তাঁহাদের ব্যাপারের সওদা এবং হরিনামই দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করিয়া দেন এবং তাহাদের হরিনামের ভাণ্ডার সর্ব্বদাই পূর্ণ-অফুরন্ত থাকে।

ভাঈ রে ইসু মন কউ সমঝাই।
এ মন আলসু কিআ করহি গুরমুখি নামু ধিআই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, এই মনকে এই বলিয়া বুঝাও, হে মন, আলস্য কেন করিতেছ? গুরুদ্বারে হরি নাম ধ্যান কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরি ভগতি হরিকা পিআরু হৈ জে গুরুমুখি করে বীচারু ॥
পাখংডি ভগতি ন হোৱঈ দুবিধা বোল খুআরু ॥
সো জনু রলাইআ না রলৈ জিস্থ অংতরি বিবেক বীচারু ॥২॥

যে গুরুমুখ ব্যক্তি বিচারবান্ হয় সে জানিতে পারে যে হরিভক্তি (অথবা হরিভক্ত) শ্রীহরির প্রিয়। পাষণ্ড গুরুবিমুখ, ভগবদ্‌বিমুখ জনের ভক্তি হয় না, দ্বৈত ভাবনা দ্বারা তাহার বাক্য ব্যর্থ হয়। যাহার অন্তঃকরণে বিচার এবং বিবেক, সত্যাসত্যের ভাবনা আছে সে সংসারে জড়িত থাকিলেও তাহাতে আসক্ত হয় না।

টীকা—পাখংডি=পাষণ্ড, ঈশ্বর বিমুখ জন। রলাইয়া=লপটাইয়া থাকা। রলাইআ না রলৈ=সংসারে জড়িত থাকিলেও আসক্ত হয় না।

সো সেৱকু হরি আখীঐ জো হরি রাখৈ উরিধারি ॥
মনু তনু সউপে আগৈ ধরে হউমৈ ৱিচহু মারি ॥
ধনু গুরমুখি সো পরৱাণু হৈ জি কদে ন আৱৈ হারি ॥ ৩ ॥

৩। তাহাকেই শ্রীহরির সেবক বলা যায় যে হরিকে হৃদয়ে ধারণ করিয়া রাখে এবং অন্তর হইতে "আমি আমার" অর্থাৎ অহঙ্কার বিনষ্ট করিয়া দেহ ও মন শ্রীহরির অগ্রে সমর্পণ করে। সেই গুরুমুখী জন ধন্য এবং প্রামাণিক, তাহার কখনও হার হয় না, অর্থাৎ জন্ম-মরণ রহিত হইয়া যায়।

টীকা—সউপে=সমর্পণ করে। আগৈ ধরে=স্থূল শরীরকে তাঁহার অগ্রে পাতিত করে, সমর্পণ করে।

করমি মিলৈ তা পাঈঐ ৱিণু করমৈ পাইআ ন জাই ॥
লখ চউরাসীহ ভরমদে জিস মেলৈ সো মিলৈ হরি আই ॥
নানক গুরমুখি হরি পাইআ সদা হরি নামি সমাই ॥৪॥৬॥৩৯

৪। কিন্তু শ্রীহরির সেবকের পদ একমাত্র তাঁহার কৃপালাভ হইলেই পাওয়া যায়, তাঁহার কৃপা বিনা পাওয়া যায় না। চৌরাশী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লক্ষ যোনি ভ্রমণ করিতে করিতে যাহাকে শ্রীহরি আপনি আসিয়া তাঁহার সহিত মিলিত করেন, সেই এই জন্মে আসিয়া তাঁহাকে লাভ করে। নানক কহিতেছে, গুরুমুখী জন সর্ব্বদা হরিনামে সমাহিত থাকিয়া শ্রীহরিকে লাভ করে।

টীকা—করমি=কৃপাতে।

শ্রীরাগ, মহলা ৩।

নং ৭॥৪০

সুখ সাগরু হরিনাম হৈ গুরমুখি পাইআ জাই ॥
অনদিনু নাম ধিআঈঐ সহজে নামি সমাই ॥
অংদরু রচে হরি সচু সিউ রসনা হরি গুণ গাই ॥১॥

১। হরিনাম সুখের সাগর, গুরুর মুখ হইতে হরিনাম পাওয়া যায়। রাত্রিদিন হরিনাম ধ্যান কর তাহা হইলে সহজে নামী হরিতে সমাহিত হইবে। অন্তঃকরণও সত্যস্বরূপ শ্রীহরির সহিত যুক্ত হইয়া থাকিবে এবং রসনা হরিগুণ গান করিবে।

টীকা—অংদর=ভিতর, অন্তঃকরণ। রচে=সর্ব্বদা যুক্ত থাকে।

ভাই রে জগু দুখীআ দূজৈ ভাই ॥
গুর সরণাঈ সুখু লহহি অনদিনু নাম ধিআই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে দ্বৈতভাবে দোটানায় পড়িয়া সমস্ত জগৎ দুঃখী। শ্রীগুরুর শরণ লও এবং রাত্রিদিন নাম ধ্যান কর, সুখ প্রাপ্ত হইবে।

সাচে মৈলু না লাগঈ মনু নিরমলু হরি ধিআই ॥
গুরমুখি সবদু পছাণীঐ হরি অম্রিত নামি সমাই ॥
গুর গিআনু প্রচণ্ডু বলাইআ অগিআনু অংধেরা জাই ॥২॥

২। সত্যস্বরূপ হরির ধ্যান করিয়া যাহার মন নির্ম্মল হইয়াছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই পুরুষের রাগদ্বেষাদি ময়লা লাগে না। গুরুর নিকট হইতে নাম জানিয়া লও, তাহা হইলে অমৃত স্বরূপ হরিনামে সমাহিত হইবে। গুরু যখন প্রচণ্ড জ্ঞানাগ্নি হৃদয়ে প্রজ্বলিত করেন তখনই অজ্ঞানান্ধকার চলিয়া যায়।

টীকা—পছাণী ঐ=জানিয়া লও। বলাইআ—প্রকাশিত করেন, প্রজ্বলিত করেন।

মনমুখ মৈলে মলু ভরে হউমৈ ত্রিসনা ৰিকারু ॥
বিণু সবদৈ মৈলু ন উতরৈ মরি জংমহি হোই খুআরু ॥
ধাতুরবাজী পলচি রহে না উরৰারু ন পারু ॥৩

৩। মনমুখ জন অহংকার এবং বিষয় তৃষ্ণারূপ বিকারের মলদ্বারা পূর্ণ হইয়া মলিন, অপবিত্র হইয়া থাকে। গুরূপদেশ বিনা ময়লা দূর হয় না, বারংবার জন্মে এবং মরে, এবং তাহাতেই ক্লেশ ভোগ করে। ইন্দ্রজালের বাজীর মত নাশবন্ত এই সংসারে মনমুখ ব্যক্তি জড়িত হইয়া থাকে, তাহার না ইহলোক না পরলোক (অর্থাৎ উভয়ত্রই মনমুখজন অশেষ কষ্ট পায়)।

টীকা—ধাতুরবাজী=ইন্দ্রজালের বাজীর মত। পলচি রহে=জড়িত হইয়া থাকে। উরৰারু=ইহলোক। পারু=পরলোক।

গুরুমুখি জপ তপ সংজমী হরি কে নামি পিআরু ॥
গুরুমুখি সদা ধিআঈঐ একু নামু করতারু ॥
নানক নামু ধিআঈঐ সভনা জীআ কা আধারু ॥৪॥৭॥৪০॥

৪। গুরুমুখী ব্যক্তি জপ তপ সংযমাদি সদ্‌গুণযুক্ত হইয়া হরির নামে প্রেম করে। গুরুমুখ ব্যক্তি এক সৃষ্টিকর্ত্তার নাম সর্ব্বদা ধ্যান করে। নানক কহিতেছে, পরমেশ্বরের নাম ধ্যান কর, যিনি সমুদয় জীবের আশ্রয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ, মহলা ৩ ॥

নং ৮।৪১

মনমুখ মোহি ৱিআপিআ বৈরাগু উদাসী ন হোই ॥
সবদু ন চীনৈ সদা দুখু হরি দরগহ পতি খোই ॥
হউমৈ গুরমুখি খোঈঐ নামি রতে সুখু হোই ॥১॥

১। মনমুখ ব্যক্তি মোহে ব্যাপ্ত হইয়া বৈরাগী অথবা উদাসীন হইতে পারে না। সে গুরূপদেশ দ্বারা ব্রহ্মের স্বরূপ জানিতে পারে না, সুতরাং সর্ব্বদা দুঃখ ভোগ করে এবং শ্রীহরির মান খোয়ায়। কিন্তু গুরুমুখী ব্যক্তি "আমি আমার" এই অহংকার নষ্ট করিয়া নামে অনুরক্ত থাকে সুতরাং সুখ লাভ করে।

মেরে মন অহিনিসি পূরি রহী নিত আসা ॥
সতিগুরু সেৱি মোহু পর জলৈ ঘরহী মাহি উদাসা ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, তুমি দিবারাত্রি আশায়—বিত্তৈষণা, পুত্রৈষণা প্রভৃতিতে পূর্ণ রহিয়াছ। সদ্‌গুরুর সেবাদ্বারা তোমার আশা, আকাঙ্ক্ষা, বাসনারূপ মোহ জ্বালাইয়া দাও, তাহা হইলে ঘরে থাকিয়াই তুমি উদাসী হইবে।

গুরমুখি করম কমাৱৈ বিগসৈ হরি বৈরাগু অনংদু ॥
অহিনিসি ভগতি করহি দিনু রাতী হউমৈ মারি নিচংদু ॥
ৱডৈ ভাগি সত সংগতি পাঈ হরি পাইআ সহজি অনংদু ॥২॥

২। গুরুমুখী ব্যক্তি নানাপ্রকার কর্ম্ম করিয়াও সর্ব্বদা বিকসিত, প্রফুল্ল থাকে, যেহেতু জগৎ সংসারে বৈরাগ্যহেতু হরির স্বরূপ জ্ঞাত হইয়া সে পরমানন্দ প্রাপ্ত হয়। গুরুমুখী জন অহর্নিশি হরিকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তি করে, জ্ঞানরূপী সূর্য্যের উদয়ে অবিদ্যারূপ রাত্রি-অন্ধকার তাহার দূর হইয়া যায়, তাহাতে অহংভাব বিনষ্ট করিয়া সে নিশ্চিন্ত হইয়া যায়। গুরুমুখী ব্যক্তি পরম সৌভাগ্যে সৎসঙ্গ লাভ করিয়া হরিকে পায়, তাহাতেই তাহার সহজ স্বাভাবিক আনন্দ লাভ হয়।

সো সাধু বৈরাগী সোঈ হিরদৈ নামু ৱসাএ ॥
অংতরি লাগি ন তামসু মূলে ৱিচহু আপু গৱাএ ॥
নামু নিধানু সতিগুরু দিখালিআ হরি রসু পীআ অঘাএ ॥৩॥

৩। সেই সাধু, সেই বৈরাগী, যাহার হৃদয়ে হরিনাম প্রতিষ্ঠিত থাকে। তমোবৃত্তির বিকার, বাসনা নির্ম্মূল হইয়া যাওয়াতে তাহা তাহার অন্তরে মাত্রই লাগে না—স্পর্শ করে না, সুতরাং তাহার হৃদয় হইতে অংহবুদ্ধি নিবৃত্ত হইয়া যায়। সদ্‌গুরু তাহাকে নাম পরমনিধি দেখাইয়া দিয়াছেন, তাহাতেই হরিনামামৃত পান করিয়া তাহার অন্তঃকরণ তৃপ্ত হইয়া যায়।

জিনি কিনৈ পাইআ সাধ সংগতী পূরৈ ভাগি বৈরাগি ॥
মনমুখ ফিরহি ন জাণহি সতিগুরু হউমৈ অংদরি লাগি ॥
নানক সবদি রতে হরি নামি রংগাএ বিণু ভৈ কেহী লাগি ॥৪॥

৪। যে কোনও পুরুষ বৈরাগ্য লাভ করিয়াছে সে সাধু সঙ্গে এবং পূর্ণ সৌভাগ্য বলে তাহা প্রাপ্ত হইয়াছে। মনমুখী ব্যক্তি নানা যোনি ঘুরিয়া বেড়ায়, যেহেতু সে সদ্‌গুরু লাভ করে নাই, এবং তাহাতেই "আমি আমার" এই অহংবুদ্ধি তাহার অন্তঃকরণে লাগিয়া রহিয়াছে। নানক কহিতেছে, গুরূপদেশে অনুরক্ত থাকিলে হরিনামে হৃদয় রঞ্জিত হইয়া যায়, কিন্তু পরমেশ্বরের ভয়রূপ রং হৃদয়ে লাগাইলে তাহার উপরে হরিনামের রং উজ্জ্বলরূপে ফুটিয়া উঠিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ. মহলা ৩ ॥

নং ৯।৪২

ঘরহী সউদা পাঈঐ অংতরি সভ ৰথু হোই ॥
খিনু খিনু নামু সমালীঐ গুরমুখি পাৰৈ কোই ॥
নামু নিধানু অখুটু হৈ বড়ভাগি পরাপতি হোই ॥১॥

১। আপন হৃদয়ের মধ্যেই নামরূপী সওদা পাওয়া যায় এবং অন্তঃকরণের মধ্যেই শুভ গুণরূপ সমুদয় বস্তু রহিয়াছে। অনুক্ষণ অর্থাৎ দিবারাত্রি নাম স্মরণ কর। কোনও বিরল গুরুমুখী জনই তাহা পায়। নাম পরমনিধি অফুরন্ত, বড় সৌভাগ্যেই তাহা প্রাপ্ত হওয়া যায়।

টীকা—ঘরে=স্বহৃদয়ে। ৰথু=বস্তু। সমালীঐ=স্মরণ কর, জপ কর। কোই=কোনও বিরল জন।

মেরে মন তজি নিংদা হউমৈ অহংকারু ॥
হরি জীউ সদা ধিআই তূ গুরমুখি একংকারু ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, তুমি পরনিন্দা, অহংতা, মমতা ও অহঙ্কার পরিত্যাগ করিয়া গুরুর অনুগত হইয়া এক অদ্বিতীয় শ্রীহরির সর্ব্বদা ধ্যান কর।

গুরমুখা কে মুখি উজলে গুর সবদী বীচারি ॥
হলতি পলতি সুখু পাইদে জপি জপি রিদৈ মুরারি ॥
ঘরহী ৰিচি মহলু পাইআ গুর সবদী ৰীচারি ॥২॥

২। গুরুপ্রদত্ত উপদেশ বিচার করিয়া গুরুমুখ জনের মুখ উজ্জ্বল হয় এবং হৃদয়ে মুরারির নাম অনুক্ষণ জপ করিয়া করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহলোকে এবং পরলোকে সুখ প্রাপ্ত হয়। সে গুরু উপদেশ অনুসারে চলিয়া হৃদয়ের মধ্যেই প্রভু পরমেশ্বরের মহল অর্থাৎ স্থান লাভ করে (অর্থাৎ ব্রহ্ম সাক্ষাৎকার হয়)।

টীকা—সবদ্=গুরুপ্রদত্ত নাম জপ প্রভৃতি উপদেশ। হলতি পলতি= ইহলোকে এবং পরলোকে।

সতি গুরতে জো মুহ ফেরহি মথে তিন কালে॥
অনদিনু দুখ কমাৱদে নিত জোহে জম জালে॥
সুপনে সুখু ন দেখনী বহু চিংতা পরজালে ॥৩॥

৩। সদ্‌গুরু হইতে যে ব্যক্তি মুখ ফিরাইয়া রাখে তাহার মস্তকে কলঙ্কের কালিমা পড়ে; সে দিবারাত্রি দুঃখদায়ক কর্ম্ম করে এবং যম জাল লইয়া নিত্য তাহাকে লক্ষ্য করে (ধরিবার জন্য)। ঐ ব্যক্তি স্বপ্নেও সুখ দেখিতে পায় না, কারণ বহু চিন্তায় সে অত্যন্ত জ্বলিতে থাকে।

টীকা—মথে=মাথা। জোহে=ধরিবার জন্য লক্ষ্য করে। সুপনে=স্বপ্নে।

সভনা কা দাতা একু হৈ আপে বখস করেই॥
কহণা কিছু ন জাৱঈ জিসু ভাৱৈ তিসু দেই॥
নানক গুরমুখি পাঈঐ আপে জাণৈ সোই ॥৪॥৯॥৪২॥

৪। সকলের দাতা একমাত্র পরমেশ্বর; তিনি আপনি কৃপা করিয়া, বখ্‌শীশ, পুরস্কার দেন। তাঁহার দানের কথা কিছুই বলা যায় না। তিমি যাহাকে ইচ্ছা করেন তাহাকে দান করেন। নানক কহিতেছে, গুরুমুখী জন যখন তাঁহার কৃপার দান লাভ করে, তখন সে আপনিই জানিতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ, মহল ৩ ॥

নং ১০।৪৩

সাচা সহিবু সেৱীঐ সচি ৱড়িআঈ দেই ॥
গুর প্রসাদী মনি ৱসৈ হউমৈ দূরি করেই ॥
এহ মন ধাৱত তা রহে জা আপে নদরি করেই ॥১॥

১। সত্য প্রভু পরমেশ্বরকে সেবা কর। তিনি (স্বরূপ প্রাপ্তি রূপ) সত্য মহত্ত্ব দান করিবেন। গুরুদেবের অনুগ্রহে হরি নাম মনে বসে এবং অহংতা মমতা দূর হয়। এই চঞ্চল মন তখনই স্থির হয় যখন পরমেশ্বর স্বয়ং কৃপাদৃষ্টি করেন।

ভাঈ রে গুরমুখি হরি নামু ধিআই ॥
নামু নিধানু সদ মণি ৱসৈ মহলী পাৱৈ থাউ ॥ রহাউ ॥

রহাউ। গুরুমুখী হইয়া শ্রীহরির নাম ধ্যান কর, তাহা হইলে নাম পরমনিধি সর্ব্বদা মনে বসিবে এবং সঠিক আপন স্বরূপে স্থিতি লাভ করিবে।

টীকা—মহলী=মহলে অর্থাৎ আপন স্বরূপে। থাউ=স্থান।

মনমুখ মনু তনু অংধু হৈ তিসনউ ঠউর ন ঠাউ ॥
বহু জোনী ভউদা ফিরৈ জিউ সুঞৈ ঘরি কাউ ॥
গুরুমতী ঘটি চানণা সবদি মিলৈ হরি নাউ ॥২॥

২। মনমুখ জন মনে এবং তনুতে অন্ধ, তাহার দৌড়াইবার স্থান নাই। সে বহু যোনি ভ্রমণ করিয়া ফিরে যেমন শূন্য গৃহে কাক। গুরুমতি জনের অন্তঃকরণ উজ্জ্বল যেহেতু গুরু উপদেশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহার হরিনাম মিলিয়াছে। (অথবা হরিনামে তাহার ব্রহ্মস্বরূপ লাভ হইয়াছে)।

টীকা—তিসনউ=তাহার। ঠউর ন ঠাউ=দাঁড়াইবার স্থান নাই। ভউদা =ভ্রমণ করিয়া। সুঞৈ=শূণ্য। কাউ=কাক। গুরমতী=গুরুর শিক্ষা অনুসারে যে চলে। ঘটি=অন্তঃকরণে। চানণা=উজ্জ্বল। সবদি=গুরুর উপদেশ অথবা, শব্দব্রহ্ম।

ত্রৈগুণ বিখিআ অংধু হৈ মাইআ মোহ গুবার ॥
লোভী অন কউ সেৱদে পড়ি ৱেদা করে পুকার ॥
ৱিখিআ অংদরি পচি মূএ না উরৱারু ন পারু ॥৩॥

৩। সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণের অধীন শব্দ স্পর্শাদি বিষয় সমূহ অন্ধ অর্থাৎ বিবেক বৈরাগ্যাদি নেত্রহীন এবং মায়ার মোহ ঘোর তমসাচ্ছন্ন। লোভের বশবর্তী হইয়া জীব পরমেশ্বর ভিন্ন অন্যের অর্থাৎ প্রপঞ্চের সেবা করে এবং বিচার না করিয়া বেদ পাঠ পূর্ব্বক স্বর্গাদি সাধন কর্ম্মানুষ্ঠানের জন্য উচ্চৈঃস্বরে উপদেশ দেয় এবং বিষয় সুখের মধ্যে পড়িয়া জ্বলিয়া পুড়িয়া মরে, তাহাদিগের না ইহলোকে না পরলোকে সুখ প্রাপ্ত হয়।

টীকা—গুবার=অত্যন্ত গাঢ় অন্ধকার। অন কউ=পরমেশ্বর ব্যতীত অন্য কে। পড়ি ৱেদা=বেদের দোহাই দিয়া কর্ম্মে প্রবৃত্ত করে। পচি=জলিয়া পুড়িয়া। মূএ=মরে। উরৱারু=ইহলোক। পারু=পরলোক।

মাইআ মোহি ৱিসারিয়া জগতি পিতা প্রতিপালি ॥
বাঝহু গুরূ অচেত হৈ সভ বধী জমকালি ॥
নানক গুরমতি উবরে সচা নামু সমালি ॥৪॥১০॥৪৩॥

৪। সমস্ত জগতের পিতা এবং প্রতিপালাক পরমেশ্বরকে জীব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ার মোহে পড়িয়া বিস্মৃত হইয়াছে এবং গুরু উপদেশ বিনা অজ্ঞানে নিমগ্ন হইয়া কালরূপী যমের বন্দী হইয়া আছে। নানক কহিতেছে, গুরু উপদেশে সত্যনাম স্মরণ করিয়া গুরু অনুগত জন উদ্ধার হইয়া যায়।

টীকা—অচেত=অজ্ঞান। বধী=বন্দী।

শ্রীরাগ, মহলা ৩॥

নং ১১।৪৪

ত্রৈগুণ মাইআ মোহু হৈ গুরমুখি চউথা পদ পাই॥
করি কিরপা মেলাইঅনু হরি নামু ৰসিআ মনি আই॥
পোতৈ জিন কে পুংনু হৈ তিন সত সংগতি মেলাই ॥১॥

১। ত্রিগুণাত্মক প্রপঞ্চ সব মায়ামোহে আচ্ছন্ন। গুরুমুখ ব্যক্তিই জাগ্রত, স্বপ্ন, সুষুপ্তি সাধারণ জীবের এই তিন অবস্থার অতীত চতুর্থ—তুরীয় অবস্থা লাভ করে। যাহার মনে হরিনাম আসিয়া বসিয়াছে—অর্থাৎ সুপ্রতিষ্ঠিত হইয়াছে তাহাকেই পরমেশ্বর কৃপা করিয়া এই চতুর্থ অবস্থা মিলাইয়া দেন। যাহার ভাণ্ডারে অর্থাৎ প্রারব্ধে পুণ্য সঞ্চিত আছে তাহাকে পরমেশ্বর সৎসঙ্গ মিলাইয়া দেন।

টীকা—চউথা পদ=চতুর্থ, তুরীয় অবস্থা। পোতৈ=ভাণ্ডারে।

ভাঈ রে গুরমতি সাচি রহাউ॥
সাচো সাচু কমাৰণা সাচৈ সবদি মিলাউ॥ রহাউ॥

রহাউ। ভাইরে, গুরু উপদেশে সত্য পরমেশ্বরে (অথবা সত্য নামে) স্থিতি কর। সত্যভাবে সত্যনাম উপার্জ্জন কর এবং সত্য ব্রহ্মস্বরূপে মিলিত হও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিনী নামু পছাণিআ তিন ৱিটহু বলি জাউ ॥
আপু ছোড়ি চরণী লগা চলা তিন কৈ ভাই ॥
লাহা হরি হরি নামু মিলৈ সহজৈ নামি সমাই ॥২॥

২। যাঁহারা নামকে চিনিয়াছে, অর্থাৎ নাম জপ করিতে করিতে নাম নামী অভেদ জানিয়াছে, আমি তাঁহাদিগের বলিহারি যাই। আমি অহংকার ত্যাগ করিয়া তাঁহাদিগের চরণে পড়িতেছি এবং তাহাদিগের আজ্ঞা অনুসারে চলিব। তাহা হইলে আমার এই লাভ হইবে যে, আমি হরি হরি নাম প্রাপ্ত হইব এবং সহজেই নামী পরমেশ্বরে সমাহিত হইব।

টীকা—পছাণিআ=জানিয়াছে, নামের স্বরূপ অবগত হইয়াছে। আপু=নিজকে অর্থাৎ অহংকার। ভাই=ইচ্ছানুসারে। লাহা=লাভ।

বিনু গুর মহলু ন পাঈই নামু ন পরাপতি হোই ॥
ঐসা সতিগুরু লোড়ি লহু জিদু পাঈঐ সচু সোই ॥
অসুর সংঘারৈ সুখি ৱসৈ জো তিসু ভাৱৈ সু হোই ॥৩॥

৩। গুরু বিনা নাম প্রাপ্তি হয় না এবং নাম বিনা স্বরূপ প্রাপ্তি হয় না। অতএব এইরূপ সদ্‌গুরু অনুসন্ধান করিয়া লও যাঁহার দ্বারা তোমার সত্যস্বরূপ পরমেশ্বর লাভ হইবে। তিনি তোমার আসুরী সম্পদ—কামক্রোধাদি আসুরিক বৃত্তি সমূহ দূর করিয়া দিবেন, যাহাতে তুমি সুখে বাস করিবে। কিন্তু ইহা সর্ব্বদাই মনে রাখিতে হইবে যে, যাহা তাঁহার ইচ্ছা তাহাই হইবে (মানুষের ইচ্ছায় কিছুই হয় না)।

টীকা—লোড়ি=অনুসন্ধান করিয়া। জিদু=যাঁহা দ্বারা। অসুর=আসুরী সম্পদ; আসুরী বৃত্তিসমূহ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জেহা সতিগুরু করি জাণিআ তেহো জেহা সুখু হোই ॥
এহু সহসা মূলে নাহী ভাউ লাত্র জনু কোই ॥
নানক এক জোতি দুই মূরতী সবদি মিলাৱা হোই ॥৪॥১১॥৪৪

৪। যেরূপ ভাবে সদ্‌গুরুকে কেহ জানে সেই রূপেই তাহার সুখ দুঃখ ফল লাভ হয়, ইহাতে সন্দেহ বিন্দুমাত্রও নাই; যদি কেহ ইচ্ছা করে তো দেখিতে পারে (ইহা ঠিক কিনা)। নানক কহিতেছে যে, গুরুর শবদে অর্থাৎ উপদেশে জীবের পরমেশ্বরের সহিত মিলন হয়, সেই গুরু এবং পরমেশ্বর একই জ্যোতি, চিৎপদার্থ, মাত্র দুইটী মূর্ত্তি।

টীকা—জেহা=যেরূপ। সহসা=সংশয়, সন্দেহ। মূলে=মাত্রও। ভাউ=ইচ্ছা।

শ্রীরাগ, মহলা ৩॥

নং ১২।৪৫

অংমৃত ছোড়ি বিখিআ লোভাণে সেৱা করহি ৱিড়াণী ॥
আপণা ধরমু গৱাৱহি বূঝহি নাহী অনদিনু দুখি ৱিহাণী ॥
মনমুখি অংধু ন চেতহি ডূবি মুএ বিনু পাণী ॥১॥

১। মনমুখ ব্যক্তি বিষয়ের লোভে গুরূপদেশরূপ অমৃত ত্যাগ করিয়া অপরের সেবা করে। সে না বুঝিয়া আপনার ধর্ম্ম হারায় এবং দিবারাত্রি দুঃখে কাটায়। অন্ধ মনমুখের চৈতন্য হয় না, সে বিনা জলে ডুবিয়া মরে।

টীকা—বিখিআ=বিষয়। বিড়াণী=অপরকে, পরমেশ্বর ছাড়িয়া অন্যকে। গৱাৱহি=হারাইয়া ফেলে। ৱিহাণী=কাটায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন রে সদা ভজহু হরি সরণাই ॥
গুর কা সবদু অংতরি ৱসৈ তা হরি ৱিসরি ন জাঈ ॥ রহাউ ॥

রহাউ। মন রে, তুমি সর্ব্বদা শ্রীহরির শরণাগতি ভজনা কর। গুরুর উপদেশ যদি মনে বসে—হৃদয়ে প্রতিষ্ঠিত হয়—তাহা হইলে শ্রীহরিকে ভুলিতে পারা যায় না।

ইহু সরীরু মাইআ কা পুতলা ৱিচি হউমৈ দুসটী পাঈ ॥
আৱণু জাণা জংমণু মরণা মনমুখি পতি গৱাঈ ॥
সতিগুরু সেৱি সদা সুখু পাইআ জোতী জোতি মিলাঈ ॥২॥

২। এই শরীর মায়ার পুত্তলিকা, ইহার মধ্যে "আমি আমার" এই দুষ্ট ভাব প্রবেশ করিয়াছে। মনমুখ জন আসে যায়, জন্মে ও মরে এইরূপে (আপনার চৈতন্য স্বরূপকে না জানিয়া) আপনার প্রতিষ্ঠা নষ্ট করিয়া ফেলে। পরন্তু সদ্‌গুরুর সেবা করিলে সর্ব্বদা সুখ লাভ হয় এবং জ্যোতিতে জ্যোতি মিলাইয়া যায় অর্থাৎ জীব চৈতন্য ব্রহ্মচৈতন্যে মিলিত হইয়া অভেদ হইয়া যায়।

সতিগুর কী সেৱা অতি সুখালী জো ইছে সো ফলু পাএ ॥
জতু সতু তপু পৱিতু সরীরা হরি হরি মংনি ৱসাএ ॥
সদা আনংদি রহৈ দিনু রাতী মিলি প্রীতম সুখু পাএ ॥৩॥

৩। সদ্‌গুরুর সেবা অতি সুখদায়ক, তাহা দ্বারা যে ফল ইচ্ছা করে সেই ফলই লাভ করে। সংযম, সত্য এবং তপশ্চরণ দ্বারা পবিত্র শরীর হইয়া সদগুরুর সেবক মনে সর্ব্বদুঃখহারী হরিকে প্রতিষ্ঠিত করে। তখন প্রিয়তম শ্রীহরির সহিত মিলিত হইয়া সুখ ভোগ করে এবং দিবারাত্রি সর্ব্বদা আনন্দে মগ্ন থাকে।

টীকা—সুখালী=সুখকর, সুখদায়ক। জতু=যম, সংযম। সতু=সত্য। প্রীতম=প্রিয়তম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জো সতগুর কী সরণাগতী হউ তিন কৈ বলি জাউ ॥
দরি সচৈ সচী ৱডিআঈ সহজে সচি সমাউ ॥
নানক নদরী পাঈঐ গুরমতি মেলি মিলাউ ॥৪॥১২॥৪৫॥

৪। যিনি সদ্‌গুরুর শরণাগত আমি তাহার বলিহারী যাই। কারণ পরমেশ্বরের দরবারে তাঁহার সত্য, প্রকৃত মহত্ব লাভ হয় এবং তিনি সত্য পরমেশ্বরে সহজেই সমাহিত হয়েন। নানক কহিতেছে, সদ্‌গুরু লাভ পরমেশ্বরের কৃপাদৃষ্টিতেই হয়, এবং সদ্‌গুরু লাভ হইলে তিনি গুরুমুখ শিষ্যকে পরমেশ্বরের সহিত মিলিত করিয়া দেন।

টীকা—দরি=দরবারে।

শ্রীরাগ, মহলা ৩।

নং ১৩।৪৬

মনমুখ করম কমাৱণে জিউ দোহাগণি তনি সীগারু ॥
সেজৈ কংত ন আৱঈ নিত নিত হোই খুআরু ॥
পির কা মহিলু ন পাৱঈ না দীসৈ ঘর বারু ॥১॥

১। মনমুখ ব্যক্তি কর্ম্ম করে ঠিক যেন পতির অপ্রিয়া দুর্ভাগিনী স্ত্রীর বেশভূষা করার মত (তাহার সমস্তই ব্যর্থ)। তাহার শয্যায় কান্ত আসে না, তাহার নিত্য নিত্যই কষ্ট ভোগ হয়। সে পতি পরমেশ্বরের মহল, স্থান পায় না, সে অন্দর বাহির কিছুই দেখিতে পায় না।

(মনমুখ জন পতি পরমেশ্বরের মহল অর্থাৎ স্বরূপ দেখিতে পায় না, এবং বাহিরে সৎসঙ্গও তাহার দৃষ্টিতে পড়ে না।)

টীকা—দোহাগণি=দুর্ভাগিনী, পতির অপ্রিয়া অথবা পতিবিরহিতা। সীগারু=শৃঙ্গার, বেশভূষা। খুআরু=মনে কষ্ট। পির=পতি। মহিলু=মহল, স্থান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাঈ রে ইক মনি নামু ধিআই ॥
সংতা সংগতি মিলি রহৈ জপি রাম নামু সুখু পাই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, একমন, একাগ্র হইয়া পরমেশ্বরের নাম ধ্যান কর, এবং সৎসঙ্গে মিলিয়া রাম নাম জপ করিতে থাকিলে সুখ লাভ হইবে।

গুরমুখি সদা সুহাগণী পিরু রাখিআ উরধারি ॥
মিঠা বোলহি নিৱি চলহি সেজৈ রৱৈ ভতারু ॥
সোভাৱংতী সুহাগণী জিন গুর কা হেতু অপারু ॥২॥

২। গুরুমুখ ব্যক্তি সর্ব্বদা সৌভাগ্যবতী নারীর ন্যায়, পতি পরমেশ্বরকে বক্ষে, হৃদয়ে ধারণ করিয়া রাখে। গুরুমুখ মধুর বাক্য বলে, নম্রতার সহিত চলে এবং শয্যায়, হৃদয়ে, পতির সহিত রমণ করে অর্থাৎ আনন্দ প্রাপ্ত হয়! যাহার গুরুর প্রতি অশেষ প্রেম, সোহাগিনী নারী যেরূপ শোভাবতী, গুরুমুখ সেইরূপ শোভাবান্ হয়।

টীকা—পিরু=প্রণয়ী, পতি। নিৱি=মৃদুভাবে, নম্রভাবে। রৱৈ=রমণ করে। সুহাগণী=সোহাগিনী, সৌভাগ্যবতী।

পূরৈ ভাগি সতিগুরু মিলৈ জা ভাগৈ কা উদউ হোই ॥
অংতরহু দুখু ভ্রম কটীঐ সুখু প্রাপতি হোই ॥
গুর কৈ ভাণৈ জো চলৈ দুখু ন পাৱৈ কোই ॥৩॥

৩। যখন কোনও জীবের সৌভাগ্যের উদয় হয় তখন পূর্ণ সৌভাগ্যবলে সদ্‌গুরু লাভ হয়। তখন অন্তরের দুঃখ এবং ভ্রম কাটিয়া যায় এবং সুখ প্রাপ্ত হয়। যে কেহ গুরুর আদেশ অনুসারে চলে সে কোনও দুঃখ পায় না।

টীকা—ভাণৈ=আদেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুর কে ভাণে ৱিচ অংম্ৃত হৈ সহজে পাৱৈ কোই ॥
জিনা পরাপতি তিন পীআ হউমৈ ৱিচহু খোই ॥
নানক গুরমুখি নামু ধিআঈঐ সচি মিলাৱা হোই ॥৪॥১৩॥৪৬॥

৪। গুরুর বাক্যে অমৃত রহিয়াছে, পরন্তু কোনও বিরল পুরুষই সহজে তাহা পায়। যাহাদের ভাগ্যে ইহার প্রাপ্তি লেখা আছে তাহারাই অন্তর হইতে "আমি আমার" এই অহঙ্কার বিনষ্ট করিয়া ঐ অমৃত পান করে। নানক কহিতেছে, গুরুমুখ হইয়া হরিনাম ধ্যান কর, তাহা হইলেই সত্যস্বরূপ পরমেশ্বরের সহিত মিলন হইবে।

টীকা—ভাণে=বাক্যে। সহজে=অনায়াসে, অথবা জ্ঞানে। ইহাতে অর্থ হইবে এইরূপ, "গুরুর বাক্যে আত্মানন্দরূপ অমৃত আছে" কিন্তু বিরল পুরুষেরই জ্ঞানে সেই আনন্দরূপ অমৃতের প্রাপ্তি হয়।

শ্রীরাগ মহলা ৩।

নং ১৪।৪৭

জাঁ পিরু জাণৈ আপণা তনু মনু অগৈ ধরেই ॥
সোহাগণী করম কমাৱদীআ সেঈ করম করেই ॥
সহজে সাচি মিলাৱড়া সাচু ৱডাঈ দেই ॥১॥

১। পতি পরমেশ্বরকে যখন আপনার বলিয়া জানিতে পারে তখনই এই শরীর ও মন তাঁহাকে অর্পণ করিতে পারে। সেইজন্য সোহাগিনী, সৌভাগ্যবতী পতিপরায়ণা নারী যেরূপ কর্ম্ম করে সেইরূপ কর্ম্ম করিতে হইবে। তাহা হইলে সে সত্য পরমেশ্বরের সহিত মিলিত হয় এবং সত্য মহত্ত্ব দান করেন।

টীকা—সোহাগণী=পতিপরায়ণা নারী। কমাৱদীআ=আচরণ করে। মিলাৱড়া=মিলিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাঈরে গুর বিনু ভগতি ন হোই ॥
বিনু গুর ভগতি ন পাঈঐ জে লোচৈ সভ কোই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, গুরু বিনা ভক্তি হয় না। যদিও সকলেই ভক্তি লাভ করিতে বাঞ্ছা করে, তথাপি গুরু বিনা ভক্তি পাওয়া যায় না।

টীকা—লোচৈ=বাঞ্ছা করে।

লখ চউরাসীহ ফেরু পইআ কামণি দূজৈ ভাই ॥
বিনু গুর নীদ ন আৱঈ দুখী রৈণি ৱিহাই ॥
বিনু সবদৈ পিরু ন পাঈঐ বিরথা জনমু গৱাই ॥২॥

২। মনমুখরূপী কামিনী দ্বৈতভাবনায় বশবর্ত্তী হইয়া চৌরাশি লক্ষ যোনি ভ্রমণ করে। গুরুবিনা তাহার নিদ্রা আসে না (শান্তি পায় না) এবং সে দুঃখে রজনী অতিবাহিত করে। কারণ গুরু প্রদত্ত নাম বিনা পতি পরমেশ্বরকে লাভ করা যায় না এবং জন্ম বৃথা কাটিয়া যায়।

হউ হউ করতী জগু ফিরী না ধনু সংপৈ নালি ॥
অংধী নামু ন চেতঈ সভ বাধী জমকালি ॥
সতিগুরি মিলিঐ ধনু পাইআ হরি নামা রিদৈ সমালি ॥৩॥

৩। মনমুখরূপী কামিনী 'আমি, আমি' অর্থাৎ অহঙ্কারের বশবর্ত্তী হইয়া সংসারে বিচরণ করে কিন্তু তাহার সঙ্গে ধন সম্পদ কিছুই থাকে না। কারণ সেই অন্ধ জ্ঞানহীনা নারী নাম চিন্তা করে না। সে যমরূপী কালের নিকটে বাঁধা পড়ে। সদ্গুরু পাইলে হরিনাম রূপ ধন লাভ হয় এবং তখন তাহা সাবধানে হৃদয়ে ধারণ করে।

টীকা—হউ=আমি। ন চেতঈ=চিন্তা করে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামি রতে সে নিরমলে গুরকে সহজি সুভাই ॥
মন তন রতা রংগ সিউ রসনা রসন রসাই ॥
নানক রংগ ন উতরৈ জো হরি ধুর ছোড়িআ লাই
॥৪॥১৪॥৪৭॥

৪। যে নামে রত থাকে সে নির্ম্মল থাকে এবং গুরুর উপদেশ দ্বারা তাহার স্বভাব শান্তিপূর্ণ হইয়া যায়। তাহার দেহ মন হরিপ্রেমে রঞ্জিত হয় এবং তাহার রসনা হরিনাম রস ব্যতীত অন্য রসে আসক্ত হয় না। নানক কহিতেছে, যে প্রথম হইতেই হরির সহিত লাগিয়া থাকে তাহার প্রেমের রং কখনও চলিয়া যায় না।

টীকা—রতে=অনুরক্ত। সহজি=শান্তিপূর্ণ। সুভাই=স্বভাব।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ১৫।৪৮

গুরমুখ কৃপা করৈ ভগত কীজৈ বিন গুর ভগতি ন হোঈ ॥
আপৈ আপু মিলাএ বূঝৈ তা নিরমলু হোবৈ সোঈ ॥
হরি জীউ সাচা সাচী বাণী সবদি মিলৱা হোঈ ॥১॥

সদ্‌গুরু যখন কৃপা করেন তখনই ভক্তি করিতে পারে। গুরু বিনা ভক্তি লাভ হয় না। গুরু আপনি যখন শিষ্যকে আপনার সহিত মিলিত করেন তখন শিষ্য গুরূপদেশ বুঝিতে পারে এবং নির্ম্মল হইয়া যায়। শ্রীহরি সত্য, তাঁহার বাণী সত্য এবং গুরু উপদেশে তাঁহার সহিত মিলন হয়।

টীকা—"গুরমুখ" শব্দ এস্থলে গুরু অর্থে ব্যবহৃত হইয়াছে।

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাঈ রে ভগতি-হীণু কাহে জগি আইআ ॥
পূরে গুর কী সেৱ ন কীণী বিরথা জনমু গৱাইআ ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, ভক্তিহীন হইয়া কেন জগতে আসিয়াছ? মনমুখ জীব পূর্ণ গুরুদেবের সেবা না করিয়া বৃথা জন্ম নষ্ট করিয়া ফেলিয়াছে।

আপে জগ জীৱন সুখ দাতা আপে বখসি মিলাএ ॥
জীঅ জংত এ কিআ ৱেচারে কিআ কো আখি সুণাএ ॥
গুরমুখি আপে দেই ৱড়িআঈ আপে সেৱ করাএ ॥২॥

২। জগজ্জীবন প্রভু আপনিই সুখ দাতা, তিনি আপনিই কৃপা বিতরণ করিয়া ভক্তকে আপনার সহিত মিলিত করেন। জীব জন্তু বেচারা, শক্তিহীন, তাহারা জগজ্জীবন প্রভুর কথা কহিয়া কি শুনাইবে? সদ্‌গুরু আপনিই জীবকে মহত্ত্ব অর্থাৎ সেবা করিবার অধিকার দেন এবং আপনিই তাহাকে সেবা করান।

টীকা—বখসি=দান, কৃপা বিতরণ। জীঅ=স্থূল জীব, জংত=সূক্ষ্ম জীব। ৱেচারে=বেচারা, শক্তিহীন। "গুরুমুখি" শব্দ এখানেও গুরু অর্থে ব্যবহৃত হইয়াছে।

দেখি কুটংবু মোহি লোভাণা চলদিআ নালি ন জাঈ ॥
সতিগুরু সেৱি গুণনিধানু পাইআ তিসদী কীম ন পাঈ ॥
হরি প্রভু সখা মীতু প্রভু মেরা অংতে হোই সখাঈ ॥৩॥

৩। জীব স্ত্রী পুত্রাদি কুটুম্ব দেখিয়া মোহপরবশ হইয়া লোভে পড়ে, কিন্তু চলিয়া যাইবার অর্থাৎ মৃত্যুর সময় কেহই তাহার সঙ্গে যায় না। যে সদ্‌গুরুর সেবা করিয়া গুণনিধান পরমেশ্বরকে লাভ করিয়াছে তাঁহার মূল্য, মহিমা কহিয়া শেষ করা যায় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রভু শ্রীহরিই আমার প্রভু, সখা, মিত্র, তিনিই অন্তকালে, আমার সখা, সহায় হইবেন।

আপণৈ মণি চিতি কহৈ কহা-এ বিনু গুর আপু ন জাঈ ॥
হরি জীউ দাতা ভগতি-বছলু হৈ করি কিরপা মংনি ৰসাঈ ॥
নানক সোভা সুরতি দেই প্রভু আপে গুরমুখি দে ৰড়িআঈ ॥৪॥

৪। কেহ আপনার মনে চিন্তা করিয়া যদি বলে যে তাহার অহং গিয়াছে (অথবা আপনাকে এইরূপ বলায়) তাহা সত্য নহে। কারণ গুরু বিনা অহঙ্কার অন্তঃকরণ হইতে যায় না। শ্রীহরিই একমাত্র দাতা এবং ভক্তবৎসল এবং তিনিই কৃপা করিয়া জীবের হৃদয়ে ভক্তি প্রতিষ্ঠিত করেন। নানক কহিতেছে, শ্রীহরিই গুরুমুখজনকে শোভা এবং জ্ঞান দান করিয়া তাহাকে মহত্ত্ব দান করেন। ৪॥১৫॥৪৮॥

টীকা—চিতি=চিন্তা করে। ভগতি বছলু=ভক্ত বৎসল। সুরতি=জ্ঞান।

শ্রীরাগ মহলা ৩॥

নং ১৬।৪৯

ধংনু জননী জিনি জাইআ ধংনু পিতা পরধানু ॥
সতগুরু সেৱি সুখু পাইআ ৱিচহু গইয়া গুমানু ॥
দরি সেৱনি সংতজন খড়ে পাইনি গুণী নিধানু ॥১॥

১। যাহারা সৎগুরুর সেবা করিয়া পরমানন্দ লাভ করিয়াছে, এবং যাহাদিগের অন্তঃকরণ হইতে অহঙ্কার দূর হইয়া গিয়াছে তাহাদিগকে জন্ম দিয়াছেন যে মাতা তিনি ধন্যা এবং পিতাও প্রধান,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতি শ্রেষ্ঠ ব্যক্তি। যেহেতু তাহারা (সেই কৃতার্থ পুত্রেরা) সন্তজনের দ্বারে দাঁড়াইয়া থাকিয়া এবং তাঁহাদের সেবা করিয়া গুণনিধান পরমেশ্বরকে পাইয়াছে।

টীকা—ধংনু=ধন্য। জিনি=যাহারা। জাইয়া=জন্ম দিয়াছে। ৰিচহু=অন্তর হইতে। গুমানু=অভিমান। দ়রি=দ্বারে।

মেরে মন গুরমুখি ধিআই হরি সোই ॥
গুর কা সবদু মনি ৰসৈ মনু তনু নিরমলু হোই ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, গুরুমুখ হইয়া তুমি সেই শ্রীহরির ধ্যান কর। গুরুপ্রদত্ত উপদেশ যখন তোমার মনে সুপ্রতিষ্ঠিত হইবে তখন তোমার দেহ মন নির্ম্মল হইয়া যাইবে।

করি কিরপা ঘরি আইআ আপে মিলিআ আই ॥
গুর সবদী সালাহীঐ রংগে সহজি সুভাই ॥
সচৈ সচি সমাইআ মিলি রহৈ ন ৰিছুড়ি জাই ॥২॥

২। যদি কৃপা করিয়া তোমার ঘরে অর্থাৎ হৃদয়ে আসিয়াছেন এবং আপনিই আসিয়া তোমার সহিত মিলিত হইয়াছেন, তাঁহাকে গুরুর উপদেশ অনুসারে অর্থাৎ গুরু উপদিষ্ট মন্ত্রদ্বারা স্তুতি কর, তাহা হইলে সহজ অর্থাৎ স্বাভাবিক প্রেমে রঞ্জিত হইবে। সত্য সত্যই সেই সত্যস্বরূপে সমাহিত হইয়া থাকিবে এবং কখনও তাহা হইতে বিযুক্ত হইবে না।

জো কিছু করণা সু করি রহিআ অৰরু ন করণা জাই ॥
চিরী ৰিছুংনে মেলিঅনু সতিগুর পংনৈ পাই ॥
আপে কার করাইসী অৰরু ন করণা জাই ॥৩॥

৩। যাহা কিছু করিবার তাহা পরমেশ্বরই করিতেছেন, অপর কিছু করিবার উপায় নাই। দীর্ঘকালের (জন্ম জন্মান্তরের) বিচ্ছেদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরে সদ্‌গুরু শাস্ত্র সিদ্ধান্ত অনুসারে আপনার সহিত মিলাইয়া লয়েন। তিনি আপনিই কর্ম্ম করাইয়া লয়েন, অপর কিছু করা যায় না, অর্থাৎ জীব স্বতন্ত্র ভাবে কোনও কর্ম্মই করিতে পারে না।

টীকা—চিরী=চির অর্থাৎ দীর্ঘকালের পরে, বহু জন্ম জন্মান্তরের পরে। ৰিছুংনে=বিচ্ছিন্ন থাকিবার পরে। কার=কার্য্য পংনৈ : পংন=পত্র অর্থাৎ শাস্ত্র, বেদের অর্থাৎ শাস্ত্রের পাতায় যাহা লিখিত আছে সেই সকল সিদ্ধান্ত অনুসারে।

মনু তনু রতা রংগ সিউ হউমৈ তজি ৰিকার ॥
অহিনিসি হিরদৈ রৰি রহৈ নিরভউ নামু নিরংকার ॥
নানক আপি মিলাইঅনু পূরৈ সবদি অপার ॥৪॥১৬॥৪৯॥

৪। (সদ্‌গুরু লাভ হইলে) জীব অহংরূপ বিকার ত্যাগ করিয়া পরমেশ্বরের প্রেমে দেহ মন রঞ্জিত করে এবং ভয় রহিত নিরংকার পরমেশ্বরের নাম দিবানিশি হৃদয়ে রমণ করে অর্থাৎ রুচির সহিত জপ করে! নানক কহিতেছে, সদ্‌গুরু আপনিই জীবকে পরমেশ্বরের সহিত মিলিত করেন, পূর্ণ সদ্‌গুরুর-উপদেশের মহিমা অপার।

টীকা—রতা=অনুরক্ত। রংগ সিউ=প্রেমের সহিত। রৰি রহৈ=রমণ করিতে থাকে অর্থাৎ রুচির সহিত জপ করে। পূরৈ সবদি=পূর্ণ গুরুর উপদেশ, তাঁহার প্রদত্ত মন্ত্র।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ১৭।৫০

গোৰিদ গুণী নিধানু হৈ অংতু ন পাইআ জাই ॥
কথনী বদনী ন পাঈঐ হউমৈ ৰিচহু যাই ॥
সতগুরি মিলিঐ সদ ভৈ রচৈ আপি ৰসৈ মনি আই ॥১॥

১। গোবিন্দ গুণের নিধান, তাঁহার অন্ত পাওয়া যায় না। কথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কহিয়া অথবা ব্যাখ্যা করিয়া করিয়া তাঁহাকে পাওয়া যায় না। একমাত্র 'আমি আমার' এই অহঙ্কার অন্তঃকরণ হইতে নাশ হইলেই গোবিন্দকে পাওয়া যায়। সদ্‌গুরু লাভ হইলে এবং সর্ব্বদা পরমেশ্বরের ভয়ে ভয়ে থাকিলে গোবিন্দ আপনি আসিয়া হৃদয়ে বাস করেন।

টীকা—কথনী=অনেক প্রকার কথা, যথা কবিতা প্রভৃতি। বদনী=বদন অর্থাৎ মুখদ্বার কাহিনী প্রভৃতি আবৃত্তি অথবা কল্পনা পূর্ব্বক বাক বিতণ্ডা দ্বারা। ভৈ রচৈ=ভয় বর্ত্তমান থাকিলে।

ভাঈ রে গুরমুখি বুঝৈ কোই ॥
বিনু বুঝৈ করম কমাৱণে জনমু পদারথু খোই ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, অতি বিরল গুরুমুখ জনই এই তত্ত্ব বুঝিয়া থাকে। সাধারণ জীব এই তত্ত্ব না বুঝিয়া নানা প্রকার কর্ম্ম অর্জ্জন করিয়া এই অমূল্য জীবন নষ্ট করিয়া ফেলে।

টীকা—কমাৱণে=অর্জ্জন করে। খোই=নষ্ট করে।

জিনী চাখিআ তিনি সাদু পাইআ বিনু চাখে ভরমি ভুলাই ॥
অংম্রিত সাচা নামু হৈ কহণা কছু না জাই ॥
পীৱত হূ পরৱাণু ভইআ পুরে সবদি সমাই ॥২॥

২। যাহারা গুরুপ্রদত্ত নামরূপ অমৃত আস্বাদন করিয়াছে তাহারাই তাহার স্বাদ পাইয়াছে। এই নামামৃত না আস্বাদন করিলে জীব ভ্রমে ভুলিয়া থাকে। নামই অমৃত, নামের মাহাত্ম্য কহিয়া কিছুই প্রকাশ করা যায় না। যাহারা এই নামামৃত পান করে তাহারাই প্রামাণিক জন হইয়া যায় এবং পূর্ণনামে সমাহিত হয়।

টীকা—চাখিআ=আস্বাদন করিয়াছে। সাদু=স্বাদ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপে দেইত পাঈঐ হোরু করণা কিছু না জাই ॥
দেৱণু ৱালে কৈ হথি দাতি হৈ গুরূ দুআরৈ পাই ॥
জেহা কীতোনু তেহা হোআ জেহে করম কমাই ॥৩॥

৩। এই অমৃত পরমেশ্বর যদি আপনি কৃপা করিয়া দেন তবেই পাওয়া যায়, অন্য কিছু করা যায় না, অর্থাৎ অন্য কোনও উপায়ে পাওয়া যায় না। দান কর্ত্তার হাতেই দান এবং ঐ দান গুরু দ্বারাই পাওয়া যায়। পূর্ব্ব জন্মে যেরূপ কার্য্য করিয়া যে প্রকার কর্ম্ম সঞ্চয় করিয়াছে, এই জন্মে সেইরূপই ফলপ্রাপ্তি হয়।

জতু সতু সংজমু নামু হৈ ৱিণু নাৱৈ নিরমলু ন হোই ॥
পূরৈ ভাগি নামু মনি ৱসৈ সবদি মিলাৱা হোই ॥
নানক সহজে হী রংগি ৱরতদা হরিগুণ পাৱৈ সোই
॥৪॥১৭॥৫০॥

৪। যম, সত্য এবং সংযম প্রভৃতি সর্ব্বপ্রকার সাধনের মূল নাম, নাম বিনা চিত্ত, রাগ, দ্বেষ, অহংকারাদি হইতে বিমুক্ত হয় না। জীবের পূর্ণ সৌভাগ্য হইলেই নাম মনে বসে এবং ব্রহ্মের সহিত মিলন হয়। নানক করিতেছে যে পুরুষ হরিগুণ গাহিবার সৌভাগ্য লাভ করে সে স্বভাবতঃ তাঁহার প্রতি প্রেমে মগ্ন হইয়া থাকে।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ১৮।৫১

কাঁইআ সাধৈ উরধ তপু করৈ ৱিচহু হউমৈ ন জাই ॥
অধিআতম করম জে করে নামু ন কবহী পাই ॥
গুরকৈ সবদি জীৱতু মরৈ হরি নামু ৱসৈ মনি আই ॥১॥

১। শরীরের কৃচ্ছ্র সাধন, যথা ঊর্দ্ধপদ হইয়া তপস্যা প্রভৃতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিলে মনের অভ্যন্তর হইতে "আমি আমার" যায় না। অধ্যাত্ম অর্থাৎ শারীরিক কর্ম্মদ্বারা নাম কখনও পাওয়া যায় না। গুরু উপদেশে যে জীবন্তে মরিয়া যাইতে পারে (অর্থাৎ অহং নাশ করিতে পারে) তাহারই মনে গুরু প্রদত্ত হরিনাম আসিয়া প্রতিষ্ঠিত হয়।

সুণি মন মেরে ভজু সতগুর সরণা ॥
গুর প্রসাদী ছুটীঐ বিখু ভৱজলু সবদি গুর তরণা ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, শ্রবণ কর; সদ্‌গুরুর শরণ, আশ্রয় ভজনা কর। গুরু প্রসাদেই তোমার বিষয় বিষ ছুটিয়া যাইবে এবং গুরুদত্ত উপদেশেই তুমি ভবসমুদ্র পার হইয়া যাইবে।

ত্রৈগুণ সভা ধাতু হৈ দুজা ভাউ ৱিকারু ॥
পংডিতু পড়ৈ বংদন মোহ বাধা নহি বূঝৈ বিখিআ পিআরি ॥
সতিগুরি মিলিঐ ত্রিকুটী ছুটৈ চউথৈ পদি মুকতি দুআরু ॥২॥

২। সমুদয় ত্রিগুণাত্মক প্রপঞ্চ নাশবন্ত। দ্বিতীয়াভিনিবেশ বিকার মাত্র। পণ্ডিত শাস্ত্র পাঠ করে কিন্তু মোহের বন্ধনে বদ্ধ বলিয়া শাস্ত্রের প্রকৃত মর্ম্ম বুঝিতে পারে না সুতরাং বিষয়ে প্রীত হয়। সদ্‌গুরু লাভ হইলে ত্রিকুটী ছুটিয়া যায় এবং তখন বুঝিতে পারে যে তুরীয় পদই মুক্তির দ্বার।

টীকা—ধাতু=নশ্বর পদার্থ। ত্রিকুটী=কর্ত্তা, ক্রিয়া, কর্ম্ম; জ্ঞাতা, জ্ঞান, জ্ঞেয়; ধ্যাতা, ধ্যান ধ্যেয় ইত্যাদি বিষয়ে সংশয়। চউথৈ পদি=ত্রিগুণাতীত তুরীয় অবস্থা।

গুর তে মারগু পাঈঐ চূকৈ মোহ গুবারু ॥
সবদি মরৈ তা উধরৈ পাএ মোখ দুআরু ॥
গুর পরসাদী মিলি রহৈ সচু নামু করতারু ॥৩॥

৩। গুরুর নিকট হইতেই তুরীয় পদের পথ জানিতে পারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যায়। এবং মোহ অন্ধকার চুকিয়া যায়। গুরুমন্ত্রে যখন জীব জীয়ন্তে মরে তখনই উদ্ধার পায় এবং মোক্ষের দ্বার প্রাপ্ত হয়। গুরু প্রসাদেই জীব সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের সত্য নামে মিলিত, নিমগ্ন থাকে।

টীকা—মারগ=পথ। গুবারু=অন্ধকার।

ইহু মনুআ অতি সবলু হৈ ছডে ন কিতৈ উপাই ॥
দূজৈ ভাই দুখু লাইদা বহুতী দেই সজাই ॥
নানক নামি লগে সে উবরে হউমৈ সবদি গৱাই ॥৪॥১৮॥৫১॥

৪। এই মন (সঙ্কল্প বিকল্পাদি দ্বারা) অত্যন্ত বলবান, কিছুতেই তাহার সঙ্কল্প বিকল্প ছাড়ান যায় না। এই মন জীবকে দ্বৈত ভাবনায় ফেলিয়া কাম ক্রোধাদি বিকার জন্মাইয়া দুঃখ আনয়ন করে এবং পরে যম দ্বারা বহু শাস্তি ভোগ করায়। নানক কহিতেছে, যে নামে লাগিয়া থাকে সে গুরু উপদেশে অহংতা মমতা নাশ করিয়া উদ্ধার হইয়া যায়।

টীকা—সবলু=বলবান, শক্তিশালী। লাইদা=আনয়ন করে।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ১৯।৫২

কিরপা করে গুরু পাঈঐ হরিনামো দেই দ্রিড়াই ॥
বিণু গুর কিনৈ ন পাইও বিরথা জনমু গৱাই ॥
মনমুখি করম কমাৱণে দরগহ মিলৈ সজাই ॥১॥

১। যদি পরমেশ্বর কৃপা করেন তাহা হইলে গুরু লাভ হয়। গুরু হরিনাম হৃদয়ে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করেন। গুরু বিনা কেহই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিনাম পায় নাই ; বৃথা জন্ম নষ্ট হইয়া যায়। মনমুখী ব্যক্তি এমন কর্ম্ম করে যাহা দ্বারা সে পরমেশ্বরের দরবারে যাইয়া শাস্তি ভোগ করে।

টীকা—কিনৈ=কেহই।

মন রে দূজা ভাউ চুকাই ॥
অংতরি তেরৈ হরি ৰসৈ গুর সেৱা সুখু পাই ॥ রহাউ ॥

রহাউ। মন রে, তুমি দ্বৈত ভাব দূর কর। তোমার অন্তরে হরি বাস করিতেছেন, পরন্তু উহার আনন্দ গুরু সেবা দ্বারাই পাওয়া যায়।

সচু বাণী সচু সবদু হৈ জা সচি ধরে পিআরু ॥
হরি কা নামু মনি ৰসৈ হউমৈ ক্রোধু নিৱারি ॥
মনি নিরমল নামু ধিআঈঐ তা পাএ মোখ দুআরু ॥২॥

২। গুরুর বাণী যে সত্য এবং তাহার প্রদত্ত উপদেশ যে সত্য এই ভাব জীবের তখনই হয় যখন জীব সত্যস্বরূপ পরমেশ্বরকে প্রেম করে এবং তখনই মন হইতে অহঙ্কার এবং কাম ক্রোধ দূর হইয়া হরি নাম মনে বসিয়া যায়। নামের ধ্যানে মন নির্ম্মল হয় এবং তখন মোক্ষের দ্বার স্বরূপ জ্ঞান লাভ হয়।

হউমৈ ৱিচি জগু বিনসদা মরি জংমৈ আৱৈ জাই ॥
মনমুখ সবদু ন জাণনী জাসনি পতি গৱাই ॥
গুর সেৱা নাউ পাঈঐ সচৈ রহৈ সমাই ॥৩॥

৩। অহঙ্কারের বশেই জগৎ বিনাশ প্রাপ্ত হয়, মরিয়া জন্মে, আসে যায়, মনমুখ জীব গুরু উপদেশ দ্বারা হরি নাম জানে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(লাভ করে না), সেই জন্য আপনার মান প্রতিষ্ঠা হারাইয়া ফেলে অর্থাৎ আত্মস্বরূপ না জানিয়া জন্ম মৃত্যুর অধীন হয়। কিন্তু গুরুমুখ ব্যক্তি গুরু সেবাদ্বারা গুরুর নিকটে নাম প্রাপ্ত হয়, এবং (নাম জপ দ্বারা) সত্য স্বরূপ পরমেশ্বরে সমাহিত হইয়া থাকে।

টীকা—বিনসদা=বিনাশ প্রাপ্ত হয়। জাসনি=যে কারণে।

সবদি মংনিঐ গুরু পাঈঐ ৱিচহু আপু গৱাই ॥
অনদিনু ভগতি করে সদা সাচে কী লিৱলাই ॥
নামু পদারথু মনি ৱসিআ নানক সহজি সমাই ॥৪॥১৯॥৫২॥

৪। গুরু লাভ কর এবং গুরু প্রদত্ত উপদেশ মনন কর, তোমার অন্তর হইতে "অহং" চলিয়া যাইবে। যাহার অহং চলিয়া যায় সে দিবারাত্রি সত্যস্বরূপ পরমেশ্বরে একাগ্র ভাবে চিত্ত লাগাইয়া অনুদিন তাঁহাকে ভক্তি করে। নানক কহিতেছে, নাম পদার্থ, পরমনিধি, যাহার অন্তরে বসিয়াছে, সে সহজে অর্থাৎ ব্রহ্মে সমাহিত হইয়া যায়।

টীকা—আপু=আপনা, অহং। লিৱলাই=একাগ্রভাবে চিত্ত লাগাইয়া রাখে।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ২০।৫৩

জিনী পুরখী সতিগুরু ন সেৱিও সে দুখীএ যুগ চারি ॥
ঘরি হোংদা পুরখু ন পছণিআ অভিমানি ঘঠে অহংকারি ॥
সতিগুরূ কিআ ফিটকিআ মংগি থকে সংসারি ॥
সচা সবদু ন সেৱিও সভি কাজ সৱারণহারু ॥১॥

১। যে সকল ব্যক্তি সদ্‌গুরুকে সেবা করে নাই তাহারা চারি যুগেই দুঃখে থাকে। তাহাদিগের ঘরে অর্থাৎ অন্তরে যে অন্তর্য্যামী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরম পুরুষ রহিয়াছেন তাঁহাকে তাহারা জানিতে পারে না, যে হেতু তাহারা অভিমানে এবং অহঙ্কারে প্রতারিত হইয়াছে। ঐ সকল ব্যক্তি সদ্‌গুরু কর্ত্তৃক ধিক্কৃত, অবজ্ঞাত হয়, সুতরাং সংসারে মাগিয়া মাগিয়া, অর্থাৎ সুখের অশায় ঘুরিয়া ঘুরিয়া পরিশ্রান্ত হইয়া পড়ে। যাহাতে সমুদয় কার্য্য সুসিদ্ধ হয় সেই গুরু প্রদত্ত সত্য উপদেশ তাহারা সেবা করে নাই (সুতরাং তাহাদিগের কোন কার্য্যই সুসম্পন্ন হয় নাই)।

টীকা—হোংদা=বর্ত্তমান। মুঠে=ঠকিয়া যায়। ফিটকিআ=ধিক্কৃত, অবজ্ঞাত। থকে=ক্লান্ত হয়।

মন মেরে সদা হরি ৱেখু হদুরি ॥
জনম মরণ দুখু পরহরৈ সবদি রহিআ ভরভূরি ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, সর্ব্বদা হরিকে সাক্ষাৎ প্রত্যক্ষ কর। শবদে, গুরু উপদেশে অর্থাৎ গুরু প্রদত্ত নামে যে ভরপূর হইয়া রহিয়াছে, সে জন্ম মৃত্যুর দুঃখ পরিহার করিতে পারিবে।

টীকা—ৱেখু=দেখ। হদুরি=হুজুরে সাক্ষাৎ। ভরভূরি=ভরপূর।

সচু সলাহনি সে সচে সচা নাযু আধারু ॥
সচী কার কমাৱণী সচে নালি পিআরু ॥
সচা সাহু ৱরতদা কোই ন মেটন হারু ॥
মনমুখি মহলু ন পাইনী কূড়ি মুঠে কুড়িআর ॥২॥

২। যে গুরুমুখী পুরুষ সত্য পরমেশ্বরকে স্তুতি করে এবং সত্য নামেই যাহার আশ্রয়, সে পুরুষও সত্য। সে সত্য কর্ম্ম করে এবং সত্যস্বরূপের সহিতই তাহার প্রেম, ভালবাসা। সত্য সাহা, বাদসাহ, পরমেশ্বর সর্ব্ব জগতে এক, তাহার হুকুম সর্ব্বত্র বর্ত্তমান, কেহ তাহা রদ, অগ্রাহ্য করিতে সমর্থ নহে। কিন্তু মনমুখ ব্যক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য পরমেশ্বরের মহল পায় না অর্থাৎ স্বরূপ জানিতে পারে না, কারণ সে মিথ্যা দ্বারা অভিভূত সুতরাং সে মিথ্যাকে ধরিয়াই ঠকিয়া যায়, প্রতারিত হয়।

টীকা—সলাহনি=স্তুতি কর। আধারু=আশ্রয়। কার=কার্য্য। পিআরু=প্রেম। সাহ=সাহা, বাদসাহ। ৱরতদা=বর্ত্তমান। মেটন হারু=রদ করিতে, সমর্থ। কূড়ি=মিথ্যাতে। মুঠে=ঠকিয়া যায়, প্রতারিত হয়। কূড়িআর=মিথ্যাপরায়ণ, মিথ্যাভিভূত।

হউমৈ করতা জগ মুআ গুর বিনু ঘোর অংধারু ॥
মাইআ মোহি ৱিসারিআ সুখদাতা দাতারু ॥
সতিগুরু সেৱহি তা উবরহি সচু রখহি উরধারি ॥
কিরপা তে হরি পাঈঐ সচি সবদি ৱীচারি ॥৩॥

৩। 'আমি' 'আমি' করিয়া জগৎ মরিয়া রহিয়াছে। গুরু বিনা জগৎ ঘোর অন্ধকার। মায়ার মোহে পড়িয়া (একমাত্র) দাতা, সুখদাতা পরমেশ্বরকে ভুলিয়া রহিয়াছে। যদি সদ্‌গুরুর সেবা করে এবং সৎনাম হৃদয়ে ধারণ করিয়া রাখে তবেই সংসার সমুদ্র উত্তীর্ণ হইয়া যায়। যখন সত্য শবদ, গুরু উপদেশ, বিচার অর্থাৎ গুরু প্রদত্ত নাম জপ করে, তখন গুরু কৃপাতে হরিকে লাভ করে। ভাব এই যে, সদ্‌গুরুর সেবা করিলে তিনি প্রসন্ন হইয়া কৃপাদৃষ্টি করেন, তাঁহার কৃপাদৃষ্টিতে সত্যনাম হৃদয়ে প্রতিষ্ঠিত হয়। এবং জীব উদ্ধার হইয়া যায়।

টীকা—মুআ=মরিয়া আছে। উরধারি=হৃদয়ে ধারণ করিয়া।

সতগুরু সেৱি মনু নিরমলা হউমৈ তজি ৱিকার ॥
আপু ছোড়ি জীৱত মরৈ গুর কৈ সবদি ৱীচার ॥
ধংধা ধাৱত রহি গএ লাগা সাচি পিআরু ॥
সচি রতে মুখ উজলে তিতু সাচৈ দরবারি ॥৪॥

৪। যখন সদ্‌গুরুর সেবা করিয়া 'আমি' 'আমি' এই বিকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ করে তখন মন নির্ম্মল হইয়া যায়। অহং ত্যাগ করিয়া জীয়ন্তে মরা হইয়া গুরু উপদেশে নাম বিচার অর্থাৎ জপ করে (অথবা ব্রহ্ম বিচার প্রাপ্তি হয়) এবং মনের সংকল্প বিকল্পের দৌড়াদৌড়ি থামিয়া গিয়া মন শান্ত হয়, তখন সত্যস্বরূপ পরমেশ্বরে প্রেম হয়; সেই সত্য স্বরূপে অনুরক্ত হইলে তাঁহার সত্য দরবারে মুখ উজ্জ্বল হয়।

টীকা—ধংধা=ধাঁধা, সংকল্প বিকল্প। ধাবত=চঞ্চল হইয়া দৌড়াদৌড়ি করে। ধংধা=কর্ম্ম : কর্ম্মের জন্য দৌড়াদড়ি=ধংধা ধাবত।

সতিগুরু পুরখু ন মংনিও সবদি ন লগো পিআরু ॥
ইসনানু দানু জেতা করহি দূজৈ ভাই খুআরু ॥
হরিজীউ আপনী ক্রিপা করে তা লাগৈ নাম পিআরি ॥
নানক নামু সমালি তূ গুর কে হেতি অপারি ॥৫॥২০॥৫৩॥

৫। যে সদ্‌গুরুরূপী পরম পুরুষের মনন করে নাই (অথবা তাঁহাকে মানে নাই) এবং তাঁহার প্রদত্ত উপদেশে যাহার প্রীতি জন্মে নাই, সে যতই তীর্থস্নান ও দান করে, সকলই দ্বৈতভাব প্রসূত—কামনা পুরণের নিমিত্তই করিয়া থাকে সুতরাং পীড়াদায়ক হয়। শ্রীহরি আপনি যদি কৃপা করেন তবেই নামে প্রীতি উৎপন্ন হয়। নানক কহিতেছে, গুরুতে অপার প্রেম পূর্ব্বক তুমি নাম স্মরণ কর।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ২১।৫৪

কিস হউ সেৱী কিআ জপু করী সতিগুর পূছউ জাই ॥
সতিগুর কা ভাণা মংনি লঈ ৱিচহু আপু গৱাই ॥
এহা সেৱা চাকরী নামু ৱসৈ মনি আই ॥
নামৈ হী তে সুখু পাঈঐ সচৈ সবদি সুহাই ॥১॥

১। হে মন, যদি তোমার এইরূপ প্রশ্ন উঠে 'আমি কাহার সেবা করিব এবং কি নাম জপ করিব তাহা হইলে সদ্‌গুরুর নিকটে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাইয়া জিজ্ঞাসা কর এবং সদ্‌গুরুর উক্তি, আদেশ, মানিয়া লইয়া অন্তঃকরণ হইতে অহংভাব দূর কর। ইহাই সদ্‌গুরুর সেবা, ইহাই সদ্‌গুরুর চাকুরী—ইহাতে অর্থাৎ (সদ্‌গুরুর দাস হইলে) নাম মনে আসিয়া স্থির হইয়া বসে। নামেই সুখ পাওয়া যায়, কারণ সত্য গুরু উপদেশ অর্থাৎ গুরু প্রদত্ত নাম জপ করিলে জীব শোভাযুক্ত হয়।

টীকা=ভাণা=কথা, আদেশ। মংনি লঈ=মানিয়া লইয়া। সুহাই=শোভাযুক্ত হয়।

মন মেরে অনদিনু জাগু হরি চেতি ॥
আপণী খেতী রখি লৈ কূংজী পড়েগী খেতি ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন! তুমি হরি স্মরণে দিবারাত্র জাগিয়া থাক। (জাগিয়া না থাকিলে) তোমার অন্তঃকরণরূপ ক্ষেতে তৃষ্ণা, বাসনা কামনারূপ পক্ষী আসিয়া তোমার শুভগুণরূপ শস্য খাইয়া যাইবে। (সুতরাং সর্ব্বদা জাগিয়া হরি নাম কর)।

টীকা—কূংজী=পক্ষী।

মন কীআ ইছা পূরীআ সবদি রহিআ ভরপূরি ॥
ভৈ ভাই ভগতি করহি দিনু রাতী হরি জীউ বেখৈ সদা হদূরি ॥
সচৈ সবদি সদা মনু রাতা ভ্রমু গইআ সরীরহু দূরি ॥
নিরমলু সাহিবু পাইআ সাচা গুণী গহীরু ॥২॥

২। নামে ভরপুর হইয়া (অর্থাৎ মগ্ন হইয়া) থাকিলে মনের ইচ্ছা পূর্ণ হয়। এবং শ্রীহরিকে সাক্ষাৎ সর্ব্বদাই নিকটে দেখিয়া তাঁহার প্রতি দিবারাত্রি নিরন্তর ভয়, ভক্তি এবং প্রেম হয়। সত্য নামে সর্ব্বদা মন রঞ্জিত থাকিলে শরীর হইতে ভ্রম দূর হইয়া চলিয়া যায়। এবং তখনই গভীর গুণ সমুদ্র সত্য স্বরূপ নির্ম্মল প্রভুকে লাভ হয়।

টীকা—রঞ্জিত, অনুরক্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জো জাগে সে উবরে সূতে গএ মুহাই ॥
সচা সবতু ন পছাণিও সুপণা গইআ ৱিহাই ॥
সুংঞে ঘরকা পাহুণা জিউ আইআ তিউ জাই ॥
মন মুখ জনম বিরথা গইআ কিআ মুহু দেসী জাই ॥৩॥

৩। যে মোহ-নিদ্রা হইতে জাগে সেই উদ্ধার পায়, কিন্তু যে মোহ নিদ্রায় ঘুমাইয়া থাকে সেই মৃত। সে সত্য নাম চিনিতে জানিতে পারে না সুতরাং তাহার জীবন স্বপ্নবৎ নষ্ট হয়। তাহার অবস্থা শূন্য গৃহে আগত কুটুম্বের মত—যেমন আসে তেমনই ফিরিয়া যায় (কারণ অভ্যর্থনা করিবার কেহ নাই)। মনমুখ জীবের জন্ম বৃথা কাটিয়া যায়, কারণ সে কি মুখ লইয়া দেশে অর্থাৎ পরলোকে যাইবে?

টীকা—সূতে=শুইয়া থাকে, ঘুমাইয়া থাকে। মুহাই=মরিয়া যায়। ৱিহাই=ছাড়িয়া যায়। পাহুণা=কুটুম্ব।

সভ কিছু আপে আপি হৈ হউমৈ ৱিচি কহনু ন জাই ॥
গুর কৈ সবদি পছাণীঐ দুখু হউমৈ ৱিচহু গৱাই ॥
সতিগুরু সেৱনি আপণা হউ তিনকৈ লাগউ পাই ॥
নানক দর সচৈ সচিআর হহি হউ তিন বলিহারৈ জাউ ॥
৪॥২১॥৫৪॥

৪। এই জগৎ প্রপঞ্চ সবই আপনি পরমেশ্বর, কিন্তু যতক্ষণ অন্তঃকরণে “আমি আমি” এই অহংকার, ততক্ষণ এই পরমেশ্বরের ইহা বলা যায় না। অতএব গুরু উপদেশ লাভ হইলে, অহংরূপ দুঃখ অন্তঃকরণ হইতে চলিয়া গেলে জীব জানিতে পারে যে তিনিই সব। যে ব্যক্তি আপনার সদ্‌গুরুর সেবা করে আমি তাঁহার চরণে প্রণাম করিতেছি; নানক কহিতেছে, যে সত্য পরমেশ্বরের দ্বারে সত্য হইয়া গিয়াছে, আমি তাহার বলিহারি যাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩॥

নং ২২।৫৫

জে ৱেলা ৱখতু ৱীচারিঐ তা কিতু ৱেলা ভগতি হোই।
অনদিনু নামে রতিআ সচে সচী সোই॥
ইকু তিলু পিআরা ৱিসরৈ ভগতি কিনেহী হোই॥
মনু তনু সীতলু সাচ সিউ সাসু ন বিরথা কোই॥১॥

১। পরমেশ্বরে ভক্তি করিবার কি কোনও নির্দ্দিষ্ট সময় আছে? এই প্রশ্নের উত্তরে গুরু অমরদাসজী বলিতেছেন :—

বিচার করিয়া দেখ কোন্ সময়ে কোন্ বেলায় ভক্তি হইবে, দিবারাত্রি নামে যে রত থাকে সেই সত্য শোভা পায়। যদি তিলমাত্র সময়ের জন্যও প্রিয়তম প্রভুকে বিস্মৃত হয় তবে কেমন করিয়া ভক্তি হইবে? যদি একটি শ্বাস-প্রশ্বাস ও বৃথা না যায়, প্রতি শ্বাস-প্রশ্বাসে নাম হয় তবে সেই সত্য-স্বরূপের প্রতি ভক্তিতে শরীর ও মন শীতল হইয়া যায়।

টীকা—ৱেলা=ঠিক সময়। সোই=শোভাময়। কিনেহী=কিরূপে।

মেরে মন হরিকা নামু ধিআই॥
সাচী ভগতি তা থীঐ জা হরি ৱসৈ মনি আই॥ রহাউ॥

রহাউ। হে আমার মন! হরির নাম ধ্যান কর। তিনি যখন আসিয়া তোমার মনে বসিবেন তখনই তোমার সত্য ভক্তি স্থির হইবে।

টীকা—থীঐ=স্থির হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহজে খেতী রাহীঐ সচু নামু বীজু পাই ॥
খেতী জংমী অগলী মনূআ রজা সহজি সুভাই ॥
গুরু কা সবদু অংমৃত হৈ জিতু পীতৈ তিখ জাই ॥
ইহু মনু সাচা সচি রতা সচে রহিআ সমাই ॥২॥

২। হে মন! সত্য নামের বীজ পাইয়া অন্তঃকরণরূপ জমিতে বপন করে, তাহা হইলে ক্ষেত্রে অনেক বীজ অঙ্কুরিত হইবে (ভক্তি প্রকাশিত হইবে), মন তৃপ্ত হইবে এবং স্বভাব শান্ত হইবে। গুরু প্রদত্ত নাম অমৃত স্বরূপ, যাহা পান করিলে বিষয় তৃষ্ণা চলিয়া যায়, এবং এই মন সত্যস্বরূপ পরমেশ্বরে রত থাকিয়া সত্য হইয়া যায় এবং সত্যস্বরূপে সমাহিত হইয়া থাকে।

টীকা—রহীঐ=বপন করে। অগলী=অনেক। রজা=তৃপ্ত। সহজি= শান্ত। সুভাই=স্বভাব। তিখ=তৃষ্ণা।

আখণু বেখণু বোলণা সবদে রহিআ সমাই ॥
বাণী বজী চহু জুগী সচো সচু সুণাই ॥
হউমৈ মেরা রহি গইআ সচৈ লইআ মিলাই ॥
তিন কউ মহলু হদূরি হৈ জো সচি রহে লিব লাই ॥৩॥

৩। ভক্ত তখন যাহা কিছু কথা প্রসংগ পাঠ করেন, যাহা কিছু নেত্র দ্বারা দেখেন এবং যাহা কিছু স্বাভাবিক বচনে বলেন সমস্তই শব্দ ব্রহ্মে সমাহিত হইয়া করেন। তখন চারি যুগে তাঁহার বাণী প্রকাশিত হয় এবং তিনি সত্যস্বরূপ পরমেশ্বরের কথা সত্য নিশ্চয় করিয়া শ্রবণ করেন, অর্থাৎ তিনি বলেন আমার অহংতা মমতা রহিত হইয়া গিয়াছে এবং সত্যস্বরূপ পরমেশ্বর আমাকে তাঁহার সহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলাইয়া লইয়াছেন। তাঁহার মহল আমার প্রত্যক্ষ এবং সত্যস্বরূপে আমার চিত্তবৃত্তি একাগ্রভাবে নিবিষ্ট হইয়া রহিয়াছে।

টীকা—আখণু=কথা প্রসংগ পাঠ করা। রেখহু=দর্শন করা। বজী=বাজে, প্রকাশিত হয়। রহি গইয়া=রহিয়া গিয়াছে। হদূরি=প্রত্যক্ষ।

নদরী নামু ধিআঈঐ ৰিণু করমা পাইয়া ন জাই ॥
পূরৈ ভাগি সতি সংগতি লহৈ সতিগুরু ভেটৈ জিসু আই ॥
অনদিনু নামে রতিআ দুখু ৰিখিআ ৰিচহু জাই ॥
নানক সবদি মিলাৱড়া নামে নামি সমাই ॥৪॥২২॥৫৫॥

৪। কৃপাদৃষ্টিকারী প্রভু পরমেশ্বরের নাম গুরু দ্বারে ধ্যান করি, কারণ তাঁহার কৃপা বিনা তাঁহার নাম পাওয়া যায় না। পূর্ণ সৌভাগ্য হইলে সৎসঙ্গ লাভ হয় এবং সৎসঙ্গে সৎগুরুর সহিত সাক্ষাৎ হইলে নাম লাভ হয়। সদ্‌গুরু লাভ হইলে জীব দিবারাত্রি নামে রত থাকিলে বিষয় বিকারের দুঃখ অন্তর হইতে চলিয়া যায়। নানক কহিতেছে; গুরুমন্ত্র লাভ হইলে নাম দ্বারাই নামিতে সমাহিত হওয়া যায়।

টীকা—নদরী=যিনি নদর, অর্থাৎ কৃপা দৃষ্টি করেন। করমা=কৃপা। ভেটৈ=সাক্ষাৎ করে। মিলাৱড়া=মিলন হইয়া যায়।

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ২৩।৫৬

আপণা ভউ তিন পাইওনু জিন গুর কা সবদু বীচারি ॥
সত সংগতী সদা মিলি রহে সচে কে গুণ সারি ॥
দুবিধা মৈলু চুকাঈঅনু হরি রাখিআ উরধারি ॥
সচী বাণী সচু মনি সচে নালি পিআরু ॥১॥

১। যাহারা গুরূপদেশ বিচার করে তাহাদিগের হৃদয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমেশ্বরের প্রতি আপনার ভয় জন্মিয়া থাকে, সেজন্য তাহারা সর্ব্বদা সৎসংগতে মিলিত থাকিয়া সত্যস্বরূপ পরমেশ্বরের গুণ স্মরণ করে (কখনও ভুলে না)। তাহারা দ্বৈতভাবনারূপ মলা দূর করিয়া শ্রীহরিকে বক্ষে ধারণ করিয়া থাকে ; তাহাদিগের বাক্য সত্য, মনে সত্য এবং সত্য-স্বরূপ পরমেশ্বরের সহিতই তাহাদিগের প্রেম।

টীকা—দুবিধা=দ্বৈত ভাবনা।

মন মেরে হউমৈ মৈলু ভর নালি ॥
হরি নিরমলু সদা সোহণা সবদি সৱারণহারু ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন। তুমি সর্ব্বদা অহংরূপ মলে পরিপূর্ণ ; কিন্তু শ্রীহরি সর্ব্বদা নির্ম্মল এবং সুন্দর। গুরু উপদেশই এই সকল মল দূর করিতে সমর্থ।

টীকা—সাৱারণ হারু=মল দূর কারক।

সচে সবদি মনু মোহিআ প্রভি আপে লএ মিলাই ॥
অনদিনু নামে রতিআ জোতী জোতি সমাই ॥
জোতী হূ প্রভু জাপদা বিনু সতগুর বূঝ ন পাই ॥
জিন কউ পূরবি লিখিআ সতগুরু ভেটিআ তিন আই ॥২॥

২। গুরু উপদেশে যাঁহাদের মন মোহিত হয় পরমেশ্বর কৃপা করিয়া তাঁহাদিগকে সৎ-সঙ্গে মিলিত করেন। তাঁহারা নিশিদিন গুরু উপদেশে রঞ্জিত থাকিয়া আপনার চৈতন্য সত্তা পরমেশ্বরের সত্তাতে সমাহিত করেন। তাহার জ্যোতি, চৈতন্য সত্তা পরমেশ্বরের জ্যোতি পাইলেই প্রভুকে জানিতে পারে। কিন্তু সদ্গুরু ব্যতীত ইহা বুঝা যায় না। যদি কাহারও ভাগ্যে পূর্ব্বের লেখা থাকে তাহারাই সদগুরুর সহিত মিলিত হয়।

টীকা—জাপদা=জানিতে পারা যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ৰিণু নাৱৈ সভ ডুমণী দূজৈ ভাই খুআই ॥
তিসু বিনু ঘড়ী ন জীৱদী তুখী রৈণি ৱিহাই ॥
ভরমি ভুলাণা অংধুলা ফিরি ফিরি আৱৈ জাই ॥
নদরি করে প্রভু আপণী আপে লএ মিলাই ॥৩॥

৩। নাম বিনা সমস্ত জীব দুশ্চরিত্র এবং দ্বৈত ভাবনায় ভুলিয়া আছে। জীব এক মুহূর্ত্তও পরমেশ্বর বিনা বাঁচিতে পারে না। সুতরাং দুঃখে রাত্রি অর্থাৎ জীবন অতিবাহিত করে। অজ্ঞান-অন্ধ জীব ভ্রমে ভুলিয়া বারংবার আসা যাওয়া করে। কিন্তু প্রভু আপনি যদি কৃপাদৃষ্টি করেন তবে অজ্ঞান-অন্ধ জীবকে আপনার সহিত মিলিত করিয়া লয়েন।

সভু কিছু সুণদা ৱেখদা কিউ মুকরি পইআ জাই ॥
পাপো পাপু কমাৱদে পাপে পচহি পচাই ॥
সো প্রভু নদরি ন আৱঈ মনমুখি বূঝ ন পাই ॥
জিসু ৱেখালে সোঈ ৱেখৈ নানক গুরুমুখি পাই ॥৪॥২৩॥৫৬॥

৪। (কৃপার অন্তরায় কি?) প্রভু অন্তর্য্যামীরূপে জীবের পাপকর্ম্ম সকল দেখিতেছেন, শুনিতেছেন—তথাপি জীব তাহা (জিজ্ঞাসা করিলে) অস্বীকার করে, পাপের পর পাপই অর্জ্জন করিতে থাকে এবং পাপ-কর্ম্মেই রত থাকিয়া তাহাতেই জ্বলিতে পুড়িতে থাকে; সুতরাং সেই প্রভু তাহার দৃষ্টি পথে আসেন না এবং মনমুখ ব্যক্তির ইহা বোধগম্য হয় না। নানক কহিতেছে, প্রভু যাহাকে দেখান সেই ব্যক্তিই গুরুমুখী হইয়া দেখিতে পায় অর্থাৎ বুঝিতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩॥

নং ২৪।৫৭

বিনু গুর রোগু ন তুটঈ হউমৈ পীড় ন জাই ॥
গুর পরসাদী মনি ৰসৈ নামে রহৈ সমাই ॥
গুর সবদী হরি পাঈঐ বিনু সৰদৈ ভরমি ভুলাই ॥১॥

১। গুরু কৃপা বিনা অজ্ঞান-রূপ রোগ নিবৃত্ত হয় না এবং অজ্ঞান না গেলে "অহংতা মমতা" পীড়াও দূর হয় না। একমাত্র গুরুপ্রসাদেই হরিনাম মনে দৃঢ হয়.এবং জীব নামে সমাহিত হয়। গুরুর উপদেশ দ্বারাই হরিকে পাওয়া যায়, গুরু উপদেশ বিনা ভ্রমে ভুলিয়া থাকে।

টীকা—ন তুটঈ=দূর হয় না।

মন রে নিজ ঘরি ৰাসা হোই ॥
রাম নাম সালাহি তূ ফিরি আৰণু জাণু ন হোই ॥ রহাউ ॥

রহাউ॥ হে মন তুমি রাম নাম জপ কর এবং স্তুতি কর; তোমার আপনার ঘরে বাসা (স্বরূপে স্থিতি) হইবে এবং তুমি আসা যাওয়ার (জন্ম-মৃত্যুর) হাত হইতে অব্যাহতি পাইবে।

হরি ইকো দাতা ৰরতদা দূজা অৰরু ন কোই ॥
সবদি সালাহী মনি ৰসৈ সহজে হী সুখু হোই ॥
সভ নদরী অংদরি ৰেখদা জৈ ভাৰৈ তৈ দেই ॥২॥

২। হে মন! শ্রীহরিই একমাত্র দাতা এবং তাঁহার হুকুমই সর্ব্বত্র ব্যাপ্ত। তিনি ছাড়া আর দ্বিতীয় কেহ নাই। গুরু উপদেশে তাহার স্তুতি কর; তখন নাম মনে বসিবে এবং সহজেই সুখ পাইবে। প্রভু পরমেশ্বর তাঁহার কৃপাদৃষ্টি দ্বারা সকলকেই দেখিতেছেন এবং তিনি যাহাকে (ভাৰৈ) ইচ্ছা করেন তাহাকেই নাম দান করেন।

টীকা—ৰরতদা=বর্ত্তমান রহিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হউমৈ সভা গণত হৈ গণতৈ নউ সুখু নাহি ॥
বিখু কী কার কমাৱণী বিখু হী মাহি সমাহি ॥
বিণু নাৱৈ ঠউরু ন পাইনী জমপুরি দূখ সহাহি ॥৩॥

৩। 'আমি আমি' এই অহংকারের বশবর্ত্তী হইয়া আমি অমুক অমুক পুণ্য করিয়াছি মানুষ তাহার গণনা করে, হিসাবে রাখে যে পরলোকে সুখ পাইবে—কিন্তু গণনায় সুখ পাওয়া যায় না। কারণ অহংকার বশে স্বর্গাদি কামনায় যে কর্ম্ম করে তাহা বিষ স্বরূপ এবং তাহার ফলও বিষ—অহংকারী জীব তাহাতেই ডুবিয়া থাকে। নাম বিনা স্থির হওয়া যায় না—অহংকারী জীব কর্ম্ম বশে চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিতে থাকে এবং পুণ্য ক্ষীণ হইলে যমপুরে যাইয়া তুঃখ পায়।

টীকা—বিখু=বিষ। ঠউরু=স্থির অবস্থা। সমাহি=ডুবিয়া থাকে। সহাহি=সহ্য করে।

জীউ পিণ্ডু সভু তিস দা তিসৈ দা আধারু ॥
গুর পরসাদী বুঝীঐ তা পাএ মোখতুআরু ॥
নানক নামু সলাহি তূ অংতু ন পারাৱারু ॥২৪॥৫৭॥

৪। জীবের প্রাণ ও শরীর সবই পরমেশ্বরের দান এবং জীব তাঁহার আশ্রয়েই আছে। গুরু প্রসাদে যখন এই সত্য বুঝিতে পারে তখনই মোক্ষের দ্বার-স্বরূপ যে জ্ঞান তাহা প্রাপ্ত হয়। নানক কহিতেছে তাঁহার নামের মহিমা কীর্ত্তন কর। তাঁহার অন্ত নাই, তিনি সীমাহীন অনন্ত।

টীকা—জীউ=প্রাণ। পিংডু=শরীর। তিসদা=তাঁহার, পরমেশ্বরের।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩।

নং ২৫।৫৮

তিনা অনংদু সদা সুখু হৈ জিনা সচু নামু আধারু ॥
গুর সবদী সচু পাইআ দূখ নিৱারণু হারু ॥
সদা সদা সাচে গুণ গাৱহি সাচৈ নাই পিআরু ॥
কিরপা করি কৈ আপণী দিতোনু ভগতি ভংডারু ॥১॥

১। সত্য-নাম যাঁহাদিগের আশ্রয়, তাঁহাদিগেরই সর্ব্বদা আনন্দ ও সুখ হয়। কারণ গুরু উপদেশে তাঁহারা দুঃখহারী পরমেশ্বরকে লাভ করিয়াছেন। তাঁহারা সর্ব্বদা সত্যস্বরূপ পরমেশ্বরের গুণগান করেন এবং সত্য নামেই তাঁহাদিগের প্রীতি। যাহাদিগের নামে প্রীতি, পরমেশ্বর কৃপা করিয়া আপনি তাহাদিগকে ভক্তির ভাণ্ডার অর্পণ করেন।

টীকা—দিতোন=দিয়া থাকেন।

মন রে সদা অনংদু গুণ গাই ॥
সচী বাণী হরি পাঈঐ হরি সিউ রহে সমাই ॥ রহাউ ॥

রহাউ। হে মন, যদি সর্ব্বদা আনন্দ চাও, তাহা হইলে সর্ব্বদা পরমেশ্বরের গুণগান কর। গুরু উপদেশরূপ সত্যবাণী দ্বারা হরিকে পাওয়া যায়। যে সত্য বাণী পায় সে হরির সহিত সমাহিত হইয়া থাকে।

সচী ভগতী মনু লালু থীআ রতা সহজি সুভাই ॥
গুর সবদী মনু মোহিআ কহণা কছু ন জাই ॥
জিহবা রতী সবদি সচৈ অংম্রিতু পীৱৈ রসি গুণ গাই ॥
গুরমুখি এহু রংগু পাঈঐ জিসনো কিরপা করে রজাই ॥২॥

২। সত্য ভক্তি হইলে মন লাল—আনন্দময় হইয়া পরমেশ্বরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মগ্ন হইয়া থাকে, এবং মন শান্ত স্বরূপ হইয়া যায়। গুরু প্রদত্ত শব্দে, নামে মন মোহিত হইয়া থাকে, বাক্য দ্বারা কিছু বলা যায় না। জিহ্বা তখন গুরুদত্ত নামে মজিয়া থাকিয়া অমৃত রস পান করে এবং গুণগান করে। কিন্তু সেই গুরুমুখ ব্যক্তি আনন্দ প্রাপ্ত হয় যাহাকে আদেশ দাতা পরমেশ্বর স্বয়ং কৃপা করেন।

টীকা—সহজ=শান্ত। রতী=মগ্ন হইয়া থাকে। রংগু=আনন্দ। রজাই=যিনি রাজা অর্থাৎ হুকুম দেন, পরমেশ্বর।

সংসা ইহু সংসারু হৈ স্থতিআ রৈণি ৱিহাই ॥
ইকি আপণৈ ভাণৈ কঢিলইঅনু আপে লইওনু মিলাই ॥
আপে হী আপি মনি বসিআ মাইআ মোহু চুকাই ॥
আপি ৱডাঈ দিতীঅনু গুরমুখী দেই বুঝাই ॥৩॥

৩। এই সংসার সংশয়-স্বরূপ, মিথ্যা। মনমুখ ব্যক্তি মোহ নিদ্রায় মগ্ন থাকিয়া রাত্রি কাটায়। কাহাকেও পরমেশ্বর সংসার হইতে কাড়িয়া লইয়া আপনার আদেশে অনুরক্ত করেন এবং আপনার সহিত মিলিত করেন। তিনি আপনি তাহার মায়ামোহ চুকাইয়া দিয়া তাহার হৃদয়ে বাস করেন, তাহাকে মহৎ পদবী দান করেন এবং গুরু দ্বারা তাহাকে সমস্ত বুঝাইয়া দেন।

টীকা—ইকি=কাহাকেও। ভাণৈ=উক্তিতে, আদেশে। কঢিলইঅনু=কাড়িয়া লয়েন, ছাড়াইয়া লয়েন। বড়াই=মহত্ব। দিতীঅনু=দান করেন।

সভনা কা দাতা একু হৈ ভুলিআ লএ সমঝাই ॥
ইকি আপে আপি খুআইঅনু দূজৈ ছডিঅনু লাই ॥
গুরমতী হরি পাঈঐ জোতী জোতি মিলাই ॥
অনদিনু নামে রতিআ নানক নামি সমাই ॥৪॥২৫॥৫৮॥

৪। সমস্ত জীবের দাতা একমাত্র পরমেশ্বর; ইহা যাহারা ভুলিয়া যায় তিনি তাহাদিগকে ইহা বুঝাইয়া আপনার করিয়া লয়েন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবার কোনও মনমুখ ব্যক্তিকে তিনি স্বয়ংই দ্বৈত ভাবনায় ফেলিয়া ভুলাইয়া দেন। কিন্তু গুরুমুখ ব্যক্তি হরিনাম পাইয়া জীবাত্মার জ্যোতিকে পরমাত্মার জ্যোতির সঙ্গে মিলাইয়া দেয়। নানক কহিতেছে, গুরুমুখ ব্যক্তি দিবারাত্রি নামে রত থাকিয়া নামীতে সমাহিত থাকেন অর্থাৎ নামীর সহিত অভেদ হইয়া যায়েন।

টীকা—খুআইঅনু=ভুলাইয়া দেন।

শ্রীরাগ মহলা ৩॥

নং ২৬।৫৯

গুণৱংতী সচু পাইআ ত্রিসনা তজি ৱিকার ॥
গুর সবদী মনু রংগিআ রসনা প্রেম পিআরি ॥
বিনু সতিগুর কিনৈ ন পাইও করি ৱেখহু মনি ৱীচারি ॥
মনমুখ মৈলু ন উতরৈ জিচরু গুর সবদি ন করে পিআরি ॥১॥

১। গুণবতী নারী (অর্থাৎ জীব) বিষয় তৃষ্ণা এবং বিকার ত্যাগ করিয়া সত্যরূপ পরমেশ্বরকে পাইয়া থাকে। গুরুদত্ত নামের রংয়ে তাহার মন রঞ্জিত হইয়াছে এবং রসনা প্রেমে প্রিয় প্রভুর গুণগান করিতেছে। কিন্তু মনে বিচার করিয়া দেখ এই অবস্থা সদ্‌গুরু ব্যতীত অন্য কাহারও নিকটে পাওয়া যায় না। মনমুখ ব্যক্তির অবিদ্যারূপ মলা দূর হয় না যতক্ষণ পর্য্যন্ত সে গুরুদত্ত শবদে, নামে, প্রেম না করে অর্থাৎ নামে রুচি না জন্মে।

টীকা—কিনৈ=কেহই। জিচরু=যতক্ষণ পর্য্যন্ত।

মন মেরে সতিগুর কৈ ভাণৈ চলু ॥
নিজ ঘরি ৱসহি অংম্রিত পীৱহি তা সুখ লহহি মহলু ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন! তুমি সদ্‌গুরুর হুকুম অনুসারে চল, তাহা হইলে নিজ ঘরে অর্থাৎ হৃৎকমলে বসিয়া অমৃত পান করিবে এবং অনায়াসে তোমার মহল, স্বরূপ লাভ করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঔগুণৱংতী গুণু কো নহী বহণি ন মিলৈ হদূরি ॥
মনমুখ সৱদু ন জাণঈ অৱগুণি সো প্রভ দূরি ॥
জিনী সচু পছাণিআ সচি রতে ভরপূরি ॥
গুর সৱদী মনু বেধিআ প্রভু মিলিআ আপি হদূরি ॥২॥

২। গুণহীন মনমুখ জীবের ভগবৎ প্রাপ্তির যোগ্য কোনও গুণ নাই; পরমেশ্বরের সহিত সাক্ষাৎকার তাহার কখনও মিলে না। কারণ গুণহীন মনমুখ ব্যক্তি গুরু শবদ, উপদেশ জানে না; সুতরাং এইরূপ গুণহীন অপগুণযুক্ত জনের নিকট হইতে দূরে থাকেন। কিন্তু যাহারা সত্য-স্বরূপকে জানিয়াছে তাহারা সত্যস্বরূপ পরমেশ্বরে ভরপুর হইয়া অনুরক্ত থাকে। কারণ গুরু শবদে, উপদেশে, তাহাদিগের মন বিদ্ধ হইয়াছে সুতরাং প্রভু আপনি আসিয়া তাহাদিগকে সাক্ষাৎ দেখা দেন।

টীকা—বহণি=বসিবার। হদূরি=সমীপে।

আপে রংগণি রংগিওনু সবদে লইওনু মিলাই ॥
সচা রংগু ন উতরৈ জো সচি রতে লিৱলাই ॥
চারে কুংডা ভৱি থকে মনমুখ বূঝ ন পাই ॥
জিসু সতিগুরু মেলে সো মিলৈ সচৈ সবদি মিলাই ॥৩॥

৩। গুরু যাহাদিগকে আপনার রংয়ে রঞ্জিত করিয়াছেন এবং আপনার শবদে, গুরুমন্ত্রে মিলিত করিয়াছেন এবং যাহারা সত্যস্বরূপ পরমেশ্বরে চিত্তবৃত্তি যুক্ত করিয়াছে তাহাদিগের সত্য রং (আত্মানন্দ বা প্রেম) কখনও চলিয়া যায় না (সর্ব্বদাই প্রেমে ভরপুর থাকে)। মনমুখ ব্যক্তি চারিদিক ভ্রমণ করিয়া (আনন্দ লাভের আশায়) ক্লান্ত হইয়া পড়ে, কিন্তু আত্মস্বরূপ কি তাহা বুঝিতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহার সদগুরু লাভ হয় তাহারই নাম মিলে এবং নাম জপ করিয়া সত্য ব্রহ্ম-স্বরূপে মিলিত, সমাহিত হয়।

টীকা—চারে কুংডা=চারিদিক। ভবি=ভ্রমণ করিয়া। সবদি=ব্রহ্ম-স্বরূপে।

মিত্র ঘনেরে করি থকী মেরা দুখু কাটৈ কোই ॥
মিলি প্রীতম দুখু কটিআ সবদি মিলাৰা হোই ॥
সচু খটনা সচু রাসি হৈ সচে সচী সোই ॥
সচি মিলে সে ন ৱিছুড়হি নানক গুরুমুখি হোই ॥৪॥২৬॥৫৯॥

৪। আমার দুঃখ দূর করিয়া দিবে আশায় অনেক বন্ধু করিয়া ক্লান্ত হইয়া পড়িয়াছি, কিন্তু কেহ আমার দুঃখ দূর করিতে পারে নাই। কিন্তু যখনই আমি প্রিয় সদগুরুর সহিত মিলিত হইলাম তখনই আমার দুঃখ নাশ হইল, কারণ তিনি আমাকে শবদে, নামে যুক্ত করিয়া দিলেন। গুরুদত্ত সত্য নামই উপার্জ্জন করিতে হয় এবং সেই সত্য নামই মূলধন করা উচিত; যিনি এইরূপ করেন তিনি সত্য সত্যই শোভাযুক্ত সুন্দর হয়েন। নানক কহিতেছে, সেই জন গুরুমুখ হইয়া সত্যস্বরূপ পরমেশ্বরকে লাভ করিয়া আর কখনও বিচ্ছিন্ন হয় না।

টীকা—ঘনেরে=অনেক। খটনা=উপার্জ্জন। রাসি=মূলধন। সোই=শোভা পায়। ন ৱিছুড়হি=বিচ্ছিন্ন হয় না।

শ্রীরাগ মহলা ৩ ॥
নং ২৭।৬০

আপে কারণু করতা করে স্রিসটি দেখৈ আপি উপাই ॥
সভ একো ইকু ৱরতদা অলখু ন লখিআ জাই ॥
আপে প্রভু দৈআলু হৈ আপে দেই বুঝাই ॥
গুরমতী সদ মণি ৱসিআ সচি রহে লিৱলাই ॥১॥

১। পরমেশ্বর আপনিই জগতের উপাদান কারণ মহীতত্ত্বাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রচনা করিয়াছেন এবং জগৎ সৃষ্টি করিয়া আপনিই তাহা দেখিতেছেন (প্রতিপালন করিতেছেন)। সমস্ত জীবেই এক অদ্বীতীয় পরমেশ্বর বর্ত্তমান রহিয়াছেন কিন্তু তিনি আপনি অলখ—কেহ তাঁহাকে দেখিতে পায় না। সেই প্রভু আপনি পরম দয়ালু, আপনিই বুঝাইয়া দেন; (যাহাকে প্রভু আপনি দয়া করেন তাহাকে বুঝাইয়া দেন)। সেই ব্যক্তি গুরুর নিকট শিক্ষা লইয়া মনকে বশ করিয়া সর্ব্বদা সত্যস্বরূপ পরমেশ্বরে চিত্তবৃত্তি একাগ্রভাবে লাগাইয়া রাখেন।

টীকা—উপাই=সৃষ্টি করিয়া।

মন মেরে গুর কী মংনি লৈ রজাই ॥
মনু তনু সীতলু সভু থীঐ নাম ৰসৈ মনি আই ॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন! তুমি সদগুরুর আদেশ মানিয়া লও, তাহা হইলে তোমার মন ও শরীর শীতল হইয়া থাকিবে এবং নাম আসিয়া মনে বসিবে।

টীকা—রজাই=হুকুম। মংনি লৈ=মানিয়া লও।

জিনি করি কারণু ধারিআ সোঈ সার করেই ॥
গুর কৈ সবদি পছাণীঐ জা আপে নদরি করেই ॥
সে জন সবদে সোহণে তিতু সচৈ দরবারি ॥
গুরমুখি সচৈ সবদি রতে আপি মেলে করতারি ॥২॥

২। যে পরমেশ্বর মহীতত্ত্বাদি সমুদয় কারণ সৃষ্টি করিয়া ধারণ করিতেছেন, অর্থাৎ যিনি কারণের কারণ—তিনি সমস্ত রক্ষণাবেক্ষণ করিতেছেন (সকলকে পান ভোজনাদি দিতেছেন)। গুরু উপদেশে তাঁহাকে জানিতে পারা যায় যদি তিনি আপনি কৃপা করেন। যাহার প্রতি গুরুর কৃপা হয় সেই ব্যক্তি গুরু উপদেশে শোভাযুক্ত হয়েন এবং পরমেশ্বরের দরবারেও শোভা পান। যে গুরুমুখ ব্যক্তি সত্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দে, ব্রহ্মে মগ্ন হইয়া থাকেন কর্ত্তাপুরুষ পরমেশ্বর তাহার সহিত আপনি মিলিত হয়েন।

টীকা—ধারিআ=ধারণ করিতেছেন। সার=লালন পালন। সোহণে=শোভা পায়।

গুরমতী সচু সালাহণা জিস দা অংতু ন পারাৱারু ॥
ঘটি ঘটি আপে হুকমি ৱসৈ হুকমে করে বীচারু ॥
গুরু সবদী সালাহীঐ হউমৈ ৱিচহু খোই ॥
সা ধন নাৱৈ বাহরী অৱগণ-ৱংতী রোই ॥৩॥

৩। গুরুমতি ব্যক্তি স্তুতি করে সত্যস্বরূপ পরমেশ্বরের যাঁহার অন্ত, পারাপার নাই। হুকুমকর্ত্তা পরমেশ্বর আপনি ঘটে ঘটে বিরাজমান এবং তাঁহার হুকুম অনুসারেই প্রতি জীবের বিচার হয় (অর্থাৎ তাঁহার হুকুম অনুসারে ধর্ম্মরাজ প্রতি জীবের বিচার করেন)। গুরুমুখী জন অন্তর হইতে অহঙ্কার দূর করিয়া গুরু উপদেশে তাঁহার স্তুতি করে। যে নরনারী (জীব) নামের বাহিরে (নাম পায় নাই) সেই গুণহীনা পরলোকে যাইয়া দুঃখে রোদন করে।

টীকা—গুরমতী=যে গুরুশিক্ষা পাইয়াছে। ধন=স্ত্রী। রোই=রোদন করে।

সচু সলাহী সচি লগা সচৈ নাই ত্রিপতি হোই ॥
গুণ ৱীচারি গুণ সংগ্রহা অৱগুণ কঢা ধোই ॥
আপে মেলি মিলাইদা ফিরি ৱেছেড়া ন হোই ॥
নানক গুরু সালাহী আপণা জিদু পাঈ প্রভু সোই
॥৪॥২৭॥৬০॥

৪। সত্যস্বরূপ পরমেশ্বরকে স্তুতি কর; সত্যস্বরূপে লাগিয়া থাক (তাঁহাকে নিরন্তর ভক্তি কর); সত্যনামে তোমার তৃপ্তি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দ হইবে। তাঁহার গুণ বিচার কর; তাঁহার গুণ সংগ্রহ (ধারণ) কর। পরমেশ্বরের গুণানুবাদে তোমার অপগুণ সমূহ ধৌত করিয়া দূর করিয়া দাও। পরমেশ্বর আপনি আসিয়া তোমাকে তাঁহার সহিত মিলিত করিবেন। পুনরায় তাঁহা হইতে বিচ্ছিন্ন হইবে না! নানক কহিতেছে, আপনার গুরুর স্তুতি কর যাঁহার কৃপায় সেই সত্যস্বরূপ প্রভুকে লাভ করিয়াছ।

টীকা—গুণ সংগ্রহা=হৃদয়ে মৌজুদ করিয়া রাখ। কঢা=দূর করিয়া দাও। জিহু=যাঁহা হইতে, যাঁহার কৃপাতে।

শ্রীরাগ মহলা ৩॥

নং ২৮।৬১

স্থণি স্থণি কাম গহেলীএ কিআ চলহি বাহ লুডাই॥
আপণা পিরু ন পছাণহী কিআ মুহু দেসহি জাই॥
জিনী সখী কংতু পছাণিআ হউ তিন কৈ লাগউ পাই॥
তিন হি জৈসী থী রহা সতসংগতি মেলি মিলাই॥১॥

১। শোন শোন, কামার্ত্তা কামিনী, (বিষয় বাসনায় অভিভূত জীব), বাহু দোলাইয়া, গর্ব্বে মত্ত হইয়া, কেন যাইতেছ? তুমি আপনার পতি পরমেশ্বরকেই চিনিতে পার নাই, কিরূপে পরলোকে যাইয়া মুখ দেখাইবে? যে (জ্ঞানীরূপ) সখিগণ কান্ত পরমেশ্বরকে জানিতে পারিয়াছে, আমি তাঁহাদিগের চরণে লাগিতেছি, প্রণিপাত করিতেছি। তাঁহাদিগের সৎসঙ্গের মিলনে আপনাকেও মিলাইয়া তাঁহারা যেরূপ আনন্দে ছিলেন, আমিও সেইরূপ থাকিব।

টীকা—কাম গহেলীএ=কাম গৃহীতা, কামার্ত্তা। বাহলুডাই=বাহু দোলাইয়া। পিরু=পতি। মুহু দেসাই=মুখ দেখাইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুংধে কূড়ি মুঠী কূড়িআরি ॥
পিরু প্রভু সাচা সোহণা পাঈঐ গুর ৰীচারি ॥১॥ রহাউ ॥

রহাউ। অয়ি মুগ্ধে নারী, অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন জীব, মিথ্যাচারণকারী, মিথ্যা বিষয়ের মোহে মোহিত হইয়া ঠকিয়া যায়। সত্যস্বরূপ এবং সুন্দর পতি প্রভু-পরমেশ্বরকে গুরুদ্বারে নাম বিচার করিলে পাওয়া যায়।

টীকা—মুঠী=ঠকিয়া যায়। সোহণা=সুন্দর।

মনমুখি কংতু ন পছাণঈ তিন কিউ রৈণি ৰিহাই ॥
গরব অটীআ ত্রিসণা জলহি দুখু পাৰহি দূজৈ ভাই ॥
সবদি রতীআ সোহাগণী তিন ৰিচহু হউমৈ জাই ॥
সদা পিরু রাৰহি আপণা তিন সুখে সুখি ৰিহাই ॥২॥

২। মনমুখীজনরূপ দুর্ভাগিনী স্ত্রী কান্ত পরমেশ্বরকে জানে নাই, সে কিরূপে রাত্রি কাটায়, অর্থাৎ বহুকষ্টে তাহার সময় যায়। অহংকারে পূর্ণ, মগ্ন হইয়া, বিষয় কামনায় সে জ্বলিতে থাকে এবং দ্বৈত ভাবনায় দুঃখ পায়। পরন্তু, গুরুমুখী জীবরূপী সৌভাগ্যবতী নারী গুরু উপদেশে অনুরত থাকে বলিয়া তাহার অন্তর হইতে অভিমান চলিয়া যায়, সর্ব্বদা সে আপনার কান্তের সঙ্গ উপভোগ করে, এবং পরম সুখে আত্মানন্দে মগ্ন হইয়া থাকে।

টীকা—গরব অটীআ=অহঙ্কারে আচ্ছন্ন, মগ্ন হইয়া।

গিআন ৰিহূণী পিরমুতীআ পিরমু ন পাইআ জাই ॥
অগিআন মতী অংধেরু হৈ বিনু পির দেখে ভুখ ন জাই ॥
আৰহু মিলহু সহেলীহো মৈ পিরু দেহু মিলাই ॥
পূরৈ ভাগি সতিগুরু মিলৈ পিরু পাইআ সচি সমাই ॥৩॥

৩। মনমুখরূপ আত্মজ্ঞান বিহীনা এবং পতি পরমেশ্বর হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিচ্ছিন্না দোহাগনী নারী পতির প্রেম পায় না, তাহার বুদ্ধি অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন, পতি পরমেশ্বরের দর্শন লাভ না করিয়া তাহার বিষয়-বাসনারূপ ক্ষুধা যায় না। অতএব হে সন্তজনরূপ সখি, আসিয়া আমার সহিত মিলিত হও এবং আমাকে কান্তের সহিত মিলিত কর। পূর্ণ সৌভাগ্য থাকিলেই সদ্‌গুরু লাভ হয় এবং তখন সত্যস্বরূপ কান্তকে লাভ করিয়া তাঁহাতে সমাহিত হয়।

টীকা—পিরমুতীয়া=পতি হইতে বিচ্ছিন্না। পিরমু=প্রেম। ভুখ=তৃষ্ণা, বিষয় বাসনা। সহেলীহো=হে সখি।

সে সহীআ সোহাগণী জিন কউ নদরি করেই ॥
খসমু পছাণহি আপণা তনু মনু আগৈ দেই ॥
ঘরি ৱরু পাইআ আপণা হউমৈ দূরি করেই ॥
নানক সোভাৱংতীআ সোহাগণী অনদিনু ভগতি করেই ॥

৪॥২৮॥৬১॥

৪। সেই সখিগণ, সোহাগনী সোহাগবংতী, যাহাদিগের উপরে কান্ত পরমেশ্বর কৃপাদৃষ্টি করেন, এবং যে সখিগণ আপনা পতিকে জানিতে পারিয়া, আপনার তনুমন গুরুর অগ্রে সমর্পণ করেন। তাহারা (গুরুকৃপায়) অহংতা মমতা দূর করিয়া আপনার ঘরেই, হৃদয়েই, বর, পতি পরমেশ্বরকে পাইয়াছে। নানক কহিতেছে, এইরূপ গুরু-মুখীরূপ সোহাগিনী নারীগণই নিশিদিন পরমেশ্বরকে ভক্তি করিয়া শোভাবন্তী হইয়াছে।

টীকা—ঘরি=হৃদয়ে। ৱরু=বর, পতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩ ॥

নং ২৯৬২

ইকি পিরু রাৱহি আপণা হউ কৈ দরি পূছউ জাই ॥
সতিগুরু সেৱী ভাউ করি মৈ পিরু দেহু মিলাই ॥
সভু উপাএ আপে ৱেখৈ কিস্থ নেড়ৈ কিস্থ দূরি ॥
জিনি পিরু সংগে জাণিআ পিরু রাৱে সদা হদূরি ॥১॥

১। কেহ কেহ, কোনও জ্ঞানবানরূপী সোহাগিনী স্ত্রী আপনার পতি পরমেশ্বরের সঙ্গ ভোগ করিতেছে, আমি কোন্ দরজায়, কাহার নিকটে যাইয়া পতির সহিত মিলনের উপায় জিজ্ঞাসা করিব ? তুমি সদ্গুরুকে সেবা কর, তাঁহাকে প্রেম কর এবং বল যে আমাকে পতি মিলাইয়া দাও। যে পরমেশ্বর সমুদয় বিশ্ব সৃষ্টি করিয়া আপনি সমস্ত দেখিতেছেন, পালন করিতেছেন, তখন কে তাঁহার নিকটে, কেই বা দূরে ? যে জানিয়াছে যে পতি সঙ্গেই আছেন সেই পতিকে সর্ব্বদা প্রত্যক্ষ ভাবে ভোগ করে।

টীকা—ইকি=কেহ কেহ। ভাউ=প্রেম। উপাই=সৃষ্টি করিয়া।

মুংধে তূঁ চলু গুর কৈ ভাই ॥
অনদিনু রাৱহি পিরু আপণা সহজে সচি সমাই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে জিজ্ঞাসু জীবরূপী মূঢ়া রমণি, তুমি গুরুর ইচ্ছা, আদেশ অনুসারে চল। তুমি নিশিদিন আপনার পতিকে ভোগ করিবে এবং স্বাভাবিক ভাবে আপন পতি সত্যস্বরূপ পরমেশ্বরে সমাহিত হইয়া যাইবে।

টীকা—ভাই=ইচ্ছা অনুসারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সবদি রতীআ সোহাগণী সচৈ সবদি সীগারি ॥
হরি ৰরু পাইনি ঘরি আপণৈ গুরকৈ হেতি পিআরি ॥
সেজ স্থহাৰী হরি রংগি রৰৈ ভগতি ভরে ভংডার ॥
সো প্রভু প্রীতমু মনি ৰসৈ জি সভসৈ দেই অধারু ॥২॥

২। সোহাগিনী স্ত্রী শবদে, গুরুপ্রদত্ত নামে অত্যন্ত অনুরক্ত এবং এই নামই তাহার বেশভূষা, এবং গুরুর জন্যই তাহার অত্যন্ত প্রেম। সুতরাং সে আপন ঘরেই, হৃদয়েই হরিকে বর অর্থাৎ পতিরূপে পাইয়াছে। তাহার সুন্দর অন্তঃকরণরূপ শয্যায় হরিকে প্রেমের সহিত রমণ করে এবং তাহার ভক্তির ভাণ্ডার সর্ব্বদাই পূর্ণ থাকে। যিনি সকলকে আশ্রয় দান করেন সেই প্রিয়তম প্রভু সর্ব্বদাই তাহার হৃদয়ে বাস করেন।

টীকা—গুরুকৈ হেতি=গুরুর জন্য। পিআরি=প্রেম। স্থহাৰী=সুন্দর।

পিরু সালাহনি আপণা তিন কৈ হউ সদ বলিহারৈ জাউ ॥
মনু তনু অরপী সিরু দেঈ তিনকৈ লাগা পাই ॥
জিনী ইকু পছাণিআ দূজা ভাউ চুকাই ॥
গুরমুখী নাম পছাণীঐ নানক সচি সমাই ॥৩॥২৯॥৬২॥

৩। যে আপনার পতিকে স্তুতি করে আমি সর্ব্বদা তাহার বলিহারী যাই। যে মন তনু তাঁহাকে অর্পণ করিয়া মস্তক তাঁহাকে নিবেদন করে তাহার চরণে লাগি, তাহাকে প্রণিপাত করি। যে দ্বৈতভাব দূর করিয়া এক পরমেশ্বরকে জানিয়াছে, এবং যে গুরুমুখী জন নামকে চিনিয়াছে, নানক কহিতেছে, সে সত্যস্বরূপে সমাহিত হয়।

টীকা—সালাহনী=স্তুতি করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৩॥

নং ৩০।৬৩

হরি জীউ সচা সচু তূ সভু কিছু তেরৈ চীরৈ ॥
লখ চউরাসীহ ভরসদে ফিরে বিনু গুর ভেটৈ পীরৈ ॥
হরি জীউ বখসে বখসি লএ সূখ সদা সরীরে ॥
গুর পরসাদী সেৱ করী সচু গহির গংভীরৈ ॥১॥

১। হে হরি, তুমিই সত্য, তুমিই সত্য, সব কিছু, তোমারই শক্তিতে। জীব সুখের জন্য চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিয়া ফিরে কিন্তু গুরু সাক্ষাৎকার বিনা দুঃখ পায়। শ্রীহরি যখন কৃপা করিতে উন্মুখ হন তখন যদি কৃপা গ্রহণ করে, তবেই সর্ব্বদা অন্তঃকরণে সুখ হয়। গুরুর কৃপাতেই গভীর এবং গম্ভীর সত্যস্বরূপ পরমেশ্বরের সেবা করিতে পারে।

টীকা—চীরৈ=শক্তিতে। বখসে=কৃপা করেন। সরীরে=অন্তকরণে।

মন মেরে নামি রতে সুখু হোই ॥
গুরমতী নামু সলাহীঐ দূজা অৱরু ন কোই ॥১॥ রহাউ ॥

রহাউ। রে মন, নামে রত থাকিলেই সুখ হইয়া থাকে। গুরুর শিক্ষা অনুসারে নাম জপ কর, ইহার সমান দ্বিতীয় অপর কেহই নাই।

ধরমরাই নো হুকমু হৈ বহি সচা ধরমু বীচারি ॥
দূজৈ ভাই দুসটু আতমা ওহু তেরী সরকার ॥
অধিআতমী হরি গুণ তাসু মনি জপহি একু মুরারি ॥
তিনকী সেৱা ধরমরাই করে ধংনু সৱারণ হারু ॥২॥

২। ধর্ম্মরাজের প্রতি পরমেশ্বরের এরূপ হুকুম আছে যে, তুমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসিয়া সত্য পক্ষপাতশূন্য যথার্থ ধর্ম্মের বিচার কর। দ্বৈতভাবে মগ্ন দুষ্টাত্মা জীবগণ তোমার রাজ্যের অন্তর্গত, কিন্তু যে সকল পুরুষ আত্মাকে আশ্রায় করিয়া আছে, যাহাদিগের মনে সর্ব্বদা হরিগুণ বাস করে এবং একমাত্র মুরারির নাম জপ করে ধর্ম্মরাজ স্বয়ং তাহাদিগের সেবা করেন, ধন্য পালন কর্ত্তা পরমেশ্বর।

টীকা—সরকার=রাজত্ব, অধিকারভূত। অধিআতমী=যাহারা আত্মাকে আশ্রয় করিয়া আছে। সৱারণহারু=পালনকর্ত্তা পরমেশ্বর।

মন কে বিকার মনহি তজৈ মনি চূকৈ মোহু অভিমানু ॥
আতমরামু পছাণিআ সহজে নামি সমানু ॥
বিনু সতিগুর মুকতি ন পাঈঐ মনমুখি ফিরৈ দিৱানু ॥
সবদু ন চীনৈ কথনী বদনী করে বিখিআ মাহি সমানু ॥৩॥

৩। এই সকল-পুরুষ মনের বিকার সমূহ মনের বিচার দ্বারাই ত্যাগ করেন এবং মন হইতে মোহ এবং অহংকার দূর করিয়া দেন। তাহারা আত্মারামকে জানিয়াছেন, এবং সহজে, স্বাভাবিক ভাবে নামে সমাহিত হইয়া থাকেন। সদগুরু বিনা মুক্তি পাওয়া যায় না। এজন্য মনমুখ জন পাগলের মত ঘুরিয়া ফিরে, কারণ সে শবদ—গুরু উপদেশ জানে না; নানা প্রকার কপোল-কল্পিত কথা ব্যাখ্যা করে এবং বিষয়ের মধ্যে মগ্ন হইয়া থাকে।

টীকা—দিৱানু=পাগল। বদনী=কপোল কল্পিত কথা। কথনী=ব্যাখ্যা করে।

সভু কিছু আপে আপি হৈ দূজা অৱরু ন কোই ॥
জিউ বোলাএ তিউ বোলীঐ জা আপি বুলাএ সোই ॥
গুরমুখি বাণী ব্রহমু হৈ সৱদি মিলাৱা হোই ॥
নানক নামি সমালি তূ জিতু সেৱিঐ সুখু হোই ॥৪॥৩০॥৬৩॥

৪। এই নামরূপময় প্রপঞ্চ সমুদয়ই আপনি পরমেশ্বর, তাঁহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যতীত দ্বিতীয় অপর কিছুই নাই। যেরূপ তিনি আপনি বলান, সেইরূপই সকলে বলে। তিনি যেরূপ আপনি বলাইয়া থাকেন তাহাই শোভা পায়। গুরুমুখনিঃসৃত বাণী ব্রহ্মস্বরূপ এবং তাহা সবদ, গুরুপ্রদত্ত মন্ত্র দ্বারাই বুঝিতে পারা যায়। নানক কহিতেছে, তুমি নাম স্মরণ কর, নামের সেবা করিলেই আনন্দ লাভ করিবে।

টীকা—সোই=শোভা পায়। সমালি=স্মরণ কর।

শ্রীরাগ মহলা ৩॥

নং ৩১।৬৪

জগি হউমৈ মৈলু দুখু পাইআ মলু লাগী দূজৈ ভাই ॥
মলু হউমৈ ধোতী কিবৈ ন উতরৈ জে সউ তীরথ নাই ॥
বহু বিধি করম কমাৰদে দূণী মলু লাগী আই ॥
পড়িঐ মৈলু ন উতরৈ পূছহু গিআনীআ জাই ॥১॥

১। এই জগৎ 'আমি আমার' এই মলে দুঃখ ভোগ করিতেছে; দ্বৈত ভাব হইতে এই মল হয়। যদি শত তীর্থেও স্নান করা যায়, তথাপি অহংতা মমতা মল ধৌত করা যায় না। যজ্ঞ দানাদি বহু প্রকারের পুণ্যকর্ম্ম করিলে দ্বিগুণ এই অহং মল আসিয়া লাগে। শাস্ত্র পাঠ করিলেও এই মল দূর হয় না, জ্ঞানী পুরুষকে যাইয়া জিজ্ঞাসা করিতে পার।

টীকা—ভাব এই যে, পুণ্যকর্ম্ম এবং শাস্ত্র-পাঠাদি করিলে অহংকার অত্যন্ত বড়িয়া যায়। কিবৈ=কিছুতেই।

মন মেরে গুর সরণি আবৈ তা নিরমলু হোই।
মনমুখ হরি হরি করি থকে মৈলু ন সকী ধোই ॥১॥রহাউ॥

রহাউ। হে আমার মন তুমি গুরুর শরণ লও, তাহা হইলে নির্ম্মল হইতে পারিবে। মনমুখ জন হরিনাম উচ্চারণ করিয়া ক্লান্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া যায় কিন্তু অহংকার ময়লা ধুইয়া ফেলিতে পারে না (যে হেতু গুরুর শরণ লয় না)।

মনি মৈলে ভগতি ন হোৱঈ নামু ন পাইআ জাই ॥
মনমুখ মৈলে মৈলে মুএ জাসনি পতি গৱাই ॥
গুর পরসাদী মনি ৱসৈ মলু হউমৈ জাই সমাই ॥
জিউ অংধেরৈ দীপকু বালীঐ তিউ গুর গিআনি অগিআনু
তজাই ॥২॥

২। মলিন অন্তঃকরণে ভক্তি হয় না, গুরুর প্রতি ভক্তি না হইলে তাঁহার নিকটে নাম পাওয়া যায় না। মনমুখ জন জীবিত কালে মলে আচ্ছন্ন থাকে এবং জীবনান্তকালেও এই মল লইয়া যায়, এবং আগে, পরলোকে যদি যায় আপনার প্রতিষ্ঠা হারায়। গুরু কৃপাতে যখন নাম মনে বসে তখন অহংতা মমতারূপ মল দূর হইয়া যায়। যেরূপ অন্ধকারে প্রদীপ জ্বালিলে অন্ধকার দূর হইয়া যায় সেইরূপ জ্ঞানবান গুরু অজ্ঞান অন্ধকার দূর করিয়া দেন।

টীকা—মুএ=মরে। বালীঐ=জ্বালাইলে।

হম কীআ হম করহিগে হম মূরখ গাৱারু ॥
করণৈ ৱালা ৱিসরিআ দূজৈ ভাই পিআরু ॥
মাইআ জেৱডু দুখু নহী সভি ভৱি থকে সংসারু ॥
গুরমতী সুখু পাঈঐ সচু নামু উরধারি ॥৩॥

৩। আমি ইহা করিয়াছি, আমি এইরূপ করিব ইহা অত্যন্ত মূর্খ গাঁওয়ার লোকের উক্তি। কারণ ঐ ব্যক্তি দ্বৈত ভাবনায় আসক্ত হইয়া প্রকৃত কর্ত্তা পরমেশ্বরকে ভুলিয়া রহিয়াছে। ভাই হে, মায়ার মত এত বড় দুঃখ আর নাই। সমুদয় জীব সংসার চক্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিভ্রমণ করিয়া পরিশ্রান্ত হইয়া পড়ে। গুরুর শিক্ষা অর্থাৎ উপদেশ পাইয়া যখন সত্যনাম হৃদয়ে ধারণ করে তখনই সুখ লাভ হয়।

টীকা—কীআ=করিয়াছি। করহগে=করিব। গাৱারু=গাঁওয়ার, গ্রামবাসী অতএব মূর্খ। মাইআ জেৱডু=মায়ার মত বড়। ভৱি=ভ্রমণ করিয়া। উরধারি=হৃদয়ে ধারণ করিয়া।

জিস নো মেলে সো মিলৈ হউ তিসু বলিহারৈ জাউ॥
এ মন ভগতী রতিআ সচু বাণী নিজথাউ॥
মনি রতে জিহৱা রতী হরি গুণ সচে গাউ॥
নানক নামু ন ৱীসরৈ সচে মাহি সমাউ ॥৪॥৩১॥৬৪॥

৪। পরমেশ্বর যাহাকে গুরুর সহিত মিলাইতে ইচ্ছা করেন তাহারই গুরু মিলে, আমি সেই পুরুষের বলিহারী যাই। তাহার মন আপন স্থানে বসিয়া পরমেশ্বরের ভক্তিতে রঞ্জিত হইয়া থাকে এবং তাঁহার নামরূপ সত্য বাণী উচ্চারণ করে। তাহার মন এবং জিহ্বা পরমেশ্বরে রত থাকে এবং শ্রীহরির সত্য গুণ গানে নিযুক্ত থাকে। নানক কহিতেছে, সে নাম কখনও ভুলিয়া যায় না এবং সত্যস্বরূপ পরমেশ্বরে সমাহিত হইয়া থাকে।

টীকা :—ভগতী রতিআ=ভক্তিতে রঞ্জিত হইয়া থাকে। থাউ=স্থান।

শ্রীরাগ, মহলা ৪ ঘর ১॥

নং ১।৬৫

মৈ মনি তনি বিরহু অতি অগলা কিউ প্রীতমু মিলৈ
ঘরি আই॥
জা দেখা প্রভু আপণা প্রভি দেখিঐ দুখু জাই॥
জাই পুছা তিন সজণা প্রভু কিতু বিধি মিলৈ মিলাই ॥১॥

১। আমার দেহমনে বিরহ অতিশয় বৃদ্ধি পাইয়াছে। কি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া আমার প্রিয়তম প্রভু আমার আপনার ঘরে আসিয়া মিলিত হইবেন। যখন আমি আমার প্রভুকে দেখিতে পাইব, আমার প্রভুকে দেখিলেই আমার দুঃখ চলিয়া যাইবে। আমি আমার স্বজন গণের নিকটে যাইয়া জিজ্ঞাসা করিব কি প্রকারে প্রভু মিলিবে, আপনি আমাকে তাঁহার সহিত মিলাইয়া দিন্।

টীকা :—অগলা=বৃদ্ধি পাইয়াছে।

মেরে সতিগুরা মৈ তুঝা বিনু অৱর ন কোই ॥
হম মূরখ মুগধ সরণাগতী করি কিরপা মেলে হরি সোই ॥১॥
রহাউ ॥

রহাউ। হে আমার সদ্‌গুরো! তুমি বিনা আমার অপর কোনও আশ্রয় নাই। আমি মূর্খ, মূঢ়, তোমার শরণাগত। তুমি আমার প্রতি কৃপা কর, যেন প্রভু শ্রীহরি আমার সহিত মিলিত হয়েন।

সতিগুরু দাতা হরিনাম কা প্রভু আপি মিলাৱৈ সোই ॥
সতিগুরি হরি প্রভু বুঝিআ গুর জেৱডু অৱরু ন কোই ॥
হউ গুর সরণাঈ ঢহি পৱা করি দইআ মেলে প্রভু সোই ॥২॥

২। সৎগুরু হরিনামের দাতা, প্রভু পরমেশ্বর আপনি কৃপা করিয়া সেই সদ্‌গুরুর সহিত মিলন করিয়া দেন। সদগুরুই প্রভু হরিকে বুঝিয়াছেন, জানিয়াছেন। গুরুর মত বড় অপর কেহ নাই। আমি গুরুর শরণে পতিত হইতেছি, তিনি দয়া করিয়া সেই প্রভুকে মিলাইয়া দিউন।

মন হঠি কিনৈ ন পাইআ করি উপাৱ থকে সভু কোই ॥
সহস সিআণপ করি রহৈ মণি কোরৈ রংগু ন হোই ॥
কূড়ি কপটি কিনৈ ন পাইও জো বীজৈ খাৱৈ সোই ॥

৩। সদ্‌গুরু ব্যতীত মনে হঠ করিয়া কেহই হরিকে পায় না;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলেই নানাপ্রকার উপায় করিয়া ক্লান্ত হইয়া যায় অর্থাৎ ব্যর্থ হয়। সহস্র চাতুরী করিয়াও লাভ হয় না, যেমন কোরা কাপড়ে রং ধরে না। মিথ্যা এবং কপটাচরণ করিয়া কেহই পরমেশ্বরকে লাভ করিতে পারে না; তাহারা যেরূপ বিজ বপন করে সেইরূপই ফল পায়। মিথ্যা ও কপটাচারের ফল মিথ্যাই হয়, ভগবৎ লাভ হয় না।

টীকা:—কিনৈ=কেহই। সিআণপা=চতুরী। কোরে=কোরা কাপড়।

সভনা তেরী আস প্রভু সভু জীঅ তেরে তূঁ রাসি॥
প্রভু তুধহু খালী কো নহীঁ দরি গুরমুখা নো সাবাসি॥
বিখু ভউজলু ডুবদে কঢি লৈ জন নানক কী অরদাসি॥
৪॥১॥৬৫॥

৪। হে প্রভু, সমুদয় জীব তোমার, তোমা হইতেই উৎপত্তি হইয়াছে। এবং সকলেরই তুমি প্রাণরূপী মূলধন এবং সকলেরই তুমি আশা। চৈতন্যসত্তারূপী তোমা বিহনে কেহ নাই পরন্তু যে গুরুমুখী জন আপনার অন্তরে তোমাকে চৈতন্যসত্তারূপে দেখে, সেই ধন্য। দাস নানক এই প্রার্থনা করিতেছে যে, বিষয়রূপ সংসার সাগরে যে ডুবিয়া যাইতেছে তাহা হইতে তাহাকে টানিয়া লও।

টীকা:—আস=আশা। রাসি=মূলধন। তুধহু খালী=তোমা বিহনে, তুমি না থাকিলে। দরি=অন্তরে। বিখু=বিষ। ভউজলু=ভবজলধি, সংসার সাগর। কঢি লৈ=টানিয়া-তুলিয়া লও।

শ্রীরাগ মহলা ৪॥

নং ২।৬৬

নামু মিলৈ মনু ত্রিপতীঐ বিনু নামৈ ধ্রিগু জীৱাসু॥
কোঈ গুরমুখি সজণু জে মিলৈ মৈ দসে প্রভু গুণতাসু॥
হউ তিসু ৱিটহু চউখংনীঐ মৈ নাম করে পরগাসু॥১॥

১। গুরুর নিকট হইতে নাম মিলিলে মনের তৃপ্তি হয়, নাম বিনা জীবনের আশায় ধিক্। কোনও গুরুমুখী স্বজন, মিত্র যদি মিলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে সে আমাকে গুণের সাগর প্রভুকে দেখাইয়া দিবে। আমি সেই পুরুষের নিকট চার টুকরা হইয়া যাইব, সম্পূর্ণ আত্মসমর্পণ করিব, যে আমার নিকটে প্রভু পরমেশ্বরের নাম প্রকাশ করিবে অর্থাৎ আমাকে নাম উপদেশ করিবে।

টীকা—জীৱাস্থ=জীবনের আশা। সজণু=স্বজন, মিত্র। দসে=দেখাইয়া দেয়। গুণতাস্থ=গুণের সমুদ্র। চউখংনীঐ=চার টুকরা হইয়া যাইব, আত্ম সমর্পণ করিব।

মেরে প্রীতমা হউ জীৱা নামু ধিআই।
বিনু নাৱৈ জীৱণু না থীঐ মেরে সতিগুর নামু দ্রিড়াই ॥
১॥ রহাউ ॥

রহাউ। হে আমার প্রিয়তম সদ্গুরো, আমি নাম ধ্যান করিয়াই বাঁচিয়া থাকি। নাম বিহনে জীবন থাকে না, হে আমার সদ্গুরু নাম দৃঢ় করিয়া দাও।

নামু অমোলকু রতনু হৈ পূরৈ সতিগুর পাসি ॥
সতিগুর সেৱৈ লগিআ-কঢি রতনু দেৱৈ পরগাসি ॥
ধংনু ৱড়ভাগী ৱড়ভাগীআ জো আই মিলে গুর পাসি ॥২॥

২। নাম অমূল্যরত্ন, ইহা পূর্ণ সদ্গুরুর নিকটে আছে। যদি সদ্গুরুর সেবাতে কেহ লাগিয়া থাকে, তিনি এই রত্ন বাহির করিয়া প্রকাশ করিয়া দেন। যে এইরূপ সদ্গুরুর নিকটে শ্রদ্ধার সহিত আসিয়া মিলে সে ধন্য, সে বড় ভাগ্যবান সে পরম সৌভাগ্যবান্।

টীকা—কঢি=বাহির করিয়া।

জিনা সতিগুরু পুরখু ন ভেটিও সে ভাগহীণ ৱসি কাল ॥
ওই ফিরি ফিরি জোনি ভৱাঈঅহি ৱিচি ৱিসটা করি ৱিকরাল ॥
ওনা পাসি দুআসি ন ভিটীঐ জিন অংতরি ক্রোধু চংডাল ॥৩॥

৩। যে সদ্গুরু পুরুষের সাক্ষাৎকার পায় নাই সে ভাগ্যহীন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং কাল অর্থাৎ যমের বশ। ঐ ব্যক্তি ফিরিয়া ফিরিয়া, বারংবার যোনি পরিভ্রমণ করে, বিষ্ঠা মধ্যে ভয়ানক রূপ ধারণ করে, বিষ্ঠার কীট হয়। যাহার অন্তঃকরণে ক্রোধরূপ চণ্ডাল বাস করে তাহার আশ-পাশে কখনও ছুঁইও না।

টীকা—ৱসি=বশ, অধীন। ভৱাঙ্গঅহি=ভ্রমণ করে। ৱিকরাল=ভয়ানক। ঢু আসি=আশ, পাশ। ন ভিটীঐ=ছুঁইও না। ঢু আসি ন ভিটীঐ=তাহার ত্রিসীমানায় যাইও না।

সতিগুরু পুরুখু অংম্রিতসরু ৱডভাগী নাৱহি আই ॥
উন জনম জনম কী মৈলু উতরৈ নিরমল নামু দ্রিড়াই ॥
জন নানক উতমপদু পাইআ সতিগুর কী লিৱ লাই ॥
৪॥২॥৬৬॥

সদ্‌গুরু অমৃতের সরোবর। মহাসৌভাগ্যবান জন তাহাতে আসিয়া স্নান করে। তাহার জন্ম জন্মান্তরের মল দূর হইয়া যায়। নির্ম্মল নাম সদ্‌গুরু তাহার হৃদয়ে দৃঢ করিয়া বসাইয়া দেন। সদগুরুর প্রতি চিত্তবৃত্তি লাগাইয়া দাস নানক উত্তম পদ—অবস্থা লাভ করিয়াছে।

শ্রীরাগ মহলা ৪ ॥

নং ৩.৬৭

গুণ গাৱা গুণ ৱিথরা গুণ বোলী মেরী মাই ॥
গুরমুখি সজণু গুণ কারীআ মিলি সজণ হরিগুণ গাই ॥
হীরৈ হীরু মিলি বেধিআ রংগি চলূলৈ নাই ॥১॥

১। এস সখি হরিগুণ গান করি, হরিগুণ বিস্তার করি অর্থাৎ সকলকে শুনাই আর যে সকল বোলী অর্থাৎ বাণীতে তাঁহার গুণ বর্ণনা আছে তাহা বলি, উচ্চারণ করি। গুরুমুখী আমার আপনার জন যাঁহারা গুণ প্রাপ্তি করাইয়া দেন, সেই সকল স্বজনের সহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলিয়া গুণগান করি। সপ্রেম নাম লইয়া চল, হীরকরূপ জীব ব্রহ্মরূপ হীরকের সহিত মিলিত হইয়া তাহাকে বিদ্ধ করুক, তাহার সহিত অভেদ হইয়া যাউক।

টীকা—রিথরা=বিস্তার করি। গুণ কারীআ=যাঁহারা অপরকে গুণ প্রাপ্তি করান। রংগি=প্রেমের সহিত।

মেরে গোবিংদা গুণ গাবা ত্রিপতি মনি হোই ॥
অংতরি পিআস হরিনামকী গুরু তুসি মিলাবৈ সোই ॥১
॥ রহাউ ॥

রহাউ। আমার গোবিন্দের গুণগান করিলেই আমার মনে তৃপ্তি হয়। আমার অন্তরে হরিনামের পিপাসা, গুরু প্রসন্ন হইলে তিনি আমাকে হরিনাম দিয়া পিপাসা দূর করিবেন।

টীকা—তুসি=তুষ্ট হইলে, প্রসন্ন হইলে।

মন রংগহু বড়ভাগীহো গুর তুঠা করে পসাউ ॥
গুরু নামু দ্রিড়াএ রংগ সিউ হউ সতিগুর কৈ বলি জাউ ॥
বিনু সতিগুর হরিনামু ন লভঈ লখ কোটী করম কমাউ ॥ ॥

২। হে পরম ভাগ্যবান মন, তুমি গুরু সেবাতে আনন্দের সহিত লাগ, গুরু তুষ্ট হইয়া তোমাকে প্রসাদ করিবেন, কৃপা বিতরণ করিবেন, গুরু প্রেমের সহিত নাম দৃঢ় করিয়া দিবেন। আমি সদ্‌গুরুদেবের বলিহারী যাই। সদ্‌গুরু বিনা লক্ষকোটী কর্ম্ম করিলেও, হরিনাম লাভ করা যায় না।

টীকা—রংগহু=আনন্দের সহিত সেবা কর। পসাউ=প্রসাদ, কৃপাপ্রদান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিনু ভাগা সতিগুরু না মিলৈ ঘরি বৈঠিআ নিকটি নিত পাসি ॥
অংতরি অগিআন দুখু ভরমু হৈ ৰিচি পড়দা দূরি পঈআসি ॥
বিনু সতিগুর ভেটে কংচনু না থীঐ মনমুখ লোহু বূড়া বেড়ি-
পাসি ॥৩॥

৩। বিশেষ সৌভাগ্য বিনা সদ্‌গুরু মিলে না, সদ্‌গুরুর গৃহে বাস করিলেও এবং নিত্য তাঁহার নিকটে পার্শ্বে বসিলেও গুরু প্রাপ্তি হয় না। অন্তরে অজ্ঞান দুঃখ এবং ভ্রম রহিয়াছে ইহা উভয়ের মধ্যে পরদার মত থাকাতে গুরুর সহিত দূরতা রহিয়া যায়। সদ্‌গুরু পরশ পাথর তাঁহার সহিত মিলন না হইলে কাঞ্চন হইতে পারে না, মনমুখ জন লৌহের শৃঙ্খলের মত সংসার সাগরে ডুবিয়া যায়।

টীকা—পাসি=পার্শ্বে। আসি=থাকে। বেড়ী=শৃঙ্খল।

সতিগুরু বোহিথু হরিনাৰ হৈ কিতু বিধি চড়িয়া জাই ॥
সতিগুরু কৈ ভাণৈ জো চলৈ ৰিচি বোহিথ বৈঠা আই ॥
ধংনু ধংনু ৰড়ভাগী নানকা জিনা সতিগুরু লএ মিলাই ॥
৪॥৩॥৬৭

৪। সদ্‌গুরু হরিনামের জাহাজ, কি উপায়ে তাহাতে চড়া যায়, সদ্‌গুরুর বাক্য, আদেশ মত যে চলে সে নৌকার ভিতরে আসিয়া বসে। নানক কহিতেছে, ধন্য ধন্য সেই পরম সৌভাগ্যবান জন, যাহাকে সদ্‌গুরু আপনার সহিত মিলাইয়া লইয়াছেন।

টীকা—বোহিথু=জাহাজ। ভাণৈ=কথাতে, আদেশে। লএ মিলাই=সদ্‌গুরু আপনার সহিত মিলাইয়া লইয়াছেন; অথবা পরমেশ্বরের সহিত মিলিত করিয়া দিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৪ ॥
নং ৪।৬৮

হউ পংথু দসাঙ্গী নিত খড়ী কোঈ প্রভু দসে তিনি জাউ ॥
জিনী মেরা পিআরা রাৱিআ তিন পীছৈ লাগি ফিরাউ ॥
করি মিঁনতি করি জোদড়ী মৈ প্রভু মিলণৈ কা চাউ ॥১॥

১। আমি নিত্য দাঁড়াইয়া থাকিয়া পথ জিজ্ঞাসা করিতেছি, যে কেহ আমাকে প্রভুর পথ দেখাইয়া দিবে আমি তাহার নিকটে যাইব। যে আমার প্রিয়তম প্রভুকে রমণ করিতেছে, তাঁহার সঙ্গ লাভ করিয়া আনন্দ সম্ভোগ করিতেছে, আমি তাহার পাছে পাছে লাগিয়া থাকিয়া ফিরিব। আমি তাহার নিকটে মিনতি করিব এবং শ্রম করিয়া তাঁহার সেবা করিব, যেহেতু প্রভুর সহিত মিলনের জন্য আমার প্রবল আকাঙ্ক্ষা হইয়াছে।

টীকা—দসাঙ্গী=জিজ্ঞাসা করিতেছি। খড়ী=দাঁড়াইয়া আছি। দসে=দেখাইয়া দিবে: রাৱিআ=রমণ করিয়া। করি জোদড়ী=পরিশ্রম পূর্ব্বক। চাউ=উৎসাহ, আকাঙ্ক্ষা।

মেরে ভাঈ জনা কোঈ মোকউ হরি প্রভু মেলি মিলাই ॥
হউ সতিগুর ৱিটহু ৱারিআ জিনি হরি প্রভু দীআ দিখাই ॥১
॥ রহাউ ॥

রহাউ। হে ভাই সব, কেহ আছে যে আমাকে হরি প্রভুর সহিত মিলাইয়া দিবে? আমি বলিহারী যাই সদ্‌গুরুর যিনি আমাকে হরি প্রভুকে দেখাইয়া দিয়াছেন।

টীকা—ৱারিআ=বলিহারী যাই।

হোই নিমাণী ঢহি পৱা পূরৈ সতিগুর পাসি ॥
নিমাণিআ গুর মাণু হৈ গুরু সতিগুরু করে সাবাসি ॥
হউ গুরু সালাহি ন রজউ মৈ মেলে হরি প্রভু পাসি ॥২॥

২। আমি মান রহিত হইয়া পূর্ণ সদ্‌গুরুর চরণে পতিত হইব,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ নিরভিমান জনের সদ্‌গুরুই মান। সদ্‌গুরু তাহাকে সাবাস দেন, প্রশংসা করেন। আমি গুরুদেবের স্তুতি করিব; তাহাতে তৃপ্ত হইতে পারিতেছি না। গুরুদেব আমাকে প্রভু হরির নিকটে মিলাইয়া দিবেন।

টীকা—ঢহি পৱা=দণ্ডবৎ চরণে পড়িব। ন রজউ=তৃপ্তি লাভ করি না।

সতিগুর নো সভ কো লোচদা জেতা জগতু সভু কোই ॥
বিনু ভাগা দরসনু না থীঐ ভাগহীণ বহি রোই ॥
জো হরি প্রভু ভাণা সো থীআ ধুরি লিখিআ ন মেটৈ কোই ॥
৩॥

৩। সদ্‌গুরুকে সকলেই, এই জগতের সকল লোকই চাহে, (যেহেতু সদ্‌গুরু জীবকে পরমেশ্বরের সহিত মিলন করাইতে সমর্থ), কিন্তু পরম সৌভাগ্য বিনা তাঁহার দর্শন হয় না, ভাগ্যহীন জন বসিয়া বসিয়া কাঁদে, (যেহেতু তাহার ভগবদ্‌দর্শনরূপ সুখ প্রাপ্তি হইল না)। প্রভু হরি যাহা আদেশ করিয়াছেন তদনুসারে অদৃষ্টলিপিতে পূর্ব্বে যাহা লিখিত হইয়াছে তাহাই হয়, তাহা কেহই ছাড়াইতে পারে না।

টীকা—লোচদা=চাহে।

আপে সতিগুরু আপি হরি আপে মেলি মিলাই ॥
আপি দইআ করি মেলসী গুর সতিগুর পিছে পাই ॥
সভু জগজীৱনু জগি আপি হৈ নানক জলু জলহি সমাই ॥
৪॥৪॥৬৮॥

৪। হরি আপনিই সদ্‌গুরুস্বরূপে আপনার সহিত মিলাইয়া লয়েন। আগে আপনি হরি জীবকে দয়া করেন পরে পূজার যোগ্য সদ্‌গুরু লাভ করাইয়া আপনার সহিত মিলিত করাইয়া লয়েন। হরি আপনিই সমস্ত জগতের জীবন, প্রাণ স্বরূপ, পুনরায় আপনিই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগৎ অর্থাৎ সংসাররূপ প্রতীত হয়েন, এবং পরে জলের তরঙ্গে যেরূপ জলেই পর্য্যবসিত হয়, সেইরূপ আপনাতেই, অভেদ স্বরূপে সমাহিত হইয়া যায়েন। ভাব এই যে, জীব স্বরূপতঃ ব্রহ্ম কিন্তু সংসারী অবস্থায় ভিন্ন প্রতীত হয় পরে পুনরায় ব্রহ্মের সহিত মিলিত হইয়া অভেদ হইয়া যায়।

শ্রীরাগ মহলা ৪।

নং ৫।৬৯

রস্থ অংম্রতু নামু রস্থ অতি ভলা কিতু বিধি মিলৈ রস্থ খাই ॥
জাই পুছহু সোহাগণী তুসা কিউ করি মিলিআ প্রভু আই ॥
ওই ৰেপরৰাহু ন বোলনী হউ মলি মলি ধোৰা তিনি পাই ॥১॥

১। রস সমূহের মধ্যে নাম রস অমৃত স্বরূপ, অতি উৎকৃষ্ট, কিন্তু কি প্রকারে এই অমৃত রস পান করা যায়। আমি সোহাগিণী অর্থাৎ যে সন্তজন পরমেশ্বরকে লাভ করিয়াছেন তাঁহাকে যাইয়া জিজ্ঞাসা করিব যে কি প্রকারে প্রভু আসিয়া তাঁহার সহিত মিলিয়াছেন। কিন্তু তিনি বেপরোয়া, কাহারও অপেক্ষা রাখেন না, তিনি আমাকে বলিবেন না। আমি তাঁহার চরণ মলিয়া মলিয়া ধুইয়া দিব (ভাব এই যে তাহা হইলে তিনি প্রসন্ন হইয়া আমাকে পতি মিলনের উপায় বলিয়া দিবেন)।

ভাঈ রে মিলি সজণ হরি গুণ সারি ॥
সজণু সতিগুরু পুরখু হৈ দুখু কঢৈ হউমৈ মারি ॥১॥ রহাউ ॥

রহাউ। ভাই রে, স্বজনের সহিত মিলিয়া হরিগুণ স্মরণ কর। সেই স্বজন সদ্‌গুরু পুরুষ, তিনি অহংতা মমতা দূর করিয়া দিয়া দুঃখ হইতে উদ্ধার করেন।

টীকা—সারি=স্মরণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরমুখীআ সোহাগণী তিন দইআ পঙ্গৈ মনি আই ॥
সতিগুর বচন রতংনু হৈ জো মংনে সু হরি রসু খাই ॥
সে ৱডভাগী বড় জানীঅহি জিনি হরি রসু খাধা গুর ভাই ॥২॥

২। চরণ প্রক্ষালন করাতে গুরুমুখীরূপ সোহাগিণীগণের অন্তরে দয়া উপস্থিত হইল ; (তাঁহারা বলিলেন), সদ্‌গুরুর বচন রত্ন স্বরূপ, বহু মূল্যবান, যে উহা মনন করে সেই হরিরসামৃত পান করে। তাহাকে বড় সৌভাগ্যবান বলিয়া জান যে গুরুকে প্রেম করিয়া হরিরসামৃত পান করিতে পায়।

টীকা—রতংন=রত্ন, পরম মূল্যবান। গুর ভাই=গুরুকে প্রেম করিয়া।

ইহু হরি রস ৱণি তিণি সভতু হৈ ভাগহীণ নহী খাই ॥
ৱিনু সতিগুর পলৈ না পৱৈ মনমুখ রহে বিললাই ॥
ওই সতিগুরু আগৈ না নিৱহি ওনা অংতরি ক্রোধু বলাই ॥৩

৩। এই হরিরস বন তৃণ ইত্যাদি সর্ব্বত্র জগতে ব্যপ্ত রহিয়াছে, কিন্তু ভাগ্যহীন জন ইহা আস্বাদন করিতে পায় না। সদ্‌গুরুর কৃপা বিনা হরিরস অন্তঃকরণে পাওয়া যায় না, তাই মনমুখজন বিলাপ করিতে থাকে, সে সদ্‌গুরুর নিকটে নম্রতা প্রকাশ করে না, শির নত করে না, যে হেতু তাহার অন্তরে ক্রোধরূপী পিশাচী (উপাধি) বর্ত্তমান রহিয়াছে।

টীকা—বণি তিণি=বন ও তৃণ। সভতু=সর্বত্র। পলৈ না পৱৈ= অন্তঃকরণে উদয় হয় না। পলৈ=রসি, দড়ি। বিললাই=বিলাপ করিয়া। না নিৱহি=নম্র হয় না। বলাই=পিশাচী।

হরি হরি হরি রসু আপি হৈ আপে হরি রসু হোই ॥
আপি দইআ করি দেৱসী গুরমুখি অংম্রিতু চোই ॥
সভু তনু মনু হরিআ হোইআ নানক নানক হরি ৱসিআ মনি
সোই ॥৪॥৫॥৬৯॥

৪। পরমেশ্বর আপনিই হরি হরি নাম রস, আপনিই হরিরস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া আছেন, আপনিই দয়া করিয়া তাহা দিবেন, গুরুমুখে এই অমৃত চুয়াইয়া পড়ে, ভাব এই যে, তিনি আপনিই অমৃত রস এবং আপনিই গুরুরূপ ধারণ করিয়া শিষ্যকে দান করেন। নানক কহিতেছে যাহার মনে, হৃদয়ে সেই হরি আসিয়া বসেন, তাহার তনু মন হরিদ্বর্ণ, সরস, আনন্দময় হইয়া যায়।

শ্রীরাগ মহলা ৪।

নং ৬৭০

দিনসু চড়ৈ ফিরি আথবৈ রৈণি সবাঈ জাই ॥
আৰ ঘটৈ নরু না বুঝৈ নিতি মূসা লাজু টুকাই ॥
গুড়ু মিঠা মাইআ পসরিআ মনমুখু লগি মাখী পচৈ পচাই॥১॥

১। মনমুখ জনের অবস্থা বর্ণনা করিতেছেন। মনমুখ জনের দিন প্রভাত হয় এবং অস্ত যায়, রাত্রিও কাটিয়া যায়। আয়ু ক্ষয় হইয়া যাইতেছে কিন্তু মানুষ তাহা বুঝে না। নিত্য মূষিক তাহার আয়ুরূপ রজ্জু টুকিতেছে, একটু একটু করিয়া কাটিতেছে। মায়ার পসরা মিষ্ট গুড়ের মত ; মনমুখ মক্ষিকার মত তাহাতে আবদ্ধ হইয়া যায় এবং আপনিও জ্বলিয়া মরে এবং তাহার সঙ্গীদিগকেও জ্বালাইয়া মারে।

টীকা—দিনসু চড়ৈ=সূর্য্য উঠে, দিন হয়। আথবৈ=অস্ত যায়। রৈণি=রাত্রি। সবাঈ জাই=কাটিয়া যায়। আৰ=আয়ু। ঘটৈ=ক্ষয় হয়। মূসা=মূষিক, ইঁদুর। লাজু=রজ্জু। পসারিআ=পসার, পসরা। মাখী—মক্ষিকা, মাছি।

ভাঈ রে মৈ মীতু সখা প্রভু সোই ॥
পুতু কলতু মোহু বিখু হৈ অংতি বেলী কোই ন হোই ॥১
॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, সেই প্রভুই আমার মিত্র এবং সখা। পুত্র এবং কলত্র ইহাদের মোহ বিষরূপ, অন্তিম কালে কেহই মিত্র হয় না।

টীকা—মীতু=মিত্র। কলতু=কলত্র। বেলী=বেলায়, কালে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরমতি হরি লিৱ উবরে অলিপতু রহে শরণাই ॥
ওনী চলণু সদা নিহালিআ হরি খরচু লীআ পতি পাই ॥
গুরমুখি দরগহি মংনীঅহি হরি আপি লএ গলি লাই ॥২॥

২। যে গুরুর শিক্ষা অনুসারে সংসারে লিপ্ত না হইয়া এবং গুরুর শরণাগত হইয়া শ্রীহরিতে একাগ্রভাবে চিত্ত লাগাইয়া রাখে, সে উদ্ধার হইয়া যায়। এইরূপ গুরুমুখী পুরুষের চলিয়া যাওয়া অর্থাৎ মৃত্যুকাল আমি দেখিয়াছি। তাঁহারা মরণকালে কেবল হরিনামের খরচ, পথের সম্বল লইয়া থাকেন এবং তাহাতেই প্রতিষ্ঠা লাভ করেন। গুরুমুখ ব্যক্তি পরমেশ্বরের দরবারে মান লাভ করেন এবং শ্রীহরি স্বয়ং তাহাকে কণ্ঠে আলিঙ্গন করিয়া লয়েন। ২ ॥

টীকা—উবরে=উদ্ধার হইয়া যায়। খরচু=পথ চলিবার খরচ, সম্বল।

গুরমুখা নো পংথু পরগটা দরি ঠাক ন কোই পাই ॥
হরিনামু সলাহনি নামু মনি নামি রহনি লিৱ লাই ॥
অনহদ ধুনী দরি ৱজদে দরি সচৈ সোভা পাই ॥৩॥

৩। গুরুমুখজন পরমেশ্বরের নিকটে যাইবার পথ, উপায়, প্রকাশ করেন, তাঁহার পথে কেহ কোনও বাধা করিতে পারে না। তাঁহারা হরিনামেই স্তুতি করেন, নামই সর্ব্বদা মনে রাখেন এবং নামে চিত্তবৃত্তি নিবিষ্ট রাখেন। অনাহত ধ্বনি অন্তরে বাজিতে থাকে এবং সত্যস্বরূপ পরমেশ্বরের দরবারে যাইয়া শোভা পায়েন। ॥ ৩ ॥

টীকা—ঠাক=বাধা।

জিনী গুরমুখি নাম সলাহিআ তিনা সভ কো কহৈ সাৱাসি ॥
তিনকী সংগতি দেহি প্রভ মৈ জাচিক কী অরদাসি ॥
নানক ভাগ ৱডে তিনা গুরমুখা জিন অংতরি নামু প্রগাসি ॥
৪॥৬॥৭০॥

৪। যে সকল গুরুমুখ ব্যক্তি নাম জপ করিয়া পরমেশ্বরের স্তুতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন তাঁহাদিগকে সকলেই সাবাস দেয়, প্রশংসা করে। হে প্রভু, এই প্রকার গুরুমুখী জনের সঙ্গ আমাকে দান করুন, যাচক আমার এই প্রার্থনা। নানক কহিতেছে, সেই গুরুমুখ জনের পরম সৌভাগ্য যাহার অন্তরে নাম প্রকাশিত হইয়াছে।

শ্রীরাগ, মহলা ৫, ঘর ১

নং ১৭১

কিআ তূ রতা দেখি কৈ পুত্র কলত্র সীগার ॥
রস ভোগহি খুসীআ করহি মাণহি রংগ অপার ॥
বহুতু করহি ফুরমাইসী ৱরতহি হোই অফার ॥
করতা চিতি ন আৱঈ মনমুখ অংধ গৱার ॥১॥

১। পঞ্চম গুরু শ্রী অর্জ্জুনজী একজন শ্রদ্ধাহীন রাজার প্রতি উপদেশ দিতেছেন। তুমি নানা প্রকারের রস, বিষয় সুখ, ভোগ করিতেছ, ইহা খুব খুসী হইয়া, অত্যন্ত স্ফূর্ত্তিযুক্ত হইয়া করিতেছ, এবং মনে অপার আনন্দ পাইতেছ, তুমি অপর লোককে বহু বহু হুকুম করিয়া আপন কর্ম্ম করাইয়া লইতেছ, এবং অহংকারে মত্ত হইয়া যথার্থ কথাও অগ্রাহ্য করিয়া চলিতেছ। যিনি সমুদয়ের কর্ত্তা তিনি তোমার মনে আসিতেছেন না—তুমি মনমুখ, অন্ধ, মূর্খ।

টীকা—রংগ=আনন্দ। ফুরমাইসী=হুকুম করিতেছ। অফার=অহংকার মত্ত, অন্যের উপদেশ অগ্রাহ্যকারী। গৱার=মূর্খ।

মেরে মন সুখদাতা হরি সোই ॥
গুর পরসাদী পাঈঐ করমি পরাপতি হোই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, মুখ্য দাতা সেই পরমেশ্বর, তাহাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুর অনুগ্রহে লাভ হয়, পরমেশ্বরের কৃপাতে পাওয়া যায় (অথবা) বহু জন্ম জন্মান্তরের পুণ্য কর্ম্মফলে তাঁহাকে পাওয়া যায়।

টীকা—করমি=কৃপাতে অথবা পুণ্য কর্ম্মফলে।

কপড়ি ভোগি লপটাইআ সুইনা রুপা খাকু ॥
হৈৱর গৈৱর বহু রংগে কীএ রথ অথাক ॥
কিস হী চিতি ন পাৱঈ বিসরিআ সভ সাক ॥
সিরজণহারি ভুলাইআ ৱিণু নাৱৈ নাপাক ॥২॥

২। স্বর্ণ, রৌপ্য এবং বহুপ্রকার বস্ত্রে মণ্ডিত হইয়া রহিয়াছ কিন্তু ঐ সমুদয় ধূলি, ছার। শ্রেষ্ঠ অশ্ব, শ্রেষ্ঠ হস্তী এবং বহুপ্রকার অতি দ্রুতগামী রথ করিয়াছ। কাহাকেও তুল্য বলিয়া তোমার মনে লাগিতেছে না। তুমি সমুদয় সম্বন্ধ ভুলিয়া গিয়াছ। সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর তোমাকে এই প্রকারে ভুলাইয়া দিয়াছেন, তুমি নাম বিহনে অপবিত্র হইয়া আছ।

টীকা—লপটাইয়া=জড়িত রহিয়াছে। হৈবর=হয় বর, শ্রেষ্ঠ অশ্ব। গৈবর =গজ বর, শ্রেষ্ঠ হস্তী। অথাক রথ=যে রথের ঘোড়া কিছুতেই ক্লান্ত হয় না; অথাক=যে স্থগিত হয় না; অথক=যে থাকে না, ক্লান্ত হয় না। সাক=সম্বন্ধ; ধন মদে মত্ত হইয়া আপনার আত্মীয়-স্বজনদিগকেও ভুলিয়া যায়। নাপাক= অপবিত্র।

লৈদা বদদুআই তূঁ মাইআ করহি ইকত ॥
জিসনো তূং পতীআইদা সো সণু তুঝৈ অনিত ॥
অহংকারু করহি অহংকারীআ ৱিআপিআ মনকী মতি ॥
তিনি প্রভি আপি ভুলাইআ না তিসু জাতি ন পতি ॥৩॥

৩। তুমি মায়াবশে অর্থাৎ অন্যায় করিয়া ধন সঞ্চয় করিয়াছ। এজন্য প্রজাদিগের অভিশাপ তুমি লইয়াছ। যাহার উপরে অর্থাৎ যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধনজনের উপরে তুমি বিশ্বাস স্থাপন করিয়াছ তাহা তোমার শরীরের সহিত অনিত্য, নাশবন্ত। তুমি অহংকারী হইয়া অহংকার করিতেছ তাহা তোমার মনের বুদ্ধিতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে। যাহাকে প্রভু আপনি ভুলাইয়া দিয়াছেন তাহার না আছে জাতি, না আছে প্রতিষ্ঠা।

টীকা—লৈদা=লইয়াছ। বদ-দুআই=অভিশাপ। করহি ইকত=একত্র কর, সঞ্চয় কর। পতীআইদা=বিশ্বাস করিয়াছ। সো সণু তুঝৈ=তাহা তোমার সহিত।

সতিগুরি পুরখি মিলাইআ ইকো সজণু সোই ॥
হরিজনকা রাখা একু হৈ কিআ মাণস হউমৈ রোই ॥
জো হরি জন ভাৱৈ সো করে দরি ফেরু ন পাৱৈ কোই ॥
নানক রতা রংগি হরি সভ জগ মহি চানণু হোই ॥৪॥১॥৭১॥

৪। সদ্‌গুরু যে পরমেশ্বরকে মিলাইয়া দেন একমাত্র স্বজন তিনিই। হরি জন গণের, হরির ভক্তগণের, রক্ষক একমাত্র তিনি, মানুষ কি ছার, 'আমি আমার' এই অহংকারে মত্ত হইয়া রোদন করে। যাহা হরির ভক্তজন ইচ্ছা করেন পরমেশ্বর তাহাই করেন, হরির দ্বার হইতে তাহা ফিরাইয়া দিতে কেহই পারে না। নানক কহিতেছে, যাহারা হরির প্রেমে অনুরক্ত তাহারা সমুদয় জগতে উজ্জ্বল হইয়া থাকেন অর্থাৎ প্রকাশিত হয়েন।

টীকা—রাখা=রক্ষক। ভাৱৈ=ইচ্ছা করে। চানণু=উজ্জ্বল।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ২।৭২

মনি বিলাসু বহু রংগ ঘণা দ্রিসটি ভুলি খুসীআ ॥
ছত্রধার বাদসাহীআ ৱিচি সহসে পরীআ ॥১॥

১। জীব বহু প্রকারের বিলাস, আমোদ প্রমোদকে ঘণ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অত্যন্ত আনন্দদায়ক মনে করিয়া সেই প্রসন্নতাতে পরমেশ্বরের দৃষ্টি ভুলিয়া রহিয়াছে; এমন কি বড় বড় ছত্রপতি বাদসাহও এইরূপ সংশয়ে পড়িয়াছে, অর্থাৎ বিষয় মদে মত্ত হইয়া পরমেশ্বরকে ভুলিয়া গিয়াছে।

টীকা—বিলাস্থ=কৌতুক, আমোদ। ছত্রধার=ছত্রপতি, বড় রাজা। সহসে=সংশয়ে।

ভাঈ রে সুখু সাধ সংগি পাইআ ॥
লিখিআ লেখু তিনি পুরখি বিধাতৈ দুখু সহসা মিটি গইআ ॥
১॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, সুখ সাধু সংগেই পাওয়া যায়। যাহার মস্তকে বিধাতা পুরুষ পূর্ব্বে লিখিয়া রাখিয়াছেন তাহারই সাধু সঙ্গ প্রাপ্তি হয় এবং জন্মমরণাদি দুঃখ ও সংশয় দূর হইয়া যায়।

টীকা—সহসা=সংশয়।

জেতে থান থনংতরা তেতে ভৱি আইআ ॥
ধনু পাতী ৱড ভূমীআ মেরী মেরী করি পরিআ ॥২॥

২। যত স্থান স্থানান্তর অর্থাৎ দেশ দেশান্তর ভ্রমণ করিয়া আসিয়াছি, সর্ব্বত্রই ধনপতিগণ এবং বড় বড় ভূম্যাধিকারী-গণ সকলেই আমার আমার করিয়া মরিতেছে।

টীকা—ভৱি=ভ্রমণ করিয়া। ধনুপতী=ধনপতিগণ, ধন—কুবেরগণ। ভূমীআ=ভূম্যাধিকারী, রাজা মহারাজা গণ। পরিআ=মৃত্যুমুখে পতিত হইতেছে।

হুকম চলাএ নিসংগ হোই ৱরতৈ অফরিআ ॥
সভু কো ৱসি গতি করি লইওনু বিনু নাৱৈ খাকু রলিআ ॥৩॥

৩। কত বড় বড় রাজা নিঃশঙ্ক হইয়া হুকুম চালাইয়া থাকেন এবং প্রতিদ্বন্দ্বী বিহীন হইয়া বিরাজ করিতেছেন, তাহারা সকলকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনার বশ, অধীনতা প্রাপ্তি করাইয়া লইয়াছেন; কিন্তু নাম বিহীন থাকিয়া ধূলির সহিত মিশিয়া যাইতেছেন।

টীকা—নিসঙ্গ=শত্রু হইতে নিঃশঙ্ক। অফরিআ=প্রচণ্ড, অপ্রতিদ্বন্দ্বী। রস=বশ, অধীনতা। গতি=প্রাপ্তি। রলিআ=মিশাইয়া গিয়াছে।

কোটি তেতীস সেৱকা সিধ সাধিক দরি খরিআ ॥
গিরংবারী বড় সাহিবী সভু নানক সুপনু থীআ ॥৪॥২॥৭২॥

৪। যাহার তেত্রিশ কোটি সেবক এবং সিদ্ধ ও সাধকগণ যাহার দ্বারে দণ্ডায়মান থাকে এরূপ শ্রেষ্ঠ গিরির মত অত্যন্ত প্রভুত্বশালী অর্থাৎ রাজচক্রবর্ত্তী রাজাও, নানক কহিতেছে, স্বপ্নবৎ মাটি হইয়া গিয়াছে।

টীকা—খরিআ=খাড়া হইয়া থাকে। গিরংবারী=পাহাড়ের মত উচ্চ, অতি বড়। বড় সাহিবী=অতি বড় প্রভুত্ব। থীআ=(মাটি হইয়া) আছে।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৩।৭৩

ভলকে উঠি পপোলীঐ ৱিণু বুঝে মুগধ অজাণি ॥
সো প্রভু চিতি ন আইও ছুটৈগী বেবাণি ॥
সতিগুর সেতী চিতু লাই সদা সদা রংগু মাণি ॥১॥

১। প্রাতঃকালে উঠিয়া ভাব না বুঝিয়া কেবল শব্দ আবৃত্তি পূর্ব্বক শাস্ত্র পাঠ করিতে থাক তুমি, মূর্খ, অজ্ঞান, সেই প্রভু পরমেশ্বরের নাম তোমার মনে আসে না। (স্মরণ রাখিও) এই দেহ হইতে বাহির হইয়া, নীরস মরুভূমিতে, শ্মশানে যাইতে হইবে। আর যদি সদ্‌গুরুর সহিত চিত্ত লাগাও তাহা হইলে সদা সর্ব্বদা তুমি আনন্দ ভোগ করিবে।

টীকা—ভলকে=প্রাতঃকালে। পপোলীঐ=প্রকৃত অর্থ না বুঝিয়া কেবল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঠ করা। এই শব্দের অন্য অর্থ এই—"শরীরের পালন পোষণ করা" তাহাতে প্রথম পংক্তির অর্থ হইবে এই, 'তুমি প্রাতঃকালে উঠিয়া না বুঝিয়া কেবল এই নশ্বর দেহের লালন পোষণ করিতে থাক, তুমি মূর্খ, অজ্ঞান'। ছুটৈগী= দেহ ছাড়িয়া যাইবে। বেবাণি=রসহীন মরুভূমিতে অর্থাৎ শ্মশানে। রংগু=আনন্দ।

প্রাণী তূং আইআ লাহা লৈণি ॥
লাগা কিতু কুফকড়ে সভ মুকদী চলী রৈণি ॥১॥ রহাউ ॥

রহাউ॥ হে জীব, তুমি মনুষ্য জন্ম গ্রহণ করিয়াছ ভগবৎ প্রাপ্তিরূপ লাভ উঠাইবার জন্য, কিন্তু তুমি এরূপ কুকর্ম্মে রত রহিয়াছ যে তোমার জীবন রাত্রি বৃথা কাটিয়া যাইতেছে।

টীকা—লাহা=লাভ। কুফকড়ে=কুকর্ম্ম। মুকদী=ব্যর্থ। রৈণি=রাত্রি।

কুদমু করে পসু পংখীআ দিসৈ নাহী কালু ॥
উতৈ সাথি মনুখু হৈ ফাথা মাইআ জালি ॥
মুকতে সেঈ ভালীঅহি জি সচা নাম সমালি ॥২॥

২। পশুপক্ষীগণও নাচিয়া কুঁদিয়া আনন্দ করে কিন্তু তাহারা আপন মরণের কাল দেখে না, জানে না; পশুপক্ষীদিগের মত মানুষও মায়াজালের ফাঁদে আবদ্ধ হইয়া আছে। সেই পুরুষকেই মায়াজাল হইতে মুক্ত বলিয়া জানিবে যে সর্ব্বদা সত্যস্বরূপ পরমেশ্বরের নাম স্মরণ করে।

টীকা—কুদমু করে=নাচিয়া কুঁদিয়া আনন্দ করে। দিসৈ=দেখে। উতৈ= উহাদিগের। ফাথা=ফাঁদ। ভালীঅহি=জানিবে। সমালি=স্মরণ করে।

জো ঘরু ছডি গৱাৱণা সো লগা মন মাহি ॥
জিথৈ জাই তুধু ৱরতণা তিসকী চিংতা নাহি ॥
ফাথে সেঈ নিকলহি জি গুর কী পৈরী পাহি ॥৩॥

৩। যে গৃহ ছাড়িয়া যাইতে হইবে সেই গৃহই তোমার মনে প্রিয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাগিতেছে, কিন্তু যে স্থানে পরলোকে যাইয়া তোমাকে বাস করিতে হইবে তাহার চিন্তা তোমার নাই। মায়ার ফাঁদ হইতে সেই বাহির হইয়া যায় যে গুরুর চরণে যাইয়া পতিত হয়।

টীকা—গৱাৰণা=যাইতে হইবে। বরতনা=থাকিতে হইবে। নিকলহি=বাহির হয়।

কোঈ রখি ন সকঈ দূজা কো ন দিখাই ॥
চারে কুংডা ভালকৈ আই পইআ সরণাই ॥
নানক সচৈ পাতিসাহ ডুবদা লইআ কঢাই ॥৪॥৩॥৭৩॥

৪। গুরু বিনা দ্বিতীয় কোনও ব্যক্তি দেখিতেছি না যে এই মায়া জাল হইতে রক্ষা করিতে সমর্থ। আমি চতুর্দিক খুঁজিয়া আসিয়া গুরুর শরণ লইয়াছি। নানক কহিতেছে, সত্য বাদ্‌সাহ পরমেশ্বর, যে সংসার সাগরে ডুবিয়া যাইতেছিল, তাহাকে টানিয়া উঠাইয়া লইয়াছেন। ভাব এই যে, তুমিও গুরুর শরণ গ্রহণ কর।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৪।৭৪

ঘড়ী মুহত কা পাহুণা কাজ সৱারণহারু ॥
মাইআ কামি ৱিআপিআ সমঝৈ নাহী গৱারু ॥
উঠি চলিআ পছুতাইআ পরিআ ৱসি জংদার ॥১॥

১। জীব এই সংসারে তুই এক দণ্ডের মাত্র অতিথি, কিন্তু সে কার্য্য করে যেন সে সংসারের একজন নিয়ন্ত্রণ কর্ত্তা অর্থাৎ অমর। মূর্খ জীব মায়ার কামনায় ব্যাপ্ত হইয়া মৃত্যু যে আসিতেছে ইহা বুঝে না। যখন উঠিয়া চলিতে হয়, জল্লাদ যমের বশে পড়িতে হয় তখন অনুতাপ করে।

টীকা—ঘড়ী=দণ্ড। মুহত=মুহূর্ত্ত, তুহ দণ্ড। পাহুণা=অতিথি। সৱারণ হার=সংশোধনের কর্ত্তা। গৱারু=মূর্খ। জংদার=জল্লাদ, যম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অংধে তূং বৈঠা কংধী পাহি ॥
জে হোৱী পূরবি লিখিআ তা গুরকা বচনু কমাহি ॥১॥রহাউ॥

রহাউ। হে অজ্ঞানী জীব, তুমি কালরূপ নদীর তীরে বসিয়া আছ। যদি তোমার অদৃষ্ট লিপিতে পূর্ব্বে লেখা হইয়া থাকে তাহা হইলে গুরুর বচন অনুসারে কর্ম্ম কর, অর্থাৎ পরমেশ্বরের নাম জপ কর।

টীকা—কংধী=নদীর কিনারে। হোৱী=থাকে।

হরী নাহী নহ ডডুরী পকী ৱঢণু হার ॥
লৈ লৈ দাতি পহুতিআ লাৱে করি তঙআরু ॥
জা হোআ হুকমু কিরসাণ দা তা লুণি মিণিআ খেতারু ॥২॥

২। যেমন কৃষাণ ক্ষেত্রে যাইয়া দেখে কতক শস্য কাঁচা, কাটিবার যোগ্য নহে, কতক অর্দ্ধ পক্ক, তাহাও কাটিবার মত নহে, আর যাহা পাকা তাহা কাটিবার উপযুক্ত হইয়াছে, এবং ক্ষেত ঠিক প্রস্তুত করিয়া শস্য কাটিবার লোক এবং কর্ত্তরী (কাস্তে) লইয়া পৌছিয়া যায়। যখন কৃষাণের হুকুম হয় তখন ক্ষেত্র মাপিয়া লইয়া শস্য কাটিয়া ফেলে, সেইরূপ যাহাদের কর্ম্মানুসারে সময় হইয়াছে তাহাদিগকে ধর্ম্মরাজের হুকুমে কাটিয়া ফেলা হয়।

পহিলা পহিরু ধংধৈ গইআ দূজৈ ভরি সোইআ ॥
তীজৈ ঝাখ ঝখাইআ চউথৈ ভোরু ভইআ ॥
কদহি চিতি ন আইও জিনি জীউ পিংডু দীআ ॥৩॥

৩। রাত্রির প্রথম প্রহরে বিষয়ের ধান্ধায়, চিন্তায়, কাটিয়া যায়, দ্বিতীয় প্রহরে শয়নে নিদ্রায় কাটায়, তৃতীয় প্রহরে স্বপ্নের চলা ফেরা, কাজকর্ম্মে অথবা পুত্রকন্যাদির চিন্তায় কাটিয়া যায়, চতুর্থ প্রহরে ভোর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া যায়, কোনও সময়েই যিনি এই দেহপ্রাণ দিয়াছেন তিনি চিত্তে আসেন না।

টীকা—ঝাখ ঝাখাইআ=স্বপ্নের কাজকর্ম্মে অথবা পুত্রকন্যাদির চিন্তায়।

সাধ সংগতি কউ ৱারিআ জীউ কীআ কুরৱাণু॥
জিসতে সোঝী মনি পঈ মিলিআ পুরখু সুজাণু॥
নানক ডিঠা সদা নালি হরি অংতরজামী জাণু॥৪॥৪॥৭৪॥

৪। সাধুসঙ্গের বলিহারী যাই, আমি, সাধুসঙ্গের জন্য আমার প্রাণ উৎসর্গ করিতেছি; যে সাধুসঙ্গ হইতে স্বরূপের জ্ঞান আমার মনে পাইয়াছি এবং শ্রেষ্ঠ জ্ঞানবান পুরুষ, গুরু আমার মিলিয়াছে। নানক কহিতেছে, সেই আত্মজ্ঞান হইতে দেখিতেছি, জানিতেছি, যে হরি অন্তর্য্যামীরূপে আমার সহিতই রহিয়াছেন।

টীকা—ৱারিআ=বলিহারী যাইতেছি। কুরৱাণ=বলিদান করা, উৎসর্গ করা। সোঝী=বুঝিয়াছি, জ্ঞানলাভ করিয়াছি। সুজাণু=শ্রেষ্ঠ জ্ঞানী। ডিঠা=দেখিয়াছি।

শ্রীরাগ মহলা ৫॥

নং ৫।৭৫

সভে গলা ৱিসরনু ইকো ৱিসরি ন জাউ॥
ধংধা সভু জলাইকৈ গুরি নামু দীআ সচু সুআউ॥
আসা সভে লাহি কৈ ইকা আস কমাউ॥
জিনী সতিগুর সেৱিআ তিনি অগৈ মিলিআ আউ॥১॥

অন্য সমস্ত কথা ভুলিয়া যাও, একমাত্র পরমেশ্বরকে ভুলিয়া যাইও না। সমুদয় ধান্ধা, বিষয়ের চিন্তা জ্বালাইয়া দিয়া, সম্পূর্ণরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ করিয়া, গুরু যে নাম দিয়াছেন তাহাই জীবনের সত্য লাভ বলিয়া জান। সমুদয় আশা আকাঙ্ক্ষা পরিত্যাগ, নিবৃত্তি, করিয়া একমাত্র পরমেশ্বরের আশাকেই অর্জ্জন কর, অর্থাৎ তাঁহার প্রতি ভক্তি যাহাতে হয় তাহাই কর। যে ভক্তিমান পুরুষগণ সদ্‌গুরুর সেবা করিয়াছে, তাঁহার প্রদত্ত নাম জপ করিরাছে, তাহাদের পরলোকে উত্তম স্থান মিলিয়াছে।

টীকা—গলা=কথা। লাহিকৈ=পরিত্যাগ করিয়া। কমাউ=উপার্জ্জন কর, বৃদ্ধি কর। অগৈ=অগ্রে, পরলোকে। থাউ=স্থান।

মন মেরে করতে নো সালাহি ॥
সভে ছড়ি সিআণপা গুর কী পৈরী পাহি ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, সৃষ্টিস্থিতি সংহার কর্ত্তা পরমেশ্বরের স্তুতি কর। সমুদয় চাতুরী পরিত্যাগ করিয়া গুরুর চরণে আশ্রয় গ্রহণ কর।

দুখ ভুখ নহ ৱিআপঈ জে সুখদাতা মনি হোই ॥
কিতহী কংমি ন ছিজীঐ জা হিরদৈ সচা সোই ॥
জিসু তুং রখহি হথ দে তিসু মারি ন সকৈ কোই ॥
সুখ দাতা গুরু সেৱীঐ সভি অৱগণ কঢৈ ধোই ॥২॥

২। যদি সর্ব্ব সুখের দাতা পরমেশ্বর হৃদয়ে প্রতিষ্ঠিত থাকেন তবে দুঃখ এবং ক্ষুধা, বিষয় বাসনা তোমাতে ব্যাপ্ত হইবে না। হৃদয়ে যদি সেই সত্যস্বরূপ বিরাজ করেন তাহা হইলে প্রারব্ধ বশে অনেক কর্ম্ম করিলেও সে নষ্ট হয় না। যাহাকে, হে প্রভু, তুমি কৃপা পূর্ব্বক স্বহস্ত দ্বারা রক্ষা কর তাহাকে মারিতে কেহই পারে না।

CC0. In Public Domain: Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখদাতা গুরুকে সেবা করিলে সমুদয় দোষ, পাপ ধুইয়া বাহির হইয়া যায়।

টীকা—ছিজীঐ=নাশপ্রাপ্ত হয় না। অৱগণ=অপগুণ, দোষ।

সেৱা মংগৈ সেৱকো লাঙ্গীআ অপুনী সেৱ ॥
সাধু সংগু মসকতে তুঠৈ পাৱা দেৱ ॥
সভু কিছু ৱসগতি সাহিবৈ আপে করণ করেৱ ॥
সতিগুরকৈ বলিহারণৈ মনসা সভ পূরেৱ ॥৩॥

৩। সেবক জন সেবা করিতে চাহে, হে প্রভু, আমাকে আপনার সেবাতে লাগাইয়া রাখ। হে দেব, প্রকাশস্বরূপ ভগবান্, সাধুগণের সেবা এবং পরিশ্রমের কার্য্য যাহাতে তুমি তুষ্ট হও, আমি তাহাই পাইতে চাহি। সব কিছু কর্ম্ম এবং তাহার ফলস্বরূপ গতি, হে স্বামিন্, তোমারই অধীন, তুমি আপনিই কর্ম্ম ফলের কারণ, সাধনরূপ, এবং আপনিই তুমি তাহা করাইয়া লও। সদ্গুরুর বলিহারী যাই, তিনি সমুদয় মনস্কামনা পুরণ করেন।

টীকা—মসকতে=পরিশ্রমের কার্য্য। তুঠৈ=তুষ্ট করে। ৱস=অধীন। সাহিবৈ=স্বামীর, প্রভুর। করণ=কারণ, সাধন। পূরেৱ=পূর্ণ করেন।

ইকো দিসৈ সজণো ইকো ভাঈ মীতু ॥
ইকসৈ দী সামগরী ইকসৈ দী হৈ রীতি ॥
ইকস সিউ মনু মানিআ তা হোআ নিহচলু চীতু ॥
সচু খাণা সচু পৈনণা টেক নানক সচু কীতু ॥৪॥৫॥৭৫॥

৪। এক পরমেশ্বরকেই দেখিতেছি স্বজন, এক তিনিই ভ্রাতা এবং মিত্র, এক পরমেশ্বরেরই বিভূতি এবং সেই একেরই অধীন জগতের রীতি, নিয়ম, মর্য্যাদা বাঁধিয়া দিয়াছেন। যে সেই এক পরমেশ্বরকেই মনে মানিয়া লইয়াছে, তাঁহার প্রতি মন দৃঢ় করিয়াছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহারই চিত্ত নিশ্চল, স্থির হইয়াছে। নানক কহিতেছে, যে, সত্য পরমেশ্বরকে অবলম্বন স্বরূপে আশ্রয় করিয়াছে তাহার অশন বসন সমুদয়ই সত্য।

টীকা—সামগরী=বিভূতি। রীতি=জগতের চন্দ্র, সূর্য্য, অগ্নি, বায়ু ইত্যাদি সকলের নিয়ম, মর্য্যাদা। নিহচলু=নিশ্চল, চঞ্চলতা বর্জিত। টেক=অবলম্বন আশ্রয়।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৬৭৬

সভে থোক পরপতে জে আৱৈ ইকু হথি ॥
জনম পদারথু সফলু হৈ জে সচা সবদু কথি ॥
গুর তে মহলু পরাপতে জিসু লিখিয়া হোৱৈ মথি ॥১॥

১। যদি একমাত্র পরমেশ্বরের নাম হস্তগত হয় তাহা হইলে সমস্ত পদার্থই, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বর্গ পুরুষার্থই প্রাপ্ত হওয়া যায়। যদি সত্য নাম উচ্চারণ করে তবে তাহার মানব জন্ম সফল হইয়া যায়। যাহার মস্তকে এই সৌভাগ্যের কথা লেখা থাকে গুরুদ্বারে তাহার মহল প্রাপ্তি হয়, স্বরূপের জ্ঞান, আত্মজ্ঞান লাভ হয়।

টীকা—থোক=পদার্থ, পুরুষার্থ। সবদু=গুরুদত্ত নাম। মথি=মস্তকে, অদৃষ্ট ফলকে।

মেরে মন একস সিউ চিতু লাই ॥
একস বিনু সভু ধংধুং হৈ সভ মিথিআ মোহু মাই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, এক পরমেশ্বরেতে চিত্ত লাগাইয়া রাখ। যে হেতু সেই এক ব্যতীত অন্য যাহা কিছু সবই মায়া মোহের ধান্ধা, সুতরাং সবই মিথ্যা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লখ খুসীআ পাতিসাহীআ জে সতিগুরু নদরি করেই ॥
নিমখ এক হরিনামু দেই মেরা মনু তনু সীতলু হোই ॥
জিসকউ পূরবি লিখিআ তিনি সতিগুর চরণ গহে ॥২॥

২। যদি সদ্‌গুরু কৃপাদৃষ্টি করেন তাহা হইলে লক্ষ বাদসাহের ঐশ্বর্য্য প্রাপ্তির সমান আনন্দ লাভ হয়। সদ্‌গুরু যদি হরিনাম দেন তবে এক নিমেষ কাল মধ্যে আমার মন শীতল হইয়া যায়। কিন্তু যাহার পূর্ব্বে অদৃষ্ট ফলকে লিখিত আছে, সেই সদ্‌গুরুর চরণ গ্রহণ করে।

সফল মূরতু সফলা ঘড়ী জিতু সচে নালি পিআরু ॥
দূখু সংতাপু ন লগঈ জিসু হরিকা নামু অধারু ॥
বাহ পকড়ি গুরি কাঢিআ সোঈ উতরিআ পারি ॥৩॥

৩। সেই মুহূর্ত্ত, সেই দণ্ড সফল, যাহাতে সত্য পরমেশ্বরে আমার প্রেম হইয়াছে। যে সময়ে হরির নাম আশ্রয় করিয়াছি সেই সময় হইতে দুঃখ এবং সন্তাপ আমার লাগে না। আমার বাহু ধরিয়া গুরুদেব তুলিয়া লইয়াছেন তখনই সংসার সমুদ্রের পারে পৌঁছিয়া গিয়াছি।

টীকা—মূরতু=মুহূর্ত্ত, দ্বিদণ্ড পরিমিত কাল। ঘড়ী=দণ্ড। অধারু=আশ্রয়।

থানু সুহাৱা পৱিতু হৈ জিথৈ সংত সভা ॥
ঢোঈ তিস হী নো মিলৈ জিনি পূরা গুরু লভা ॥
নানক বধা ঘরু তহাং জিথৈ মিরতু ন জনমু জরা ॥৪॥৬॥৭৬॥

৪। যে স্থানে সন্তজনগণের সভার অধিবেশন হয় সেস্থান সুন্দর এবং পবিত্র। পরন্তু তাহাতে বসিবার অধিকার তাহারই মিলে যে পূর্ণ সদগুরু লাভ করিয়াছে। নানক কহিতেছে, যাহার গুরু-প্রাপ্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছে সে এরূপ স্থানে ঘর বাঁধিয়াছে যে স্থানে জন্ম জরা এবং মৃত্যু নাই।

টীকা—সুহাৱা=সুন্দর। ঢোঈ=আদর, বসিবার যোগ্যতা। বধা=বান্ধিয়াছে।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৭।৭৭

সোঈ ধিআঈঐ জীঅড়ে সিরি সাহাঁ পাতিসাহু ॥
তিসহী কী করি আস মন জিসকা সভসু ৱেসাহু ॥
সভি সিআণপা ছড়িকৈ গুরকী চরণী পাহু ॥

১। হে জীব, সমস্ত রাজগণের যিনি শিরোমণি, রাজচক্রবর্ত্তী সেই পরমেশ্বরকে ধ্যান কর। তাঁহারই আশা কর যিনি সকলের ভরসা স্থল। সমস্ত চাতুরী পরিত্যাগ করিয়া গুরুদেবের চরণ আশ্রয় কর।

টীকা—ৱেসাহু=ভরসা।

মন মেরে সুখ সহজ সেতী জপি নাউ ॥
আঠ পহর প্রভু ধিআই তূং গুণ গোবিংদ নিত গাউ ॥১
॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, তুমি সহজ সুখের সহিত নাম জপ কর। অষ্টপ্রহর প্রভুর ধ্যান কর তুমি, এবং নিত্য গোবিন্দের গুণ গান কর।

তিসকী সরণী পরু মনা জিসু জেৱডু অৱরু ন কোই ॥
জিসু সিমরত সুখু হোই ঘণা দুখু দরদু ন মূলে হোই ॥
সদা সদা করি চাকরী প্রভু সাহিবু সচা সোই ॥২॥

২। যাঁহা হইতে বড় অপর কেহ নাই তাহারই আশ্রয় গ্রহণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর। যাঁহাকে স্মরণ করিলে গাঢ় নিবিড় আনন্দ লাভ হয় এবং দুঃখ ও যাতনা মাত্রই হয় না। সেই সত্যস্বরূপ প্রভু স্বামীর সেবা সর্ব্বদা, নিরন্তর করিতে থাক।

সাধ সংগতি হোই নিরমলা কটীঐ জম কী ফাস ॥
সুখদাতা ভৈভংজন তিসু আগৈ করি অরদাসি ॥
মিহর করে জিসু মিহরৱানু তাঁ কারজু আৱৈ রাসি ॥৩॥

৩। সাধু সঙ্গ হইলে যখন চিত্ত নির্ম্মল হইবে তখন যমের ফাঁস কাটিয়া যাইবে। সর্ব্ব সুখের দাতা ভয় ভঞ্জন পরমেশ্বর তাহার আগে প্রার্থনা নিবেদন কর। যাহার উপরে দয়ালু প্রভু দয়া করেন তাহারই কার্য্য সুসিদ্ধ হয়।

টীকা—মিহর=কৃপা। মিহররানু=দয়ালু। আৱৈরাসি=সিদ্ধ হয়।

বহুতো বহুতু ৰখাণীঐ ঊচো ঊচা থাউ ॥
ৱরনা চিহনা ৰাহরা কীমতি কহি ন সকাউ ॥
নানক কউ প্রভ মইআ করি সচু দেৱহু অপুণা নাউ ॥৪
॥৭॥৭৭॥

৪। পরমেশ্বরকে যত অধিক হইতেও অধিক করিয়া এবং তাঁহার স্থান যত উচ্চ হইতে উচ্চ বলিয়া বর্ণনা কর না কেন তাঁহার মূল্য, মহিমা কহিতে সক্ষম হইবে না, তিনি সমুদয় বর্ণ এবং চিহ্নের বাহিরে। ভাব এই যে, তাঁহার মহিমা বাক্যের দ্বারা প্রকাশ করা যায় না। নানক কহিতেছে, হে প্রভো, দয়া করিয়া তোমার আপনার সত্য নাম প্রদান কর।

টীকা—থাউ=স্থান। বরনা=বর্ণ, শ্যাম, গৌরাদি অথবা ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি। মইআ=দয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৮৭৮

নামু ধিআএ সো সুখী তিস্থ মুখু ঊজলু হোই ॥
পূর গুরতে পাঈঐ প্রগটু সভনী লোই ॥
সাধ সংগতি কৈ ঘরি ৱসৈ একো সচা সোই ॥১॥

১। যে এক পরমেশ্বরের নাম ধ্যান করে সে সুখী হয় এবং তাহার মুখ উজ্জ্বল হয়, পাপের কালিমা তাহাতে থাকে না। পূর্ণ গুরু হইতে এই নাম পাওয়া যায়, যে ব্যক্তি নাম পাইয়াছে সে সমুদয় লোকে প্রকট হইয়া যায়। এক অদ্বিতীয় সত্য স্বরূপ পরমেশ্বর সাধু সংগতিতে, সন্তগণের সমাগম স্থানে বাস করেন।

টীকা—লোই=লোক।

মেরে মন হরি হরি নামু ধিআই ॥
নামু সহাঈ সদা সংগি আগৈ লএ ছডাই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, হরি হরি ধ্যান কর। নাম সর্ব্বদা তোমার সংগী এবং সহায়, এবং পরকালে তোমাকে দুঃখাদি হইতে ছাড়াইয়া লইবে।

দুনীআ কীআ ৱড়িআঈআ কৱনৈ আৱহি কাম ॥
মাইআ কা রংগু সভু ফিকা জাতো বিনস নিদান ॥
জাকৈ হিরদৈ হরি ৱসৈ সো পূরা পরধানু ॥২॥

২। সংসারে (লব্ধ) যে প্রাধান্য তাহা কোন্ কাজে আসিবে? মায়ার আনন্দ সবই ফিকা; তাহা পরিশেষে বিনাশ প্রাপ্ত হয়। যাহার হৃদয়ে হরি প্রতিষ্ঠিত হয়েন সেই পূর্ণরূপে, সত্য সত্য, প্রধান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধূকী হোহু রেণুকা আপণা আপু তিআগি ॥
উপাৱ সিআণপ সগল ছডি গুরকী চরণী লাগু ॥
তিসহি পরাপতি রতনু হোই জিস্থ মসতকি হোৱৈ ভাগু ॥৩॥

৩। তোমার স্বীয় অভিমান পরিত্যাগ করিয়া সাধুর চরণের রেণু হইয়া থাক। মায়া জনিত সমুদয় ব্যবহারিক উপায় এবং চাতুরী পরিত্যাগ করিয়া গুরুর চরণে লাগিয়া থাক। এই রত্ন সেই পায় যাঁহার মস্তকে এই সৌভাগ্য লেখা আছে।

তিসৈ পরাপতি ভাঈহো জিস্থ দেৱৈ প্রভু আপি ॥
সতিগুর কী সেৱা সো করে জিস্থ ৱিনসৈ হউমৈ তাপু ॥
নানক কউ গুর ভেটিআ বিনসৈ সগল সংতাপু ॥৪॥৮॥৭৮॥

৪। ভাই হে, যাহাকে প্রভু পরমেশ্বর স্বয়ং দান করেন তাহারই গুরু প্রাপ্তি হয়। সদ্‌গুরুর সেবা সেই করে যাহার আমি আমার এই তাপ বিনষ্ট হইয়া গিয়াছে। নানক কহিতেছে, আমার গুরু মিলিয়াছে এবং সমুদয় সন্তাপ বিনষ্ট হইয়া গিয়াছে।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ৯।৭৯

ইকু পছাঁণু জীঅ কা ইকো রখণহারু ॥
ইকস কা মণি আসরা ইকো প্রাণ অধারু ॥
তিস্থ সরণাঈ সদা স্থখু পারব্রহমু করতারু ॥১॥

১। এই কথা স্থিররূপে জানিয়া রাখ যে এক পরমেশ্বরই জীবের রক্ষাকর্ত্তা। সেই একজনই মনের আশ্রয় এবং সেই একই প্রাণের আধার। সেই পরব্রহ্ম কর্ত্তা পুরুষের শরণ লইলেই সর্ব্বদা সুখ লাভ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন মেরে সগল উপাৱ তিআগু ॥
গুরু পূরা অরাধি নিত ইকসু কী লিৱ লাগু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, অন্য সকল উপায় পরিত্যাগ করিয়া পূর্ণ গুরুকে আরাধনা, সেবা কর এবং এক পরব্রহ্মে নিত্য চিত্তবৃত্তি লাগাইয়া রাখ।

ইকো ভাঈ মিতু ইকু ইকো মাত পিতা ॥
ইকস কী মনি টেক হৈ জিনি জীউ পিংডু দিতা ॥
সো প্রভু মনহু ন ৱিসরৈ জিনি সভু কিছ ৱসি কীতা ॥২॥

২। এক পরব্রহ্মই ভ্রাতা, মিত্র এবং মাতা, পিতা। যিনি এই দেহ এবং প্রাণ দিয়াছেন তাঁহাকেই মনে শরণ রাখ। যে প্রভু সব কিছু, সমুদয় প্রপঞ্চ আপন বশে রাখিয়াছেন তাঁহাকে মন হইতে বিস্মৃত হইও না।

টীকা—টেক=অবলম্বন, আশ্রয়, শরণ।

ঘরি ইকো বাহরি ইকো থান থনংতরি আপি ॥
জীঅ জংত সভি জিনি কীএ আঠ পহর তিসু জাপি ॥
ইকসু সেতী রতিআ ন হোৱী সোগ সংতাপু ॥

৩। সেই এক পরব্রহ্মই ঘরে, হৃদয়ে, এবং বাহিরে, স্থান স্থানান্তরে সর্ব্ব জগতে এবং লোক সমূহে সেই একই স্বয়ং বিরাজমান। জীব জন্তু যিনি সমুদয় সৃষ্টি করিয়াছেন অষ্টপ্রহর তাঁহারই নাম জপ কর। সেই একেরই সহিত অনুরক্ত হইলে, প্রেম করিলে, শোক সন্তাপ কিছু হইবে না।

টীকা—রতিআ=অনুরক্ত হইলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারব্রহমু প্রভু একু হৈ দূজা নাহি কোই ॥
জীউ পিংডু সভু তিসকা জো তিসু ভাবৈ সো হোই ॥
গুরি পূরৈ পূরা ভইআ জপি নানক সচা সোই ॥৪॥১॥৭৯॥

৪। পরব্রহ্ম প্রভু এক, দ্বিতীয় অপর কেহ নাই। দেহ প্রাণ সকলই তাঁহার, তিনি যাহা ইচ্ছা করেন তাহাই হয়। নানক কহিতেছে, পূর্ণ গুরু-দ্বারে যে সেই সত্যস্বরূপের নাম জপ করিয়াছে সেই পূর্ণ পরমব্রহ্মকে লাভ করিয়াছে।

টীকা—তিসু ভাবৈ=তিনি যাহা ইচ্ছা করেন।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১০।৮০

জিনা সতিগুর সিউ চিতু লাইআ সে পূরে পরধান ॥
জিনকউ আপি দইআলু হোই তিন উপজৈ মনি গিআনু ॥
জিনকই মসতকি লিখিআ তিন পাইআ হরিনামু ॥১॥

১। যে সদ্‌গুরুতে চিত্ত লাগাইয়াছে সেই পূর্ণ এবং প্রধান। যাহার উপরে পরমেশ্বর আপনি দয়ালু হয়েন তাহার মনে জ্ঞান উৎপন্ন হয়। যাহার মস্তকে, অদৃষ্ট লিপিতে লেখা আছে সেই সদ্‌গুরুর নিকট হইতে হরিনাম প্রাপ্ত হয়।

মন মেরে একো নামু ধিআই ॥
সরব সুখা সুখ উপজহি দরগহ পৈধা জাই ॥১॥ রহউ ॥

রহাউ। হে আমার মন, এক পরমেশ্বরের নাম ধ্যান কর। সর্ব্ব সুখের শ্রেষ্ঠ সুখ লাভ করিবে এবং পরলোকে প্রভুর দরবারে সম্মানের পোষাকে শোভিত হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনম মরণ কা ভউ গইআ ভাউ ভগতি গোপাল ।।
সাধু সংগতি নিরমলা আপি করি প্রতিপাল ।।
জনম মরণকী মলু কটীঐ গুর দরসণু দেখি নিহাল ।।২।।

২। যাহার গোপালের প্রতি প্রেম ভক্তি জন্মিয়াছে তাহার জন্ম-মৃত্যুর ভয় চলিয়া যাইবে। সাধু সঙ্গে তাহার মন নির্ম্মল হইয়া যায় এবং এই বিশ্বাস জন্মে যে পরমেশ্বর আপনি প্রতিপালন করেন। সে গুরুদেবের চিন্ময় রূপের দর্শন লাভ করিয়া কৃতার্থ হইয়া যায় এবং জন্ম মৃত্যুর মল কাটিয়া যায়।

থান থনংতরি রবি রহিআ পারব্রহমু প্রভু সোই ॥
সভনা দাতা একু হৈ দূজা নাহী কোই ॥
তিসু সরণাঈ ছুটীঐ কীতা লোড়ে সু হোই ।।৩।।

৩। সেই প্রভু পরব্রহ্ম স্থান স্থানান্তর সমগ্র জগতে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন। সুমুদয় জীবের অশন বসনাদি সমুদয় পদার্থের দাতা একমাত্র তিনি, অপর দ্বিতীয় কেহ নাই। সেই পরব্রহ্মের শরণ লইলে জীব জন্ম মরণের বন্ধন হইতে মুক্ত হয় এবং জীব যাহা কিছু করিতে চাহে তাহাই হয়।

টীকা—লোড়ে=চাহে।

জিন মনি বসিআ পারব্রহমু সে পূরে পরধান ।।
তিনকী সোভা নিরমলী পরগটু ভঈ জহান ॥
জিনী মেরা প্রভু ধিআইআ নানক তিন কুরবান ।।৪।।১০।।৮০।।

৪। পরব্রহ্ম যাহার মনে বসিয়াছে সে পুরুষ পূর্ণ প্রধান। তাহার নির্ম্মল, কলঙ্ক-রহিত শোভা সমস্ত জগতে প্রকাশ হয়। নানক কহিতেছে, যে আমার প্রভুকে ধ্যান করে আমি তাহার বলিহারী যাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১১৷৮১

মিলি সতিগুর সভু দুখু গইআ হরি সুখু ৱসিআ মনি আই ॥
অংতরি জোতি প্রগাসীআ একসু সিউ লিৱ লাই ॥
মিলি সাধূ মুখু ঊজলা পূরবি লিখিআ পাই ॥
গুণ গোৱিংদ নিত গাৱণে নিরমল সাচৈ নাই ॥১॥

১। সদ্‌গুরু লাভ করিয়া সমুদয় দুঃখ চলিয়া গিয়াছে এবং সুখ, আনন্দ স্বরূপ হরি মনে আসিয়া প্রতিষ্ঠিত হইয়াছে; সেই এক অদ্বিতীয় প্রভু শ্রীহরিতে একাগ্র ভাবে চিত্তবৃত্তি নিবিষ্ট হইয়া অন্তরে জ্যোতি প্রকাশিত হইয়াছে। সাধু সঙ্গে মিলিয়া মুখ উজ্জ্বল হইয়াছে এবং পূর্ব্বে অদৃষ্ট ফলকে যে সৌভাগ্য লিখিত ছিল তাহা লাভ করিয়াছি। গোবিন্দের গুণ নিত্য গান করিতেছি এবং সত্যস্বরূপ পরমেশ্বরের নাম গ্রহণ করিয়া নির্ম্মল হইয়াছি।

মেরে মন গুর সবদী সুখু হোই ॥
গুর পূরে কী চাকরী বিরথা জাই ন কোই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, গুরু প্রদত্ত উপদেশে সুখ লাভ হয়। পূর্ণ গুরুর সেবা কিছুই বৃথা যায় না।

মন কীআ ইছাঁ পূরীআ পাইআ নামু নিধানু ॥
অংতরজামী সদা সংগি করণৈ হারু পছাণু ॥
গুরপ্রসাদী মুখু উজলা জপি নামু দানু ইসনানু ॥
কাম ক্রোধু লোভু বিনসিআ তজিআ সভু অভিমানু ॥২॥

২। নাম পরমনিধি প্রাপ্ত হইয়া আমার মনের কামনা পূর্ণ হইয়া গিয়াছে। সৃষ্টিকর্ত্তা অন্তর্য্যামী পরমেশ্বর সর্ব্বদা সঙ্গে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহিয়াছেন ইহা জানিয়াছি। গুরুকৃপায় মুখ পাপের কালিমা বিমুক্ত হইয়া উজ্জ্বল হইয়াছে এবং নামজপ্ দান এবং তীর্থে স্নান করিতেছি। (নামজপ করিয়া দানের এবং তীর্থ স্নানের ফল লাভ করিতেছি)। কাম ক্রোধ লোভ সমুদয় বিনাশ প্রাপ্ত হইয়াছে এবং দেহ, জাতি, কুল, যৌবন ইত্যাদি সর্ব্বপ্রকার অভিমান ত্যাগ করিয়াছি।

টীকা—নিধান্নু=পরম নিধি। করণৈ হারু=সৃষ্টিকর্ত্তা।

পাইআ লাহা লাভু নামু পূরণ হোএ কাম ॥
করি কিরপা প্রভি মেলিআ দীআ অপণা নামু ॥
আৱণ জাণা রহি গইআ আপি হোআ মিহরৱাণু ॥
সচু মহলু ঘরু পাইআ গুর কা সৱদু পছানু ॥৩॥

৩। আমার নামরূপ লাভ এবং নাম জপের ফল আত্মলাভ হইয়াছে, সমুদয় মনস্কামনা পূর্ণ হইয়াছে। কৃপা করিয়া পরমেশ্বর আপন নাম দিয়াছেন এবং আপনার সহিত মিলাইয়া লইয়াছেন এবং তিনি আপনি দয়ালু হইয়া আসা যাওয়া, জন্ম মৃত্যুর নিবৃত্তি করিয়া দিয়াছেন। গুরু উপদেশ অর্থাৎ গুরুপ্রদত্ত নাম যখন চিনিয়াছি তখন আপন ঘরে, হৃদয়ে সত্য আত্মস্বরূপ জানিতে পারিয়াছি।

টীকা—লাহা=লাভ। রহি গইআ (রহি গইআ)=নিবৃত্ত হইয়াছে। সচু মহলু=সত্যস্বরূপ।

ভগত জনা কউ রাখদা আপণী কিরপা ধারি ॥
হলতি পলতি মুখ উজলে সাচে কে গুণ সারি ॥
আঠ পহর গুণ সারদে রতে রংগি অপার ॥
পারব্রহমু সুখ সাগরো নানক সদ বলিহার ॥৪॥১॥৮১॥

৪। পরমেশ্বর আপনি কৃপা করিয়া ভক্তজনদিগকে রক্ষা করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ভক্তজন সত্যস্বরূপ পরমেশ্বরের গুণ স্মরণ করে তাহার ইহলোকে এবং পরলোকে মুখ উজ্জ্বল হয়। যে অষ্টপ্রহর অপার পরমেশ্বরের প্রেমে মগ্ন হইয়া তাঁহার গুণ স্মরণ করে। নানক কহিতেছে সেই সুখের সাগর পরব্রহ্মের সর্ব্বদা বলিহারী যাই।

টীকা—রাখদা=রক্ষা করেন। হলতি পলতি=ইহলোক এবং পরলোক। সারি=স্মরণ করে। রংগি=প্রেমে।

শ্রীরাগ, মহলা ৫

নং ১২।৮২

পূরা সতিগুরু জে মিলৈ পাঈঐ সবদু নিধানু ॥
করি কিরপা প্রভু আপণী জপঈঐ অংম্রিত নামু ॥
জনম মরণ দুখু কাটীঐ লাগৈ সহিজ ধিআনু ॥১॥

১। পূর্ণ সদ্‌গুরু যদি মিলে তবে তাহার নিকটে নাম পরম নিধি পাওয়া যায়। প্রভু পরমেশ্বর কৃপা করিয়া আপনিই অমৃত-স্বরূপ নাম জপ করাইয়া লয়েন। জন্ম-মরণরূপ দুঃখ কাটিয়া যায় এবং স্বাভাবিক ধ্যান লাগিয়া যায় অর্থাৎ ধ্যান হয়।

মেরে মন প্রভু সরণাঈ পাই ॥
হরি বিনু দূজা কো নহী একো নামু ধিআই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, প্রভু পরমেশ্বরের শরণ গ্রহণ কর, যেহেতু হরি বিনা দ্বিতীয় কেহ নাই, সেই এক অদ্বিতীয় হরির নাম ধ্যান কর।

কীমতি কহণু ন জাঈঐ সাগরু গুণী অথাহু ॥
ৰড়ভাগী মিলু সংগতী সচা সবদু ৰিসাহু ॥
করি সেৱা সুখ সাগরৈ সিরি সাহা পাতিসাহু ॥২॥

২। প্রভু পরমেশ্বরের মূল্য, মহিমা বাক্যদ্বারা প্রকাশ করা যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না ; সেই গুণবান প্রভু গুণের অতলস্পর্শ সমুদ্র। বড় সৌভাগ্যবান পুরুষ সাধু সঙ্গে মিলিয়া গুরুর নিকটে সত্য উপদেশ, নাম, ক্রয় করেন, অর্থাৎ গুরুকে শ্রদ্ধা ভক্তি সমর্পণ পূর্ব্বক, সত্যনাম লাভ করেন এবং পাতসাহ ও সাহুকারগণের শিরোমণি সর্ব্ব সুখের সাগর পরমেশ্বরের সেবা করেন।

টীকা—কীমতি=মূল্য, মহিমা। অথাহু=অথাই, অতলস্পর্শ। ব্বিসাহু= খরিদ করে। সিরি=শিরোমণি। সাহা=সাহুকার, মহাজন।

চরণ কমল কা আসরা দূজা নাহি ঠাউ ॥
মৈ ধর তেরী পারব্রহম তেরৈ তাণি রহাউ ॥
নিমাণিআ প্রভু মাণ তূঁ তেরৈ সংগি সমাউ ॥৩॥

৩। সেই ভক্ত পুরুষের হৃদয়ে পরমেশ্বরের চরণ কমলই একমাত্র আশ্রয়, দ্বিতীয় কোন স্থান সে জানে না এবং সে এইরূপ নিবেদন করে, হে পরব্রহ্ম, আমি তোমারই আশ্রিত, তোমারই শক্তিতে স্থিতি করিতেছি। হে প্রভু, মানহীনের তুমিই মান, যাহাকে তুমি মান দাও সে তোমার সহিতই সমাহিত হইয়া থাকে।

টীকা—ধর=আশ্রিত। তাণি=শক্তিতে। রহাউ=স্থিত আছি।

হরি জপীঐ আরাধীঐ আঠ পহর গোব্বিংদু ॥
জীঅ প্রাণ তনু ধনু রখে করি কিরপা রাখি জিংদু ॥
নানক সগলে দোখ উতারিঅনু প্রভু পারব্রহম বখসিংদু ॥
৪॥১২॥৮২॥

৪। অষ্ট-প্রহর সর্ব্বদা হরিনাম জপ কর এবং গোবিন্দকে আরাধনা, ধ্যান কর। তিনি কৃপা করিয়া জীবের প্রাণ, তনু, ধন, জীবন রক্ষা করেন। নানক কহিতেছে, ক্ষমাশীল পরব্রহ্ম প্রভু ভক্ত-জনের সমুদয় দোষ নিবারণ করেন।

টীকা—জিংদু=জীবন। উতারিঅনু=দূর করিয়া দেন। বখসিংদু= ক্ষমাশীল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ, মহলা ৫ ॥

নং ১৩।৮৩

প্রীতি লগী তিসু সচু সিউ মরৈ ন আৱৈ জাই ॥
না ৱিছোড়িআ ৱিছুড়ৈ সভ মহি রহিআ সমাই ॥
দীন দরদ দুখু ভংজনা সেৱক কৈ সত ভাই ॥
অচরজ রূপু নিরংজনো গুরি মেলাইআ মাই ॥১॥

১। প্রীতি লাগিয়াছে আমার সেই সত্যস্বরূপ পরমেশ্বরের সহিত যিনি আসিয়া জন্মগ্রহণ করেন না অথবা মৃত্যুপ্রাপ্ত হইয়া চলিয়া যান না। তাঁহাকে বিচ্ছিন্ন করিলেও তিনি ছাড়িয়া যায়েন না, যেহেতু তিনি সর্ব্বত্র সমাহিত হইয়া রহিয়াছেন। তিনি শত প্রকারে দীন জনের বেদনা ও দুঃখ দূর করেন। ভাই হে সেই আশ্চর্য্যরূপ নিরংজন, মায়ার অংজন রহিত পুরুষকে গুরু মিলাইয়া দিয়াছেন।

ভাই রে মীতু করহু প্রভু সোই ॥
মাইআ মোহ পরীতি ধ্রিগু সুখী ন দীসৈ কোই ॥১॥ রহাউ ॥

রহাউ। ভাই রে, সেই প্রভু পরমেশ্বরকে মিত্র কর। মায়া-মোহের সহিত প্রীতিকে ধিক্; যাহারা এরূপ করে তাহাদিগের কাহাকেও সুখী দেখা যায় না॥

দানা দাতা শীলৱংতু নিরমল রূপু অপারু ॥
সখা সহাঈ অতি ৱডা ঊচা ৱডা অপারু ॥
বালকু বিরধি ন জাণীঐ নিহচলু তিসু দরৱারু ॥
যো মংগীঐ সোঈ পাঈঐ নিধারা অধারু ॥২॥

২। তিনি সকলকেই জানেন, তিনি দাতা, তিনি শীলবন্ত, নির্ম্মল এবং অপার স্বরূপ। তিনি সখা, সহায়, অতিশয় বড় এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতিবড় অপার উচ্চ। বালক বৃদ্ধ প্রভৃতি ষট্‌বিকার তিনি জানেন না, তাঁহার দরবার স্থান নিশ্চল, স্থির। যাহা কিছু তাঁহার নিকটে চাওয়া যায় তাহাই পাওয়া যায়, তিনি নিরাশ্রয়ের আশ্রয়।

টীকা—দানা=যিনি সব জানেন। ষট্ বিকার=ক্ষুধা, তৃষ্ণা, শোক, মোহ, বার্দ্ধক্য. মরণ। দানা=(ফঃ) বুদ্ধিমান, সমঝদার।

জিসু পেখত কিলৱিখ হিরহি মনি তনি হোৱৈ সাংতি ॥
ইক মনি একু ধিআঈঐ মনকী লাহি ভরাংতি ॥
গুণ নিধানু নৱ তনু সদা পূরন জাকী দাতি ॥
সদা সদা আরাধীঐ দিনু ৱিসরহু নহী রাতি ॥৩॥

৩। যাঁহাকে দর্শন করিলে পাপ দূর হইয়া যায় এবং দেহ মনে শান্তি আসে। এক মনে একাগ্রভাবে মনের ভ্রান্তি দূর করিয়া সেই এক পরমেশ্বরকে ধ্যান কর। তিনি গুণনিধান তিনি নিত্য নূতন এবং সর্ব্বদা তাঁহার দান পূর্ণ। সর্ব্বদা সর্ব্বকাল তাঁহার ধ্যান কর। দিবা বা রাত্রি কখনও তাঁহাকে ভুলিও না।

টীকা—পেখত=দর্শন করিলে। কিলৱিখ=পাপ। হিরহি=নষ্ট হয়।

জিনকো পূরবি লিখিআ তিনকা সখা গোৱিংদু ॥
তনু মনু ধনু অরপী সভো সগল ৱারীঐ ইহ জিংদু ॥
দেখৈ সুণৈ হদূরি সদ ঘটি ঘটি ব্রহমু রৱিংদু ॥
অকিরতঘণা নো পালদা প্রভ নানক সদ বখসিংদু ॥

৪॥১৩॥৮৩॥

৪। যাহার অদৃষ্টে পূর্ব্বে এই সৌভাগ্য লিখিত আছে, গোবিন্দ তাহার সহায় হয়েন। তনু মন ধন সমুদয় গোবিন্দে অর্পণ করিয়া সে সমস্ত জীবন তাঁহাতেই সমর্পণ করে। পরমেশ্বর সর্ব্বদা প্রতি ঘটে ঘটে, প্রতি জীবে সর্ব্বদা প্রত্যক্ষরূপে সমুদয় জীবের কর্ম্ম দেখেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও শোনেন এবং ব্রহ্মরূপে সর্ব্বজীবে সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া আছেন। নানক কহিতেছে, সেই সর্ব্বদা ক্ষমাশীল প্রভু, কৃতঘ্ন জীব যাহারা তাঁহার দান সর্ব্বদা গ্রহণ করে কিন্তু তাঁহাকে স্মরণ করে না—তাহাদিগকেও পালন করেন।

টীকা—ৱারীঐ=সমর্পণ করে। জিংদু=জীবন। রৱিন্দু=ব্যাপ্ত আছেন। অকিরতঘণা=কৃতঘ্ন। বখসিংদু=ক্ষমাশীল।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১৪।৮৪ ॥

মনু তনু ধনু জিনি প্রভি দীআ রখিআ সহজি সৱারি ॥
সরব কলা করি থাপিআ অংতরি জোতি অপার ॥
সদা সদা প্রভু সিমরীঐ অংতরি রখু উরধারি ॥১॥

১। যে প্রভু পরমেশ্বর মন, তনু এবং ধন দান করিয়াছেন এবং সহজে পরিচালনা করিয়া রাখিয়াছেন, প্রাণ ইন্দ্রিয়াদি সমুদয় কলা, অংশ, স্থাপন পূর্ব্বক সংপূর্ণ মানবদেহ রচনা করিয়া তাহার অভ্যন্তরে জ্যোতি অর্থাৎ চৈতন্যসত্তা রাখিয়াছেন, সদা সর্ব্বদা সেই প্রভুকে স্মরণ কর এবং হৃদয়ে ধারণ করিয়া রাখ।

টীকা—সৱারি=নিয়ন্ত্রণ পূর্ব্বক, পরিচালনা করিয়া। সরব কলা=সমুদয় অংশ। জ্যোতি=চৈতন্যসত্তা। উরধারি=হৃদয়ে ধারণ করিয়া।

মেরে মন হরি বিনু অৱরু ন কোই ॥
প্রভু সরণাঈ সদা রহু দূখু ন ৱিআপৈ কোই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, হরি বিনা অপর কেহ নাই, সেই প্রভুর শরণ লইয়া সর্ব্বদা থাক, তোমাকে কোনও দুঃখ ভোগ করিতে হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রতন পদারথ মাণিকা সুইনা রুপা খাকু ॥
মাত পিতা সুত বংধপা কূড়ে সভে সাক ॥
জিনি কীতা তিসহি ন জাণঈ মনমুখ পসু নাপাক ॥২॥

২। মাণিক্য ইত্যাদি রত্ন, বহুমূল্য পদার্থ এবং সোনা রূপা এ সমস্তই ভস্ম মাত্র। মাতা, পিতা, সুত, বন্ধু ইত্যাদি সমুদয় আত্মীয়বর্গ সবই মিথ্যা। যিনি সৃষ্টি করিয়াছেন তাহাকেই জানে না এইরূপ মনমুখ জন পশুবৎ এবং অপবিত্র।

টীকা—খাকু=ছাই। সাক=সংবন্ধী ; আত্মীয়। নাপাক=অপবিত্র।

অংতরি বাহরি রৱি রহিআ তিসনো জাণৈ দূরি ॥
ত্রিসনা লাগী রচি রহিআ অংতরি হউমৈ কূরি ॥
ভগতী নাম ৱিহুণিআ আৱহি ৱংঞহি পূর ॥৩॥

৩। যে পরমেশ্বর অন্তরে, আপনার শরীরে এবং বাহিরে, ব্রহ্মাণ্ডে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন, তাঁহাকেই দূর বলিয়া জানে। তৃষ্ণা, বিষয় বাসনাতে লাগিয়া তাহাতে লীন হইয়া, মগ্ন হইা রহিয়াছে এইরূপ মনমুখ জনের অন্তরে অহংতা মমতারূপ মিথ্যা বর্ত্তমান। পরমেশ্বরে ভক্তি এবং হরিনাম বিরহিত মনমুখ জন কেবলই আসে যায়।

টীকা—রচি=লীন, মগ্ন হইয়া। ৱংঞহি=যায়। পূর=সম্পূর্ণরূপে।

রাখি লেহু প্রভু করণহার জীঅ জংত করি দইআ ॥
বিনু প্রভ কোই ন রখনহারু মহা বিকট জম ভইআ ॥
নানক নামু ন ৱিসরউ করি অপনী হরি মইআ ॥৪॥১৪॥৮৪॥

৪। হে সৃষ্টি কর্ত্তা প্রভু, দয়া করিয়া জীবজন্তুদিগকে রক্ষা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাবিকট যম হইতে প্রভু বিনা আর কেহ রক্ষাকর্ত্তা নাই। নানক কহিতেছে, হে হরি, তুমি আপনি এইরূপ দয়া কর যেন তোমার নাম ভুলিয়া না যাই।

টীকা—করি দইআ=কৃপা করিয়া।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১৫।৮৫

মেরা তনু অরু ধনু মেরা রাজ রূপ মৈ দেস্থ ॥
স্থত দারা বনিতা অনেক বহুতু রংগ অরু ৱেস্থ ॥
হরিনামু রিদৈ ন ৱসঈ কারজি কিতৈ ন লেখি ॥১॥

১। হে জীব তুমি মনে করিতেছ এই তনু, ধন এবং দেশের রাজত্ব আমার, আমি রূপবান্। স্থত, দার, বনিতা অনেক বহু প্রকারের আনন্দ এবং বেশ, এ সমুদয় আমার, পরন্তু যদি তোমার হৃদয়ে হরিনাম না বসে তাহা হইলে এ সকল তোমার কোনও কাজেই আসিবে না।

মেরে মনু হরি হরি নামু ধিআই ॥
করি সংগতি নিত সাধকী গুর চরণী চিতু লাই ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন হরি হরি নাম ধ্যান কর, নিত্য সাধু সঙ্গ কর এবং শ্রীগুরুদেবের চরণে চিত্ত লাগাইয়া রাখ।

নামু নিধানু ধিআঈঐ মসতকি হোৱৈ ভাগু ॥
কারজ সভি সৱারীঅহি গুর কী চরণী লাগু ॥
হউমৈ রোগু ভ্রমু কটীঐ না আৱৈ না জাগু ॥২॥

২। যদি তোমার মস্তকে, অদৃষ্ট লিপিতে লেখা থাকে, তবেই নামরূপ পরম নিধিকে ধ্যান করিতে পারিবে। হে মন গুরুর চরণে লাগিয়া থাক, তাহা হইলে কার্য্য সুসম্পন্ন হইবে। অহংতা মমতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপ অভিমান রোগ এবং সর্ব্ব প্রকার ভ্রম কাটিয়া যাইবে এবং তুমি না আসিবে, না যাইবে অর্থাৎ জন্মমৃত্যুরহিত হইয়া যাইবে।

করি সংগতি তূ সাধ কী অঠসঠি তীরথ নাউ ॥
জীউ প্রাণ মনু তনু হরে সাচা ইহ সুআউ ॥
ঐথৈ মিলহি ৰডাইআ দরগহি পাৰহি থাউ ॥

৩। তুমি সাধুসঙ্গ কর, তাহাতেই আটষট্টি তীর্থে স্থানের ফল পাইবে; তোমার প্রাণ মন তনু সবই হরিদ্বর্ণ অর্থাৎ আনন্দময় হইয়া যাইবে, ইহাই তোমার প্রকৃত লাভ। ইহলোকে প্রতিষ্ঠা লাভ হইবে এবং পরলোকে পরমেশ্বরের দরবারে স্থান পাইবে।

টীকা—সুআউ=লাভ। ৰডাইআ=প্রতিষ্ঠা

করে করাএ আপি প্রভু সভু কিছু তিসহি হাথি ॥
মারি আপে জীৰালদা অংতরি ৰাহিরি সাথি ॥
নানক প্রভ সরণাগতী সরব ঘটা কে নাথ ॥৪॥১৫॥৮৫॥

৪। প্রভু আপনিই সব কিছু করেন এবং করান, সমস্তই তাঁহারি হাতে। জীবকে তিনি আপনিই মারেন আবার জীবিত করেন অন্তরে এবং বাহিরে, পিণ্ডে এবং ব্রহ্মাণ্ডে, তিনি সর্ব্বত্র সঙ্গে রহিয়াছেন। নানক কহিতেছে, হে মন, প্রভুর শরণাগত হও, তিনি সর্ব্ব ঘটের নাথ।

শ্রীরাগ, মহলা ৫ ॥
নং ১৬।৮৬

সরণি পএ প্রভু আপণে গুরু হোআ কিরপালু ॥
সতি গুরকৈ উপদেসিঐ বিনসে সরব জংজাল ॥
অংদরু লগা রামি নামি অংম্রিত নদরি নিহালু ॥১॥

১। যাহার উপরে গুরু কৃপালু হয়েন সে আপন প্রভুর শরণাগতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাপ্ত হয়। সদ্‌গুরুর উপদেশে সমুদয় জঞ্জাল, বন্ধন, বিনষ্ট হইয়া যায়। রাম নাম রূপ অমৃতে তাহায় অন্তকরণ লাগিয়া যায় এবং পরমেশ্বরের কৃপাদৃষ্টিতে সে কৃতার্থ হইয়া যায়।

মন মেরে সতি গুর সেৱা সারু ॥
করে দইআ প্রভু আপণী ইক নিমখ ন মনহু ৱিসারু ॥১॥
রহাউ ॥

রহাউ। হে আমার মন, সদ্‌গুরুর সেবাই সার বস্তু। যদি প্রভু আপনি দয়া করেন এক নিমেষের জন্যও মন হইতে তাঁহার সেবা বিস্মৃত হইবে না।

গুণ গোৱিংদ নিত গাৱীঅহি অৱগুণ কটন হার ॥
বিনু হরি নামু ন সুখু হোই করি ডিঠৈ বিসথার ॥
সহজে সিফতী রতিআ ভৱজলু উতরে পারি ॥২॥

২। গোবিন্দের গুণ নিত্য গান কর, সমুদয় দোষ, পাপ তাহাতে কাটিয়া যায়। হরিনাম জপ বিনা সুখ হয় না। ইহা অনেকেই কর্ম্মের বিস্তার করিয়া অর্থাৎ নানা প্রকার পুণ্য কর্ম্ম করিয়া দেখিয়াছে। যে জন স্বাভাবিক ভাবে পরমেশ্বরের গুণ কীর্ত্তনে অনুরক্ত হইয়া থাকে সেই সংসার সমুদ্রের পারে উত্তীর্ণ হইয়া যায়।

টীকা—অৱগুণ=অপগুণ, দোষ, পাপ। ডিঠৈ=দেখিয়াছে। সিফতী=স্তুতি, গুণগান।

তীরথ ৱরত লখ সংজমা পাঈঐ সাধূ ধূরি ॥
লূকি কমাৱৈ কিস তে জা ৱেখৈ সদা হদুরি ॥
থান থনংতরি রৱি রহিআ প্রভ মেরা ভরপূরি ॥৩॥

৩। তীর্থ ব্রত এবং লক্ষপ্রকারের সংযম, ধ্যান, ধারণা, প্রভৃতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া যে ফল লাভ হয়, তাহা সাধুর চরণ ধূলি হইতে পাওয়া যায়। লুকাইয়া পাপ কার্য্য করিবে কাহার নিকট হইতে? তিনি সর্ব্বদা সমুদয় প্রত্যক্ষ দেখেন। স্থান, স্থানান্তর, সর্ব্বত্র আমার প্রভু ভরপূর হইয়া ব্যপ্ত রহিয়াছেন।

টীকা—লূক কমাবৈ=লুকাইয়া কার্য্য করিবে।

সচু পাতিসাহী অমরু সচু সচে সচা থানু ॥
সচী কুদরতি ধারীঅনু সচি সিরজিওনু জহানু ॥
নানক জপীঐ সচু নামু হউ সদা সদা কুরবানু ॥ ॥১৬॥৮৬॥

৪। সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের পাতসাহী, রাজত্ব, সত্য, তাঁহার হুকুম সত্য। জীবের কর্ম্মাকর্ম্মের ফলস্বরূপ সুখ দুঃখ যাহা হুকুম করেন তাহা কখনও ব্যাভিচারী হয় না। সেই সত্যস্বরূপ প্রভুর স্থান সত্য। তাঁহার সত্য শক্তি সত্যকে ধারণ করিয়া রহিয়াছে, এবং সেই সত্যস্বরূপই সংসার, জগৎ, সৃষ্টি করিয়াছেন। নানক—যে সত্যনাম জপ করে, আমি সদা সর্ব্বদা তাহার বলিহারী যাই।

টীকা—অমরু=হুকুম। কুদরতি=শক্তি। জহান=সংসার। কুরবান=আপনাকে বলি দেই অর্থাৎ বলিহারী যাই।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১৭।৮৭

উদমু করি হরি জাপণা বডভাগী ধনু খাটি ॥
সংত সংগি হরি সিমরণা মলু জনমু জনমু কী কাটি ॥১॥

১। হে ভাগ্যবান্, যে হরিনাম সদ্গুরুর নিকট হইতে লাভ করিয়াছ, তাহা জপ করিয়া এই পরম ধনকে খাটাইয়া লও। সন্তজনগণের সঙ্গে হরি স্মরণ কর, তোমার জন্ম জন্মান্তরের পাপ কাটিয়া যাইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন মেরে রাম নামু জপি জাপু ॥
মন ইছে ফল ভুংচি তূ সভু চুকৈ সোগু সংতাপু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, তুমি রাম-নাম জপ করিতে থাক। তোমার বাঞ্ছিত ফল ভোগ করিবে এবং সমুদয় শোক সন্তাপ চুকিয়া যাইবে।

জিস্থ কারণি তনু ধারিআ সো প্রভু ডিঠা নালি ॥
জলি থলি মহীঅলি পূরিআ প্রভু আপণী নদরি নিহালি ॥২॥

২। যে প্রভুকে পাইবার জন্য তুমি মানব দেহ ধারণ করিয়াছ, সে প্রভুকে দেখ তোমার সঙ্গেই রহিয়াছেন। জলে স্থলে মহীতলে, আকাশে সর্ব্বত্র প্রভু পূর্ণ স্বরূপে বিরাজ করিতেছেন, তিনি কৃপাদৃষ্টি দ্বারা তোমাকে কৃতার্থ করিয়াছেন।

টীকা—মহী=পৃথিবী। অলি=আকাশ।

মনু তনু নিরমলু হোইআ লাগী সাচু পরীতি ॥
চরণ ভজে পারব্রহম কে সভি জপ তপ তিনহী কীতি ॥৩॥

৩। সত্যস্বরূপ পরমেশ্বরে যাহার প্রীতি জন্মিয়াছে। যে পুরুষ পরব্রহ্মের চরণ ভজনা করিয়াছে সে জপ তপ ব্রতাদি সমুদয় কর্ত্তব্য আচরণ করিয়াছে বুঝিবে।

রতন জবেহর মাণকা অংম্রিত হরিকা নাউ ॥
সুখ সহজ আনংদ রস জন নানক হরিগুণ গাউ ॥৪॥১৭॥৮৭॥

৪। হরিনাম অমৃত, তাহাই রত্ন, জহরৎ এবং মাণিক। দাস নানক কহিতেছে হরিগুণ গান কর, তাহাতে সুখ, সহজ আনন্দ রস লাভ হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১৮।৮৮

সোঈ সাসতু সউণু সোই জিতু জপীঐ হরি নাউ ॥
চরণ কমল গুরি ধনু দীআ মিলিআ নিথাৱে থাউ ॥
সাচী পুংজী সচু সংজমো আঠ পহর গুণ গাউ ॥
করি কিরপা প্রভ ভেটিআ মরণু ন আৱণু জাউ ॥১॥

১। সেই শাস্ত্রই শ্রেষ্ঠ এবং সেই শকুন, মঙ্গলচিহ্ন সার্থক, যাহাতে হরিনাম জপ করায়। শ্রীহরির চারণকমলরূপ ধন গুরু দিয়াছেন, নিরাশ্রয়ের আশ্রয় মিলিয়াছে। শ্রদ্ধারূপ সত্য মূলধন লাভ করিয়া এবং যথার্থ ইন্দ্রিয় সংযম করিয়া আমি সর্ব্বদা অষ্টপ্রহর দিন ভরিয়া শ্রীহরির গুণগান করিতেছি। কৃপা করিয়া প্রভু দেখা দিয়াছেন। আর মরণ, আসা যাওয়া নাই।

মেরে মন হরি ভজু সদা ইক রংগি ॥
ঘটি ঘটি অংতরি রৱি রহিআ সদা সহাঈ সংগি ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন একরস প্রেমে মগ্ন হইয়া হরিকে ভজনা কর। শ্রীহরি ঘটে ঘটে প্রতি জীবের অন্তরে সর্ব্বদা সহায় এবং সঙ্গী হইয়া ব্যাপ্ত রহিয়াছেন।

সুখা কী মিতি কিআ গণী জা সিমরী গোৱিংদু ॥
জিন চাখিআ সে ত্রিপতাসিআ ওহ রসু জাণৈ জিংদু ॥
সংতা সংগতি মনি ৱসৈ প্রভু প্রীতমু বখসিংদু ॥
জিনি সেৱিআ প্রভু আপণা সোঈ রাজ নরিংদু ॥২॥

২। যখন গোবিন্দ স্মরণকর তখন যে সুখ জন্মে তাহার সীমা কি করিয়া গণনা পূর্ব্বক নির্দ্ধারণ করিবে। ঐ হরি রস যে আস্বাদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছে সেই তৃপ্ত হইয়াছে, উহার রস আনন্দ তাহার প্রাণে অনুভব করিয়াই জানে সেই প্রিয়তম ক্ষমাশীল প্রভু সাধু সংগতি করিলে হৃদয়ে বসেন, প্রতিষ্ঠিত হয়েন। যে আপনার প্রভুকে সেবা করিয়াছে সেই রাজা, নরেন্দ্র।

অউসরি হরি জস্থ গুণ রমণ জিতু কোটি মজন ইসনান্নু ॥
রসনা উচরৈ গুণৱতী কোই ন পূজৈ দানু ॥
দৃসটি ধারি মনি তনি ৱসৈ দইআল খুরখু মিহরৱানু ॥
জীউ পিংডু ধনু তিসদা হুউ সদা সদা কুরবানু ॥৩॥

৩। হরির যশঃ এবং গুণগান করিবার এই মানব জন্মই প্রকৃত অবসর, সময়; হরিগুণগানে কোটি তীর্থে মজ্জন পূর্ব্বক স্নানের ফল লাভ হয়। যে রসনা হরিনাম উচ্চারণ করে সে অতি গুণবতী, শ্রেষ্ঠ গুণ সমূহের আধার। এবং সর্ব্বপ্রকার দান হইতে হরিনাম গান এতই শ্রেষ্ঠ যে দানকে আর মহৎ কার্য্য বলিয়া কেহই পূজা করে না, তাহার গুণ বর্ণনা করে না। যাহার উপরে গুরু কৃপাদৃষ্টি ধারণ করেন তাহার দেহে ও মনে দয়াল, কৃপাশীল পরম পুরুষ পরমেশ্বরে বাস করেন।

তাহার দেহ প্রাণ ধন সমুদয়ই পরমেশ্বরের বলিয়া সেই ব্যক্তি জানে, আমি সদা সর্ব্বদা তাহার বলিহারী যাই।

টীকা—অউসরি=অবসর সময়। রমণ=উচ্চারণ। মিহরবাণু=কৃপাশীল।

মিলিআ কদে ন ৱিছুড়ৈ জো মেলিআ করতরি ॥
দাসা কৈ বংধন কটিআ সাচৈ সিরজণহারি ॥
ভূলা মারগি পাইওনু গুণ অৱগুণ ন বীচারি ॥
নানক তিস্থ সরণাগতী জি সগল ঘটা আধারু ॥৪॥১৮॥৮৮॥

৪। সৃষ্টিকর্ত্তার সহিত যে মিলিত হইয়াছে সে কখনও তাঁহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে বিচ্ছিন্ন হয় না। সেই সত্যস্বরূপ পরমেশ্বর যিনি সৃষ্টি করিয়াছেন তিনি তাঁহার দাসের সমুদয় বন্ধন কাটিয়া দিয়াছেন। কখনও প্রকৃত পথ সে ভুলিয়া গেলেও প্রভু তাহাকে পথ প্রাপ্তি করাইয়া দেন, তঁহার দোষগুণের বিচার করেন না। নানক কহিতেছে, তাঁহারই শরণাগত হও যিনি সকল ঘটের, জীবের আশ্রয়।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ১৯।৮৯

রসনা সচা সিমরীঐ মন তনু নিরমলু হোই ॥
মাত পিতা সাক অগলে তিসু বিনু অৱরু ন কোই ॥
মিহর করে জে আপণী চসা ন ৱিসরৈ সোই ॥১॥

১। রসনা, যখন সত্যস্বরূপ পরমেশ্বরকে স্মরণ করে তখন দেহ মন নির্ম্মল হইয়া যায়। মাতা পিতা এবং অনেক আত্মীয়বর্গ সেই পরমেশ্বর বিনা অপর কেহই মানুষের সহায়তা করিতে পারে না। যদি সেই প্রভু আপনি দয়া করেন তবে ক্ষণমাত্রও তাঁহাকে বিস্মরণ হয় না।

টীকা—অগলে=অনেক। সাক=সম্বন্ধী, আত্মীয়। মিহর=দয়া। চসা=ক্ষণকাল।

মন মেরে সাচা সেৱি জিচরু সাসু ॥
বিনু সচে সভু কূড়ু হৈ অংতে হোই বিনাসু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন যতক্ষণ শ্বাস থাকে, সত্যস্বরূপ পরমেশ্বরকে সেবা কর, তাঁহার নাম জপ কর। পরমেশ্বর বিনা অন্য সমুদয়ই মিথ্যা, অন্তে বিনাশ হইয়া যাইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাহিব মেরা নিরমলা তিস্থ বিনু রহণু ন জাই ॥
মেরৈ মনি তনি ভুখ অতি অগলী কোঈ আণি মৈলাবৈ মাই ॥
চারে কুংডা ভালীআ সহ বিনু অবরু ন জাই ॥২॥

২। আমার প্রভু নির্ম্মল, তাঁহাকে ছাড়িয়া থাকিতে পারি না। আমার দেহ মনে প্রভুর সহিত মিলনের জন্য ক্ষুধা, আকাঙ্ক্ষা অতি প্রবল, হে ভাই, এমন কেহ কি আছে, যে আমার প্রভুকে আনিয়া আমার সহিত মিলন করাইবে? আমি চারিদিকে দেখিয়া আসিয়াছি, সেই পতি বিনা অপর কোনও স্থান নাই।

টীকা—চারে কুংডা=চারিদিক্। ভালিয়া=দেখিয়া খুঁজিয়া। সহ=পতি। জাই= জায়গা, স্থান।

তিস্থ আগৈ অরদাসি করি জো মেলে করতারু ॥
সতিগুরু দাতা নাম কা পূরা জিস্থ ভংডারু ॥
সদা সদা সালাহীঐ অংতু ন পারাবারু ॥৩॥

৩। গুরুদেবের নিকটে প্রার্থনা কর যেন তিনি প্রভুর সহিত মিলিত করেন। সদ্গুরু নাম দান করেন, এবং তাহার ভাণ্ডার সর্ব্বদাই পূর্ণ। সর্ব্বদা সদ্গুরর স্তুতি কর, সমুদ্রবৎ তাঁহার অন্ত বা পারাবার নাই ॥৩॥

পরবদগারু সালাহীঐ জিস্ দে চলত অনেক ॥
সদা সদা আরাধীঐ এহা মতি বিসেখ ॥
মনি তনি মিঠা তিস্থ লগৈ জিস্থ মসতকি নানক লেখ ॥
৪॥১৯॥৮৯॥

৪। পালনকর্ত্তাকে স্তুতি কর, তাঁহার চরিত্র অর্থাৎ লীলা অনেক প্রকার। সদা সর্ব্বদা তাঁহাকে আরাধনা কর, ইহাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশেষ, উত্তম বুদ্ধি। নানক কহিতেছে যাহার মস্তকে লেখা আছে তাহার দেহ মনে ইহা মধুর লাগে।

টীকা—পরবদ্গার=পালন কর্তা। চলত=চরিত; লীলা। ব্রিসেক= উত্তম।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ২০।৯০

সংত জনহু মিলি ভাঈহো সচা নামু সমালি ॥
তোসা বংধহু জীঅ কা ঐথৈ ওথৈ নালি ॥
গুর পূরে তে পাঈঐ অপণী নদরি নিহালি ॥
করমি পরাপতি তিসু হোবৈ জিসনো হোই দইআলু ॥১॥

১। সন্তজনের সহিত মিলিত হইয়া সত্য নাম স্মরণ কর। তোমার জীবনের পথ খরচ সঙ্গে বাঁধিয়া লও যাহা ইহলোকে এবং পরলোকে সঙ্গে থাকিয়া তোমার সহয়তা করিবে। পরন্তু নামরূপ পথ খরচ পূর্ণগুরু হইতে পাওয়া যায় তখন পরমেশ্বর আপনি কৃপাদৃষ্টি করিয়া জীবকে কৃতার্থ করেন, কৃপাতে নাম সেই প্রাপ্ত হয়, যাহার প্রতি সদ্‌গুরু দয়ালু হয়েন।

টীকা—তোসা=পথ খরচ। ঐথৈ=ইহকাল। ওথৈ=পরকাল। করমি= কৃপাতে।

মেরে মনু গুর জেবডু অবরু ন কোই ॥
দূজা থাউ ন কো সুঝৈ গুরু মেলে সচু সোই ॥১॥

রহাউ। হে আমার মন গুরুর ন্যায় বড় আর কেহ নাই। গুরু হইতেই সত্যস্বরূপ পরমেশ্বরকে লাভ করা যায়, গুরু ব্যতীত আর কোনও দ্বিতীয় স্থান নাই যেখানে তাঁকে পাওয়া যায়।

টীকা—জেবডু=এতবড়। সুঝে=বুঝিতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সগল পদারথ তিস্থ মিলে জিনি গুরু ডিঠা জাই ॥
গুর চরণী জিন মনু লগা সে ৰড ভাগী মাই ॥
গুরু দাতা সমরথু গুরু গুরু সভ মহি রহিআ সমাই ॥
গুরু পরমেসরু পারব্রহমু গুরু ডুবদা লএ তরাই ॥২॥

২। যে শ্রদ্ধাপূর্ব্বক যাইয়া গুরুকে দর্শন করে তাহার সকল পদার্থ, চারি পুরুষার্থ সমুদয় লাভ হয়। ভাই হে, শ্রীগুরুর চরণে যে মন লাগাইয়াছে সে বড় সৌভাগ্যবান। গুরু হরিনাম দাতা, গুরু সমুদয় দান করিতে সমর্থ, গুরু সর্ব্বত্র সমাহিত হইয়া আছেন। গুরু পরমেশ্বর পরব্রহ্ম স্বরূপ ; যে জীব ডুবিয়া যাইতেছে গুরু তাহাকে তরাইয়া লয়েন।

কিতু মুখি গুরু সলাহীঐ করণ কারণ সমরথু ॥
সে মথে নিহচল রহে জিন গুরি ধরিআ হথু ॥
গুরি অংম্রিত নামু পীআলিআ জনম মরণ কা পথু ॥
গুরু পরমেস্থর সেৰিআ ভৈ ভংজনু দুখ লথু ॥৩॥

৩। কোন্ মুখে আমি গুরুদেবের গুণগান করিব, তিনি সর্ব্ব প্রকার কার্য্যের করণ ও কারণ রূপ এবং সমর্থ। যাহার মস্তকে গুরু হস্ত ধারণ করেন সে নিশ্চল অবস্থা লাভ করে। জন্ম মরণ রূপ রোগের পথ্য স্বরূপ অমৃত নাম গুরু পান করাইয়াছেন। যে গুরুদ্বারে ভয় ভঞ্জন পরমেশ্বরকে সেবা করিয়াছে সে সমুদয় দুঃখ উত্তীর্ণ হইয়া গিয়াছে।

টীকা—সালাহীঐ=গুণগান করা ; স্তুতি করা। করণ=কার্য্যের সাধন, উপায়। কারণ=কার্য্যের উপাদান ; নিমিত্ত প্রভৃতি। নিহচল=নিশ্চল ; স্থির। পীআলিআ=পান করাইয়াছেন। পথু=পথ্য অর্থাৎ ইহাতে জন্ম মৃত্যুরূপ রোগ আরোগ্য হইয়া যায়। লথু=উত্তীর্ণ হইয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতিগুরু গহিরু গংভীরু হৈ সুখু সাগরু অঘ খংডু ॥
জিনি গুরু সেৱিআ আপণা জমদূত ন লাগৈ ডংডু ॥
গুর নালি তুলি ন লগঈ খোজি ডিঠা ব্রহমংডু ॥
নাম নিধানু সতি গুরি দীআ সুখ নানক মন মহি মংডু ॥
৪॥২০॥৯০॥

৪। সদগুরু গভীর এবং গম্ভীর, তিনি সুখ সাগর, তিনি পাপ নাশন। যে আপনার গুরুর সেবা করিয়াছে, তাহাদিগের উপরে যমদূতের দণ্ড পড়ে না। ব্রহ্মাণ্ড খুঁজিয়া দেখ গুরুর সহিত তুল্য কেহই লাগে না। নানক কহিতেছে যাহাকে সদ্‌গুরু নাম পরম নিধি দান করিয়াছেন সুখ স্বরূপ ব্রহ্মদ্বারা তাহার মন মণ্ডিত হইয়াছে।

টীকা—অখ খংডু=পাপ খণ্ডন। ডংডু=দণ্ড।

শ্রীরাগ মহলা ৫ ॥

নং ২১।৯১

মিঠা করিকৈ খাইআ কউড়া উপজিআ সাদু ॥
ভাঈ মীত সুরিদ কীএ বিখিআ রচিআ বাদু ॥
জাঁদে বিলমু ন হোৱঈ ৱিণু নাৱৈ বিসমাদু ॥১॥

১। মিষ্ট মনে করিয়া আমি বিষয় ভোগ করিলাম, কিন্তু তাহাতে উৎপন্ন হইল ঝাল স্বাদ। ভাই, মিত্র সুহৃদ করিলাম, তাহাদের সহিত বৃথা বিষয় রচনা করিলাম, বিষয় ভোগে মত্ত হইলাম। কিন্তু সেই সমুদয় যাইতে বিলম্ব হইল না, অতি শীঘ্রই বিনষ্ট হইল, নাম বিনা সমস্তই আশ্চর্য্য, ব্যর্থ।

টীকা—কউড়া=ঝাল। বিসমাদু=আশ্চর্য্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেরে মন সতিগুরকী সেৱা লাগু ॥
জো দিসৈ সো ৱিণসণা মন কী মতি তিআগু ॥১॥ রহাউ ॥

রহাউ। হে আমার মন, সদ্‌গুরুর সেবাতে লাগ। এই পরিদৃশ্যমান প্রপঞ্চ বিনাশ হইয়া যাইবে, মনের গতি মতি পরিত্যাগ কর, অর্থাৎ গুরুর মত ধারণ কর।

জিউ কূকর হরকাইআ ধাৱৈ দহদিস জাই ॥
লোভী জংতু ন জাণঈ ভখু অভখু সভু খাই ॥
কাম ক্রোধু মদি বিআপিআ ফিরি ফিরি জোনী পাই ॥২॥

২। কুকুরের মত জীব চীৎকার করে এবং দশদিকে ধাইয়া যায়। কুকুর অত্যন্ত লোভী ভক্ষ্য অভক্ষ্য বিচার না করিয়া খায়, (সেইরূপ জীবও পরিণামে কল্যাণ কি অকল্যাণ হইবে ইহা বিচার না করিয়াই বিষয় ভোগ করে)। কাম ক্রোধ এবং অহংকারে মত্ত হইয়া ফিরিয়া ফিরিয়া নানা যোনিতে জন্মগ্রহণ করে।

টীকা—হরআইকা=চীৎকার করে।

মাইআ জাল পসারিআ ভীতরি চোগ বণাই ॥
ত্রিসনা পংখী ফাসিআ নিকসু ন পাএ মাই ॥
জিনি কীতা তিসহি ন জাণঈ ফিরি ফিরি আৱৈ জাই ॥৩॥

৩। পাখী ধরিবার জন্য যেরূপ জাল পাতিয়া পাখীর ঠোকরাইয়া খাইবার জন্য দানা ইত্যাদি রাখে, সেইরূপ ঈশ্বর মায়াজাল বিস্তৃত করিয়া তাহার মধ্যে বিষয়রূপ টোপ রাখিয়া দিয়াছেন। সেই মায়াজালে তৃষ্ণা অর্থাৎ বাসনাতে অন্ধ জীব আবদ্ধ হইয়া যায়। বাহির হইবার উপায় পায় না। যিনি সৃষ্টি করিয়াছেন তাঁহাকে জানে না ফিরিয়া ফিরিয়া আসে যায়, জন্ম মৃত্যুর অধীন হইয়া যাতায়াত করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিক প্রকারী মোহিআ বহু বিধি ইহু সংসারু ॥
জিসনো রখৈ সো রহৈ সংম্রিধু পুরখু অপারু ॥
হরি জন হরি লিৱ উধরে নানক সদ বলিহারু ॥৪॥২১॥৯১

এই সংসার প্রপঞ্চ অনেক প্রকারের এবং ইহা নানা বিধ উপায়ে জীবকে মোহিত করে। যাহাকে সেই অপার সমর্থ পুরুষ রক্ষা করেন সেই রক্ষা পায়। নানক কহিতেছে, হরিজন, শ্রীহরির ভক্ত, হরিতে চিত্ত নিবিষ্ট করিয়া উদ্ধার পাইয়া যায়, আমি সর্ব্বদা তাহার বলিহারী যাই।

শ্রীরাগ মহলা ৫ ঘর ২

নং ২২।৯২

গোইলি আইআ গোইলী কিআ তিসু ডংফু পসারু ॥
মুহলতি পুংনী চলণা তূং সংমলু ঘর বারু ॥১॥

১। যে কোনও পুরুষ পশুচারণের নিমিত্ত আপন বাসস্থান হইতে অল্প দিনের জন্য স্থানান্তরে যায় তাহাকে বলে 'গোইলী', গোপালক, রাখাল এবং যে স্থানে সে যায় তাহাকে বলে 'গোইল' সেইরূপ জীব গোপালকের ন্যায় স্বল্প কালের জন্য এই গোচারণ স্থানরূপ জগতে আসিয়াছে তাহার কিসের দম্ভ প্রসার অর্থাৎ বিস্তার করে। নির্দ্দিষ্ট কাল পূর্ণ হইলে তোমাকে যাইতে হইবে, তুমি তোমার ঘর ও বাহির অর্থাৎ ইহকাল পরকাল সামলাইয়া লও (অথবা তোমার স্বরূপ প্রাপ্তির জন্য যত্ন কর)।

টীকা—ডংফু=দম্ভ, গর্ব্ব। পসার=প্রসার, বিস্তার। মুহলত=সময়, নির্দ্দিষ্টকাল। পুংণী=পূর্ণ হইলে।

হরি গুণ গাউ মনা সতিগুরু সেৱি পিআরি ॥
কিআ থোড়ড়ী বাত গুমান ॥ রহাউ ॥

রহাউ। হে মন, তুমি সদ্‌গুরুকে প্রেমের সহিত সেবা কর এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিগুণ গান কর। সংসারের পদার্থের তুচ্ছ কথা লইয়া কিসের গর্ব্ব।

টীকা—থোড়ড়ী=সামান্য, তুচ্ছ।

জৈসে রৈণি পরাহুণে উঠি চলসহি পরভাতি ॥
কিআ তূং রতা গিরসত সিউ সভ ফুলাকী বাগাতি ॥২॥

২। যেরূপ রাত্রি প্রভাত হইলে অতিথি উঠিয়া চলিয়া যায় জীবও সেই প্রকার কাল পূর্ণ হইলে সংসার ছাড়িয়া চলিয়া যায়। হে মন, কেন তুমি সংসার গৃহস্থ জীবনে আসক্ত হইয়া রহিয়াছ? এই গৃহ সংসার ফুলের বাগানের মত স্বল্প কালস্থায়ী।

টীকা—পরাহুণে=অতিথি। রতা=আসক্ত। বাগাতি=বাগান।

মেরী মেরী কিআ করহি জিনি দীআ সো প্রভু লোড়ি ॥
সরপর উঠী চলণা ছডি জাসী লখ করোড়ি ॥৩॥

৩। 'আমার' 'আমার' কেন করিতেছ? যিনি দিয়াছেন সেই প্রভুকে অন্বেষণ কর। নিশ্চই তোমাকে সমুদয় বিষয়, লক্ষই হউক আর ক্রোড়ই হউক, ছাড়িয়া যাইতে হইবে।

টীকা—লোড়ি=অন্বেষণ কর। সরপর=অবশ্যই।

লখ চউরাসীহ ভ্রমতিআ দুলভ জনমু পাইওই ॥
নানক নামু সমালি তূং সো দিনু নেড়া আইওই ॥৪॥২২॥৯২॥

৪। চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিয়া এই দুর্লভ মানব জনম তুমি পাইয়াছ। নানক কহিতেছে, তুমি নাম স্মরণ কর। কারণ সেই তোমার যাইবার দিন নিকটে আসিয়াছে।

টীকা—নেড়া=নিকটে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫ ।

নং ২৩৯৩

তিচরু ৰসহি সুহেলড়ী জিচরু সাথী নালি ॥
জা সাথী উঠী চলিআ তা ধনু খাকু রালি ॥১॥

১। হে দেহ তুমি ততক্ষণই সুখে বাস কর যতক্ষণ তোমার সাথী জীব তোমার সঙ্গে থাকে। যখন সাথী তোমাকে ছাড়িয়া চলিয়া যায়, হে দেহ, তুমি ভস্মে পরিণত হও।

টীকা—তিচরু=ততক্ষণ। সুহেলড়ী=সুখে। খাকুরালি=ভস্মে মিশিয়া যাইবে।

মনি বৈরাগু ভইআ দরসনু দেখণৈ কা চাউ।
ধংনু সু তেরা থানু ॥ রহাউ ॥

রহাউ। তোমার সেই গম্যস্থান পরমেশ্বরের দরবার, ধন্য, যাহা দর্শন করিবার আকাঙ্ক্ষায় মনে বৈরাগ্য উপস্থিত হইয়াছে।

জিচরু ৰসিআ কংত ঘরি জীউ জীউ সভি কহাতি ॥
জা উঠী চলসী কংতড়া তা কোই ন পুছৈ তেরী বাতি ॥২॥

২। জীবরূপী কান্ত যতক্ষণ দেহরূপ গৃহে বাস করে ততক্ষণ সকলেই 'মহাশয়', মহাশয় বলিয়া তোমাকে আহ্বান করে কিন্তু যখন জীবরূপী কান্ত দেহ ছাড়িয়া চলিয়া যায় তখন কেহই তোমার কথা জিজ্ঞাসা করে না।

টীকা—জীউ, জীউ=মহাশয়, মহাশয়।

পেঈঅড়ৈ সহু সেৱি তূং সাহুরড়ৈ সুখি ৰসু ॥
গুর মিলি চজু অচারু সিখু তুধু কদে ন লগৈ দুখু ॥৩॥

৩। হে দেহ, তুমি পিতৃগৃহে অর্থাৎ ইহলোকে পতিকে সেবা কর। তাহা হইলে শ্বশুরালয়ে অর্থাৎ পরলোকে সুখে বাস করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুকে মিলিয়া তাঁহার নিকটে উৎকৃষ্ট আচরণ শিক্ষা কর কখনও তোমার দুঃখ লাগিবে না।

টীকা—পেঈঅড়ে=পিতৃগৃহে অর্থাৎ ইহলোকে। সহু=পতি। সাহুরড়ৈ=শ্বশুরালয়ে অর্থাৎ পরলোকে। চজু=উৎকৃষ্ট। কদে=কদাপি।

সভনা সাহুরৈ ৱঞ্ঞা সভি মুকলাৱণহার ॥
নানক ধংনু সুহাগণী জিন সহ নালি পিআরু ॥৪॥২৩॥৯৩॥

৪। সকল জীবকেই শ্বশুরালয়ে অর্থাৎ পরলোকে যাইতে হইবে। সকলেই মৃত্যুর অধীন। নানক কহিতেছে, ধন্য সেই সোহাগিনী অর্থাৎ জ্ঞানবান জীব যাহার পতি পরমেশ্বরের সহিত প্রেম হইয়াছে।

টীকা—ৱংঞ্ঞা=যাইতে হইবে। মুকলারণহার=মৃত্যুর অধীন। মুকলানা=মৃত্যু। কন্যা ঋতুমতী হইলে তাহাকে পিত্রালয় হইতে শ্বশুরালয়ে পাঠাইবার সময়ে যে আচার অনুষ্ঠিত হয় তাহার নাম মুকলানা। এস্থলে ইহলোক হইতে পরলোকে যাওয়া অর্থাৎ মৃত্যু।

শ্রীরাগ মহলা ৫ ঘর ৬

নং ২৪।৯৪

করণ কারণ এক ওহী জিনি কীআ আকারু ॥
তিসহি ধিআৱহু মন মেরে সরব কে আধারু ॥১॥

১। করণ কারণ মহীতত্ত্বাদি উপাদান একমাত্র তিনি যিনি সমুদয় রূপ সৃষ্টি করিয়াছেন। হে আমার মন তাঁহাকেই ধ্যান কর, তিনি সকলের আশ্রয়।

গুর কে চরণ মন মহি ধিআই ॥
ছোড়ি সগল সিআণপা সাচি সবদি লিৱলাই ॥ রহাউ ॥

রহাউ। হে ভাই, গুরুর চরণ মনে ধ্যান কর। সংসারের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমুদয় চাতুরী পরিত্যাগ করিয়া গুরুপ্রদত্ত সত্য মন্ত্রে চিত্তবৃত্তি লাগাও।

দুখু কলেস্থ ন ভউ বিআপৈ গুরু মন্ত্রু হিরদৈ হোই ॥
কোটি জতনা করি রহে গুর বিনু তরিও ন কোই ॥২॥

২। যাহার হৃদয়ে গুরুমন্ত্র আছে তাহাতে দুঃখ ক্লেশ এবং ভয় ব্যাপ্ত হয় না। কোটি প্রকার উপায় অবলম্বন করিলেও গুরু বিনা কেহই সংসার সমুদ্র পার হইতে পারে না।

দেখি দরসনু মনু সাধারৈ পাপ সগলে জাহি ॥
হউ তিনকৈ বলিহারণৈ জি গুরকী পৈরী পাহি ॥৩॥

৩। গুরুর দর্শন মাত্রই মন শুদ্ধ হইয়া যায় এবং সমুদয় পাপ চলিয়া যায়। আমি তাহার বলিহারি যাই যে গুরুর চরণে আশ্রয় লইয়াছে।

টীকা—পৈরী = চরণ।

সাধ সংগতি মনি ৱসৈ সাচু হরি কা নাউ ॥
সে ৱড়ভাগী নানকা জিনা মনু ইহু ভাউ ॥৪॥২৪॥৯৪॥

৪। সত্য হরিনাম সাধু সঙ্গে মনে বসে। নানক কহিতেছে, সেই বহু ভাগ্যবান যাহার মনে এই সাধু সঙ্গের প্রতি প্রেম হইয়াছে।

শ্রীরাগ মহলা ৫।

নং ২৫।৯৫

সংচি হরি ধনু পূজি সতিগুর ছোড়ি সগল ৱিকার ॥
জিনি তূং সাজি সৱারিআ হরি সিমরি হোই উধার ॥১॥

১। হরি নাম ধন সঞ্চয় কর, সদ্‌গুরুকে পূজা কর এবং সমুদয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রোধাদি বিকার ত্যাগ কর। যিনি তোমাকে সৃষ্টি করিয়া ভূষিত করিয়াছেন সেই শ্রীহরিকে স্মরণ কর, উদ্ধার হইয়া যাইবে।

টীকা—সাজি=সৃষ্টি করিয়া। সৱারিআ=ভূষিত করিয়াছেন।

জপি মন নামু একু অধারু (অপারু) ॥
প্রাণ মনু তনু জিনহি দীআ রিদে কা আধারু ॥ রহাউ ॥

রহাউ। হে মন একমাত্র আশ্রয় (অপার) পরমেশ্বরের নাম জপ কর, যিনি প্রাণ, মন, তনু দিয়াছেন এবং যিনি হৃদয়ের আশ্রয়স্বরূপ।

কামি ক্রোধি অহংকারি মাতে ৱিআপিআ সংসারু ॥
পউ সংত সারণী লাগু চরণী মিটৈ দুখু অংধারু ॥২॥

২। কাম ক্রোধ এবং অহংকারে মত্ত জন সংসার ব্যাপ্ত হইয়া আছে, সাধুগণের আশ্রয় লও, তাঁহাদিগের চরণে পড় তবে তোমার দুঃখের আঁধার কাটিয়া যাইবে।

সতু সংতোখু দইআ কমাৱৈ এহ করণী সার ॥
আপু ছোড়ি সভ হোই রেণা জিসু দেই প্রভু নিরংকারু ॥৩॥

৩। সত্য, সন্তোষ এবং দয়া এই সমস্ত শুভগুণ উপার্জ্জন কর। ইহাই শ্রেষ্ঠ কর্ম্ম। অহংকার ত্যাগ করিয়া সকলের চরণ রেণু হইয়া যাও। যাহাকে নিরংকার প্রভু পরমেশ্বর দান করেন সেই ইহা প্রাপ্ত হয়।

টীকা—করণী=কর্ম্ম। রেণা=চরণরেণু।

জো দীসৈ সো সগল তূং হৈ পসরিআ পাসারু ॥
কহু নানক গুরি ভরমু কাটিআ সগল ব্রহম বীচারু ॥
॥৪॥২৫॥৯৫॥

৪। যাহা কিছু দেখিতেছি, সকলই তুমি। তুমিই এই প্রপঞ্চ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিস্তার করিয়াছ। নানক কহিতেছেন, গুরু যাহার অবিদ্যারূপ ভ্রম কাটিয়া দিয়াছেন সেই বিচার দ্বারা সমুদয় প্রপঞ্চই ব্রহ্মস্বরূপ দেখে।

টীকা—পসরিআ=বিস্তার করিয়াছ। পাসারু=প্রপঞ্চ।

শ্রীরাগ, মহল ৫॥

নং ২৬।৯৬

দুক্বৃত স্বুক্বৃত মংধে সংসারু সগলাণা ॥
দুহহূং তে রহত ভগতু হৈ কোই ৰিরলা জাণা ॥১॥

১। দুষ্কৃত, সুকৃত, পাপ ও পুণ্য মধ্যে সমুদয় সংসার বর্ত্তমান রহিয়াছে, কিন্তু ভক্ত এই উভয় হইতে রহিত অর্থাৎ ভক্ত পাপ পুণ্যের অতীত, ইহার মর্ম্ম অতি অল্প লোকই জানে।

ঠাকুর সরবে সমাণা ॥
কিআ কহউ সুণউ সুআমী তুং ৰড় পুরখ সুজাণা ॥ রহাউ ॥

রহাউ। হে ঠাকুর তুমি সর্ব্বত্র সমাহিত হইয়া রহিয়াছ। হে স্বামিন্—শ্রবণ কর, তোমার আগে আমি আর কি বলিব, তুমি অতি চতুর পুরুষ।

টীকা—সুজাণা=চতুর।

মান অভিমান মংধে সো সেৰকু নাহী ॥
তত সমদরসী সংতহু কোঈ কোটি মংধাহী ॥২॥

২। যাহার মধ্যে মান অভিমান রহিয়াছে, সে সেবক হইতে পারে না। তত্ত্ব সমদর্শী সাধুজন কোটি মধ্যে কদাচিৎ একটি পাওয়া যায়।

কহন কহাৰন ইহ কীরতি করলা ॥
কথন কহন তে মুকতা গুরমুখি কোঈ বিরলা ॥৩॥

৩। পরমেশ্বরের কীর্ত্তি গান করা অথবা গান করান অতি কঠিন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমেশ্বরের স্তুতি করিতে যাইয়া বাদানুবাদ হইতে মুক্ত গুরুমুখী ভক্ত অতি বিরল।

টীকা—কথন কহন=বাদানুবাদ। করলা=কঠোর, কঠিন।

গতি অৱিগতি কছু নদরি ন আইআ ॥
সংতন কী রেণু নানক দান পাইআ ॥৪॥২৬॥৯৬

৪। উত্তমগতি অথবা অধমগতি, মোক্ষ অথবা বন্ধ, কিছুই দৃষ্টিতে আসে না। নানক সাধুজনের চরণরেণু দান পাইয়াছে অর্থাৎ পরমেশ্বরকে জানিতে পারিয়াছে। ভাব এই যে, বাদানুবাদ ছাড়িয়া সাধুজনের আশ্রয় লইলেই পরমেশ্বরকে জানা যায়।

শ্রীরাগ, মহলা ৫ ঘর ৭

নং ২৭।৯৭

তেরৈ ভরোসৈ পিআরে মৈ লাড লডাইআ ॥
ভুলহি চুকহি বারিক তুং হরি পিতা মাইআ ॥১॥

অমৃতসহরে হরিমন্দির নির্ম্মাণ আরম্ভ করিবার প্রাক্কালে গুরু শ্রীঅর্জ্জুনজী পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিতেছেন এবং সন্তজনগণের প্রতি ভক্তির উপদেশ দিতেছেন।

১। হে প্রিয়তম প্রভু, তোমার ভরসাতেই এই শিশুকে আদর করিতেছি অর্থাৎ এই হরিমন্দির নির্ম্মাণ আরম্ভ করিয়াছি। ভুল চুক যাহা কিছু এই বালক আমি করিব তাহা হে হরি, পিতা মাতা তুমি মার্জ্জনা করিবে।

টীকা—লাড লডাইআ=ছোট শিশুকে কোলে তুলিয়া আদর করাকে লাড লডাই বলে। বারিক=বালক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুহেলা কহনু কহাৱনু, তেরা বিখমু ভাৱনু ॥ রহাউ ॥

রহাউ। তোমার বিষয়ে শাস্ত্রদ্বারে কথাবার্ত্তা বলা সহজ; কিন্তু তোমার আদেশ মানিয়া চলা কঠিন।

টীকা—সুহেলা=সহজ। বিখম=বিষম, কঠিন। ভাৱনু=আদেশ মানিয়া চলা।

হউ মাণু তাণু করউ তেরা হউ জানউ আপা ॥
সভ হি মধি সভহি তে বাহরি বেমুহতাজ বাপা ॥২॥

২। আমি মান অভিমান তোমার উপরেই করিব, আমি তোমাকেই জানি। হে পিতঃ, তুমি সকলের মধ্যেই আছ, আবার তুমি সকলের বাহিরে, কারণ তুমি স্বতন্ত্র, কাহারও অধীন নও।

টীকা—মাণু=মান, আদর। তাণু=বল। আপা=তোমাকে। বেমুহতাজ=কাহারও অধীন নহ অর্থাৎ স্বতন্ত্র।

পিতা হউ জানউ নাহী তেরী কৱন জুগতা ॥
বংধন মুকতু সংতহু মেরী রাখৈ মমতা ॥৩॥

৩। হে পিতঃ, আমি জানিনা তোমার অভিপ্রায় কি। কিন্তু বন্ধন মুক্ত সন্তজন আমার প্রতি স্নেহ, দয়া রাখেন।

টীকা—জুগতা=যুক্তি, অভিপ্রায়; অথবা যুক্ত উপযুক্ত; কে তোমার দয়ার উপযুক্ত জন।

ভএ কিরপাল ঠাকুর রহিও আৱণ জাণা ॥
গুরমিলি নানক পারব্রহমু পছাণা ॥৪॥২৭॥৯৭॥

৪। ঠাকুর আমার প্রতি কৃপা করিয়াছেন, আমার আসা যাওয়া—জন্ম মৃত্যু রহিত হইয়াছে, নানক গুরু লাভ করিয়া পরব্রহ্মকে জানিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫ ঘর ১

নং ২৮।৭৮

সংতজনা মিলি ভাঈআ কটিঅড়া জম কালু ॥
সাচা সাহিবু মনি ৰুঠা হোআ খসমু দইআলু ॥
পূরা সতিগুরু ভেটিআ বিনসিআ সভূ জংজালু ॥১॥

১। আমি সন্তজন ভাইদিগের সহিত মিলিত হইয়া কালরূপী যমের ফাঁসি কাটিয়াছি। সত্যস্বরূপ প্রভু পরমেশ্বর আমার হৃদয়ে বসিয়াছেন, এবং সেই পতি পরমেশ্বর আমার প্রতি দয়ালু হইয়াছেন। আমি পূর্ণ সদ্‌গুরুর দর্শন লাভ করিয়াছি, আমার সমুদয় জঞ্জাল, বন্ধন বিনষ্ট হইয়া গিয়াছে।

টীকা—ৰু ঠা=বসিয়াছেন। খসম=পতি। ভেটিআ=দর্শন লাভ করিয়াছি।

মেরে সতিগুরা হউ তুধু ৰিটহু কুরবাণ ॥
তেরে দরসন কউ বলিহারণৈ তুসি দিতা অমৃত নাম॥ রহাউ॥

রহাউ॥ হে আমার সদ্‌গুরু, আমি আপনাকে তোমার চরণে বলিস্বরূপে অর্পণ করিতেছি। তোমার দর্শনের বলিহারি যাইতেছি। কারণ তুমি প্রসন্ন হইয়া অমৃত স্বরূপ নাম প্রদান করিয়াছ।

টীকা—কুরৰাণ=বলিদান। তুসি=তুষ্ট হইয়া, প্রসন্ন হইয়া।

জিনি তুং সেৰিআ ভাউ করি সেঈ পুরখ সুজান ॥
তিনা পিছৈ ছুটীঐ জিনি অংদরি নামু নিধানু ॥
গুরু জেৰডু দাতা কো নহী জিনি দিতা আতম দানু ॥২॥

২। যাহারা তোমাকে প্রেমের সহিত সেবা করিয়াছে তাহারাই চতুর। যাহাদিগের হৃদয়ে নামরূপ পরম নিধি বর্ত্তমান তাহাদিগের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরণ লইলে সংসার বন্ধন ছুটিয়া যায়। গুরুর ন্যায় বড় দাতা কেহ নাই যিনি শিষ্যকে আত্মদান করিয়াছেন।

টীকা—ভাউ করি=প্রেম করিয়া। পিছৈ=পশ্চাতে অর্থাৎ শরণ লইলে।

আএ সে পরৱাণু হহি জিনি গুরু মিলিআ সুভাই ॥
সচে সেতী রতিআ দরগহ বৈসণু জাই ॥
করতে হথি ৱডিআঈআ পূরবি লিখিআ পাই ॥৩॥

যাহারা প্রেমে গুরুর সহিত মিলিত হইয়াছে তাহারা সংসারে প্রধান বলিয়া গণ্য হয়। তাহারা সত্যস্বরূপ পরমেশ্বরে মগ্ন থাকে এবং তাঁহার দরবারে যাইয়া বসে। এই সমুদয় সম্মান পরমেশ্বরের হাতে; পূর্ব্ব লিখিত অদৃষ্ট লিপি অনুসারে প্রাপ্তি হইয়া থাকে।

টীকা—পরৱাণু=প্রবীণ, প্রামাণিক। সুভাই প্রেমের সহিত। রতিআ= মগ্ন হইয়া থাকে। দরগহ=পরমেশ্বরের দরবারে। করতে হথি=কর্ত্তা পরমেশ্বরের হাতে। ৱডিআঈঅ=সম্মান সমূহ।

সচু করতা সচু করণহারু সচু সাহিবু সচু টেক ॥
সচো সচু ৱখাণীঐ সচো বুধি বিবেক ॥
সরব নিরংতরি রৱি রহিআ জপি নানক জীৱৈ একু ॥
৪॥২৮॥৯৮॥

৪। সত্যস্বরূপ পরমেশ্বর সৃষ্টি করিয়াছেন, সত্যস্বরূপ পরমেশ্বর বর্ত্তমানে সৃষ্টি করিতেছেন, সেই সত্যস্বরূপ প্রভু ভবিষ্যতেও করিবেন এবং সেই সত্যস্বরূপই আশ্রয়। সেই সত্যস্বরূপের যে স্তুতি করে তাহার বুদ্ধি ও বিবেক সত্য। নানক কহিতেছেন সকলের মধ্যে সম্পূর্ণরূপে যিনি বিদ্যমান রহিয়াছেন সেই এক সত্যস্বরূপের নাম জপ করিয়া সে জীবিত আছে।

টীকা—টেক=আশ্রয়। নিরংতরি=অন্তর রহিতভাবে অর্থাৎ সর্ব্বত্র। রৱি রহিআ=রমণ করিতেছেন, বিদ্যমান রহিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগ মহলা ৫।

নং ২৯।৯৯

উপদেশ

গুর পরমেস্বরু পুজীঐ মনি তনি লাই পিআরু ॥
সতিগুর দাতা জীঅ কা সভসৈ দেই অধারু ॥
সতিগুর বচন কমাৰণে সচা এহু ৰীচারু ॥
বিনু সাধূ সংগতি রতিআ মাইআ মোহু সভু ছারু ॥

১। গুরুকে পরমেশ্বর জানিয়া দেহ ও মনে প্রেম পূর্ব্বক পূজা কর। সদ্‌গুরু জীবের দাতা—চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ হইতে মুক্তি দাতা সুতরাং সকলকে অশ্রায় দান করেন। সদ্‌গুরুর বচন অর্থাৎ আদেশ ও উপদেশ অনুসারে কর্ম্ম করা ইহাই সত্য বিচার। সাধু সঙ্গে অনুরক্ত না হইয়া মায়ার মোহে বসিয়া থাকা ভস্মবৎ বৃথা।

টীকা—পিআরু=প্রেম। অধারু=আশ্রয়। রতিআ=অনুরক্ত থাকে। ছার=ভস্ম।

মেরে সাজন হরি হরি নামু সমালি ॥
সাধূ সংগতি মনি ৰসৈ পূরণ হোৰৈ ঘাল ॥ রহাউ ॥

রহাউ। হে আমার বন্ধু, হরি হরি নাম স্মরণ কর। সাধু সঙ্গেই হরিনাম মনে বসে এবং পরিশ্রম পূর্ণ অর্থাৎ সার্থক হয়।

টীকা—সাজন=আপনার জন। সমালি=স্মরণ কর। ঘাল=পরিশ্রম, কর্ত্তব্য কার্য্য।

গুরু সমরথু অপার গুরু ৰড়ভাগী দরসনু হোই।
গুরু অগোচর নিরমলা গুর জেৰডু অৰরু ন কোই ॥
গুরু করতা গুরু করণহারু গুরমুখি সচী সোই ॥
গুর তে বাহরি কিছু নহী গুর কীতা লোড়ে সু হোই ॥২॥

২। গুরু সমর্থ—সর্ব্বশক্তিমান, অপার পারাপার রহিত, বড়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাগ্যবান জনই তাঁহার দর্শন পায়। গুরু ইন্দ্রিয়ের অগোচর, গুরু অবিদ্যারূপ মল রহিত, গুরুর ন্যায় শ্রেষ্ঠ অপর কেহ নাই। গুরু কর্ত্তা গুরু সমুদয় কার্য্য করেন, সেই সত্যস্বরূপ পরমেশ্বরই মুখ্য গুরু। গুরু হইতে পৃথক আর কিছুই নাই, গুরু যাহা করিতে চাহেন তাহাই হয়।

গুরু তীরথু গুরু পারজাতু গুরু মনসা পূরণহারু ॥
গুরুদাতা হরিনামু দেই উধরৈ সভু সংসারু ॥
গুরু সমরথু গুরু নিরংকারু গুরু ঊচা অগম অপারু ॥
গুরকী মহিমা অগম হৈ কিআ কথৈ কথন হারু ॥৩॥

৩। গুরু তীর্থস্বরূপ পবিত্র করেন, গুরু কল্পবৃক্ষস্বরূপ মনস্কামনা-পূরণ কর্ত্তা। গুরু দাতা, গুরু হরিনাম দান করিয়া সমুদয় সংসার উদ্ধার করেন। গুরু সমর্থ, গুরু নিরংকার, গুরু উচ্চ, গুরু অগম্য এবং অপার। গুরুর মহিমা অগম্য, বক্তা কি আর বলিবে অর্থাৎ তিনি বাক্যের অতীত।

টীকা—পারজাত=পারিজাত তরুবৎ।

জিতড়ে ফল মনি বাছীঅহি তিতড়ে সতিগুর পাসি ॥
পূরব লিখে পাৱণে সাচু নামু দে রাসি ॥
সতিগুর সরণী আইআ বাহুড়ি নহী বিনাসু ॥
হরি নানক কদে ন ৱিসরউ ইহু জীউ পিংড তেরা সাসু ॥

৪॥২৯॥৯৯॥

৪। মনে যত কিছু ফল বাঞ্ছা করা যায় সমস্তই সদ্‌গুরুর নিকটে পাওয়া যায়। পূর্ব্বের লেখা অনুসারেই পাওয়া যায়। সত্যনামরূপ মূলধনও সেইরূপ পূর্ব্বের লেখা অনুসারেই পাওয়া যায়। আমি সদগুরুর আশ্রয়ে আসিয়াছি। আর আমার বিনাশ নাই অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্ম মরণ হইবে না। নানক কহিতেছেন, হে ভাই, এইরূপ প্রার্থনা কর কদাপি তোমার নাম যেন ভুলি না, আমার জীবন, দেহ এবং শ্বাস সমস্তই তোমার দান।

টীকা—জিতড়ে তিতড়ে=যত, তত। বাছীঅহি=বাঞ্ছা করে। রাসি=ধন। বাহুড়ি=পুনরায়। জীউ=জীবন। পিংড=শরীর।

শ্রীরাগ, মহলা ৫।

নং ৩০।১০০

সংত জনহু সুণি ভাঈহো ছূটনু সাচৈ নাই ॥
গুর কে চরণ সরেৱণে তীরথ হরিকা নাউ
আগে দরগহি মংনীঅহি মিলৈ নিথাৱৈ থাউ ॥১॥

১। হে সন্তজন, হে ভাই আমার কথা শোন, সংসার বন্ধন হইতে মুক্তি সত্য নামের দ্বারাই হয়। গুরুর চরণ সেবা কর, তাহা হইলে তীর্থরূপ পবিত্র হরিনাম প্রাপ্তি হয়। হরিনাম প্রাপ্তি হইলে পরলোকে পরমেশ্বরের দরবারে মান পাইবে এবং নিরাশ্রয়ের আশ্রয় মিলবে।

ভাঈ রে সাচী সতিগুরি সেৱ ॥
সতিগুরি তুঠৈ পাঈঐ পূরণ অলখ অভেৱ ॥ রহাউ ॥

রহাউ। ভাইরে, সদ্‌গুরুর সেবাই সত্য। সদ্‌গুরু প্রসন্ন হইলে পূর্ণ ইন্দ্রিয়াতীত, ভেদ রহিত পূর্ণস্বরূপ পরমেশ্বরকে লাভ করা যায়।

টীকা—তুঠৈ=তুষ্ট, প্রসন্ন হইলে। অলখ=ইন্দ্রিয়াতীত। অভেৱ=ভেদরহিত, একরূপে সর্ব্বদা অবস্থিত।

সতিগুর ৱিটহু ৱারিআ জিন দিতা সচু নাউ ॥
অনদিনু সচু সলাহণা সচে কে গুণ গাউ ॥
সচু খাণা সচু পৈনণা সচে সচা নাউ ॥২॥

২। সদ্‌গুরুর নিকটে আমি আপনাকে উৎসর্গ করিতেছি, যিনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাকে সত্যনাম দান করিয়াছেন। আমি দিবারাত্রি সত্যস্বরূপের স্তুতি করিতেছি এবং তাঁহারই গুণ গান করিতেছি। তাঁহার আহার সত্য অর্থাৎ সফল, তাহার পরিধান সফল। যে সত্যনাম জপ করিয়াছে সেও সত্য।

সাসি গিরাসি ন ৱিসরৈ সফলু মূরতি গুরু আপি ॥
গুর জেৱডু অৱরু ন দিসঈ আঠ পহর তিসু জাপি ॥
নদরি করে তা পাঈঐ সচু নামু গুণতাসি ॥৩॥

৩। হে গুরো, আপনার মূর্ত্তি সফল, অর্থাৎ মূর্ত্তির দর্শন ফলদায়ক, আপনার সফল-দর্শন এই মূর্ত্তি আমি যেন শ্বাসে শ্বাসে এবং গ্রাসে গ্রাসে ভুলিয়া না যাই। গুরুর মত বড় আর কিছুই দেখিতেছি না, অষ্ট প্রহর তাহারই জপ কর। গুরু কৃপাদৃষ্টি করিলেই গুণের সাগর পরমেশ্বরের সত্য নাম পাওয়া যায়।

টীকা—গুণতাসি=গুণের সাগর।

গুরু পরমেসরু একু হৈ সভি মহি রহিআ সমাই ॥
জিন কউ পূরবি লিখিআ সেঈ নামু ধিআই ॥
নানক গুর সরণাগতী মরৈ ন আৱৈ যাই ॥৪॥৩০॥১০০॥

৪। গুরু এবং পরমেশ্বর এক, সর্ব্বত্র সমাহিত হইয়া রহিয়াছেন। নাম প্রাপ্তি হওয়ার সৌভাগ্য যাহার পূর্ব্বেই লিখিত আছে সেই নাম ধ্যান করে। নানক কহিতেছে, যে গুরুর শরণাগত সে মরেও না সংসার পথে আসা যাওয়াও করে না। ৩০॥১০০॥

শ্রীরাগ ১ম ভাগ প্রথমার্দ্ধ সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—প্রকাশকের দৃষ্টিতে গ্রন্থসাহেব—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের দৃষ্টিতে সদগুরু শ্রীশ্রীগ্রন্থসাহেব

ব্রহ্মানন্দং পরমসুখদং কেবলং জ্ঞানমূর্ত্তিং
দ্বন্দ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমস্যাদি-লক্ষ্যম্।
একং নিত্যং বিমলমচলং সর্ব্বধী-সাক্ষিভূতং
ভাবাতীতং ত্রিগুণরহিতং সদ্গুরুং তং নমামি॥

১ ওঁ সতিগুর প্রসাদি॥

গ্রন্থারম্ভে শ্রীগুরু নানক উপদিষ্ট বীজমন্ত্রের (প্রথম খণ্ড জপজী সাহিব দ্রষ্টব্য) বিশেষণ পদগুলি উহ্য রাখিয়া মঙ্গলাচরণরূপে এই মন্ত্রটি গ্রন্থসাহেবের প্রায় সর্ব্বত্রই প্রদর্শিত হইয়াছে। ইহার ভাবার্থ এইরূপ—

ওঁকার ব্রহ্ম-স্বরূপ। একোঙ্কার, এক অদ্বিতীয় পরমেশ্বর ওঙ্কার পদবাচ্য। সৎ তাঁহার নাম। তিনি নিত্য। তিনি সয়ম্ভু। তাঁহাকে সদ্গুরুর কৃপায় লাভ পূর্ব্বক, গুরুর উপদেশ অনুসারে শ্রবণ ও মননের সহিত সমস্ত আভ্যন্তরীণ ইন্দ্রিয় সমূহ দ্বারা শ্বাসে প্রশ্বাসে অবিশ্রান্ত ভাবে জপ কর। ইহাই হইতেছে গ্রন্থসাহেবের আসল কথা এবং ইহা লইয়াই সমগ্র গ্রন্থ।

যে যতভাবে যাহা কিছু উপদেশ করুন নামেরই, নাম ভিন্ন সত্য কেহ বলিতে পারেন না। যেহেতু নাম ভক্তি লাভের পরম উপায় একারণ কলিতে নামেরই অধিক সমাদর। নাম ভিন্ন সহজ সুখের বস্তু দ্বিতীয় আর কিছুই নাই। কিন্তু সেই সঙ্গে ইহাও বুঝিতে হইবে যে নাম জপ ভগবৎ লাভের উপায় নয়, অবলম্বন মাত্র। উপায় একমাত্র গুরুকৃপা, গুরুর প্রসন্নতা লাভ।

রাগ গৌড়ী গুআরেরী মহলা ৩

যুগ চারে নাম উতমু সবদু বীচার॥
কলি মহি গুরমুখি উতরসি পার॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয়গুরু অমরদাসজী কহিতেছেন—নাম এবং সবদ, গুরুমন্ত্রের বিচার চারি যুগেই উত্তম। কিন্তু বর্ত্তমান এই কলিযুগে সদ্গুরুর শ্রীমুখ বিনিসৃত নামই সংসার সমুদ্র পার হইবার একমাত্র উপায়।

রামু রামু সভু কো কহৈ কহিঐ রামু ন হোই ॥
গুর পরসাদী রামু মনি বসৈ তা ফলু পাৱৈ কোই ॥

রাম রাম সকলেই বলে, কিন্তু কহিলেই রাম হওয়া যায় না অর্থাৎ রামকে লাভ করা যায় না। গুরুকৃপায় যাহার মনে রাম বসেন অর্থাৎ গুরু প্রসন্ন হইয়া যাহার হৃদয়ে রামনাম প্রকাশিত করিয়া দেন তাহার মত ফল আর কে পায়?

মনু মারে ধাতু মরি জাই ॥
বিনু মূএ কৈসে হরি পাই ॥
মনু মরৈ দারূ জাণৈ কোই ॥
মনু সবদি মরৈ বূঝৈ জনু সোই ॥

মনকে মারিলে মনের সংকল্প বিকল্প মরিয়া যায়; না মারিলে কি প্রকারে হরি লাভ হইবে? মনকে মারিবার ঔষধ অথবা কৌশল অতি কম লোকই জানে। যাহার মন গুরুমন্ত্রে মরে সেই ব্যক্তিই তাহা বুঝিতে পারে।

রাগ আশা মহলা ১

আচারী নহী জীতিআ জাই ॥
পাঠপড়ে় নহী কীমতি পাই ॥
অসটদসী চহু ভেদ ন পাইআ ॥
নানক সতিগুরি ব্রহ্মু দিখাইআ ॥৫॥২০॥

সমস্ত সংস্কার বিবর্জিত না হইলে কেবল আচার দ্বারা তাঁহাকে জয় করা যায় না। অষ্টাদশ পুরাণ চারিবেদ পাঠ করিয়াও তাঁহার ভেদ অবগত হওয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যায় না। নানক কহিতেছে, একমাত্র সদ্‌গুরুই ব্রহ্ম দর্শন করাইতে পারেন (গুরু ব্যতীত ব্রহ্ম দর্শনে অধিকার হয় না)।

তবে কিরূপে তাঁহাকে পাওয়া যায়? তিনি স্বপ্রকাশ, স্বয়ং তিনি কৃপা করিয়া প্রকাশিত না হইলে শাস্ত্র আলোচনা, জ্ঞান, ভক্তি সাধন সমাধি কোন উপায়ের দ্বারাই কেহ তাঁহাকে প্রকাশ করিতে পারে না। আবার যখন তিনি স্বয়ং প্রকাশিত হন কেহ তাঁহাকে ঢাকিয়াও রাখিতে পারে না। তিনি সর্ব্বময় কর্ত্তা, তাঁহার প্রকাশেই সমস্ত জগৎ প্রকাশিত। তিনি কৃপা করিয়া যাহাকে আপনাকে দান করেন সেই তাঁহাকে পায়। অতএব তাঁহার কৃপা ভিন্ন তাঁহাকে লাভ করার অপর কোনই উপায় নাই।

তথাপি পঞ্চমগুরু অর্জুনদেব কহিতেছেন—

সতু সংতোখু দইআ কমাবৈ এহ করণী সার ॥
আপু ছোড়ি সভ হোই রেণা জিসু দেই প্রভু নিরংকার ॥

সত্য, সন্তোষ এবং দয়া এই সমস্ত শুভগুণ উপার্জ্জন কর। "আমি আমার" এই অহংকার ত্যাগ করিয়া সকলের চরণ রেণু হইয়া যাও। যাহাকে নিরংকার প্রভু পরমেশ্বর দান করেন সেই ইহা প্রাপ্ত হয়। (ভাব এই, মানুষের যাহা কর্ত্তব্য তাহা করিতেই হইবে। অর্থাৎ তুমি এভাবে প্রস্তুত হইয়া থাক; ভাগ্য অনুসারে যখন তিনি কৃপা করেন তখনই তাঁহাকে পাওয়া যায়। অথবা যখন সেই শুভ মুহূর্ত্ত আসে তখন তাহার সহিত এই শুভগুণ সমূহও প্রকাশ পায়।)

উপনিষদের প্রবক্তা ঋষিও এই কথাই বলিয়াছেন—"উৎপন্নে তত্ত্ব-বিজ্ঞানে প্রারব্ধং নৈব মুঞ্চতি। তত্ত্বজ্ঞানোদয়াদূর্দ্ধং প্রারব্ধং নৈব বিদ্যতে॥" অবএব, "আত্মানং সততং জ্ঞাত্বা কালং নয় মহামতে। প্রারব্ধমখিলং ভুঞ্জন্নোদ্বেগং কর্ত্তুমর্হসি॥"

তৃতীয়গুরু অমরদাস কহিতেছেন—

আপে দেইত পাঈঐ হোরু করণা কিছু না জাই ॥
দেৱণ ৱালে কৈ হাথি দাতি হৈ গুরূ দুআরৈ পাই ॥
জেহা কী তোনু হোআ জেহে করম কমাই ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(তাহার সেই) নামামৃত পরমেশ্বর যদি আপনি কৃপা করিয়া দেন তবেই তাহা পাওয়া যায়, অন্য কিছু করা যায় না। অর্থাৎ অন্য কোনও উপায়ে পাওয়া যায় না। দান কর্ত্তার হাতেই দান, ঐ দান গুরুদ্বারেই পাওয়া যায়। পূর্ব্ব জন্মে যেরূপ কার্য্য করিয়া যে প্রকার কর্ম্ম সঞ্চয় করিয়াছে, এইজন্মে সেইরূপই ফল প্রাপ্তি হয়।

নাম নীরু চংগিআঈআ সতু পরমলু তনি ৰাসু ॥
তা মুখু হোৱৈ উজলু লখি দাতী ইক দাতি ॥
দুখ তিসৈ পহি আখীঐ সুখ জিসৈ হী পাসি ॥

নাম-নীরে স্নান করিয়া তনু নির্ম্মল কর এবং সত্যবাক্য কথনরূপ চন্দন লেপন করিয়া তনু সুবাসিত কর। তাহা লইলে লক্ষ দানের কর্ত্তা সদ্গুরু তোমাকেও (এক নাম) দান করিবেন, যাহাতে তোমার মুখ উজ্জল হইবে। তুমি তাহারই নিকটে তোমার দুঃখ নিবেদন কর যাঁহার নিকটে সমুদয় সুখ বর্ত্তমান অর্থাৎ যে পরমেশ্বর সমুদয় সুখের আধার।

শ্রীগোস্বামী প্রভু বলিয়াছেন—"ঈশ্বর স্বয়ং তাঁহাকে পাইবার সাধন ও উপায়। যে কেহ সরল ভাবে সত্যরূপ ঈশ্বরকে অবলম্বন করিয়া পড়িয়া থাকিবে ও মুক্তির জন্য ব্যাকুল হইয়া তাহারই নিকট প্রার্থনা করিবে, সেই মুক্তি লাভ করিবে। তাঁহার ধর্ম্মলাভের জন্য যে উপায় শ্রেয়ঃ তাহা তিনিই তাহার সম্মুখে আনিয়া দিবেন। তাঁহার উপরে নির্ভর করিয়া চলা আবশ্যক। এমন কি আমি বিশ্বাস করি, পৃথিবীর পাপীতাপী যাবতীয় নরনারীই মুক্তির অধিকারী......
(যোঃ সাধঃ সম্বঃ কঃ প্রোঃ উঃ)

ভগবৎ লাভের উপায়

পঞ্চম গুরু অর্জুনদেব বলিতেছেন—

রাগ গউড়ী পূরবী মহলা ৫

কিন বিধি মিলৈ গুসাই মেরে রাম রাই ॥
কোঈ ঐসা সংতু সহজ সুখদাতা মোহি মারগু দেই বতাই
॥ ১ রহাউ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি প্রকারে আমার গোঁসাই রামরায়কে পাইব? এমন সহজ সুখদাতা সন্ত কি কেহ আছেন যিনি আমাকে পথ বলিয়া দিবেন?

অংতরি অলখু ন জাঈ লখিআ ৰিচি পড়দা হউ মৈ পাঈ ॥
মাইআ মোহি সভী জগু সোইআ ইহু ভরমু কহহু কিউ জাঈ ॥

রামরায় অন্তরেই আছেন, কিন্তু তিনি অলখ, তাঁহাকে লক্ষ্য করা যায় না। কারণ অহঙ্কারের পরদা মাঝে ব্যবধান রহিয়াছে। মায়া মোহ সমস্ত জগৎ ব্যাপ্ত হইয়া রহিয়াছে; বল, এই ভ্রম কি প্রকারে যাইবে?

একা সংগতি ইকতু গৃহি বসতে মিলি বাত ন করতে ভাঈ ॥
এক বসতু বিনু পংচ দুহেলে ওহ বসতু অগোচর ঠাঈ ॥২॥

জীবাত্মা ও পরমাত্মা একসঙ্গে একই দেহরূপ গৃহে বাস করিতেছে, তথাপি তাহারা একে অপরের সহিত আলাপ করে না। এক আত্মবস্তু অর্থাৎ আত্মজ্ঞান বিনা পঞ্চেন্দ্রিয় দুঃখী; আত্মবস্তু অগোচর ভাবে এই দেহেই বাস করিতেছে।

জিস কা গৃহ তিনি দীআ তালা কুংজী গুর সউপাঈ ॥
অনিক উপাৱ করে নহী পাৱৈ বিনু সতিগুর সরণাঈ ॥৩॥

যাহার গৃহ তিনি তালা দিয়াছেন চাবিকাঠি গুরুর নিকটে পাওয়া যায়। সদ্‌গুরুর শরণ ব্যতীত অনেক উপায় করিয়াও চাবি পাওয়া যায় না।

জিন কে বংধন কাটে সতিগুর তিন সাধ সংগতি লিৱলাঈ ॥
পংচ জনা মিলি মংগলু গাইআ হরি নানক ভেদ ন ভাঈ ॥৪॥

সদ্‌গুরু যাহাদের বন্ধন মুক্ত করেন, তাহারা সাধু সঙ্গে মিলিত হইয়া চিত্তবৃত্তি তোমাতে (আত্মায়) নিযুক্ত করেন। যাহাদের বন্ধন কাটিয়া যায় তাহাদের পঞ্চজনা অর্থাৎ পঞ্চেন্দ্রিয় অন্তর্মুখী হইয়া আত্মার মঙ্গল গান করে, আত্মার সেবায় নিয়োযিত থাকে, অর্থাৎ পূর্ব্বে যাহারা শত্রুরূপে ছিল তাহারাও মিত্র হইয়া যায়। যাহারা এইভাবে পঞ্চজনা সাধুর সহিত মিলিত হইয়া শ্রীহরির গুণগান করে, নানক বলিতেছে—তাহাদের সহিত শ্রীহরির কোনই প্রভেদ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মেরে রাম রাই ইন বিধি মিলৈ গুসাই ॥

সহজু ভইআ ভ্রমু খিন মহি নাঠা মিলি জোতী জোতি সমান ॥

রহাউ দুজা। এই প্রকারে রাজা রামচন্দ্র যিনি ইন্দ্রিয়াধিপতি গোঁসাই তাঁহাকে পাওয়া যায়। জ্যোতিতে জ্যোতি সমাহিত হইলে অর্থাৎ জীবাত্মার জ্যোতি পরমাত্মার জ্যোতির সহিত একত্র মিলিত হইলে, জীব সহজ, স্বরূপ অবস্থা লাভ করে এবং ক্ষণমাত্রে ভ্রম চলিয়া যায়।

ভগবান—সদ্গুরু

ভগবান কালস্বরূপ অসীম, অনন্ত, অব্যক্ত জ্যোতির্ম্ময় পদার্থ। পরমাত্মা পরব্রহ্ম বা পরমেশ্বর তাঁহার নাম। তিনি একগুণ বিশিষ্ট সূক্ষ্ম চৈতন্যময়, নিত্য, শুদ্ধ, নিরঞ্জন, নির্ব্বিকার, নিরাকার নিরংকার। তিনি সত্যস্বরূপ, জ্ঞানময়, আনন্দ স্বরূপ। ব্যক্ত ও অব্যক্তরূপে বিশ্বের অন্তরে যিনি আত্মা, যে শক্তি বা জ্যোতিতে সমস্ত জগৎ চৈতন্যময়, জীবন্ত ও ক্রিয়াশীল এবং শক্তিমান তিনি ব্রহ্ম। তিনি নিরাকাররূপে অতি সূক্ষ্ম, মন বুদ্ধির অগোচর, সাকাররূপে তিনি অসীম, অনন্ত একারণ তাঁহাকে বাক্যদ্বারা প্রকাশ করা যায় না। জ্ঞান ও ধ্যানেও তাঁহাকে অবগত হওয়া যায় না। একমাত্র তিনিই সকল ক্রিয়ার সাক্ষী স্বরূপ, সত্য নিরংকার নির্ব্বিকার, পূর্ণ শুদ্ধ বিমল নির্ম্মল পবিত্র এবং অপাপবিদ্ধ।

নির্গুণ, অব্যক্ত নিরাকার ব্রহ্ম সগুণরূপে ব্যক্ত পুরুষ স্বরূপ, অনন্ত লীলাময় অনন্ত ব্রহ্মাণ্ডের অধীশ্বর, সর্ব্বশক্তিমান, সর্ব্বগুণধান সৃষ্টি স্থিতি প্রলয়ের কর্ত্তা, ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান। সগুণ পরমেশ্বর ত্রিগুণাতীত, নির্গুণের সহিত অনাদি। অতএব সাকার পরমেশ্বর নিরাকারের সহিত অভিন্ন অর্থাৎ সাকার ও নিরাকারে কোনই প্রভেদ নাই। ইহাই পঞ্চম গুরু অর্জ্জুনদেব বলিতেছেন—

রাগ গৌড়ী বাৱন অখরী মহলা ৫

নিরংকার আকার আপি নিরগুন সরগুণ এক ॥

এক হি এক বখাননী নানক এক অনেক ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি আপনি নিরংকার এবং আপনি সাকার, সেই একই স্বগুণ এবং নির্গুণ। হে নানক। সেই এককে এক বলিয়া ব্যাখ্যা কর এবং সেই একই অনেক।

রাগ গৌড়ী (সুখমনী) মহলা ৫

সরগুন নিরগুন নিরংকার সুঁন সমাধী আপি ॥
আপন কীআ নানক আপে হী ফিরি জাপি ॥

তিনি সগুণ, তিনি নির্গুণ, তিনি নিরংকার, তিনিই নির্ব্বিকল্প সমাধি। হে নানক! তিনি নিজকে (গুরুদ্বারে) সৃষ্টিরূপে বিস্তার করিয়া নিজেই আবার সৃষ্টি তত্ত্বের অনুসন্ধান (পালন) করিতেছেন।

সদ্‌গুরু

রাগ গৌড়ী গুআরেরী মহলা ৫

বংধন তোড়ি বোলাবৈ রাম ॥
মন মহি লাগৈ সাচ ধিআন ॥
মিঠহি কলেস সুখী হোই রহীঐ ॥
ঐসা দাতা সতিগুরু কহীঐ ॥

সো সুখুদাতা জি নামু জপাবৈ ॥
করি কিরপা তিসু সংগি মিলাবৈ ॥

রাগ গৌড়ী (সুখমনী)

সতি পুরখু জিনি জানিআ সতিগুরু তিস কা-নাউ ॥
তিস কৈ সংগি সিখু উধরৈ নানক হরি গুন গাউ ॥

শ্রীরাগ

জেহা সতিগুরু করি জানিআ তেহা জেহা সুখু হোই ॥
এহু সহসা মুলে নাহী ভাউ লাএ জনু কোই ॥
নানক এক জোতি দুই মুরতী সবদি মিলাবা হোই ॥১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু দাতা সমরথু গুরু গুরু সভ মহি রহিআ সমাই ॥
গুরু পরমেসরু পারব্রহ্মু গুরু ডুবদা লএ তরাই ॥২
গুরু তীরথু গুরু পারজাতু গুরু মলসা পূরণহারু ॥
গুরু দাতা হরিনামু দেই উধরৈ সভু সংসারু ॥
গুরু সমরথু গুরু নিরংকারু গুরু ঊচা অগম অপারু ॥
গুরুকী মহিমা অগমা হৈ কিআ কথৈ কথনহারু ॥৩
সতিগুরু দাতা নাম কা পূরা জিসু ভংডারু ॥
সদা সদা সালাহীঐ অংতু ন পারাবারু ॥৪
পূরা সতিগুরু জে মিলৈ পাঈঐ সবদু নিধানু ॥
করি কিরপা প্রভু আপণী জপঈঐ অংম্রিত নামু ॥
জনম মরণ দুখু কাটীঐ লাগৈ সহজি ধিআনু ॥৫
সতিগুরু গহিরু গংভীরু হৈ সুখু সাগর অঘ খংডু ॥
জিন গুরু সেবিআ আপণা জমদূত না লাগৈ ডংডু ॥
গুরু নালি তুলি ন লগঈ খোজি ডিঠা ব্রহমংডু ॥৬
গুরু পরমেসরু একু হৈ সভি মহি রহিআ সমাই ॥
জিন কউ পূরবি লিখিআ সেঈ নামু ধিআই ॥
নানক গুর সরণাগতী মরৈ ন আবৈ যাই ॥৭
সাসি গিরাসি ন বিসরৈ সফলু মূরতি গুরু আপি ॥
গুর জেবড় অবর ন দিসঈ আঠ পহর তিসু জাপি ॥
নদরি করে তা পাঈঐ সচু নামু গুণতাসি ॥৯

অনাদি যুগের আদিতে যিনি গুরু তিনি স্বয়ং-ভগবান, সকলের গুরু। তাঁহারই কৃপা-সম্ভূত নিয়মে পিতামাতা প্রভৃতি গুরুজন, আচার্য্য, শিক্ষক, অধ্যাপক পূর্ব্ব পূর্ব্ব মহাজন ও তাঁহাদের প্রতিষ্ঠিত শিক্ষায়তন, তাঁহাদের কৃত পুথি পুস্তক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শাস্ত্র-গ্রন্থাদি যাহা হইতে সত্যলাভ করা যায় এবং আমি যাঁহার নিকটে কৃতজ্ঞ তিনিই আমার গুরু। ইহা ব্যতীত বৃক্ষলতা পশুপক্ষী কীট পতঙ্গ এমন কি বাতাসে যে একটি ধূলিকণা উড়িতেছে তাহার মধ্যেও যদি ভগবানের কৃপা প্রকাশিত দেখা যায় অর্থাৎ এমন নগণ্য বস্তুতেও যদি আমার সত্য দর্শন হয় তবে তাহারাও আমার গুরু। কিন্তু সদ্‌গুরু ইহা হইতে ভিন্ন।

অস্তীতি সৎ; যাহা আছে, নিত্য যাহা তাহা সৎ; যাহার ধ্বংস নাই, বিনাশ নাই, পরিবর্ত্তন নাই; অনন্ত কালেও যাহা এক রস, একইরূপে আছে ও থাকিবে তাহাই সৎ। এক অদ্বিতীয় ওঁকার পদবাচ্য ব্রহ্ম আছেন, সৎ তাহার নাম। 'সৎ' শব্দ উপলক্ষণা দ্বারা চিৎ ও আনন্দকে বুঝায়। গুরু শব্দের অর্থ অদ্বিতীয় শ্রেষ্ঠ। সদ্‌গুরু—সচ্চিদানন্দ পরমেশ্বর।

সদ্‌গুরু সকলের আদি কারণ স্বয়ং ভগবান। শ্রীভগবানেরই এক নাম সদ্‌গুরু। ভগবান্ ভিন্ন অপর কেহ সদ্‌গুরু হইতে পারে না। নানক বলেন, সদ্‌গুরু ব্রহ্ম। গুরুমন্ত্রের (ব্রহ্মমন্ত্র বা সত্যনামের) প্রতিপাদ্য এক অদ্বিতীয় অনন্ত অব্যক্ত শক্তিমান পুরুষ, যিনি ভগবানের সহিত নিত্য অভিন্ন; কিন্তু তিনি মানুষের মধ্যে। গোস্বামী প্রভুর এক প্রবীন শিষ্য বলিয়াছেন—গুরু পাঞ্চভৌতিক স্থূল মনুষ্য দেহ ধারণ করিলেও তাঁহার অভ্যন্তরে যে একটি নিত্য চিন্ময় দেহ রহিয়াছে তাহাই তাঁহার নিত্য দেহ বা স্বরূপ। ইহার পরে আরও কিছু যাহার জন্য প্রভু বিজয়কৃষ্ণ সংক্ষেপে বলিয়াছেন "**গুরু যাহা তাহা এই দেহ নহে। এই দেহের ভিতরে অন্য কিছু যাহা জড় নহে।**" সদ্‌গুরু নিরংকার স্বতন্ত্র পুরুষ, ভগবানের সহিত অভিন্ন "নানক এক জ্যোতি দুই মূরতি সবদি মিল্‌বা হোই॥ গুরু শবদ্, গুরুর শক্তি-মন্ত্র বা উপদেশে জীবের পরমেশ্বরের সহিত মিলন হয়, (তখন সে বোঝে) সেই গুরু এবং পরমেশ্বর একই জ্যোতি, চৈতন্যময় পদার্থ মাত্র দুইটি ভিন্ন মূর্ত্তি। নিত্য চিন্ময় দেহে সদ্‌গুরু নিত্য সর্ব্বত্র বিরাজিত, সমাহিত। "গুরু গুরু সভ মহি রহিআ সমাই॥" সগুণ নির্গুণ অর্থাৎ সাকার ও নিরাকার ব্রহ্মের এই দুই ভাব যাঁহার মধ্যে নিত্য পূর্ণরূপে বিরাজিত অথবা সগুণ ও নির্গুণের মাঝে যিনি উভয় অর্থ প্রবোধক, যোগীজন বাঞ্ছিত নিত্য পরমপদ পরম ধাম, স্বতন্ত্র শক্তিমান পুরুষ; যাহা হইতে সত্য ভগবান ও এই বিশ্ব সংসারের প্রকাশ, যিনি জগৎ সুধার, সর্ব্বজীবের সুখ ও মুক্তি দাতা; এবং যিনি সত্য ও নিত্য বেদম মন্ত্রময়, মঙ্গলময়, নামময়, ভাবময়, আনন্দময়, রসময়, অমৃতময়, জ্ঞানময়, যোগময়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্যানময়, ভক্তিমান্, কৃপাবান্, শাস্ত্রজ্ঞ, নীতিমান্, শক্তি, শান্তি ও সুখের আধার, সাধন ও প্রেমের মূর্ত্তিমান বিগ্রহ অথবা পূর্ণ মানবতার আসনে যিনি বাক্য ও মনের অতীত পূর্ণব্রহ্ম, ভগবৎ তত্ত্ব ও তাঁহার সমস্ত লীলার আধার ও একমাত্র প্রকাশক তিনি সদ্গুরু। রাগ গৌড়ী, সুখমসী সাহেবে পঞ্চম গুরু অর্জ্জুনজী বলিতেছেন—

সরব নিধান জীঅ কা দাতা ॥
আঠ পহর পারব্রহম রংগি রাতা ॥
ব্রহম মহি জন জন মহি পারব্রহম ॥
একহি আপি নহী কছু ভরম ॥
সহস সিআনপা লইআ ন জাঈঐ ॥
নানক ঐসা গুরু বড়ভাগী পাঈঐ ॥

সদ্গুরু সর্ব্ব নিধি এবং সকল জীবের জীবন দাতা। যিনি অষ্টপ্রহর পরমেশ্বরের রঙ্গে, প্রেমে মজিয়া আছেন। ব্রহ্ম মধ্যে তিনি (সদ্গুরু) এবং তাঁহার মধ্যে (সদ্গুরুর মধ্যে) পরম ব্রহ্ম। সদ্গুরু ও পরমব্রহ্ম এক ইহাতে কিছুই ভ্রম নাই। সহস্র প্রকারের চাতুরী দ্বারা যাহা প্রাপ্ত হওয়া যায় না, নানক বলেন—এমন সদ্গুরু বহুভাগ্যে পাওয়া যায়।

আবার গুরু বলিতেছেন, গৌড়ী বাৱন আখরী মহলা ৫

ওঅং গুরমুখী কীও আকারা ॥
একহি সূতি পরোৱণহারা ॥
ভিংন ভিংন ত্রৈগুন বিসতারং ॥
নিরগুন তে সরগুন দৃসটারং ॥
সগল ভাতি করি করহি উপাইও ॥
জনম মরন মন মোহু বঢ়াইও ॥
দুহূ ভাতি তে আপি নিরারা ॥
নানক অংত ন পারাৱারা ॥২॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ, নিরংকার প্রভু পরমেশ্বর গুরুদ্বারে সমস্ত আকার সৃষ্টি করিয়াছেন এবং সমুদয় সৃষ্টিকে একই সূত্রে গ্রথিত করিয়া রাখিয়াছেন। ত্রিগুণ ভিন্ন ভিন্নরূপে (সংযুক্ত হইয়া) বিস্তার লাভ করিয়াছে। নির্গুণ হইতে তাঁহাকে সগুণরূপে দেখা যাইতেছে। সকল প্রকারের রূপ তিনি করিয়া রাখিয়াছেন। এই দুই (জন্ম ও মরণ) হইতে তিনি আপনি নিরালা অর্থাৎ পৃথক। হে নানক! তাহার অন্ত অথবা পারাপার নাই, সেই পারাবারের অন্ত নাই।

যাহা পূর্ব্বে বলা হইয়াছে এখানে পুনরায় তাহাই বলা হইতেছে যে, নিরংকার, নির্গুণ পরমেশ্বর যাঁহাকে সগুণরূপে দেখা যাইতেছে, যাঁহা হইতে এই চরাচর বিশ্বের প্রকাশ তিনি কৃপার অবতার সদ্‌গুরু। যাঁহার স্মরণে মননে ধ্যানে দর্শনে স্পর্শনে মিলনে বা অহেতুক প্রসন্নতায় জীবের সমস্ত পাপ, সংশয় ও বিঘ্নের নাশ হয়, মনে অপার আনন্দের উদয় হয়, সহস্রনালে চৈতন্যময় জীবন্ত নামের গতি বিলাশ আপনা আপনি প্রকাশ পাইতে থাকে; সাধু, অসাধু পাপী-তাপী দুষ্কৃতি পরায়ণ—যে সমস্ত দোষে দোষী, সকল অপরাধে অপরাধী এমন মহাপাতকীকেও যিনি আপন স্নেহক্রোড়ে আশ্রয় প্রদান করিয়া আপন সাধনলব্ধ সত্য পরমাত্মার পূর্ণ শুদ্ধ নির্ম্মল পবিত্র অনন্ত জ্যোতিঃ কান্তি, অনন্ত প্রেম, অনন্ত প্রকৃতির অনন্ত ভাব, অনন্ত জ্ঞান প্রেম স্বভাবের সহিত এক করিয়া লইতে সদাই পরমেশ্বরের ধ্যানে নিমগ্ন; জীবের অনন্ত উচ্চ জীবন গতি প্রবাহে বা অনন্ত উন্নতির পথে যিনি সাধকের চিত্তে ভগবৎ-কৃপা সম্ভূত আপন চৈতন্য চিত্তবিগলিত সত্যধর্ম্মের জ্যোতি সমুৎপাদিত করিয়া দিয়া জীবকে শিবরূপে সংসার (জীবজগৎ), ধর্ম্ম (অধ্যাত্ম জগত) জ্ঞান ও কর্ম্মে সমভাবে সুপ্রতিষ্ঠিত করিয়া দেন অর্থাৎ জীব-আত্মা, পরমাত্মা, সংসার, ধর্ম্ম, জ্ঞান, কর্ম্ম, শোক, দুঃখ, ভয়, ক্লেশ, সুখ, শান্তি, সাধন ও সমাধি যিনি তাঁহার শক্তিমন্ত্রে এক করিয়া দেখাইয়া দেন তিনি সদ্‌গুরু।

রাগ গৌরী বৈরাগণি মহলা ৪

জিসু মিলিঐ মনি হোই অনংদু,

সো সতিগুর কহিঐ ॥

মন কী দুবিধা বিনসি জাই

হরি পরম পদু লহীঐ ॥১॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাকেই সদ্‌গুরু বলা হয় যাঁহার মিলনে মনে অপার আনন্দের উদয় হয়, মনের সংশয় সমূলে বিনাশ হইয়া যায় এবং শ্রীহরির পরমপদ লাভ হয়।

রাগ গৌড়ী সুখমনী সাহেব ॥
অষ্টপদী মহলা ৫ ॥

এক গুরু হইতেই সব—

সবদি সতি সতি প্রভু বকতা ॥
সুরতি সতি সতি জসু সুনতা ॥

যাঁহাতে সর্ব্বদা সকল সত্য পূর্ণরূপে বিরাজমান এবং যিনি সর্ব্বত্র, সর্ব্বময় কর্ত্তা তিনি সৎ অর্থাৎ চিদানন্দময় পরমব্রহ্ম সদ্‌গুরু। তিনি নিত্য। আদিতে সত্য ছিলেন, যুগের আদিতে সত্য ছিলেন, বর্ত্তমান কালে সত্য রহিয়াছেন, ভবিষ্যৎ কালেও অর্থাৎ সৃষ্টির অন্তে সমস্ত জগতের প্রলয় কালেও গুরু নানক কহিতেছেন তিনি সত্য থাকিবেন।

সবদ্—শব্দব্রহ্ম, সদ্‌গুরু প্রদত্ত মন্ত্র অথবা নাদ যাহা প্রতি ঘটে, প্রতি জীবের অন্তরে নিয়ত অনাহতরূপে বাজিতেছে তিনি সৎ অর্থাৎ নিত্য এবং মঙ্গল, ব্রহ্মপ্রণবসংধানং নাদো জ্যোতির্ম্ময়ঃ শিবঃ। শব্দের বক্তা, উচ্চারণকারী বা যিনি বলাইতেছেন অথবা তাঁহার উৎপত্তি স্থল প্রভু সদ্‌গুরু সৎ। সুরতি রাগ রাগিনী ধ্বনি বা শব্দের অভ্যন্তরস্থিত চিত্ত বিনোদনকারিণী শক্তি যাহা শ্রবণে বুদ্ধিতে পরমাত্মার ধ্যান লাগে অর্থাৎ ব্রহ্ম সংযোগ, জ্ঞান বা ধ্যান, যাহা হইতে চিত্তবৃত্তির একাগ্রতা সম্পন্ন হইয়া পরমেশ্বরে সু+রতি সুন্দররতি, পরম প্রীতিযুক্ত হওয়া যায়। তিনি (সুরতি) সৎ, নিত্য অর্থাৎ স্বয়ং ব্রহ্ম। অতএব ব্রহ্ম নিজেই শব্দ, নিজেই শব্দের বক্তা উচ্চারণকারী, নিজেই চিত্ত বিমোহনকারী ধ্বনি এবং নিয়ত তাঁহার যশ কীর্ত্তনকারী ও শ্রবণকারী ও তিনি আপনি।

রাগ গউড়ী গুআরেরী মহলা ॥৪

হরি আপে জোগী ডংডাধারী ॥
হরি আপে রবি রহিআ বনবারী ॥
হরি আপে তপু তাপৈ লাই তারী ॥১॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরি আপে সবদ স্থুরতি ধুনি আপে ॥
হরি আপে ৱেখৈ ৱিগসৈ আপে ॥
হরি আপে জপাই আপে হরি জাপে ॥২॥
হরি আপে সারিঙ্গ অংম্রিত ধারা ॥
হরি অংমৃত আপি পীআৱণহারা ॥
হরি আপি করে আপে নিস্তারা ॥৩॥
হরি আপে বেড়ী তুলহা তারা ॥
হরি আপে গুরমতী নিস্তারা ॥
হরি আপে নানক পাৱৈ পারা ॥৪॥৬॥৪৪॥

এক হরিই সব—

হরি আপনিই দণ্ডধারী যোগী, বনওয়ারী হরি আপনি সর্ব্বত্র ওতঃপ্রোত ব্যাপ্ত। হরি আপনিই তপস্বীকে তপে মগ্ন রাখিয়া তপস্যার তীব্র তাপাগ্নি সহ্য করিয়া লয়েন।

হরি আপনি শব্দব্রহ্ম, আপনি শ্রুতি এবং আপনিই ধ্বনি। শ্রীহরি নিজের রচনা দেখিয়া নিজেই প্রসন্ন। হরি নিজেই জপায়েন (আপনার নাম) এবং আপনিই জপেন আপনার হরিনাম।

হরি নিজেই চাতকপক্ষী এবং নিজেই অমৃতধারা এবং সেই অমৃত পানে মত্তও শ্রীহরি আপনি। এভাবে হরি আপনার নিস্তার আপনি করিতেছেন।

হরি নিজেই ভেলা, নিজেই দ্বার এবং নিজেই কর্ণধার। নিজেই হরি গুরু—শিক্ষাদ্বারা নিস্তার করেন জীবের। হে নানক! (সকলকে পার করাইয়া) পরিশেষে হরি আপনি পার পায়েন, আপনি আপনাকে নিস্তার করেন।

আরও এই, সদ্‌গুরুর পদ যে কত বড় উচ্চ ও মহৎ তাহাই গুরুজী বলিতেছেন—

গুরু সেৱা আপি হরি ভাৱৈ ॥
কৃসন বলভদ্র গুর পগ লগি ধিআৱৈ ॥
নানক গুরমুখি হরি আপি তরাৱৈ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু সেবা নিজেই শ্রীহরি বাঞ্ছা করেন। কৃষ্ণ, বলরাম গুরুপদ প্রাপ্তির জন্য শতত ধ্যান করেন। নানক কহিতেছেন, সদ্‌গুরুরূপে হরি আপনি গুরুমুখীকে উদ্ধার করেন।

চরন সতি সতি পরসনহার ॥
পূজা সতি সতি সেৱদার ॥
দরসন সতি সতি দেখনহার ॥
নাম সতি সতি ধিআৱনহার ॥
আপি সতি সতি সভধারী ॥
আপে গুণ আপে গুণকারী ॥
বুঝনহার কউ সতি সভ হোই ॥
নানক সতি সতি প্রভু সোই ॥

তাঁহার (সদগুরুর) চরণ সৎ, চরণ স্পর্শকারীও সৎ। পূজা সৎ, পূজারীও সৎ। তাঁহার দর্শন সৎ, দর্শকও সৎ। নাম সৎ, সৎগুরুপ্রদত্ত নামের ধ্যানকারী সৎ। তিনি আপনি সৎ, তাঁহার ধৃত বসুন্ধরা (সৃষ্টি) সৎ। যিনি (এভাবে) তাঁহাকে বুঝিয়াছেন তাঁহার নিকটে সকলই সৎ। হে নানক! প্রভু সত্য স্বরূপ, সত্য স্বরূপ—

গুরুগ্রন্থ সাহেবের বৈশিষ্ট্য

গুরূণি সর্ব্ব রত্নানি বজ্রমেকং পরং লঘু।
ভিদ্যন্তে হন্যানি বজ্রেণ তন্ন কেনাপি ভিদ্যতে ॥

রত্নসমূহ সকলেই গুরু, যেমন সুন্দর শ্রেষ্ঠ মহামূল্যবান তেমন ওজনেও সকলেই তাহারা অত্যন্ত ভারি একমাত্র বজ্র অর্থাৎ হীরক ব্যতীত। তাহাদের মধ্যে কেবল মাত্র এক হীরকই পরম লঘু, অত্যন্ত হালকা, যাহাকে সকলেই ধারণ করিতে বা আলগাইতে পারে। আর আর রত্ন যত শ্রেষ্ঠ, যত ভারিই কেন না হউক বজ্রের নিকটে তাহারা কেহই লাগে না অর্থাৎ হীরকের সমতুল্য তাহাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটিও কেহ নহে। যেহেতু বজ্র তাহাদের সকলকেই অনায়াসে বিদ্ধ করতঃ ভিন্ন করিতে পারে কিন্তু বজ্রকে বিদ্ধ করিবার শক্তি তাহাদের কাহারও নাই।

রাগ আশা মহলা ॥৩

হরি কী কীমতি কিন বিধি হোই ॥
হরি অপরংপর অগম অগোঁচর—
গুর কৈ সবদি মিলৈ জন কোই ॥৩॥৪২॥ রহাউ ১॥

তৃতীয় গুরু শ্রীঅমরদাস কহিতেছেন—হরি অপরংপর অগম্য অপার, তাঁহার মূল্য কি প্রকারে জানা যায়? গুরুশবদ, গুরুমন্ত্রে তাঁহাকে জানা যায় অর্থাৎ লাভ হয় কিন্তু অতি বিরল জনই তাহা জানে।

রাগ আশা ঘর ২, মহলা ॥৩

হরি দরসন পাবৈ বড়ভাগি ॥
গুর কৈ সবাদি সচৈ বৈরাগি ॥
সট দরসন বরতৈ বরতারা ॥
গুরকা দরসন অগম অপারা ॥

পুনরায় গুরু বলিতেছেন—গুরুমন্ত্রে যে সত্য সত্য বৈরাগ্যবান হয় সেই ভাগ্যবানই শ্রীহরি—দর্শন (হরিতত্ত্ব) লাভ করে। ষড়দর্শন যাহা বর্ত্তমান রহিয়াছে তাহার মধ্যে গুরুদর্শন অগম অপার।

গ্রন্থসাহেব ও তাহার বাংলা অনুবাদ

১ ওঁ সতিনামু করতা পুরখু গুরপ্রসাদি ॥

গুরুর অনুগত হইয়া সমস্ত আধ্যাত্মিক প্রকৃতি দ্বারা এক অন্তবিহীন অব্যক্ত মহান পুরান পুরুষ শ্রীভগবানের অনন্ত লীলাতত্ত্বের সম্ভোগ ও তাহার অচিন্তনীয় অব্যক্ত সাধনায় মানবীয় সত্যধর্ম্মকে সত্যভাবে ও সহজে প্রকৃতিগত করিয়া লইবার একমাত্র উপায়স্বরূপ সদ্‌গুরুর চিন্ময় অভিন্ন কলেবর নানকের গ্রন্থ-সাহেব জগতের জন্য ব্রাহ্মীকৃপারূপে অবতীর্ণ। সদ্‌গুরুর সার্ব্বভৌমত্বে গুরুমুখী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনায়—ভগবৎ কৃপাসম্ভূত নিয়মে চৈতন্যময় সশক্তিক গুরুমন্ত্রে ব্রহ্মকে সাক্ষাতে প্রত্যক্ষ করিয়া তাঁহার জীবন্ত জাগ্রত সাধনায়, গুরু-জ্ঞানের পরম সত্য ও তাঁহার অফুরন্ত শক্তি ও গুণরাজিতে সমৃদ্ধ স্বয়ং সংপূর্ণ এই গ্রন্থ সত্য মানবীয় অধ্যাত্ম জ্ঞানের পরিপূর্ণ বিকাশ। গ্রন্থসাহেব গ্রন্থের রাজা, জগতের ধর্ম্মগ্রন্থ সমূহের মধ্যে শ্রেষ্ঠ, অদ্বিতীয় ও অতুলনীয়। ইঁহাতে সকলের প্রাপ্তব্য এমনই বিশেষ কোন বস্তু রহিয়াছে যাহা পূর্ণরূপে আস্বাদন করতঃ প্রভু বিজয়কৃষ্ণ বলিয়াছেন "গুরুমুখী ভাষায় নানকের গ্রন্থসাহেবের মত সর্ব্বাঙ্গ সুন্দর ভক্তিগ্রন্থ আর দ্বিতীয় নাই (প্রথম খণ্ডের ভূমিকা দ্রষ্টব্য)। গোস্বামী প্রভুর নিকটে ভিন্নধর্ম্মী শিখদিগের গ্রন্থপড়া অনুচিত বলিয়া একসময় কোনও এক গোড়া পণ্ডিত মন্তব্য প্রকাশ করিলে গোঁসাই বিনয়ের সহিত বলিয়াছিলেন—"ক্ষমা করবেন; শিখদের এই গ্রন্থসাহেব আমি গুরুজ্ঞানে শ্রদ্ধা করি ও পাঠে সুখ পাই, উহার পাঠ আমি ছাড়তে পারব না (বিঃ ভাগবত)।"

মহাপ্রয়াণের পূর্ব্বে শিখগণের প্রতি দশমগুরু শ্রীগোবিন্দ সিংজীর অন্তিম বাণী—

আগিয়া ভই অকাল কী তভি চলাও পন্থ ॥
সভ সিখন কো হুকম হ্যায় গুরু মানীও গ্রন্থ ॥
গুরু গ্রন্থ সাহেব মানীও পরগট গুরা কী দেহে ॥
জা কা হৃদয় সুধ হ্যায় খোজ সবদ্ মে লে ॥
রাজ করেগা খালসা আকী রহে না কোই ॥
খোআর হোএ সব মিলেঙ্গে বাচে সরণ জো হোই ॥

গুরু-অনুক্রমে শ্রীগুরু গোবিন্দ সিং শিখ সম্প্রদায়ের সর্ব্বশেষ দশম গুরু (১৬৭৫-১৭০৮)। তিনি জীবিত থাকিতেই (শবশয্যা গ্রহণের অব্যবহিত পূর্ব্বে) ভগবানের আজ্ঞা পাইয়া সমস্ত শিখগণের প্রতি এই আদেশ প্রদান করিয়া গিয়াছেন যে অতঃপর অর্থাৎ তাঁহার পরে গুরুর গাদিতে আর কেহ গুরু থাকিবেন না: একমাত্র গ্রন্থসাহেবই তাহাদের জীবন্ত গুরু। গুরু যেমন নির্দ্দেশ করিয়াছেন শিখগণ কর্ত্তৃক শ্রীশ্রীগুরু গ্রন্থসাহেবজী ঠিক তেমন ভাবেই গুরুর আসনে প্রতিষ্ঠিত হইয়া জীবন্ত গুরুরই ন্যায় পূজিত হইয়া আসিতেছেন এবং তদবধি গুরুবাণীই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাদের একমাত্র আশ্রয় এবং অবলম্বন। জগতের প্রায় সকল ধর্ম্ম সম্প্রদায়ই শাস্ত্র এবং ভগবৎ প্রেরিত মহাজনগণের শ্রীমুখ নিঃসৃত বাণীর প্রতি ভগবানেরই অনুরূপ সম্মান প্রদর্শন করিয়া থাকেন কিন্তু তথাপি শিখগণ গুরু ও সন্তবাণী সম্বলিত এই গ্রন্থের প্রতি যে মর্য্যাদা প্রদর্শন করিয়া থাকেন এবং প্রাণে এক অবিশ্রান্ত জীবন্ত প্রার্থনা জাগাইবার জন্য গ্রন্থের গুরুবাণীকে গুরুসম সত্য পরমাত্মজ্ঞানে যেভাবে তাহারা আশ্রয় ও অবলম্বন করিয়া চলিয়াছেন এমন দৃষ্টান্ত আর কোথাও দেখা যায় না।

তাই বলি সমস্ত শাস্ত্রগ্রন্থের মধ্যে গুরুস্থানীয় শ্রেষ্ঠ এজন্য নাম হইয়াছে গুরুগ্রন্থ সাহেব। গ্রন্থসাহেব গ্রন্থের সম্রাট, যুগের শ্রেষ্ঠ ভক্তি-গ্রন্থ। এই গ্রন্থে সদ্গুরুর কথা, সদ্গুরুর সশক্তিক মন্ত্র, নামের কথা অতি উজ্জ্বল জীবন্ত ভাষায় বর্ণিত। তাই সাধুজন বলেন গ্রন্থ সাহেবের মত এমন সর্ব্বাঙ্গসুন্দর রসাল সুমধুর গ্রন্থ আর দ্বিতীয় নাই। ইহার মধ্যে যে মিষ্টতা তাহা কেহ কাহাকেও বুঝাইয়া বলিতে পারে না।

জিনী চাখিআ তিনি সাদু পাইআ বিনু চাখে ভরমি ভুলাই ॥
অমৃত সাচা নামু হৈ কহনা কছু না জাই ॥
পীৱত হূ পরৱাণ ভইআ পুরে সবদি সমাই ॥

যাহারা গুরুপ্রদত্ত নামের আস্বাদ করিয়াছে তাহারাই স্বাদ পাইয়াছে। এই নামামৃত না আস্বাদন করিলে জীব ভ্রমে ভুলিয়া থাকে। নামই অমৃত; নামের মাহাত্ম্য কহিয়া প্রকাশ করা যায় না। যাহারা এই নামামৃত পান করে, তাহারাই প্রামাণিক জন হইয়া যায় এবং পূর্ণ নামে সমাহিত হয়।

গ্রন্থে উল্লিখিত সাধন, গুরুমুখী সাধন, এই গুরুমুখী সাধন বিষয়ে শ্রীগোস্বামী প্রভু বলিয়াছেন—"মনুষ্য প্রকৃতির মধ্যে যত ধর্ম্মভাব আছে সমস্ত ভাবের পোষণ এই সাধনে হয়। সুতরাং ঈশ্বর উপাসনা, পরাধর্ম্ম সমস্তই ইহার অন্তর্গত। ইহার মধ্যেই সকল।"

গ্রন্থসাহেব কোন সাম্প্রদায়িক ধর্ম্ম গ্রন্থ নহে। পূর্ণ মানবতার সাধনায় যদিও ইহা শাস্ত্র ও ভগবৎ জ্ঞানের সীমা এবং গুরুজ্ঞানের অতল সমুদ্র তথাপি এই গ্রন্থ অতীব সরল এবং উদার। আপন আপন সত্যধর্ম্ম জানিতে গুরু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমতুল্য শক্তি এই গ্রন্থ জাতি ধর্ম্ম নির্ব্বিশেষে সকলেই পাঠ করিতে পারেন। হিন্দু মুসলমান, ব্রাহ্ম খ্রীষ্টান, শৈব শাক্ত বৈষ্ণব, বালক বৃদ্ধ স্ত্রী যুবা, পণ্ডিত মূর্খ, জ্ঞানী অজ্ঞানী, সাধু অসাধু, ব্রাহ্মণ চণ্ডাল ভেদ নাই, সকলেরই ইহাতে সমান অধিকার। বুঝা না বুঝার কথা নাই, কেবল শুদ্ধ পবিত্র হইয়া শ্রদ্ধার সহিত পাঠ করিলেই হইল। যাহা বুঝিতে হইবে বিশ্বাস থাকিলে সময়ে গ্রন্থ আপনিই বুঝাইয়া দিবেন এজন্য অপরের সাহায্য বা বাহিরের কোন উপায় অবলম্বনেরও তেমন কোন প্রয়োজন হয় না। মনের মত একটি সুর ধরিয়া পুনঃ পুনঃ আবৃত্তি করিতে হয়। তবেই ক্রমান্বয় গ্রন্থের কৃপা অনুভব করিতে পারা যায়। এই গ্রন্থ মানুষের মধ্যে মানুষের ন্যায় সাক্ষাৎ জীবন্ত, পিতামাতার ন্যায় পরম বান্ধব, বন্ধুর ন্যায় অত্যাগী সহনশীল, গুরুর ন্যায় পরম দয়াল, ভগবানের ন্যায় পরম মঙ্গল। সদ্গুরুর যে লীলা, গুণ, চরিত্র ও স্বভাব গ্রন্থেরও ঠিক সেই গুণ, সেই লীলা, সেই চরিত্র এবং সেই স্বভাব। গৃহী হউন আর গৃহত্যাগী সন্ন্যাসী হউন মনুষ্য মাত্রের স্বার্থপূর্ণ -জীবন গঠনে এবং সাধুর সাধন জীবন পরিপোষন ও পরিপুষ্টতা দানে গ্রন্থসাহেবের মত আর একখানা পুস্তক আছে কিনা সন্দেহ। এই গ্রন্থ উপনিষদের ন্যায় সাধন জীবনের প্রত্যক্ষ ঘটনা লইয়া সাধকগণ কর্ত্তৃক সংকলিত একারণ অলীক ভাবভার কল্পনার প্রশ্রয় মুক্ত। প্রবীণগ্রন্থকারের এই অনুবাদেও ঠিক তাহাই অনুসৃত হইয়াছে। এই দিক দিয়াও যে এই অনুবাদের স্বার্থকতা যথেষ্ট তাহা সুধীদিগেরই সহজ অনুমেয়।

গুরু অর্জ্জুন দেব নানকোত্তর পঞ্চম গুরু (খ্রীঃ ১৫৮১—১৬০৬), শ্রীগুরু গ্রন্থসাহেবের সংকলয়িতা। প্রবীণ গুরুভ্রাতা ভাই গুরুদাসকে সঙ্গে লইয়া গ্রন্থসাহেব প্রণয়ন কালে গুরু অর্জ্জুন ভাই গুরুদাসের নিকটে এই ভবিষ্যৎ বাণী বলিয়াছিলেন "ভাই গুরুদাস! আমি গুরুবাণী বলিয়া যাইতেছি তুমি লিখ, একদিন এই গ্রন্থ পাশ্চাত্য এবং অপর ভারতীয় ভাষার পণ্ডিতগণ কর্ত্তৃক অনূদিত হইয়া পৃথিবীময় উজ্জ্বলরূপে ব্যাপ্ত হইয়া পড়িবে।

ইতিপূর্ব্বে পাশ্চাত্য দুই বিশিষ্ট পণ্ডিত কর্ত্তৃক গ্রন্থসাহেবের ইংরেজী অনুবাদ প্রকাশ পাইয়াছে। কিন্তু জানিনা তাহা দ্বারা গুরুজীর অভিপ্রায় কিভাবে কতদূর পূর্ণ হইয়াছে। তাহা যাহাই হউক, নানা সূচনা দেখিয়া আশাকরি বাংলার প্রবীণ জ্ঞানবান গুরুমুখী সাধকের বিরচিত গ্রন্থসাহেবের এই বিশুদ্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বচ্ছ অনুবাদ অচিরে যখন সর্ব্বজনের আদরণীয় হইয়া বাংলার ঘরে ঘরে পঠিত হইবে তখন সকলের সহিত আমরাও বলিতে পারিব গুরুর ভবিষ্যৎ বাণীকে পূর্ণ করিয়া গ্রন্থসাহেব নূতন কলেবরে প্রকাশ পাইলেন। সম্ভবতঃ এখন এইটুকু বলিলে অশোভনীয় হইবে না যে, এক গুরুমুখী ভিন্ন অপর ভারতীয় ভাষায় গ্রন্থসাহেবের এইরূপ অনুবাদ এই প্রথম।

সুদীর্ঘকাল যাবৎ গ্রন্থকারের সংস্পর্শে থাকিয়া ও নানা ভাবে আমার ইহাই দৃঢ় বিশ্বাস যে শ্রীমৎ গোস্বামী প্রভু শ্রীশ্রীগ্রন্থকার মহাশয়কে নানা যোগ্যতা ও শ্রেষ্ঠতার সহিত নিজ আদর্শে অনুপ্রবেশ করাইয়া, তাঁহার দ্বারা এই সুবিশাল গ্রন্থের অনুবাদ করাইয়া নিজেই তিনি প্রকাশ করাইতেছেন।

গ্রন্থসাহেব বলিতে আমরা বাঙ্গালীগণ ইতঃপূর্ব্বে জপজী ও সুখমনী নামে গ্রন্থসাহেবের যে দুইটি অংশের সহিত পরিচিত তাহাই গ্রন্থের সমস্ত নয়। গ্রন্থসাহেব এক অতিকায় বিশাল সুবিস্তৃত গ্রন্থ। তাহার মধ্যে জপজী ও সুখমনী দুইটি ক্ষুদ্রতম অংশ মাত্র। গ্রন্থসাহেবের মত দীর্ঘ সুবিস্তৃত গ্রন্থ আর বড় একটা দেখা যায় না। বিশেষতঃ সটীক ফরিদকোট সংস্করণের ন্যায়। শ্রীরাগ পাঠ করিলেই দেখিবেন যেমন জপজী হইতে ইহার পাঠ সহজ ও সুললিত তেমন ইহার পরে রাগ মাঝ, রাগ গউড়ী, রাগ আশাবরী প্রভৃতি ক্রমান্বয়ে আরও সহজ এবং সুমিষ্ট। প্রথম গুরু শ্রীনানকজী, দ্বিতীয় গুরু শ্রীঅঙ্গদজী হইতে ক্রমান্বয় তৃতীয় গুরু শ্রীঅমরদাসজীর বাণী সহজ, তৎপর চতুর্থ গুরু শ্রীরামদাস এবং গ্রন্থের সংকলয়িতা পঞ্চম গুরু শ্রীঅর্জ্জুনদেবের বাণী হিন্দী-বাংলার সমীপবর্ত্তী ক্রমান্বয় সহজ হইতে সহজতর; তারপর নবম গুরু শ্রীতেগ্‌বাহাদুরজীর বাণী সর্ব্বাপেক্ষা সহজ। প্রথম প্রথম কয়েকটা দিন একটু কষ্ট করিয়া গ্রন্থকারের নিজস্ব সংগৃহীত অমূল্য টীকা সহ আমাদের প্রথম খণ্ড 'জপজী, রহিরাম ও কীর্ত্তন-সোহিলা' পাঠে একবার অভ্যস্ত হইয়া গেলে তারপর আর কোনই অসুবিধা নাই। আপনি জ্ঞান-বিজ্ঞানী-সাহিত্যিক-দার্শনিক হউন বা কিছু নাই বা হইলেন একবার কোন মতে এই অপার বিশাল সমুদ্রের যে কোন একটি স্থানে ডুব দিতে পারিলেই হইল। তখন আপনা আপনি ইহার অতল তলে নিমগ্ন হইয়া যে যেরত্ন, যত ইচ্ছা করিবেন ততই আহরণ করিতে পারিবেন। নিজে প্রাণ ভরিয়া অমৃত পান করিবেন, অপরকেও যত ইচ্ছা দিতে পারিবেন তাহা আর ফুরাইবে না।

যদিও শ্রীরাগের পরেই 'রাগ মাঝ' নামে একটি অধ্যায় রহিয়াছে, এবং

১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাগেরও অবশিষ্টাংশ আছে তথাপি আমার প্রতি গ্রন্থকর্ত্তার এই নির্দেশ, "শ্রীরাগ প্রথমার্দ্ধের পর সম্ভব হইলে রাগ গৌড়ী প্রকাশ করিও"। রাগ গাউড়ী অতিশয় দীর্ঘ ও বিস্তৃত। শ্রীগোস্বামী প্রভুর কৃপা হইলে অল্পকাল মধ্যে রাগ গৌড়ীর কতক অংশ এবং তন্মধ্যস্থিত সুখমনী সাহিব দুই খণ্ডে প্রকাশ পাইতে পারে। প্রথম সমস্যা অর্থের, দ্বিতীয়তঃ গ্রন্থসাহেব হইতে মূল বাণীগুলি যথাযথভাবে উদ্ধৃত করিয়া তাহার নীচে গ্রন্থকারের অনুবাদগুলি নির্ভুলভাবে সাজাইয়া লইতে অনেক সময় লাগে। কোন স্থানে বুঝিতে কোন একটি সন্দেহ উপস্থিত হইলে এক বারাণসীতে পত্র বিনিময় দ্বারা এবং প্রয়োজন হইলে উড়িষ্যা হইতে তথায় যাইয়া গ্রন্থকারের একমাত্র সহকারী শ্রীপ্রভাত চন্দ্র দাঁ মহাশয়ের সহিত সাক্ষাতে পরামর্শ করা ভিন্ন গত্যন্তর নাই। কারণ এই গ্রন্থে স্বেচ্ছাকৃত কোন ভুল ত্রুটি যাহাতে না হয় তৎপ্রতি আমাদের আপ্রাণ চেষ্টা। তারপর ইহার প্রকাশের ব্যবস্থার জন্য পুনঃ পুনঃ কলিকাতা যাতায়াত এবং তথায় মাসাধিককাল অবস্থান করিয়া তাহার প্রুফ সংশোধন করিয়া আসিয়া, পুনরায় ইহার পুস্তকারে প্রকাশ এবং বিক্রয়ের সমস্ত ব্যবস্থাই একা করিতে হয়। এই সব কারণে এক একটি খণ্ড প্রকাশ করিতে প্রচুর অর্থ ও সময়ের প্রয়োজন।

সামান্য কবিরাজী দ্বারা আমার সংসার নির্ব্বাহ হয়। এবং তাহার পিছনেই আমাকে অত্যধিক পরিশ্রম করিতে হয়। এমতাবস্থায় এই গ্রন্থের প্রকাশকের স্থানে সমস্ত দায়িত্ব রক্ষা করা আমার পক্ষে অত্যন্ত কঠিন। তথাপি যথাসম্ভব গ্রন্থে প্রকাশিতব্য বিষয়ের সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত হওয়া সর্ব্বাগ্রে প্রকাশকেরই কর্ত্তব্য। তাহা না হইলে প্রকাশকের কর্ত্তব্য রক্ষা হয় না। সেজন্য চাই অবিশ্রান্তভাবে চেষ্টা, প্রচুর অর্থ, সামর্থ্য, সময়, নানা ধর্ম্ম শাস্ত্র গ্রন্থাদি সমেত একটি পুস্তকাগার এবং উপযুক্ত গৃহ পরিবেশ ও নির্জ্জনতা কিন্তু ইহার কোনই সুযোগ সুবিধা আমার নাই। পূর্ব্বে মনে করিয়াছিলাম ইহার সমস্ত ব্যয় আমার শ্রমলব্ধ অর্থেই হউক, এখনও তাহাই মনে করি। কিন্তু দেখিতেছি তাহা হইতে হইলে বহু সময় অতিবাহিত হইয়া পড়িবে, ভগ্ন স্বাস্থ্যে ততদিন এভাবে অক্লান্ত পরিশ্রম করিবার শক্তি থাকিবে না।

গ্রন্থকর্ত্তা দেহে থাকিতে, বহু পূর্ব্ব হইতে ইহার প্রকাশের জন্য নানা ব্যক্তি, বিভিন্ন ধর্ম্ম প্রতিষ্ঠানগুলির নিকটে বহু অনুরোধ করিয়াছেন; এমন কি তাঁহাদের নিকটে একথাও বলিয়াছেন "আমার অর্থ নাই, আপনারা আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাছ হইতে আমার লেখা গ্রন্থসাহেবের অনুবাদগুলি বুঝিয়া লইয়া ছাপাইয়া দিন, এজন্য আপনাদের কাহাকেও আমাকে আমার পারিশ্রমিক দিতে হইবে না।" এমন কি ইহার স্বত্বাধিকারও ছাড়িয়া দিতে প্রস্তুত ছিলেন কিন্তু আমাদের অদৃষ্ট এতই মন্দ যে, আমরা তাঁহার ঐ সহজ কথাটি কেহই ধরিয়া লইতে পারিলাম না; কি বাঁচিয়া থাকা পর্য্যন্ত আমরা কেহ তাঁহাকে চিনিলাম না। তিনি জীবিত থাকিতে ইহা প্রকাশ পাইতে পারিলে বাংলা আরও নানাভাবে উপকৃত হইতে পারিত কিন্তু তাহা যখন হইলই না তখন বর্ত্তমান এই ব্যবস্থা, যাহার কাজ তিনিই করাইয়া লইতেছেন। এখানে এটুকু না বলিলে ভবিষ্যতে অকৃতজ্ঞ হইতে পারি যে, পাতিয়ালা হইতে অপ্রত্যাশিত ভাবে প্রফেসার এস্. গেণ্ডাসিংজী এম্-এ, পিএইচ্ডী; সেক্রেটারী, কলিকাতা শ্রীগুরু সিং সভা, রাসবিহারী এভিনিউ; ক্যাপটেন্ ভাগসিংজী, সম্পাদক, দি শিখ কালচারেল সেণ্টার প্রমুখ বিশিষ্ট শিখ ভ্রাতাগণ আমাদিগকে কি ভাবে সাহায্য করিতে পারেন তজ্জন্য স্বতঃপ্রবৃত্ত হইয়া চেষ্টা করিতেছেন। ভবিষ্যতে যদি তাঁহারা আমাদের অভিপ্রায় বুঝিয়া সাধ্যমত সাহায্য করেন তবে অবশ্য আমরা তাহা সাদরে গ্রহণ করিব কিন্তু তথাপি প্রত্যেক বাঙ্গালী পরিবারের যাহাতে ইহাতে দান থাকে সেজন্য সকলের নিকটে অবনত মস্তক হইয়া এই আবেদন করিতেছি যে, তাঁহারা প্রতিখণ্ডের একখানা করিয়া পুস্তক যথামূল্যে খরিদ করিয়া লইয়া এক টুকড়া সিল্ক অথবা সাদা নূতন বস্ত্রখণ্ডে গ্রন্থসাহেবকে আচ্ছাদন করিয়া পবিত্র আসনের উপরে রাখিয়া শুদ্ধচিত্তে নিয়মিত পাঠ করুন। বর্ত্তমান যুগে এই গ্রন্থ সকলের জন্য সকল অবস্থায় পরম মঙ্গল।

১৮৭৭ খ্রীষ্টাব্দে লণ্ডনস্থিত ইণ্ডিয়া অফিসের নানাবিধ সাহায্য ও প্রভূত অর্থানুকূল্যে গুরুমুখী ভাষা হইতে গ্রন্থসাহেবের প্রথম ইংরেজী অনুবাদ করিতে চেষ্টা করেন সুবিখ্যাত জার্মান মিশনারী পণ্ডিত ডাঃ আর্ণেষ্ট ট্রাম্প (Professor Reginus Oriental Languages at the University of Munich (Germany), member of the Royal Bavarian Academy of Sciences). কিন্তু নানা দুরূহতার কারণে তাঁহাকে জপজী সাহেবের অনুবাদ করিয়াই ক্ষান্ত থাকিতে হয়। তৎপরে ১৮৯৩ খৃঃ শিখ সম্প্রদায় সমিতির অনুরোধে, সম্প্রদায়ের প্রভাব সম্পন্ন বহু বিত্তশালী জমিদার, রাজা মহারাজগণের নিকট হইতে বিপুল অর্থ, প্রচুর লোকবল ও অন্যান্য সমস্ত প্রকারের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুযোগ সুবিধা পাইয়া শিখ জ্ঞানীগণসহ প্রায় কুড়ি বৎসরের অক্লান্ত পরিশ্রমে সম্ভবতঃ বর্ত্তমান শতাব্দীর দ্বিতীয় দশকে গ্রন্থসাহেবের এক ঐতিহাসিক ইংরেজী অনুবাদ প্রকাশ করেন মিঃ ম্যাক্স আর্থার ম্যাকলিফ। তাঁহার কৃত এই গ্রন্থের নাম 'দি শিখ রিলিজিয়ন'। ইহাতে ঐতিহাসিক ঘটনার সমাবেশই অধিক। তাহা যে ধর্ম্মার্থীগণের উদ্দেশ্যে নয় কেবল ঐতিহাসিক কারণে তাহা মিঃ ম্যাক্লিফ নিজেই স্বীকার করিয়াছেন। ইহার পরে ফরিদকোট রাজের আগ্রহে শিখ জ্ঞানীগণ একত্র সম্মিলিত হইয়া গুরুমুখী ভাষায় সমগ্র গ্রন্থসাহেবের ভাষাগত বিস্তৃত গদ্যানুবাদ প্রকাশ করেন। এই ফরিদকোট সংস্করণ গ্রন্থই গ্রন্থসাহেবের সর্ব্বাধিক প্রামাণ্য।

তৎপর কাহারও নিকট হইতে কোনরূপ সাহায্য না লইয়া ১৯১৭ খৃঃ পর—১৯৫৮ খৃঃ মৃত্যুর পূর্ব্ব পর্য্যন্ত নানাবিধ বিষয়ে নানা গবেষণার সহিত গ্রন্থসাহেবের বাংলা অনুবাদে রত ছিলেন বর্ত্তমান গ্রন্থের অনুবাদক বহু ভাষাবিদ মনীষী অধ্যাপক হারাণচন্দ্র*। সর্ব্ব প্রথম হারানবাবু ১৯১৪—১৯৪৫ খৃষ্টাব্দের

---

* অধ্যাপক হারানচন্দ্র ছিলেন ইংরেজী সাহিত্যে এম্-এ। অঙ্ক, রসায়ন ও পদার্থ বিজ্ঞান এই তিন বিষয়ে অনার্স সহ বি-এ। এতদ্ভিন্ন জাতীয় শিক্ষার প্রয়োজন মাফিক বহু ভাষাবিদ, বহুশাস্ত্রজ্ঞ। এম্-এ পাশ করিয়া সর্ব্বপ্রথম তিনি সতীশচন্দ্রের সহিত ডনে সংবাদ পত্রসেবী। পরে (যাদবপুর) ন্যাশনাল কলেজ ও স্কুলের তিনি রসায়ন, পদার্থবিজ্ঞান, ভুগোল ও ইতিহাসের অধ্যাপক। তৎপর রিপন কলেজ ও বিহার ন্যাশনাল কলেজে ইংরেজী সাহিত্যে এবং আনুষ্ঠানিক কর্ম্ম জীবনের শেষ কুড়ি বৎসর তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীয় ইতিহাস ও নৃতত্ত্ব বিজ্ঞানের প্রধান অধ্যাপক (Head of the Dept. of Anothropology and Lecturer of Ancient Indian History & Culture.) ইহা ছাড়াও সংস্কৃত সহ সমগ্র বৈদিক সাহিত্য, বৌদ্ধায়ন ধর্ম্মসূত্র সহ বিভিন্ন ধর্ম্মশাস্ত্রে তাহার অগাধ পাণ্ডিত্য ছিল।

তিনি ছিলেন ইংরেজী, ফ্রেঞ্চ, জার্ম্মান, ইটালিয়ান, গ্রীক, ল্যাটিন প্রভৃতি পাশ্চাত্য নানা ভাষা এবং মাতৃভাষা বাংলা ব্যতীত হিন্দী, উর্দ্দু, পার্শী, প্রাকৃত, বৌদ্ধ (পালী), উড়িয়া, আসামী, মারাঠী, গুজরাটী, পাঞ্জাবী, গুরুমুখী, তিব্বতী প্রভৃতি প্রাচ্যের নানা ভাষাভিজ্ঞ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বে ম্যাকলিফ কৃত গ্রন্থের অনুসরণে তৎকৃত সমগ্র ছয় ভলিউম ইংরেজী অনুবাদের বাংলা অনুবাদ সমাপ্ত করেন। কিন্তু তাহা করিয়াও তিনি পরিতৃপ্ত বোধ করেন নাই। অথচ এপর্য্যন্ত তিনি ফরিদকোট সংস্করণ গ্রন্থের সন্ধান জানেন নাই। ১৯৪৫, ১লা আগষ্ট কাশীতে সতীশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের তথায় যাইয়া শ্রীপ্রভাতচন্দ্র দাঁ মহাশয়ের নিকট হইতে ফরিদকোট সংস্করণ গ্রন্থের সন্ধান পান। তাহা দেখিয়া এবং শ্রীপ্রভাত বাবুকে সাহায্যকারীরূপে পাইয়া পুনরায় ফরিদকোট অনুসরণে সমগ্র গ্রন্থের অনুবাদ করিবেন স্থির করেন। এবং সেখানে থাকিয়াই দাঁ মহাশয়কে সঙ্গে লইয়া আবার নূতন উদ্যমে কাজ সুরু করেন। যদিও দ্বিতীয়বার নানা বাধা বিঘ্ন ও স্বাস্থ্যহানীর কারণে ফরিদকোট অনুসরণে তাহারা সমগ্র গ্রন্থের অনুবাদ করিতে পারেন নাই তথাপি (প্রথমবারের ম্যাকলিফ গ্রন্থ অনুসরণ ছাড়া) যে পরিমাণ অনুবাদ দাদা আমার হাতে দিয়া গিয়াছেন তাহা দেখিয়া অনুমান হয় আরও এইরূপ ১৬ খণ্ড পুস্তকাকারে প্রকাশ পাইতে পারে। প্রয়োজন হইলে তাহার পরে ম্যাকলিফ গ্রন্থের অনুসরণে কৃত অনুবাদ হইতে বাছিয়া বাছিয়া প্রায় সমস্ত রাগের (সমস্ত গ্রন্থের) অনুবাদই কিছু কিছু করিয়া প্রকাশ করা যাইতে পারে। কিন্তু এখন অতদূর আশা করা বৃথা। যে ১৬ খণ্ডের কথা বলা হইতেছে তাহা ছাপাইতে হিসাব করিয়া দেখিয়াছি প্রতি খণ্ডের পিঁছনে খুব কম পক্ষে তিন হাজার টাকা করিয়া ধরিলেও ৪৮ হাজার টাকার প্রয়োজন। এজন্য এক কপর্দ্দকও আমাদের সঞ্চিত নাই। কিন্তু তাহা হইলেও আমরা এজন্য কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান বিশেষের নিকট হইতে স্থূল অর্থ সাহায্যের জন্য প্রার্থী হইতে চাই না। চাই সর্ব্বাগ্রে বাংলা ভাষাভাষী বাংলা ও বাংলার বাহিরে বাঙ্গালী গৃহস্থগণ সকলে প্রতিখণ্ডের একখানা করিয়া পুস্তক মূল্যদ্বারা খরিদ করিয়া লইয়া পাঠ করুন এবং ইহার সহিত পরিচিত হউন। কৃপা পূর্ব্বক আগ্রহ সহকারে সকলেই যদি তাহা করেন তবে ইহার পরে সুখমনী সহ রাগ গৌড়ী প্রকাশ করা সম্ভব হইতে পারে।

পাশ্চাত্য ভাষায় মিঃ ম্যাকলিফ কৃত "The Sikh Religion", অধুনা UNESCO প্রকাশিত "The Writings of the Sikhs" এবং Mr. Duncan Greenlees কৃত "The Gospel of the Guru Granth Sahib" পড়িলে বুঝা যায় হারানবাবু কোন প্রেরণা লইয়া এবং কেমন ভাবে এই গ্রন্থের অনুবাদ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থসাহেবে সশিষ্য সদ্‌গুরু বিজয়কৃষ্ণ

বাংলার ঘরে ঘরে সকলেই ইহা জানেন যে ধর্ম্মগুরু বৈষ্ণবকুল চূড়ামণি শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী ভগবান শ্রীঅদ্বৈতের নির্দিষ্ট দশম অধস্তন। কিন্তু তাহা হইলেও বিজয়কৃষ্ণের বৈষ্ণবতা যে কি পর্য্যন্ত তাহা কেহই জানেন না, যেহেতু জানিতে দেন নাই কাহাকেও তিনি আপনাকে। এমন কি আপন শিষ্যগণকেও তিনি বলিয়াছেন, "গুরুদেব দয়া করে (বিতরণের জন্য) তিনটি অবস্থা দিয়াছিলেন। একটি সকলকে দেওয়া গেল, দ্বিতীয়টি দেওয়ার অধিকারী পাওয়া গেল না।" পরে বলিয়াছেন—"এ সাধন যাহারা পাইয়াছেন, সময়ে সকলেরই উহা লাভ হইবে।" শ্রীগ্রন্থ সাহেবের মুখেও ঠিক এই কথাই প্রকাশ যে গুরুর ভক্ত কখনও অপ্রকাশ থাকে না "গুরু কা ভগত প্রগট নহী ছপে।*"

বিজয়কৃষ্ণ হইতেই হউক আর বিজয়কৃষ্ণের শিষ্যসঙ্গ হইতেই হউক বিজয়কৃষ্ণের দুর্ভেদ্যতা অনুভব করিয়া এক ঋষি অরবিন্দই বলিতে পারিয়াছেন—"The truth of future that Sri Vijoy Krishna hid within himself has not yet been revealed utterly to his disciples. A less discreet revelation prepares; a more concrete force manifests; but where it comes, when it comes, none knoweth." (Uttarpara speech)

দেহে থাকিতে এক সময় গোঁসাই শিষ্যগণ গোঁসাইজীর নিজ মুখ হইতে তাঁহার জীবনী শুনিয়া লিপিবদ্ধ করিয়া লইতে উদ্যম প্রকাশ করিলে তখন শ্রীগোঁসাই বলিয়াছিলেন—"আমার জীবনের সমস্ত ঘটনাই সময়ে তোমাদের নিকটে প্রকাশ পাবে। সেজন্য এখন ব্যস্ত হচ্ছ কেন? এখন থেমে যাও, সময়ে সবই হবে।"

গ্রন্থকারের কৃপায় গ্রন্থের সহিত অবিশ্রান্ত আলোচনা হইতে এবং আরও নানাভাবে আমাদের নিকটে ইহা সুস্পষ্ট প্রতীয়মান হইতেছে যে শ্রীশ্রীগোস্বামী প্রভুর অপ্রাকৃত লীলা চরিত্রের সন্ধান এখানে (গ্রন্থসাহেবে) যেমন উজ্জ্বলরূপে প্রকাশ এমন আর অন্যত্র:কোথাও নাই।

---

*গুরুর যিনি ভক্ত তিনিই সদ্‌গুরু,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতাবৎকাল যে কারণে সশিষ্য বিজয়কৃষ্ণ আপনার মধ্যে আপনাকে লুকাইয়া রাখিয়াছেন তাহাও আশা করি এই গ্রন্থ পাঠ করিলে অনুভব করা দুঃসাধ্য হইবে না। এক কথায় গ্রন্থ সাহেবের সহিত গোস্বামী প্রভুর যে অভিন্নতা তাহা যেন স্বয়ং প্রকাশিত হইয়া গ্রন্থই ঘোষণা করিতেছেন। এক সময় বিজয়কৃষ্ণ নিজমুখে শিষ্যগণকে বলিয়াছিলেন—"আমার এমন কতগুলি কার্য্য আছে যাহা এই স্থূল দেহে বর্ত্তমান থাকিতে অনুষ্ঠিত হইতে পারে না। যথা সময়ে ঐ কার্য্য আরম্ভ হইবে।"

দেহান্তর ঘটিলেও বিজয়কৃষ্ণ নিরস্তিত্ব হইয়া যান নাই বা বিজয়কৃষ্ণের অধ্যায় শেষ হইয়া যায় নাই। সাধারণে অদৃশ্য থাকিয়া কোন কোন ভাগ্যবানের নিকটে বিশেষতঃ গোঁসাইগণ পরিবারে আজও তিনি চিন্ময় দেহেই বর্ত্তমান। গুরু শক্তি অনন্তকাল ধরিয়া চলিতে থাকিলেও অব্যাহত গতিতে আরও পাঁচশত বর্ষব্যাপী বিজয়কৃষ্ণের শক্তি এই ধরাধামে ক্রমান্বয় উজ্জ্বল হইতে উজ্জ্বলতররূপে প্রকাশ থাকিবে এই আভাস সদ্‌গুরু নিজমুখে দিয়াছেন এবং ব্রাহ্ম বিজয়কৃষ্ণ ব্রাহ্ম সমাজ হইতে উদাত্ত সিংহ গর্জ্জনে যে সমস্ত আশা বাণী পৃথিবীকে সম্বোধন করিয়া শুনাইয়াছেন যদিও "তা কী গতি মতি কোই ন লাখৈ" তাঁহার (সদ্‌গুরুর) গতি মতি প্রকৃতি অর্থাৎ কার্য্য কলাপ কিছুই লক্ষ্য করা যায় না; তথাপি আমরা মনে করি তিনি দেহে থাকিতে যাহা যাহা বলিয়াছেন এখন তাহাই তিনি করাইতেছেন।

অনুভূত বিষয় লইয়া একলা আর আমরা কতদূর কি বলিতে পারি? দেশবাসী ও সমাজের সর্ব্বাঙ্গীন মঙ্গল বিধায়ক এই গ্রন্থের আলোচনা সকলের সমবেত প্রচেষ্টা ও উৎসাহে হওয়া প্রয়োজন। ইহার বিচার বিশ্লেষণ ও অনুসন্ধান একমাত্র যে কেবল যুগধর্ম্মের প্রয়োজনেই শ্রেষ্ঠ এমন নয়; প্রজ্ঞান বিষয়েও যে ইহা উত্তম তাহাও আমরা নিঃসন্দেহে মনে করি। কারণ, তাহা না হইলে হারানচন্দ্রের ন্যায় তত্ত্বদর্শী জ্ঞানী পুরুষকে মৃত্যুর পূর্ব্বে ইহা সকলের সম্মুখে তুলিয়া ধরিতে কখনই এমনভাবে উদ্বেগ প্রকাশ করিতে দেখা যাইত না। আরও এই, এই মহান তপস্বী, উজ্জ্বল চরিত্রবান কঠোর সাধকের গুরু-সেবা গুরু যেভাবে পুরস্কৃত করিয়া গ্রহণ করিয়াছেন তৎপ্রতি দৃষ্টিপাত করিলেও সমাজে এই গ্রন্থের উপযোগিতা কত তাহা সকলেই উপলব্ধি করিতে পারিবেন।

অন্যত্র বলিয়াছি, এখানেও বলি শ্রীমৎ গোস্বামী প্রভুর আজ্ঞাবাহীরূপে দেশ-মাতৃকার শ্রেষ্ঠ পূজারী, জাতীয় শিক্ষা পরিষদ ও জাতীয় শিক্ষা আন্দোলনের পুরোধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপে, জাতীয় সম্পদ বর্ত্তমান গৌরবোজ্জল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পত্তনারম্ভে তৎকালীন বেঙ্গল ন্যাশনাল কলেজ ও স্কুল সমূহের প্রতিষ্ঠাতা ও পরিচালকরূপে সহযোগী সহকারীগণ সহ গোঁসাই শিষ্য ডনের সতীশচন্দ্রই হইলেন আধুনিক বাংলা তথা সমগ্র ভারতের অগ্রগতির অন্যতম মূল কারণ। গুরূপোদিষ্ট সতীশচন্দ্রের সকল কার্য্যের সফলতায় কনিষ্ঠ গুরুভ্রাতা হারানচন্দ্র সর্ব্বত্র সতীশচন্দ্রের অন্যতম সহকারী (১৮৯৭ খৃঃ হইতে প্রথম সতীশচন্দ্রের সহিত ডন পত্রিকার সহকারী সম্পাদনায়, ১৯০২ হইতে ডন সোসাইটি, ১৯০৫ জাতীয় শিক্ষা আন্দোলন, ১৯০৬ জাতীয় শিক্ষা পরিষদ গঠন, বয়কট আন্দোলন, ভাগবতী চতুষ্পাঠী, বেঙ্গল ন্যাশনাল কলেজ ও স্কুল সমূহের অধ্যাপনা ও উহার সহকারী সম্পাদক, সহকারী সুপারিন্‌টেন্‌ডেন্ট এবং তৎপরে ১৯০৯ ন্যাশনাল কলেজ হইতে বাহির হইয়া বিভিন্ন স্থানে অধ্যাপনায় নিযুক্ত থাকার পরে ১৯১৪—১৯১৫ রিপন কলেজের ইংরেজীর অধ্যাপক এবং ১৯১৫—'১৭ বিহার ন্যাশনাল কলেজের ইংরেজী বিষয়ে অধ্যাপনায় নিযুক্ত থাকিয়া ১৯১৭ খৃঃ পুনরায় রিপন কলেজে আসিয়া তথা হইতে ১৯১৮ খৃঃ (স্যার আশুতোষের সময়ে) সতীশচন্দ্রের নির্দ্দেশক্রমে ১৮৩৭ পর্য্যন্ত কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের প্রাচীন ভারতীয় ইতিহাস ও নৃতত্ত্ব বিভাগের অধ্যাপনাও প্রধানরূপে থাকিয়া এবং তৎপরে ১৯৪৮ সনে সতীশচন্দ্রের দেহান্তর প্রাপ্তির পূর্ব্ব পর্য্যন্ত হারানচন্দ্র সতীশচন্দ্রের আরব্ধ ও নির্দ্দেশিত সমস্ত কার্য্যে নিত্য সহচর।*) কেবল এক হারানচন্দ্রই নহেন তদানীন্তন বাংলা ও বাংলার বাহিরে আরও আরও বহু মনীষী যাঁহারা সতীশচন্দ্রের আহ্বানে সতীশচন্দ্রের পার্শ্বে দাঁড়াইয়া সতীশবাবুর কার্য্যের সমর্থনে অন্তরের সহিত একটি শব্দও উচ্চারণ করিয়াছেন প্রত্যক্ষভাবে না হইলেও তাহারাও যে সদ্‌গুরুর আদর্শে উদ্বুদ্ধ হইয়া গুরুসেবাই করিয়াছেন তাহাতে আর সন্দেহ কি? তবে সতীশবাবু হারানবাবুর যে গুরু নিষ্ঠা তাহা স্বতন্ত্র, তাহা যে কত সূক্ষ্ম এবং কত গভীর সেই বিষয়ে অধিক কি বলিব, গ্রন্থ সাহেব প্রকাশ

* বহু তাত্ত্বিক গবেষণার সঙ্গে হারানবাবু সম্ভবতঃ ১৯১৪ খৃঃ পর হইতে ১৯৪৫ খৃঃ মধ্যে মিঃ ম্যাকৃস আর্থার ম্যাকলিক কৃত গ্রন্থসাহেবের সমগ্র ইংরেজী অনুবাদের বাংলা অনুবাদ শেষ করেন এবং ১৯৪৫ হইতে ১৯৫৮ জানুয়ারী মৃত্যুর পূর্ব্ব পর্য্যন্ত এক তিনি. গ্রন্থসাহেবের ফরিদকোট সংস্করণের বাংলা অনুবাদ লইয়াই ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না পাইলে স্বয়ং গোস্বামী প্রভুও হয়ত তাঁহাদের নিকটে ঋণী থাকিতেন। যেমন গোস্বামী প্রভুর পরিচয় জানিতে হইলে গোস্বামী প্রভুর স্বহস্তে লিখিত "যোগ সাধন সম্বন্ধে কতিপয় প্রশ্নোত্তর"* ও গোস্বামী প্রভুর শিষ্যগণ কর্ত্তৃক লিখিত গ্রন্থাদির সহিত এই গ্রন্থসাহেবের মাধ্যমেই সম্ভব আবার তেমন সমস্ত জীবনব্যাপী সতীশচন্দ্র হারানচন্দ্রের কার্য্য পর্য্যবেক্ষণ করিতে হইলে এই গ্রন্থসাহেবই একমাত্র অবলম্বন।

যুগপৎ জাতীয় সেবা ও ধর্ম্মের উচ্চ শিখরে রাখিয়া গোঁসাই তাঁহার শিষ্যগণকে কেন এভাবে অপ্রকাশ রাখিয়াছিলেন, তাহা অবশ্য নিশ্চিভাবে বলা সম্ভব নয় তবে গ্রন্থসাহেবে গুরুমুখীর যে আদর্শ ব্যক্ত হইয়াছে তাহার স্থিত গোঁসাই শিষ্যের আদর্শের যে হুবহু মিল রহিয়াছে; তাহাই এখানে বলিতেছি—

সতিগুরু সেৱনি আপনা তে বিরলে সংসারি ॥
হউ মৈ মমতা মারি কৈ হরি রাখিআ উরধারি ॥

যে আপন সদ্‌গুরুকে সেবা করে। (তাঁহার আদেশ মানিয়া চলে) এমন পুরুষ সংসারে বিরল। সেই অহংতা মমতা 'আমি আমার' এই অভিমান নাশ করিয়া হরিকে হৃদয়ে ধারণ করিয়া রাখে। "নানক হুকুমৈ জে বুঝৈ ত হউমৈ কহৈ ন কোই॥" নানক কহিতেছেন, সকলেই পরমেশ্বরের হুকুমের অধীন। যে তাঁহার সেই হুকুম বুঝিতে পারে এবং সেই অনুসারে চলে সে কখনও "হউ মৈ কহৈ ন কোই" 'আমি আমি' এইরূপ অহংকার ব্যঞ্জক কথা অর্থাৎ কদাপি কোন কাজে, কোন ভাবে সে আপন কর্ত্তৃত্ব আরোপ করে না।

---

* যাঁহারা সহজে গ্রন্থসাহেবের ভাবাদর্শ উপলব্ধি করিতে যত্নবান হইবেন তাঁহাদের আমরা অন্ততঃ গোস্বামী প্রভুর স্বহস্তে লিখিত 'যোগ সাধন সম্বন্ধে কতিপয় প্রশ্নোত্তর' ও তাঁহার লেখা 'আশাবতীর উপাখ্যান' নামক ক্ষুদ্র পুস্তিকা দুইখানা পাঠ করিতে অনুরোধ করি।

LIBRARY
No.........
Shri Shri ... Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Dr. TRIGUNA SEN Jadavpur University
Calcutta-32
১৯. ৯. ৬১

অধ্যাপক হারানচন্দ্র চাকলাদার মহাশয় কর্ত্তৃক লিখিত শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহিবজী পুস্তকখানি আমি পড়িয়াছি। চাকলাদার মহাশয় কিরূপ যত্ন ও পরিশ্রম করিয়া ইহার অনুবাদ কার্য্য সম্পন্ন করিয়াছেন এবং এইরূপ কার্য্য যে কতদূর প্রশংসার যোগ্য পুস্তকখানি পাঠে তাহা সহজেই অনুমান করা যায়। ইহা সরল বাংলা ভাষায় লিখিত ও ভক্তিরসে পূর্ণ। আমি এই পুস্তকের বহুল প্রচার কামনা করি।

ত্রিগুণা সেন
(রেক্টর, যাদবপুর বিশ্ববিদ্যালয়)

Dr. R. C. MAJUMDAR 4, Bepin Pal Rd.
Calcutta-26
10. 5. 61

স্বর্গত অধ্যাপক হারানচন্দ্র চাকলাদার প্রণীত শ্রীশ্রীগুরুগ্রন্থ সাহিবজীর সটীক বঙ্গানুবাদ ২য় খণ্ড প্রথমার্দ্ধ পড়িয়া বিশেষ উপকৃত হইলাম। শিখদিগের এই পবিত্র ধর্ম্মগ্রন্থ সমগ্র ভারতে বিশেষভাবে সমাদৃত। কিন্তু অনেকের পক্ষেই মূল গ্রন্থ পাঠ করা সম্ভব নহে। এই মূলানুগত ও প্রাঞ্জল বঙ্গানুবাদ পাঠ করিয়া বাঙ্গালীমাত্রেই এই অমূল্য ধর্ম্মগ্রন্থের রসাস্বাদন করিতে পারিবেন। সঠিক অনুবাদ করা বড়ই দুরূহ, গ্রন্থকার এবিষয়ে যথেষ্ট কৃতিত্ব দেখাইয়াছেন। চাকলাদার মহাশয় সুপণ্ডিত ছিলেন—তাঁহার অন্তিম কালের এই রচনা সর্ব্বত্র খ্যাতিলাভ করিবে ইহাই আমার দৃঢ় বিশ্বাস। আমি এই গ্রন্থের বহুল প্রচার কামনা করি।

শ্রীরমেশচন্দ্র মজুমদার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi